জ্যোতিষ যোগ-তত্ত্ব

প্রথম তত্ত্ব

(জ্যোতিষে পারিভাষিক শব্দাভিধান)

শ্রীগণপতি সরকার বিদ্যারত্ন
প্রণীত

শ্রীনৃত্যগোপাল সরকার
কর্ত্তৃক প্রকাশিত

সন ১৩২৫ সাল

ওঁ তৎসৎ ওঁ

উৎসর্গপত্র।

রসায়নশাস্ত্রবিৎ
প্রাচ্য ও প্রতীচ্য জ্যোতিষাকাশের পূর্ণচন্দ্র
মদীয় প্রথমাচার্য্য
শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম্, এ,
এবং
আর্য্য জ্যোতিষশাস্ত্রে বৃহস্পতিকল্প
দ্বিতীয়াচার্য্য
শ্রীযুক্ত কালীপদ ভট্টাচার্য্য বি, এ,
মহাশয়-দ্বয়ের
শ্রীশ্রীচরণসরোরুহে
এই ক্ষুদ্র
"জ্যোতিষ যোগতত্ত্ব"
সাদরে উৎসর্গ করিলাম
ইতি—

প্রণত—
শ্রীগণপতি সরকার
বিদ্যারত্ন

বিজ্ঞাপন।

দেড় বৎসর যাবৎ মুদ্রাযন্ত্রের জঠরে বাস করিয়া "জ্যোতিষ যোগ-তত্ত্ব" সাহিত্য-ক্ষেত্রে অবতীর্ণ হইল। এই গ্রন্থের কলেবর তিন ভাগে বিভক্ত করিয়া আভিধানিক প্রণালীতে অকারাদি ক্রমে সাজাইবার জন্য ও "পারিভাষিক শব্দাভিধান" যোজনা করিবার জন্য গ্রন্থকারকে যে কিরূপ ধৈর্য্য সহকারে পরিশ্রম করিতে হইয়াছে তাহা গ্রন্থখানি হস্তে করিলে ব্যক্তিমাত্রেই বুঝিতে পারিবেন। এই গ্রন্থখানি প্রণয়ন করিবার উদ্দেশ্য এই যে, যাহাতে অনভিজ্ঞ ও অনাস্থাবান্ ব্যক্তিরও ফলিত-জ্যোতিষশাস্ত্রের প্রতি জ্ঞান ও অনুরাগ জন্মায়; জ্যোতিষ-শিক্ষার্থিগণ সহজে এই শাস্ত্রে প্রবেশ করিতে পারেন; এবং জ্যোতিষের ভাবি গ্রন্থকারগণ যাহাতে এই প্রণালীতে গ্রন্থ রচনা করিয়া দুরূহ ও কঠিন-শ্রমসাধ্য জ্যোতিষ-শাস্ত্রের অনুশীলনের পথ সরল ও সুগম করেন।

এই গ্রন্থ-সঙ্কলনে যে শ্রম হইয়াছে তদনুসারে বিচার করিলে, ইহার যে মূল্য ধার্য্য করা হইয়াছে, তাহা একরূপ মূল্যই নহে বোধ করিতে হয়। গ্রন্থকারের ইচ্ছা ছিল মূল্য

আরও কম করা, কিন্তু যুদ্ধের বাজারে কাগজের দাম অত্যন্ত বৃদ্ধি হওয়ায় তাঁহার সে সৎ-সঙ্কল্প কার্য্যকর হয় নাই। তথাপি যে মূল্য স্থিরীকৃত হইয়াছে, তাহাতে যদি বেশী বিজ্ঞাপন দিতে না হয় এবং অল্পকালে সমুদায় গ্রন্থ বিক্রয় হইয়া যায়, তবেই ব্যয়িত অর্থের উপর নামে মাত্র লাভ থাকিতে পারিবে। আর ঐ লভ্যাংশ "বেলেঘাটা লাইব্রেরীতে" দান করা হইবে। পরিশেষে নিবেদন এই যে, যেন সকলে ভূমিকাটি একবার পাঠ করেন; তাহা হইলে পুস্তকটি বুঝিতে ও বিনাক্লেশে কোষ্ঠী প্রস্তুত করিতে এবং জ্যোতিষ-শাস্ত্রে প্রবেশ করিতে কোনরূপ কষ্টবোধ হইবে না। এক্ষণে ন্যায়বিচারের জন্য জন সমাজের হস্তে এই গ্রন্থ অর্পিত হইল। তাঁহারা যেন বিচারের কষ্টি-পাথরে কষিয়া যথাযোগ্য ইহার আদর বা অনাদর করেন। ইতি

৬৯ নং বেলেঘাটা
মেন্ রোড,
কালকাতা
১৫ই ফাল্গুন
সন ১৩২৫ সাল।

বিনীত
শ্রীনৃত্যগোপাল সরকার
প্রকাশক।

ভূমিকা

ফলিত জ্যোতিষশাস্ত্র যাঁহারা আলোচনা করেন, তাঁহারা অবগত আছেন যে, নবগ্রহ ও দ্বাদশরাশি লইয়া শুভাশুভ অসংখ্য যোগাবলী সংঘটিত হয়। এই শুভাশুভ যোগ কিরূপে নির্ণয় করা যায় তাহা প্রাচীন গ্রন্থকারগণ স্ব স্ব গ্রন্থে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। যাঁহারা ফলিত জ্যোতিষের আলোচনা করেন, তাঁহাদের মধ্যে অনেকেরই পক্ষে সেই সমুদয় যোগ কণ্ঠস্থ রাখা সম্ভব নহে। আবার যাঁহারা দুই একখানি মাত্র মূল-গ্রন্থ অধ্যয়ন করিবার সুযোগ পাইয়াছেন, তাঁহারা যদি বহুগ্রন্থ হইতে সংগৃহীত একত্র সন্নিবিষ্ট যোগসমূহ দেখিতে পান, তাহা হইলে কার্যক্ষেত্রে তাঁহাদের পক্ষে বিশেষ সুবিধাজনক হইতে পারে। বস্তুতঃ যাঁহার যত বেশী "যোগ" জানা থাকে, ফল-বিচার করা তাঁহার পক্ষে তত সহজ হইয়া থাকে, এবং ঐরূপ জ্ঞানের ন্যূনাধিক্যে মানবজীবনের ফলাফল-তত্ত্বভব-শক্তিরও তারতম্য ঘটিয়া থাকে।

যাহা হউক জ্যোতিষ-শিক্ষার্থিগণের অসুবিধা নিরাকরণ-মানসে এবং শাস্ত্রীয় যোগসমূহের একটি বৃহৎ

সূচী (index) প্রণয়ন উদ্দেশ্যে দুই বৎসর পূর্ব্বে আমার প্রিয় শিষ্য শ্রীমান্ গণপতি সরকার বিদ্যারত্নকে এইরূপ একখানি গ্রন্থ সংগ্রহ কার্য্যে প্রোৎসাহিত করিয়াছিলাম। আমার পরামর্শানুসারে তিনি অন্যূন ৪৫ খানি শ্রেষ্ঠ জ্যোতিষ গ্রন্থাবলী আলোড়ন করিয়া ভগবৎ কৃপায় শুভাশুভ যোগ-নির্ণায়ক এই অপূর্ব্ব গ্রন্থখানি প্রকাশিত করিলেন।

"জ্যোতিষ-যোগতত্ত্ব" তিন ভাগে বিভক্ত করা হইয়াছে। ইহার প্রথম অধ্যায়ে কেবল দুর্যোগ গুলি (অর্থাৎ accidents) দ্বিতীয় ভাগে কুযোগগুলি (অর্থাৎ misfortunes) এবং তৃতীয়ভাগে প্রধান প্রধান সুযোগগুলি—বিবৃত করা হইয়াছে। কার্য্যক্ষেত্রে যাঁহারা অবতীর্ণ তাঁহাদিগের সুবিধার জন্য অকারাদিবর্ণমালানুক্রমিক সমুদয় যোগগুলি শ্রেণীবদ্ধ করা হইয়াছে। প্রত্যেক যোগের বচন-প্রমাণ কোন্ কোন্ গ্রন্থে পাওয়া যাইতে পারে তাহাও সাঙ্কেতিক চিহ্নের দ্বারা সূচিত হইয়াছে। তদ্দ্বারা এই সুবিধা হইবে যে, যাঁহার যে গ্রন্থের প্রামাণিকতা বিষয়ে যেরূপ শ্রদ্ধা, তদনুসারে তিনি সেই সেই যোগের গুরুত্ব বা লঘুত্ব বিচার করিয়া লইতে পারিবেন।

এই গ্রন্থ-প্রণয়ন-কার্য্য কিরূপ আয়াস সাধ্য এবং ইহার জন্য কত দীর্ঘ সময় অতিবাহিত করিতে হইয়াছে, অপিচ কত বহুমূল্য ও বিরলপ্রচার মূলগ্রন্থ সংগ্রহ করিয়া গ্রন্থ-

কাঁহাকে সেই সকল গ্রন্থে যোগাবলী অনুসন্ধান করিতে হইয়াছে—তাহা এই গ্রন্থের পাঠক-পাঠিকা মাত্রেই উপলব্ধি করিতে পারিবেন। এক্ষণে বঙ্গীয় সুধীগণের নিকট এই গ্রন্থখানি সমাদৃত হইলেই গ্রন্থকর্ত্তার অনন্য-সাধারণ অধ্যবসায়, পরিশ্রম এবং অর্থব্যয় সার্থক হইবে।

এই গ্রন্থোক্ত যোগগুলি কিরূপে স্থিরীকৃত করা যাইবে, প্রথম-শিক্ষার্থিগণের বোধ-সৌকর্য্যার্থে নিম্নে তাহা উদাহরণ সহ বিবৃত করা গেল। বলা বাহুল্য যে, এইরূপ সংক্ষিপ্ত ভাষা ব্যবহার না করিলে এতগুলি যোগ এইরূপ অল্পায়তন গ্রন্থে সন্নিবেশ করা সম্ভব হইত না।

মনে করুন, কেহ জানিতে চাহিলেন যে, তাঁহার জন্ম-কুণ্ডলীতে এমন কোন "যোগ" আছে কি না, যাহাতে তাঁহার স্ত্রীর অগ্নিদগ্ধ হইয়া মৃত্যু হইতে পারে। দুর্যোগাধ্যায়ের প্রথম পৃষ্ঠায় "অগ্নিদগ্ধ" নামক শীর্ষে (৯) নং যোগ প্রকরণে লিখিত আছে—"পত্নীর মৃত্যু :—অগ্নিদ্রেক্কাণগত শুক্র হইতে ৪র্থে এবং ৮মে রবি মঙ্গল শনি থাকিবে।"—অর্থাৎ জন্মকুণ্ডলীতে যদি দেখা যায় যে, অগ্নি দ্রেক্কাণে শুক্র আছেন এবং উক্ত স্থানগত শুক্র যে রাশিতে আছেন তাহা হইতে গণনায় ৪র্থ এবং ৮ম স্থানে রবিভৌমশনি এই পাপত্রয় অবস্থিত, তাহা হইলেই জাতকের স্ত্রীর অগ্নিদগ্ধ হইয়া মৃত্যুযোগ নির্ণীত হইবে। দ্বিতীয় পৃষ্ঠায় (১৩) নম্বর যোগের পর "বৃঃ জাঃ" সাঙ্কেতিক

অক্ষরদ্বয় দ্বারা এই সূচিত হইয়াছে যে, উক্ত প্রকার যোগ "বৃহৎ জাতক" গ্রন্থে পাওয়া যায়।

২। পুনশ্চ, তৃতীয় পৃষ্ঠায় (২৭) নং যোগে লেখা আছে —"স্ত্রীর মৃত্যু (সহমরণ সম্ভবতঃ) ঃ—৯মে রবি, মঙ্গল, ৯ম পতি ও লগ্নপতি, আর ৭মপতি মিত্রে"—ইত্যাদি—জাঃভঃ।

ইহার তাৎপর্য্য এই যে জাতকাভরণ গ্রন্থকার মতে স্ত্রীর অগ্নিদগ্ধ হইয়া মৃত্যুর অন্য প্রকার যোগ এই—জাতকের কুণ্ডলীতে লগ্ন হইতে গণনায় নবম স্থানে যদি রবি মঙ্গল সহ একত্র লগ্নাধিপতি এবং নবমাধিপতি গ্রহদ্বয় থাকে এবং লগ্ন হইত সপ্তমস্থানের অধিপতি গ্রহ মিত্র গ্রহের রাশিতে থাকে, তাহা হইলে উক্ত যোগ ঘটিয়া থাকে।

"সহমরণ সম্ভবতঃ" এই টুকু টিপ্পনী গ্রন্থকারের নিজের কিন্তু মূল গ্রন্থে তাহা নাই। নবম স্থান হইতে ধর্ম্ম ভাবের বিচার করা হয়। এখানে অর্থাৎ ধর্ম্মক্ষেত্রে এবং ৯মপতি লইয়া যোগ সিদ্ধ হওয়ায় উক্ত টিপ্পনী অপ্রাসঙ্গিক বা অসঙ্গত বলিয়া মনে হয় না।

৩। অন্য একটি দৃষ্টান্ত। ৩য় পৃষ্ঠায় (২৯) নং যোগে দেখিতে পাওয়া যায় যে, লগ্ন বা ২।৭।৮ম রাশির কোন এক স্থানে যদি রবি থাকেন এবং মঙ্গল উক্ত স্থানস্থ রবিকে দেখেন, তাহা হইলে জাতকপারিজাত মতে অগ্নিদগ্ধ হইবার ভীতি থাকে।

ক। উক্ত যোগ আর এক প্রকারেও ঘটিতে পারে ঃ

যথা ১।২।৭।৮ম স্থানের কোন স্থানে যদি মঙ্গল থাকেন এবং উক্ত মঙ্গলকে যদি রবি দেখেন—তাহা হইলেও ঐ প্রকার ভীতি হইতে পারে। সংক্ষিপ্ত ভাষায় দুটি যোগ লিখিতে ইহা মাত্র দুটি লাইন লাগিয়াছে—দ্রষ্টব্য।

৪। কুযোগাধ্যায় ৮০ পৃষ্ঠা "(৭) নং কেমদ্রুমান্তর্গত যাগ (ক) বৃহস্পতির দৃষ্টিরহিত চন্দ্র লগ্ন বা ৭মে থাকিবে।— হার তাৎপর্য্য এই যে কেমদ্রুম যোগ থাকিলে মানব রিদ্র হয়। সুতরাং দরিদ্র-যোগের মধ্যে অন্যতম কেমদ্রুম যাগগুলি। কেমদ্রুম-যোগ-ভেদ বহু প্রকারে হইয়া থাকে। ান্থকর্ত্তা (ক) হইতে (ড) পর্য্যন্ত কতিপয় পঙ্‌ক্তিতে যত প্রকারে কেমদ্রুম যোগ সিদ্ধ হয়, তাহা বিবৃত করিয়াছেন। ইহার প্রমাণ জাতব-পারিজাতে আছে জানা গেল, কারণ ৮১ পৃষ্ঠা (১০) নং যোগের পর "জাঃ পাঃ" লেখা আছে। এক্ষণে (৭) নং (ক) যোগে যে ব্যক্তি জন্ম গ্রহণ করিবে, তাহার জন্ম-কুণ্ডলীতে লগ্ন বা বৃহস্পতির দৃষ্টি রহিত চন্দ্র অবস্থিত থাকিবে ইহাই বুঝিতে হইবে।

৫ম। কুযোগাধ্যায় ৮১ পৃঃ "(১০) নং শোকাকুল [স্ত্রীকোষ্ঠী]ঃ—ইত্যাদি" এই যোগ বিচার করিতে হইলে কোন স্ত্রীলোকের জন্মকুণ্ডলী দেখিতে হইবে। স্ত্রী-জন্মকুণ্ডলীতে যদি লগ্নাপেক্ষা ৮ম ভাবের রাশি হইতে গণনায় ৯ম রাশিতে (অর্থাৎ ৪র্থ ভাবে) এবং ৮ম স্থানে পাপগ্রহগণ থাকে, তবেই সেই নারী দরিদ্র এবং শোকাকুল

হইবে। উক্ত যোগ জাতক-পারিজাত গ্রন্থে বিবৃত আছে, জানা গেল।

৬ষ্ঠ। কুযোগাধ্যায় ১১৫পৃঃ "(৭)নং ধনজনহীন কাপুরুষ সৌখ্যবর্জ্জিত বিকলঃ—ইত্যাদি" সাঃ। এস্থলে বুঝিতে হইবে এই যে, সারাবলী গ্রন্থে উল্লিখিত আছে যে, চন্দ্র যে রাশিতে আছে তাহা হইতে দশমরাশিতে যদি বৃহস্পতি ও শনি একত্রে থাকে, তবে একটি কুযোগ হয়। তাহার ফলে মানব শুদ্ধ যে বিদ্যাবিহীন হয় তাহা নহে; অধিকন্তু সে ব্যক্তি ধনজন-হীন, কাপুরুষ, সুখ-বিহীন এবং বিকলেন্দ্রিয় হয়।

আর অধিক দৃষ্টান্ত অনাবশ্যক। এই গ্রন্থোক্ত যোগগুলি যেরূপে বুঝিয়া পাঠ করিতে হইবে এবং মিলাইয়া লইতে হইবে তাহা উপরের দৃষ্টান্ত কয়টিতে বিশদীকৃত করা হইল।

এই অভিনব ও উপাদেয় গ্রন্থখানি যাহাতে বাঙ্গালী গৃহস্থ মাত্রেরই সুখপাঠ্য হয়, তজ্জন্য গ্রন্থকার যথাসাধ্য চেষ্টা করিয়াছেন। জ্যোতিষ-শিক্ষা বিশেষ শ্রম ও অধ্যবসায় ভিন্ন হয় না। সঙ্কেত-বিদ্যা মাত্রেই গুরুর মুখে জানিয়া শুনিয়া শিখিতে হয়। যাহা হউক এক্ষণে বিনা গুরূপদেশে এবং অন্য কোন গ্রন্থ-সাহায্য-ব্যতিরেকে এই গ্রন্থের বিষয়গুলি সাধারণ পাঠক-পাঠিকা বুঝিতে পারিবেন এবং নিজের বা আত্মীয় ব্যক্তির জন্মকুণ্ডলী প্রস্তুত করিয়া

উক্ত যোগসমূহের মধ্যে কোনটি আছে কি না মিলাইয়া দেখিতে পারিবেন।

গ্রন্থখানি যাহাতে আরও সম্পূর্ণতা লাভ করে এই বিবেচনায় এবং জ্যোতিষীগণের সুবিধার্থে গ্রন্থমধ্যে ব্যবহৃত পারিভাষিক শব্দের সরলার্থ ও ব্যাখ্যা গ্রন্থকার কর্তৃক এই গ্রন্থের সহিত "জ্যোতিষে পারিভাষিক শব্দাভিধান" সন্নিবেশিত হইয়াছে। শুদ্ধ এই অংশটুকু পাঠ করিলেও জ্যোতিষের অনেক অবশ্য-জ্ঞাতব্য বিষয়ের জ্ঞান হয়।

প্রথম-শিক্ষার্থিগণ যখনই এই গ্রন্থ মধ্যে ব্যবহৃত জ্যোতিষ-সংক্রান্ত কোন দুরূহ শব্দের অর্থবোধ করিতে ইচ্ছা করিবেন, তখনই এই অভিধান খানির সাহায্য গ্রহণ করিবেন। ইহাতে অনেকানেক বিষয়-সমূহ প্রসঙ্গ-ক্রমে গ্রন্থকারকে লিখিতে হইয়াছে, সেইগুলি যাঁহারা জ্যোতিষশাস্ত্রে লব্ধ-প্রবেশ তাঁহাদের নিকট সুপরিচিত সুতরাং অনাবশ্যক মনে হইতে পারে। কিন্তু এই গ্রন্থ-প্রণয়নের উদ্দেশ্য কেবল তাঁহাদের প্রীতি সাধন করা নহে। যাহাতে জ্যোতিষশাস্ত্রে সর্ব্বসাধারণের বিশেষ শ্রদ্ধা আসে এবং যাহাতে পতি বা পুত্রের মোটামুটী শুভাশুভ ভাগ্যফল অন্তঃপুরনিবাসিনী মহিলাগণও এই গ্রন্থ সাহায্যে অবগত হইয়া তদনুরূপ কার্য্য অথবা তৎপ্রতীকার চেষ্টা করিতে পারেন, সেই লক্ষ্য করিয়া গ্রন্থকার এই অমূল্য রত্নরাজি সকলের নিকট উপস্থাপিত করিয়াছেন।

এক্ষণে উপসংহারে জ্যোতিষশাস্ত্রে সম্পূর্ণ অনভিজ্ঞ সাধারণ পাঠক-পাঠিকাগণ কিরূপে বিনা আয়াসে কোষ্ঠী দেখিতে পারেন ও কোষ্ঠী প্রস্তুত করিয়া লইতে পারেন তাহার উপদেশ দিব। এই অংশটি আয়ত্ব হইলে অন্য প্রকার সাহায্য ব্যতিরেকে কেবলমাত্র এই গ্রন্থ সাহায্যেই কোষ্ঠী-বিচার করিয়া ফলাফল স্থির করিতে পারিবেন।

সকলেই জানেন যে, এই পৃথিবী গোলাকার এবং গতিশীল। আকাশে কোন এক নির্দ্দিষ্ট বিন্দু হইতে আরম্ভ করিয়া পুনরায় সেই স্থানে ঘুরিয়া আসিতে পৃথিবীর প্রায় ২৪ ঘণ্টা অথবা ৬০ দণ্ড সময় লাগে। পৃথিবী পশ্চিম হইতে পূর্ব্বদিকে গমন করেন এবং তজ্জন্য সূর্য্যাদি গ্রহদিগকে ঠিক তদ্বিপরীত দিকে (অর্থাৎ পূর্ব্ব হইতে পশ্চিমে) গতিশীল বলিয়া বোধ হয়। আপাততঃ আমরা শেষোক্ত মতই গ্রহণ করিব। আমাদের দেশে সাধারণতঃ সূর্য্যোদয় মুহূর্ত্ত হইতেই দিবা আরম্ভ ধরা হয় এবং এক সূর্য্যোদয় হইতে পুনরায় সূর্য্যোদয় পর্য্যন্ত কাল মোটামুটী ৬০ দণ্ড পঞ্জিকাতে লেখা থাকে। সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত কালকে দিবামান বলা যায়, এবং ৬০ দণ্ড হইতে দিবামান বাদ দিলে যে দণ্ডাদি বাকী থাকে তাহাই নিশামান বলিয়া গৃহীত হয়। দিবাভাগে জন্ম হইলে, জন্মকালীন ঘণ্টা মিনিট হইতে সূর্য্যোদয় ঘণ্টা মিনিট বাদ দিলে যাহা থাকে তাহাই ইষ্টকাল এবং রাত্রিকালে জন্ম হইলে সূর্য্যাস্ত ঘণ্টা মিনিট বাদ দিলে যাহা অবশিষ্ট পাওয়া যাইবে

তাহাও নিশাকালীন ইষ্টকাল। আমাদের দেশে সাধারণতঃ উক্ত ইষ্টকাল বা "জাত দণ্ড" ঘণ্টা-মিনিটের পরিবর্ত্তে দণ্ড পল বিপলে লেখা হয়, তাহা পরে দেখান হইবে।

৩৬৫ দিন ধরিয়া সূর্য্যদেব আকাশের যে পথ দিয়া গমনাগমন করেন সেই পথটিকে জ্যোতিষিগণ রবিমার্গ বলিয়া থাকেন। এই রবিমার্গেই মেষাদি দ্বাদশ রাশি অবস্থিত এবং ইহাকেই রাশি-চক্র বা ভচক্র বলা হয়। এই কল্পিত ভচক্র ৩৬০ অংশ পরিমিত এবং উহা যদি বারো ভাগ করা যায় তবে এক এক ভাগের সীমা ৩০ অংশ হয়। ঐ ৩০ অংশ নির্দ্দিষ্ট সীমাই এক এক রাশি।

আবার ঐ ভচক্রের সীমা অশ্বিনী প্রভৃতি ২৪টী নক্ষত্র দ্বারাও নিরূপিত হয়। সে হিসাব ধরিলে এক এক নক্ষত্রের সীমা ১৩ অংশ ২০ কলা করিয়া হয় এবং এক এক রাশিতে তুটী নক্ষত্রের পূর্ণ অধিকার থাকে এবং তৃতীয় নক্ষত্রের কেবল ৩ অংশ ২০ কলা পরিমিত স্থানের উপর অধিকার থাকে—অর্থাৎ সোজা কথায় এক এক রাশিতে ২।০ সওয়া তুই নক্ষত্রের সীমা থাকে।

ঐ রাশি চক্রের সাহায্য লইয়া জন্ম-কুণ্ডলী প্রস্তুত করা হয়। প্রথমে একটি বৃত্ত অথবা চতুষ্কোণ [(১৮) পৃঃ চিত্র দ্রষ্টব্য] আঁকিয়া তাহাকে ঐ চিত্রের ন্যায় বারো ভাগে বিভক্ত করিতে হইবে। ঐ দ্বাদশ ভাগের বা গৃহ অথবা রাশির সম্মুখের অর্থাৎ পূর্ব্বদিকের গৃহটি মেষ বলিয়া মনে

করিতে হইবে। পর পর বাম দিকের গৃহ গুলিকে যথাক্রমে বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বিছা, ধনু, মকর, কুম্ভ ও মীন বলিয়া জানিতে হইবে। স্পষ্ট লেখা না থাকিলেও এই রাশি চক্রের পর্য্যায়টি সর্ব্বদা মনে রাখিতে হইবে।

এক্ষণে উক্ত বারো রাশির কোন এক রাশিতে "লং" এই সাঙ্কেতিক চিহ্ন দেওয়া হয়। তাহার অর্থ এই যে সেই রাশিকেই "লগ্ন" বলিয়া মনে করা হয়। এক্ষণে "লগ্ন" কাহাকে বলা যায় তাহা বলিতেছি। পূর্ব্বে বলা হইয়াছে একবার ঘুরিয়া আসিতে পৃথিবীর ৬০ দণ্ড সময় লাগে, ইহার নাম পৃথিবীর আহ্নিক গতি। ঐ আহ্নিক গতি বশতঃ পৃথিবী মেষ বৃষ মিথুন প্রভৃতি দ্বাদশ রাশি ২৪ ঘণ্টায় বা ৬০ দণ্ডে অতিক্রম করে, অথবা পৃথিবীকে অচল মনে করিলে বলা যায় যে, পূর্ব্বাকাশে মোটামুটী দুই ঘণ্টা অন্তর এক এক রাশির "উদয়" হয় এবং পশ্চিমাকাশে ঠিক সেই সেই রাশির সপ্তম রাশির "অস্ত" হয়। বস্তুতঃ সূক্ষ্ম গণনা করিলে জানা যায় যে, এক এক রাশি অতিক্রম করিতে যে সময় লাগে তাহা ঠিক দুই ঘণ্টা নহে। তাহার হ্রাস ও বৃদ্ধি আছে।

কোন রাশির আরম্ভ (অর্থাৎ শূন্য অংশ) হইতে শেষ পর্য্যন্ত (অর্থাৎ ৩০ অংশ) অতিক্রম করিতে বস্তুতঃ যে কাল অতিবাহিত হয়—তাহার নামই সেই উদিত রাশির লগ্নমান। (১৩) পৃষ্টাতে দ্বাদশ রাশির সূক্ষ্ম লগ্নমান

দেওয়া গেল। ভিন্ন ভিন্ন দেশে লগ্নমানের কিছু কিছু প্রভেদ হয়, প্রথম-শিক্ষার্থিগণের সে জটিলতায় প্রবেশ অনাবশ্যক। ১৩২৬ সালের গুপ্তপ্রেশ পঞ্জিকায় নানা দেশের লগ্নমান-তালিকা বাহির হইয়াছে দেখিয়া লইতে পারেন। উদাহরণ সহিত কিরূপে জাতদগুাদি বাহির করিয়া লগ্ন এবং উদিত অংশ কলা নির্ণয় করা যায় তাহা নিম্নে প্রদর্শিত হইল। পূর্ব্ব দিকে উদিত রাশিই লগ্ন বলিয়া স্বীকৃত, আর ঠিক মস্তকোপরি যে রাশির অংশ কলা তৎকালে দৃষ্ট হয় তাহার নাম দশমোদয় বা দশম লগ্ন, এবং পশ্চিমে যে রাশি লক্ষিত হয় তাহাকে "অস্ত লগ্ন" বলা হয়।

সূর্য্যাদি নবগ্রহের প্রভাব অনুসারে মানবজীবনের শুভাশুভ ফলাফল সংঘটিত হইয়া থাকে; হিন্দু-জ্যোতিষ-শাস্ত্রে তাহাই স্বীকৃত হইয়াছে। এই নবগ্রহের নাম যথাক্রমে রবি চন্দ্র মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি রাহু এবং কেতু। ইহাদের মধ্যে পূর্ণচন্দ্র বৃহস্পতি এবং শুক্রকে নিয়ত শুভগ্রহ বলিয়া মনে করা হয়। বুধ শুভযুক্ত হইলে শুভ, পাপযুক্ত হইলে পাপ। রবি মঙ্গল শনি রাহু ও কেতু নিয়ত অশুভগ্রহ বলিয়া বিবেচিত হয়। এই গ্রহদিগকে পঞ্জিকা দেখিয়া উক্ত রাশি চক্রের মধ্যে কোন্ স্থানে আছেন তাহা সঙ্কেতে নির্দ্দেশ করা যায়। প্রত্যেক গ্রহের নামের আদ্যক্ষর (যথা রবির "র") লিখিয়া তাহার পর অংশ

কলার অঙ্ক লিখিয়া অথবা যে নক্ষত্রে আছে তাহার অঙ্ক বসাইয়া উক্ত রাশি-চক্র সম্পূর্ণ করিলেই জন্মকুণ্ডলী প্রস্তুত করা হইল।

এক্ষণে সাতাইশটী নক্ষত্রের নাম ও পর পর সংখ্যা দেওয়া গেল :—

১। অশ্বিনী, ২। ভরণী, ৩। কৃত্তিকা, ৪। রোহিণী, ৫। মৃগশিরা, ৬। আদ্রা, ৭। পুনর্ব্বসু, ৮। পুষ্যা, ৯। অশ্লেষা, ১০। মঘা, ১১। পূর্ব্বফল্গুনী, ১২। উত্তরফল্গুনী, ১৩। হস্তা, ১৪। চিত্রা, ১৫। স্বাতী, ১৬। বিশাখা, ১৭। অনুরাধা, ১৮। জ্যেষ্ঠা, ১৯। মুলা, ২০। পূর্ব্বাষাঢ়া, ২১। উত্তরাষাঢ়া, ২২। শ্রবণা, ২৩। ধনিষ্ঠা, ২৪। শতভিষা, ২৫। পূর্ব্ব ভাদ্রপদ, ২৬। উত্তর ভাদ্রপদ, ২৭। রেবতী। মেষ রাশি বলিতে =অশ্বিনী (১৩ অংশ ২০ কলা) তৎপর ভরণী (২৬ অংশ ৪০ কলা) তৎপর অবশিষ্ট কৃত্তিকার এক পাদ (অর্থাৎ ৩ অংশ ২০ কলা ; মোট ৩০ অংশ); পরে বৃষরাশি বলিতে = কৃত্তিকার অবশিষ্ট তিন পাদ (অর্থাৎ ১০ অংশ) এবং রোহিণীর ১৩ অংশ ২০ কলা ও মৃগশিরার ৬ অংশ ৪০ কলা (অর্থাৎ মোট ৩০ অংশ)। এইরূপে সমুদায় ৩৬০ অংশ পরিমিত রাশি-চক্র নক্ষত্র দ্বারা নিরূপিত হয়। পূর্ব্বেই বলিয়াছি এক এক নক্ষত্রের পূর্ণ সীমা ১৩ অংশ ২০ কলা হিসাবে ধরিতে হইবে। সুতরাং বাকীগুলির সীমা-নির্দ্দেশ পাঠক-পাঠিকাগণ সহজেই করিয়া লইতে পারিবেন।

লগ্নাদি নির্ণয়।

এক্ষণে একটি উদাহরণ লইয়া কিরূপে লগ্ন আনয়ন করা যায় দেখাইব। মনে করুন, কোন ব্যক্তির ১৩২৫ সালের ৫ই পৌষ তারিখে রাত্রি ১২টা ৪৬ মিনিটের সময় একটি পুত্র জন্মিয়াছে। তাহার লগ্ননির্ণয় সর্ব্বাগ্রে আবশ্যক। হিন্দুমতে গণনা করিতে হইলে সূর্য্যোদয় হইতে জাত সময় কত দণ্ড কত পল অতীত হইয়াছে সর্ব্বাগ্রে তাহা জানা আবশ্যক। পঞ্জিকাদৃষ্টে ঐ তারিখে সূর্য্যোদয় (বিশুদ্ধসিদ্ধান্তমতে) ৬টা ৩৬ মিঃ ২৬ সেকেণ্ড লেখা আছে জানা গেল। সেকেণ্ড বাদ দিয়া রাত্রি ১২টা ৪৬ মিঃ হইতে ৬টা ৩৬ মিঃ বাদ দিলে ১৮ ঘণ্টা ১০ মিঃ পাওয়া যায় এবং ১৮ ঘণ্টা = ৪৫ দণ্ড ও ১০ মিঃ = ২৫ পল অর্থাৎ জাতদণ্ড বা ইষ্ট দণ্ড = ৪৫ দণ্ড ২৫ পল পাওয়া গেল। স্মরণ রাখিতে হইবে যে এক ঘণ্টা = ২৷৷০ দণ্ড এবং এক মিনিট = ২৷৷০ পল। এবং ২৪ মিনিট = ১ দণ্ড। ৬০ বিপলে = ১ পল; এবং ৬০ পলে = ১ দণ্ড।

কলিকাতার সূক্ষ্ম লগ্নমান তালিকা ঃ—

	দণ্ড	পল	বিপল		দণ্ড	পল	বিপল
১। মেষ…	৪	১০	৭	৭। তুলা…	৫	৩৫	৩৭
২। বৃষ…	৪	৫৪	১১	৮। বিছা…	৫	৪০	৪৪
৩। মিথুন…	৫	৩২	৫৫	৯। ধনু…	৫	১৬	২৩
৪। কর্কট…	৫	৪০	৩৪	১০। মকর…	৪	৩০	৩০
৫। সিংহ…	৫	২৯	৪৪	১১। কুম্ভ…	৩	৫৫	২১
৬। কন্যা…	৫	২৬	৩	১২। মীন…	৩	৪৭	৫১

ইচ্ছা করিলে রাত্রি-জন্ম-স্থলে জন্ম কালীন ঘণ্টা মিনিট হইতে সূর্য্যাস্ত ঘণ্টা মিনিট কাল বাদ দেওয়া যাইতে পারে। তাহা করিলে দিবামান ও সূর্য্যোদয় জানিবার প্রয়োজন হইবে না। উক্ত দৃষ্টান্তে সূর্য্যাস্ত কাল ৫টা ১৮ মিঃ বাদ দিলে একই ফল হইবে। ১৯১৮ সালের বিশুদ্ধ-সিদ্ধান্ত পঞ্জিকার ৩১৫ পৃষ্ঠায় ৫ই পৌষ তারিখের ৮ম পঙ্‌ক্তিতে লেখা আছে,—লগ্ন—উ, ধনু দং ০।৪৬।৫৪ অ, মিথুন দং ১।১।২১। অর্থাৎ সূর্য্যোদয় কালে ধনু রাশির ০ দণ্ড ৪৬ পল ও ৫৪ বিপল ভোগ হইয়াছিল, এবং সূর্য্যাস্ত কালে মিথুন রাশির ১ দণ্ড ১ পল ২১ বিপল ভোগ হইয়া গিয়াছিল। প্রত্যেক তারিখেই ঐ প্রকার লেখা থাকে, তাহা দ্রষ্টব্য।

উক্ত দৃষ্টান্তে সূর্য্যোদয় হইতে অতীত দণ্ডাদি গ্রহণ করা হইয়াছে, সুতরাং ধনু রাশির মান ৫।১৬।২৩ দণ্ডাদি হইতে ধনুর ভুক্তমান দণ্ডাদি ০।৪৬।৫৪ বাদ দিতে হইবে। বিয়োগ ফল ৪।২৯।২৯ দণ্ডাদি পাওয়া যাইবে। এই অঙ্কে ক্রমান্বয় পর পর রাশির মান যোগ করিতে হইবে এবং যতক্ষণ ইষ্টদণ্ডাদির সমতুল্য দণ্ডাদি না পাওয়া যাইবে ততক্ষণ যোগ করিতে হইবে। যথা ধনুর ভোগ্য দণ্ডাদি ৪।২৯।২৯ + মকরের ৪।৩০।৩০ + কুম্ভের ৩।৫৫।২১ + ·· সিংহ পর্য্যন্ত যোগ করিলে ৪২ দণ্ড ৩০ পল ৪২ বিপল পাওয়া যায়। ইহার সহিত কন্যার লগ্নমান ৫।২৬।৩ দণ্ডাদি যোগ করিলে = ৪৭।৫৬।৪৫ দণ্ডাদি পাওয়া যায়। উপরের দৃষ্টান্তে

সূর্য্যোদয় হইতে ইষ্ট দণ্ডাদি ৪৫।২৫ পাওয়া গিয়াছিল। সুতরাং বুঝিতে পারা গেল যে কন্যা লগ্নেই শিশুর জন্ম হইয়াছে, যেহেতু কন্যালগ্ন ৪২।৩০।৪২ দণ্ডাদি হইতে ৪৭।৫৬।৪৫ দণ্ডাদি পর্য্যন্ত ছিল। এক্ষণে কন্যার কত অংশ কলায় জন্ম হইয়াছে, তাহা জানিবার আবশ্যক হইলে নিম্নোক্ত প্রণালী অবলম্বনীয়:—ইষ্ট দণ্ডাদি ৪৫।২৫ হইতে সিংহ পর্য্যন্ত লগ্নমান ৪২।৩০।৪২ বাদ দিলে, অবশিষ্ট দণ্ডাদি ২।৫৪।১৮ পাওয়া যায়।

পূর্ব্বে বলা হইয়াছে যে কন্যালগ্নমান ৫।২৬।৩ দণ্ডাদি অর্থাৎ মোটামুটী ৩২৬ পল এবং জন্ম সময়ে কন্যা রাশির ২ দণ্ড ৫৪ পল ১৮ বিপল (১৮ বিপল ছাড়িয়া দেওয়া যায়) অর্থাৎ ১৭৪ পল গত হইয়াছে।

এক এক রাশি = ৩০ অংশ। এক এক অংশে ৬০ কলা। ৬০ বিকলা = ১ কলা, ইহা স্মরণ রাখিতে হইবে।

এক্ষণে অনুপাত করিলেই লগ্নের ভুক্ত অংশ কলাদি পাওয়া যাইবে। যথা—

৩২৬ পলে যদি ৩০ অংশ হয়, তবে ১৭৪ পলে কত অংশ হইবে ?

হিসাবে পাওয়া গেল—১৬ অংশ অর্থাৎ কন্যার ১৬ অংশে জন্মলগ্ন।

এক্ষণে আমরা জানিলাম যে ১৩২৫ সালের অথবা ১৮৪০ শকাব্দার ৫ই পৌষ তারিখে শুক্রবারে রাত্রি ১২

৪৬।৪৯ঃ সময়ে কোন শিশুর জন্ম হইলে, তাহার জন্মলগ্ন কন্যার ১৬ অংশ হইবে। এবং সূর্য্যোদয় হইতে তাহার জাতদণ্ড ৪৫ ও ২৫ বিপল হইবে। অথবা সূর্য্যাস্ত হইতে ১৮ দণ্ড ৪১ পল হইবে।

এক্ষণে গ্রহাদি সংস্থাপন করিবার প্রণালী বলা যাইতেছে।

বিশুদ্ধ-সিদ্ধান্ত পঞ্জিকার (এবং গুপ্তপ্রেশ ও অন্যান্য স্ফুট পঞ্জিকাতে) বাম দিকে প্রত্যেক পৃষ্ঠায় কতকগুলি অঙ্ক দেওয়া থাকে। সেই গুলি বুঝিতে পারিলে গ্রহ সংস্থাপন করা অতি সহজ। দৃষ্টান্ত স্বরূপ ১৮৪০ শকাব্দার (১৩২৫সালের) পঞ্জিকায় ৫ই পৌষ তারিখের বামভাগে নিম্নলিখিত সাঙ্কেতিক অক্ষর ও অঙ্কগুলি দেওয়া আছে; তাহা এইরূপে বুঝিতে হইবে:—

র ৮।৫।১৩।১৪ অর্থাৎ রবি ৮ রাশি গতে ৫ অংশ ১৩ কলা ১৪ বিকলাতে আছেন।

চ ৩।৯।৫৯।২ অর্থাৎ চন্দ্র আছেন ৩ রাশি গতে ৯ অংশ ৫৯ কলা ২ বিকলাতে

ম ৯।৭।৩১।৭ „ মঙ্গল „ ৯ „ „ ৭ „ ৩১ „ ৭ „

বু ৮।০।৫০।১৫ „ বুধ „ ৮ „ „ ০ „ ৫০ „ ১৫ „

বৃ ২।১৯।৫২।২০ „ বৃহস্পতি „ ২ „ „ ১৯ „ ৫২ „ ২০ „

শু ৮।১১।৩৮।২৪ „ শুক্র „ ৮ „ „ ১১ „ ৩৮ „ ২৪ „

শ ৪।৫।৩৩।৩৬ „ শনি „ ৪ „ „ ৫ „ ৩৩ „ ৩৬ „

রা ৭।১৯।৪৪।০ „ রাহু „ ৭ „ „ ১৯ „ ৪৪ „ ০ „

* রাহুর ৭।১৯।৪৪।০ রাশ্যাদিতে ৬ রাশি যোগ করিলে কেতুর স্ফুট পাওয়া যায়।

এখানে প্রচলিত নিয়ম অনুসারে স্মরণ রাখিতে হইবে যে, মেষ রাশির অঙ্ক ০, বৃষ রাশির ১, মিথুন রাশির ২ কর্কট রাশির ৩, ইত্যাদি, মীন রাশির ১১। সুতরাং ৮ রাশি দেখিলেই বুঝিতে হইবে ধনুরাশি, ২ রাশি দেখিলেই মিথুন, ৩ রাশিতে কর্কট, ৪ রাশিতে সিংহ, ৭ রাশিতে বিছা এবং ৯ রাশিতে মকর নির্ণীত হইবে। অতঃপর একটি বৃত্ত আঁকিয়া [(১৮) পৃঃ চিত্রের মত] মেষাদি রাশি পর পর স্থাপন করিতে হইবে। তৎপর রবি প্রভৃতি গ্রহগণকে নিজ নিজ রাশিতে লিখিতে হইবে। অর্থাৎ র ৮।৫।১৩।১৪ আছে, সেই জন্য রবিকে ৮ সংখ্যক রাশিতে অর্থাৎ ধনুতে লিখিতে হইবে। এইরূপ সর্ব্বত্র। প্রত্যেক গ্রহের আদ্যক্ষর দ্বারা গ্রহ নির্ণীত হয়।

আমাদের দেশে কোষ্ঠীতে গ্রহের পার্শ্বে ৫, ৭, ১০ ইত্যাদি যে অঙ্ক থাকে তাহা নক্ষত্র-সূচক। কিন্তু গ্রহের পার্শ্বে গ্রহের অংশাদি অর্থাৎ স্ফুটাদি লিখিয়া দিলে আরও উপকার হয়। আর স্ফুট থাকিলে নক্ষত্র জানা সহজ। আমরা এখানে গ্রহের পার্শ্বে স্ফুটাদি লিখিয়া দিলাম।

১৮৪০।৮।৪।৪৫।২৫

ইং ১৯১৮ সাল ২০ ডিসেম্বর শুক্রবার

রাত্রি ১২টা ৪৬ 'মঃ

জাতচক্রে লগ্ন নির্ণয় ও গ্রহ সংস্থাপন করিয়া সঙ্কেতাক্ষরে জাতকের জন্ম সন, মাস তারিখ ও জন্ম সময় লিখিতে হয়। উপরোক্ত জাত-চক্রের নিম্নে অথবা কেহ কেহ জাত-চক্রের উপরে কেহ বা মধ্যে ঐ অঙ্কগুলি লিখিয়া থাকেন। উপরে লিখিত আছে ১৮৪০।৮।৪।৪৫।২৫ ; ইহাতে

বুঝিতে হইবে যে, ১৮৪০ শকাব্দার ৮ মাস গতে অর্থাৎ পৌষ মাসের ৪ অর্থাৎ চতুর্থ তারিখ গতে ৪৫ দণ্ড ২৪ পল সময়ে জন্ম হইয়াছে। এখানে এইটি জানিতে হইবে যে মেষ রাশিতে যেমন শূন্য রাশি বলিয়া গণনা করা হয় তদ্রূপ বৈশাখ মাসকে ০ মাস বলিয়া ধরা হয়, জ্যৈষ্ঠ হইতে ১ মাস ধরা হয়। আর সাল না ধরিয়া শকাব্দা ধরা হয়—ইহাই আমাদের দেশের প্রচলিত রীতি।

[দ্রষ্টব্য। বিশুদ্ধ-সিদ্ধান্ত পঞ্জিকায় ১৩২২ সালের ১লা বৈশাখ হইতে ১৬ পৌষ পর্য্যন্ত গ্রহস্ফুট বৈকালীন ৫।৪৪ মিঃ সময়ের এবং ১৭ই পৌষ হইতে বর্ষ শেষ পর্য্যন্ত ৫।৫৩ মিঃ সময়ের জন্য গণিত, সুতরাং উক্ত স্ফুটাদি বৈকাল ৫।৪৪মিঃ সময়ে গণিত বলিয়া গ্রহণ করিতে হইবে। প্রথম-শিক্ষার্থি-গণের পক্ষে জটিলতা পরিহার মানসে ৫।৪৪ মিঃ হইতে রাত্রি ১২।৪৬ (জাত সময়) পর্য্যন্ত গ্রহগণের গতি জনিত যে তফাৎ পড়ে তাহা অনুপাত দ্বারা গণনা করিতে হয়—সুতরাং এস্থলে তাহা প্রদর্শিত হইল না।]

চন্দ্রের গতি অত্যন্ত বেশী বলিয়া উপরে চক্রে যে স্ফুটাংশ কলা দেওয়া হইয়াছে তাহা শোধন করিয়া লইবেন। তাহার নিয়ম এই—

	রাশি।	অংশ।	কলা।	বিকলা।
৬ই পৌষ চন্দ্রের স্ফুট	৩।	২৩।	১২।	৫০
৫ই „ „ „	৩।	৯।	৫৯।	২
অর্থাৎ ২৪ ঘণ্টা বা ৬০দণ্ডে	০।	১৩।	১৩।	৪৮গতি হয়।

এক্ষণে যদি ২৪ ঘণ্টা বা ৬০ দণ্ডে ১৩ অংশ ১৩ কলা ৪৮ বিকলা গতি হয়, তাহা হইলে ৭ ঘণ্টা ২ মিঃ (৫।৪৪ হইতে ১২।৪৬) সময়ে চন্দ্র কতদূর অগ্রসর হইবে ? উত্তর ৩ অংশ ৫৩ কলা হইবে।

এক্ষণে চন্দ্রের স্ফুট ৩ রাশি ৯ অংশ ৫৯ কলার সহিত ৩ অংশ ৫৩ কলা যোগ করিলে চন্দ্রের ঠিক জন্ম কালীন স্ফুট ৩ রাশি ১৩ অংশ ৫২ কলা পাওয়া যাইবে। অতএব উক্ত কুণ্ডলীতে চন্দ্রের ৯।৫৯ অংশাদির পরিবর্ত্তে ১৩ অংশ ৫২ কলা লেখা আবশ্যক।

অন্যান্য গ্রহগণের কিছু কিছু পরিবর্ত্তন হইবে, কিন্তু আপাততঃ তাদৃশ সূক্ষ্ম করার আবশ্যক নাই। সূক্ষ্মভাবে গণনা করিতে ইচ্ছা করিলে যে প্রণালীতে চন্দ্রের স্ফুট শোধিত করা গেল, ঠিক ঐ প্রণালী অবলম্বন করিয়া অন্যান্য গ্রহস্ফুটও ইষ্ট সময়ের জন্য গণিত হইতে পারে।

ভাব-পরিচয়।

এক্ষণে পাঠক-পাঠিকাগণের কৌতূহল নিবারণের জন্য অত্যাবশ্যকীয় ভাব নির্ণয় ও কোন্ ভাবে কি চিন্তা করিতে হয়, প্রসঙ্গ-ক্রমে বলা যাইতেছে। লগ্ন হইতে পর পর রাশি গণনায় দ্বাদশ ভাব কল্পনা করিতে হয়। পর পর গণনার নিয়ম এই যে মেষ বৃষ মিথুনাদি ক্রমানুসারে ধরিতে হয়।

মোটামুটী হিসাবে লগ্নকে তনুভাব, লগ্নের দ্বিতীয়

রাশিকে ধনভাব, তৃতীয় রাশিকে সহজ বা ভ্রাতৃভাব, চতুর্থ রাশিকে জননী বা বন্ধুভাব, পঞ্চম রাশিকে পুত্রভাব, ষষ্ঠ রাশিকে শত্রুভাব, সপ্তম রাশিকে জায়াভাব, অষ্টম রাশিকে নিধনভাব, নবম রাশিকে ভাগ্য বা ধর্ম্মভাব, দশম রাশিকে কর্ম্মভাব, একাদশ রাশিকে লাভ বা আয়ভাব ও দ্বাদশরাশিকে ব্যয়ভাব বলা যায়। সূক্ষ্মরূপে গণনা প্রয়োজন হইলে প্রত্যেক ভাবের স্ফুট নির্ণয় করিতে হয়। ইহা প্রথম-শিক্ষার্থিগণের পক্ষে কষ্ট-সাধ্য। তজ্জন্য এখানে তাহা সন্নিবিষ্ট হইল না। যাঁহারা ঐ ভাবস্ফুট জানিতে সমুৎসুক তাঁহারা পূজ্যপাদ গুরুদেব শ্রীযুক্ত কালীপদ ভট্টাচার্য্য মহাশয়-প্রণীত "জাতক কৌমুদী" পুস্তকের ১৭-২৭ পৃষ্ঠা দেখিয়া লইবেন।

ভাবস্ফুট যাহা হইবে মোটামুটী ১৫ অংশ তাহাতে যোগ করিলে সেই ভাবের সন্ধি পাওয়া যাইবে। পূর্ব্বে লিখিত দৃষ্টান্তে কন্যার ১৬ অংশ জন্মলগ্ন হইয়াছে, তাহার সহিত ১৫ অংশ যোগ করিলে তুলা রাশির ১অংশ পর্য্যন্ত লগ্নসন্ধি বা তনুভাব সন্ধি পাওয়া যায়। তাহার অর্থ এই যে যদি কোন গ্রহের রাশি অংশ তুলারাশির ১ অংশাদি সীমামধ্যে থাকে, তবেই তাহাকে তনুভাবের ফলদাতা মনে করিতে হইবে। ভাবস্ফুটের যত কাছাকাছি গ্রহস্ফুট হইবে, ততই সেই ভাবের ফল সেই গ্রহ দিতে সক্ষম জানিতে হইবে। সন্ধির নিকটবর্ত্তী গ্রহ প্রায় নিষ্ফল।

এক্ষণে কোন্ ভাবে কি কি বিষয়ের কল্পনা করা হইয়া থাকে তাহা সংক্ষেপে বলিব। লগ্নভাবে—শরীর, বর্ণ, আকৃতি, যশ, খ্যাতি, প্রকৃতি। ধনভাবে—অর্থ, চক্ষু বাক্য, মুখ, কুটুম্ব, খাদ্য, ক্রয়বিক্রয়। ভ্রাতৃভাবে—কনিষ্ঠভ্রাতা বা ভগিনী, সাহস, কর্ণ, আভরণ, বস্ত্র, ধৈর্য্য, দাস, দাসী। বন্ধুভাবে—মাতা, সুখ, বন্ধু, মন, বিদ্যা, গৃহ, যান, বাহন, সম্পত্তি। পুত্রভাবে—পুত্র, বুদ্ধি, বিদ্যা, মন্ত্রণা, ভক্তি। রিপুভাবে—শত্রু, ক্ষত, ব্রণ, ব্যাধি, মাতুল, মাসী, খুড়ী। জায়াভাবে—বিবাহ, স্ত্রী বা স্বামী, মধ্যগমন, বাণিজ্য, অংশীদার। নিধনভাবে—মরণ, জয়, পরাজয়, উদ্বেগ, দাঙ্গা হাঙ্গামা, শোক, স্ত্রীধন, মৃতের ধনসম্পত্তি, ঋণ। নবমে—ভাগ্য, ধর্ম্ম, গুরুকৃপা, তপস্যা বা দীক্ষা, তীর্থযাত্রা, কোন মতে পিতা। দশমে—প্রভুত্ব, যশ, সম্মান, জীবনোপায়, বিজ্ঞান, বিদ্যাবিষয়ক খ্যাতি, উচ্চপদ, পিতা। লাভে—নানা বস্তু লাভ, ইষ্টসিদ্ধি, আশা, গজাশ্বাদি, মিত্র, কন্যা, জ্যেষ্ঠ ভ্রাতা। ব্যয়ে—দূর ভ্রমণ, অর্থব্যয়াদি বন্ধন, রাজদণ্ড, পিতৃব্য, হানি, দাতৃত্ব, শয়নাদি সৌখ্য, বামচক্ষু, ত্যাগ, ভোগ, কার্য্যভঙ্গ, কৈবল্য।

কোন্ গ্রহ দ্বারা কোন্ ভাবের কারকত্ব নির্ণয় করা যায় তাহা "জ্যোতিষে পারিভাষিক শব্দাভিধান" দ্রষ্টব্য।

এক্ষণে অতি সংক্ষেপে ভাববিচারের নিয়ম বলা যাইতেছে।

১। ভাবের শুভত্ব হয় যদি (ক) ভাব ভাবপতিযুক্ত বা

দৃষ্ট হয় অথবা শুভদৃষ্ট যুক্ত হয় (খ) ভাবে পাপ গ্রহের যোগ, বা দৃষ্টি না থাকে (গ) ভাব হইতে ২।৪।৫।৭।৯।১০ স্থানে কোন শুভ গ্রহ থাকে। ইহার অন্যথা হইলে ভাবের অশুভত্ব। মিশ্রে মিশ্রফল।

২। ভাবের নাশ হয়, যদি ভাবপতি (ক) ৬।৮।১২ স্থান গত হয় (খ) নীচস্থ বা অস্তগত হয় (গ) শত্রু গৃহগত হয় (ঘ) শুভ গ্রহ দৃষ্ট বা যুক্ত না হয় (ঙ) এবং যদি ভাব ৬।৮।১২ পতিগণের মধ্যে কোন গ্রহের সহিত যুক্ত হয়।

৩। কোন ভাবপতি—৬।৮।১২ স্থানগত হইয়া যদি উচ্চস্থ বা নিজক্ষেত্র গত হয়, তাহা হইলে সেই ভাবপতি অনিষ্ট ফলদাতা হয় না। ভাবপতি যদি কেন্দ্র-কোণ অর্থাৎ ১।৪।৫।৭।৯।১০ স্থান গত হইয়া নীচস্থ শত্রুগৃহগত বা অস্তগত হন, তাহা হইলে সেই ভাবজ ফল বিশেষ কষ্টের সহিত লাভ হইয়া থাকে। ভাবপতি যদি উক্ত কেন্দ্রকোণ স্থানগত হইয়া মিত্র-গৃহে, স্বক্ষেত্রে, উচ্চস্থানে বা মূল-ত্রিকোণে থাকে, তবে ভাবের বিশেষ শুভ হয়। ভাবপতি ২।৩।১১ স্থানগত হইলে মধ্যবিধ ফলদাতা হয়। অবশ্য শুভযোগাদিতে শুভত্ব, অন্যথা অশুভত্ব চিন্তনীয়।

৪। প্রত্যেক ভাবের বিচার করিতে হইলে দেখিতে হইবে —(ক) ভাব-পতিগ্রহের শুভাশুভত্ব এবং বলাবল (খ) ভাবস্থ গ্রহের শুভাশুভত্ব ও বলাবল (গ) ভাবদর্শীগ্রহের শুভাশুভত্ব এবং বলাবল (ঘ) এবং ভাবকারক গ্রহের বলাবল।

গ্রহদৃষ্টি, দ্রেক্কাণ, নবাংশ প্রভৃতি যাবতীয় আবশ্যকীয় বিষয় গ্রন্থান্তর্গত "জ্যোতিষে পারিভাষিক শব্দাভিধানে" দ্রষ্টব্য। পূর্ব্বগামী মনস্বী লেখকেরা ও জ্যোতিষিগণ দেশমধ্যে জ্যোতিষশাস্ত্রের প্রতি শ্রদ্ধা আনয়ন করিতে সক্ষম হইয়াছেন, ইহা আজ কাল দেখা যায়; কিন্তু কৃতবিদ্য জ্যোতিষীর সংখ্যাও অধিক নহে এবং এই শাস্ত্রে বিশেষরূপে পারদর্শি-পণ্ডিতের সংখ্যাও বিরল। অথচ বহুগ্রন্থ পাঠ করাও সাধারণের স্থবিধা-জনক নহে এবং সকলের ভাগ্যে তাহাও ঘটিয়া উঠে না। এরূপ অবস্থায় একত্র-গ্রথিত-মালার ন্যায় এই পরম রমণীয় "জ্যোতিষ-যোগতত্ত্ব" জ্যোতিষে অনুরক্ত ব্যক্তি মাত্রেরই নিকট বিশেষ আদরের বস্তু হইবে বলিয়া আশা করা যায়। উৎসাহিত হইলে গ্রন্থকার অন্যান্য জ্ঞাতব্য বিষয়ের প্রকাশ করিবেন এরূপ আশা আছে। যে দেশে, প্রত্যক্ষ ফলপ্রদ বলিয়াই, একদিন জ্যোতিষশাস্ত্রের এবং জ্যোতিষি-পণ্ডিতগণের অত্যধিক সমাদর হইয়াছিল, সেই দেশবাসীর নিকট এরূপ গ্রন্থের প্রয়োজনীয়তা এবং এইরূপ গ্রন্থ-সঙ্কলনের উপকারিতা বুঝাইবার জন্য বৃথা বাগাড়ম্বর অনাবশ্যক। অলমতি বিস্তরেণ।

রিপণ কলেজ
১লা ফাল্গুন,
১৩২৫ সাল।

শ্রীসুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়,
এম, এ।
(প্রফেসর, কেমিষ্ট্রি।)

ভ্রম-সংশোধন।

২ পৃষ্ঠা ২ পঙ্‌ক্তি “মঙ্গল” স্থানে “বলবান্ মঙ্গল”

২ পৃষ্ঠা ৪ পঙ্‌ক্তি “মঙ্গল” স্থানে “শনি”

২ পৃষ্ঠা ১৩ পঙ্‌ক্তি “ষষ্ঠভাগগত” স্থানে “ষষ্ঠভাবগত”

৩ পৃষ্ঠা ১২ পঙ্‌ক্তি “ষষ্ঠাষ্টমকে” স্থানে “ষষ্ঠকে”

১১ পৃষ্ঠা ১৬ পঙ্‌ক্তি “চঃ চিঃ” স্থানে “জাঃ ভঃ”

১৩ পৃষ্ঠা ২ পঙ্‌ক্তি * স্থানে “জাঃ লঃ”

১৩ পৃষ্ঠা ৬ পঙ্‌ক্তি “জাঃ লঃ” স্থানে “জাঃ পাঃ”

১৫ পৃষ্ঠা ১০ পঙ্‌ক্তি “জ্যেঃ রঃ” স্থানে “কঃ”

১৫ পৃষ্ঠা ১৪ পঙ্‌ক্তি “কিঙ্কর হইতে মৃত্যু” স্থানে “কিঙ্কর”

২০ পৃষ্ঠা ১০ পঙ্‌ক্তি * স্থানে “পঃ”

২২ পৃষ্ঠা ১২ পঙ্‌ক্তি “বৃঃ জাঃ” স্থানে “জাঃ পাঃ”

২৪ পৃষ্ঠা ১১ পঙ্‌ক্তি “কুঃ কঃ” স্থানে “জাঃ পাঃ”

২৫ পৃষ্ঠা ৩ পঙ্‌ক্তি “রাহু” স্থানে “রবি”

২৫ পৃষ্ঠা ৫ পঙ্‌ক্তি “মঙ্গল। জাঃভঃ”স্থানে “বুধ। জাঃপাঃ”

২৭ পৃষ্ঠা ২০ পঙ্‌ক্তি * স্থানে “মঃ জাঃ”

৩০ পৃষ্ঠা ২০ পঙ্‌ক্তি “পাপযুক্ত” স্থানে “পাপদৃষ্ট”

৩২ পৃষ্ঠা ১৪ পঙ্‌ক্তি * স্থানে “সঃ চিঃ”

৩৬ পৃষ্ঠা ২২ পঙ্‌ক্তি “কুঃ কঃ” স্থানে “বৃঃ জাঃ”

৪১ পৃষ্ঠা ১৪ পঙ্‌ক্তি “ক্ষেত্রস্থ” স্থানে “ক্ষেত্রস্থ ও ষষ্ঠগত”

৪৩ পৃষ্ঠা ১৩ পঙ্‌ক্তি “ব” স্থানে “রঃ”

৪৯ পৃষ্ঠা ৭ পঙ্‌ক্তি “দুর্বল বা” স্থানে “দুর্বল, আর”

ভ্রম-সংশোধন।

৫৮ পৃষ্ঠা ৭ পঙ্‌ক্তি "কুঃ কঃ" স্থানে "র"
৬৩ পৃষ্ঠা ২১ পঙ্‌ক্তি * স্থানে "জাঃ ভঃ"
৮৩ পৃষ্ঠা ১৬ পঙ্‌ক্তি "৪র্থ" স্থানে "৭মে"
৮৮ পৃষ্ঠা ৪ পঙ্‌ক্তি "(ত্রিকোণ)" স্থানে "ত্রিকেশ"
৯৩ পৃষ্ঠা ৪ পঙ্‌ক্তি "বৃঃ মঃ" স্থানে "বৃঃ যঃ"
৯৪ পৃষ্ঠা ১০ পঙ্‌ক্তি "ক্ষেত্রে" স্থানে "ক্ষেত্র"
৯৯ পৃষ্ঠা ৮ পঙ্‌ক্তি "ঃ—" স্থানে "ঃ-নবমে"
১২৯ পৃষ্ঠা ১২ পঙ্‌ক্তি * স্থানে "পঃ"
১৩১ পৃষ্ঠা ৯ পঙ্‌ক্তি * স্থানে "সঃ চিঃ"
১৩১ পৃষ্ঠা ১২ পঙ্‌ক্তি * স্থানে "জাঃ পাঃ"
১৪৮ পৃষ্ঠা ১১ পঙ্‌ক্তি "যুক্ত" স্থানে "১১শ গত"
১৬১ পৃষ্ঠা ২০ পঙ্‌ক্তি "জাঃ লঃ" স্থানে "জাঃ পাঃ"
১৯০ পৃষ্ঠা ৭ পঙ্‌ক্তি ইহা ১৯২ পৃষ্ঠার "প্রসিদ্ধ কর্ম্মে জীবিকা" যোগের অন্তর্গত হইবে।
১৯৯ পৃষ্ঠা ১৯ পঙ্‌ক্তি "বিষয়াদি" স্থানে "বিনয়াদি"
১৯৯ পৃষ্ঠা ২০ পঙ্‌ক্তি "সেচ্চ" স্থানে "স্বোচ্চ"
২০৯ পৃষ্ঠা ৪ পঙ্‌ক্তি "আর" স্থানে "হইবে না"
২১১ পৃষ্ঠা ১০ পঙ্‌ক্তি "মেষ" স্থানে "মেষ, বৃষ"
২১৬ পৃষ্ঠা ১৫ পঙ্‌ক্তি "৮ম গত" স্থানে "৮ম ও ষষ্ঠ গত"
২২, ২৭, ৩৯ পৃষ্ঠা "জাঃ সঃ" স্থানে "জাঃ সং"
৩৬, ৪৪, ৪৬, ৫৪, ৬১ পৃষ্ঠা "ষষ্ঠ্যংশ" স্থানে "ষষ্ঠাংশ"
২ পৃষ্ঠা ২০ পঙ্‌ক্তি, ৪৩ পৃঃ ১৩ পং * জাঃ পাঃ, কুঃ কঃ

জ্যোতিষ যোগ-তত্ত্ব

দুর্য্যোগাধ্যায়।

অগ্নিদগ্ধ—(১) চিহ্ন পার্শ্বদ্বয়ে ঃ—৪র্থে বলী রবি ও মঙ্গল।

(২) ৫মে রবি ও মঙ্গল।

(৩) মাতুল হইবে ঃ—ষষ্ঠে রবি মঙ্গল কিন্তু শুভ দৃষ্টি বর্জ্জিত হইবে।

(৪) মৃত্যু ঃ—মঙ্গল যুক্ত পাপমধ্যগত চন্দ্র।

(৫) মৃত্যু ঃ—পাপমধ্যগত চন্দ্র মকর বা কুম্ভে।

(৬) নবমে রাহু ও মঙ্গল।

(৭) পায়ে বা জঙ্ঘায় ঃ—১১শে রবি ও মঙ্গল।

(৮) নিজের বা পিতামাতার পৃষ্ঠবংশে বা জানুমূলে ঃ—১০মে রবি মঙ্গল। =কুঃ কঃ

(৯) পত্নীর মৃত্যু ঃ—অগ্নিদ্রেক্কাণগত শুক্র হইতে ৪র্থে এবং ৮মে রবি মঙ্গল শনি থাকিবে।

(১০) মৃত্যু ঃ—মেষ বা বৃশ্চিক রাশিস্থ পাপ-মধ্যগত চন্দ্র।

(১১) ১০মে ক্ষীণচন্দ্র, ৯মে মঙ্গল, লগ্নে শনি এবং ৫মে রবি।

অগ্নিদগ্ধ—(১২) ৪র্থে মঙ্গল, ৭মে রবি এবং ১০মে শনি।

(১৩) ক্ষীণচন্দ্র মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইবে এবং ৮মে শনি থাকিবে। বৃঃ জাঃ

(১৪) (হেতু মস্তকে ব্রণ):—লগ্নপতি ও মঙ্গল লগ্নে থাকিয়া যদি পাপ যুক্ত বা দৃষ্ট হয়।

(১৫) ভীতি:—মঙ্গল দৃষ্ট রবি অথবা রবি দৃষ্ট মঙ্গল যদি লগ্ন, ২য়, ৭ম বা ৮ম স্থানে থাকে।

(১৬) ভীতি:—কোন পাপগ্রহ হইতে প্রথম, ২য়, ৭ম বা ৮মে মঙ্গল দৃষ্ট রবি অথবা রবি দৃষ্ট মঙ্গল থাকিবে।

(১৭) ভীতি:—লগ্নপতি, ষষ্ঠপতি এবং রাহু বা কেতু এক রাশিতে থাকিবে।

(১৮) ষষ্ঠপতি যদি ষষ্ঠভাগগত ৯ম পতিকে দেখে আর ঐ ষষ্ঠপতি সঙ্গ শনি মঙ্গল যুক্ত হয়।

(১৯) রবি যুক্ত বলবান মঙ্গল অথবা মঙ্গল যুক্ত বলবান রবি, লগ্নপতি হইয়া লগ্নে থাকিবে।

(২০) লগ্নে, ৪র্থে, ৭মে ও ১০মে পাপ।

(২১) কেন্দ্রে পাপগ্রহ থাকিবে, আর লগ্নপতি ৮ম বা ১২শে থাকিবে। সঃ চিঃ

(২২) ৮মে শনি এবং ক্ষীণ চন্দ্র বলবান মঙ্গল দৃষ্ট।

(২৩) পাপ মধ্যগত অষ্টমস্থ চন্দ্র হইবে।

(২৪) স্ত্রীর মৃত্যু:—৪র্থে ও ৮মে পাপগ্রহ থাকিবে

এবং শুক্র পাপমধ্যগত হইয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে না।

অগ্নিদগ্ধ—(২৫) ভীতিঃ—(১) মেষস্থ চন্দ্রকে মঙ্গল দেখিবে।
(২) বৃশ্চিকে মঙ্গল বা শনি।

(২৬) প্রবাসে মৃত্যু ঃ—১০মে রবি মঙ্গল বুধ।

(২৭) স্ত্রীরমৃত্যু (সহমরণ সম্ভবতঃ)ঃ—৯মে রবি, মঙ্গল, ৯মপতি ও লগ্নপতি, আর ৭মপতি মিত্রে অর্থাৎ মিত্র ক্ষেত্রে থাকিবে। জাঃ ভঃ

(২৮) মৃত্যু ঃ—শনির ক্ষেত্রে পাপমধ্যগত চন্দ্র।

(২৯) ভীতি ঃ—রবি বা মঙ্গল লগ্ন, ২য়, ৭ম বা ৮মে থাকিয়া অন্যতম দ্বারা দৃষ্ট। জাঃ পাঃ

(৩০) মৃত্যু ঃ—চন্দ্র তৃতীয়ে থাকিবে বা ষষ্ঠাষ্টমকে দেখিবে।

(৩১) তৃতীয়স্থ শনি রাহু যুক্ত বা দৃষ্ট হইবে।

(৩২) মৃত্যু ঃ—মকর বা কুম্ভস্থ চন্দ্র যদি পাপ গ্রহের নবাংশ গত হয়।

(৩৩) [ধূমাগ্নিতে] মৃত্যু ঃ—ক্ষীণচন্দ্র ১০মে, শনি লগ্নে, রবি ৫মে এবং মঙ্গল ৯মে থাকিবে।

(৩৪) (রাজকোপে) মৃত্যুঃ—৪র্থে মঙ্গল, ৭মে রবি, এবং ১০মে শনি থাকিবে।

(৩৫) মৃত্যু ঃ—বলবান রবি চন্দ্রকে দেখিবে ও ৮মে শনি থাকিবে। সাঃ

অগ্নিদগ্ধ—(৩৬) বালকের মৃত্যু :—মিথুনের ৫ম অংশে শুক্র। পঞ্চঃ

(৩৭) (ধূমাগ্নিতে) মৃত্যু :—১০মে ক্ষীণচন্দ্র, ৯মে মঙ্গল, ৪র্থে রবি ও লগ্নে শনি। হোঃ মঃ

(৩৮) স্ত্রীর মৃত্যু :—শুক্র হইতে ৪র্থে ও ৮মে পাপগ্রহগণ থাকিবে এবং বৃষ কন্যা বা মীনের অন্যতম রাশি লগ্ন হইবে ও তথায় রবি থাকিবে।

(৩৯) শুক্র পাপদ্বয় মধ্যগত হইবে এবং শুভযুক্ত বা দৃষ্ট হইবে না। জাঃ রঃ

(৪০) মৃত্যু :—ষষ্ঠভাবে রবি।

(৪১) ষষ্ঠে মধ্যবলী চন্দ্র যদি মঙ্গল শনিযুক্ত হয়। কঃ

(৪২) চিহ্ন মস্তকে ১২ বর্ষে :—লগ্নে চন্দ্র ও শুক্র অথবা চন্দ্র ও মঙ্গল। জাঃ মুঃ

(৪৩) মৃত্যু :—লগ্নে শনি, ষষ্ঠে রবি, ৭মে বুধ, ৯মে মঙ্গল এবং ১০মে চন্দ্র। পঃ জাঃ

(৪৪) মৃত্যুঃ—চন্দ্র পাপমধ্যগত হইয়া মঙ্গলের বা রবির গৃহে থাকিবে। হোঃ সাঃ

(৪৫) মামার বা নিজের মৃত্যু :-ষষ্ঠে রবি বা মঙ্গল।

(৪৬) চিহ্ন :—তৃতীয়ে রবি বা মঙ্গল।

(৪৭) লগ্নে রবি মঙ্গল শনি রাহু।

(৪৮) ভীতি :—লগ্নে ক্রুর ও ক্রূর দৃষ্ট।

অগ্নিদগ্ধ—(৪৯) লগ্নে রবি বা **মঙ্গল** লগ্নপতি হইয়া বলবান হইবে।

(৫০) বা বিষপীড়া স্ত্রীর হইবে:—৭মে রবি অথবা রবি ও মঙ্গল।

(৫১) অস্ত্র বা বিষপীড়া:—১১শে রবি মঙ্গল।

(৫২) শস্ত্রপীড়া:—১০মে রবি বা মঙ্গল। শঃ হোঃ

(৫৩) লগ্নের বা আত্মকারকের তৃতীয়ে মঙ্গল।

(৫৪) লগ্নের বা আত্মকারকের তৃতীয়ে রাহু ও শনি থাকিবে বা দেখিবে। জৈঃ

(৫৫) ভয়:—বর্ষলগ্নে, ষষ্ঠ, সপ্তম, অষ্টম বা ১২শে চন্দ্র থাকিয়া মঙ্গলের দৃষ্টি পাইবে।

(৫৬) মঙ্গল বর্ষাধিপতি হইয়া পাপগ্রহ কর্ত্তৃক পরাজিত ও নির্ব্বলী হইয়া অগ্নিরাশিগত।

(৫৭) বর্ষলগ্নের ৮মে মঙ্গল। তাঃ নী

অগ্নিজ বিপদ (১):—৮মস্থ ক্ষীণ চন্দ্র যদি মঙ্গল, রাহু বা শনি ইহাদের অন্যতম কর্ত্তৃক দৃষ্ট হয়। জাঃ পাঃ

(২):—আত্মকারকগ্রহ কন্যা নবাংশে থাকিবে। জৈঃ

অঙ্গচ্ছেদ:—(১) চৌর্য্যহেতুঃ—কর্কটে শনি ও মঙ্গল (সম্ভবতঃ ষষ্ঠ, ৮ম, ১২শ বা ২য় ভাবে হইবে)।

(২) লগ্নে চন্দ্র ও মঙ্গল।

(৩) লগ্নে চন্দ্র ও সপ্তমে মঙ্গল। রঃ

অঙ্গহানি (হস্ত, পদ) ঃ—৪র্থে মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি। হোঃ রঃ

অঙ্গহীন ঃ—(১) লগ্নে ক্ষীণ চন্দ্র বা শনি।

(২) দ্বাদশে রাহু।

(৩) শনি সপ্তমে এবং মঙ্গল দুর্ব্বল বা রাহুযুক্ত।

(৪) দ্বিতীয়ে রবি, সপ্তমে মঙ্গল এবং চন্দ্র দশমে।

(৫) মঙ্গল বুধ ও শুক্র এক রাশিতে। জাঃ পাঃ

(৬) চন্দ্র ক্ষেত্রে মঙ্গল।

(৭) বৃশ্চিকস্থ চন্দ্রে শনির দৃষ্টি। বৃঃ জাঃ

(৮) ষষ্ঠে বা ৮মে চন্দ্র ও শুক্র। লঃ চঃ

অপমৃত্যু ঃ— চতুর্থে শনি ও দশমে মঙ্গল। পঃ জাঃ

অভিঘাতে— আঘাত,হত্যা,যাতনা—মৃত্যু ঃ—৮মে, লগ্নে, ৪র্থে যদি ক্ষীণ চন্দ্র, মঙ্গল, শনি ও রবি থাকে। হোঃ মঃ

অভিঘাতে মৃত্যু—১০মে মঙ্গল,ভুতল ভাবস্থ (সম্ভবতঃ ৪র্থস্থ) রবি এবং চন্দ্রকে শনি দেখিবে। জাঃ ভঃ

অসিঘাত (১) হেতু ২৮ বর্ষে মৃত্যুঃ—শুক্র ক্ষেত্রে চন্দ্র ও শনি। জ্যোঃ কঃ লঃ

(২) নিজের বা স্ত্রীর মৃত্যু ঃ—ষষ্ঠে শনি রাহু।

অস্ত্রাঘাত—(১) হেতু সন্তানের মৃত্যুঃ—পঞ্চমে শনি রাহু।

(২) পঞ্চমে রবি ও মঙ্গল। কুঃ কঃ

(৩) মস্তকে খড়্গাদি দ্বারাঃ—লগ্নে লগ্ননাথ এবং

মঙ্গল যদি পাপ যুক্ত বা পাপ দৃষ্ট হয়।

অস্ত্রাঘাত—(৪) খড়্গ দ্বারা ঃ—শনি ও রবি যদি লগ্নস্থ মঙ্গলকে দেখে।

(৫) কুক্ষিভেদ ঃ—শুভ দৃষ্টি হীন শনি লগ্নে এবং কৃষ্ণপক্ষের চন্দ্র যদি রাহু ও রবি যুক্ত হয় (বিশেষতঃ যদি অমাবস্যার চন্দ্র হয়) সঃ চিঃ

(৬) ভীতি ঃ—রাহু দ্বিতীয় ভাবে। চঃ চিঃ

(৭) ভীতি ঃ—মেষস্থ চন্দ্রকে মঙ্গল দেখিবে।

(৮) বৃশ্চিক রাশিগত মঙ্গল বা শনি। জাঃ ভঃ

(৯) শূলাদিতে—রাজ কোপে মৃত্যু ঃ—রবি এবং মঙ্গল পরস্পর পরস্পরের রাশি গত হইবে এবং অষ্টম পতির কেন্দ্রে পড়িবে।

(১০) স্ত্রী কোষ্ঠীতেঃ-৫ম পতি ষষ্ঠে ও ষষ্ঠপতি লগ্নে।

(১১) মৃত্যুঃ—৪র্থে মঙ্গল, ৭মে রবি ও ১০মে শনি। জাঃ পাঃ

(১২) মৃত্যু খড়্গাঘাতেঃ—লগ্নে শনি, ৭মে রবি ও মঙ্গল। পঃ জ্ঞাঃ

(১৩) ৮মে রাহু ও চন্দ্র।

অস্থিভঙ্গ ঃ—(১) তৃতীয়ে রবি ও মঙ্গল।

(২) ষষ্ঠে রবি ও মঙ্গল শুভ দৃষ্টি বিহীন।

(৩) হস্ত ও পদের ঃ—নবমে রাহু। কুঃ কঃ

(৪) তৃতীয়ে রবি বা মঙ্গল। শঃ হোঃ

অস্থিভঙ্গ—(৫) লগ্নপতি ও ২য়পতি একত্রে যদি দুঃস্থে (ষষ্ঠ, ৮ম, ১২শ ভাবে) থাকে। সঃ চিঃ

আগ্নেয় অস্ত্রে মৃত্যু ঃ—(১) পাপ দৃষ্ট এবং পাপমধ্যগত চন্দ্র যদি শনি বা মঙ্গলের ক্ষেত্রে থাকে।

(২) ঐরূপ চন্দ্র যদি চতুর্থ গত হইয়া কন্যা রাশিতে থাকে—মিথুন লগ্নেই সম্ভব।

(৩) বিষঘটিকায় জন্ম হয় এবং অষ্টমে পাপ থাকে। জাঃ পাঃ

আঘাত (১) হেতু মৃত্যু ঃ—লগ্নে শনি, পঞ্চমে রবি, নবমে মঙ্গল এবং দশমে ক্ষীণ চন্দ্র। বৃঃ জাঃ

(২) মুখ, নেত্র, কর্ণ, দক্ষিণস্কন্ধেঃ—দ্বিতীয়ে অধিক পাপ গ্রহ।

(৩) বামপদ, বামকটী, কর্ণপ্রদেশে ঃ--মঙ্গল দ্বাদশে।

(৪) পদে, পার্শ্বে—কাষ্ঠ, পাথর বা বৃক্ষ জনিতঃ—শনি ও পাতগ্রহ একাদশে। কুঃ কঃ

(৫) বা বন্ধনে মৃত্যুঃ—লগ্নের ৭মে রবি বুধ। সাঃ

আছাড়ে মৃত্যু—শনি লগ্নে, রবি পঞ্চমে, মঙ্গল নবমে এবং দশমে ক্ষীণ চন্দ্র। জাঃ পাঃ

আত্মকোপে মৃত্যু ঃ—কেন্দ্রস্থিত হোরেশ পাপমধ্যগত হইবে এবং কোন গ্রহ অষ্টমে থাকিবে। হোঃ সাঃ

আত্মহত্যা (১)—লগ্নপতি পাপযুক্ত অথবা লগ্ন পাপমধ্যগত হইবে এবং লগ্নে সপ্তমে পাপ থাকিবে। মাঃ

আত্মহত্যা—(২) শনি দৃষ্ট মুন্থা মঙ্গল কর্ত্তৃক ক্ষুত দৃষ্ট। তাঃ নীঃ

আত্মীয় দ্বারা মৃত্যুঃ—কন্যাস্থ রবি চন্দ্রে পাপ দৃষ্টি। কুঃ কঃ

ইষুঘাতক (অস্ত্র সাহায্যে নিধনকারী) :—রাহু বা কেতু দ্বাদশে থাকিবে। কুঃ কঃ

ইন্দ্রিয় নাশ— ক্রীড়ায় বা আস্ফালনেঃ—লগ্নে শনি, ৪র্থে রবি, ৯মে মঙ্গল ও ১০মে ক্ষীণ চন্দ্র। হোঃ মঃ

উদর ছেদন :—(১) লগ্নে বা লগ্ন নবাংশে মঙ্গল ও কৃষ্ণ-পক্ষের চন্দ্রে রবিযুক্ত হইবে এবং রাহু ও বুধ রবির করাংশ গত হইবে। সঃ চিঃ

(২) মঙ্গল লগ্নে বা লগ্ননবাংশে রবিযুক্ত হইবে এবং কৃষ্ণপক্ষীয় চন্দ্র সিংহে রাহু ও বুধের সহিত একত্র থাকিবে। জাঃ পাঃ

উদ্বন্ধন—(১) হেতু পত্নীর মৃত্যু :—শুক্র রজ্জু—দ্রেক্কাণে থাকিয়া শুভদৃষ্ট বা শুভযুক্ত না হইয়া কেবল পাপ দৃষ্ট বা পাপ যুক্ত হইবে।

(২) মকর বা কুম্ভস্থ চন্দ্র পাপমধ্যগত। বৃঃ জাঃ

(৩) সপ্তমপতি পাশ বা সর্প দ্রেক্কাণে থাকিবে।

(৪) অষ্টমপতি স্থিত দ্রেক্কাণপতি শনি রাহু কেতু যুক্ত হয়। অথবা শনিস্থিত দ্রেক্কাণপতি যদি শনি রাহু ও কেতুযুক্ত হয়।

(৫) ৮মপতি পাশ সর্পাদি দ্রেক্কাণে থাকিবে।

(৬) দশমপতি, লগ্নপতি বা রাহু বা কেতু যদি

ষষ্ঠ-অষ্টম-দ্বাদশে থাকে। সঃ চিঃ

উদ্বন্ধন—(৭) চতুর্থে ও অষ্টমে পাপগ্রহ এবং শুক্র পাপ-মধ্যগত হইবে এবং শুভ-দৃষ্টি বিহীন হইবে।

(৮) অষ্টমস্থ পাপমধ্যগত চন্দ্র হইবে। জাঃ ভঃ

(৯) স্বকুলস্থ কোন রমণীর :—দশমে শনি রাহু। কুঃ কঃ

(১০) মৃত্যু :—চন্দ্রের (বা লগ্নের) ত্রিকোণে পাপ-থাকিবে বা দেখিবে এবং লগ্নের অষ্টমভাগ সর্প, নিগড় বা পাশ দ্রেক্কাণে থাকিবে।

(১১) চতুর্থে, দশমে বা ত্রিকোণে পাপগ্রহ থাকিবে এবং লগ্নে অষ্টমপতি ও মঙ্গল থাকিবে। জাঃপাঃ

(১২) চন্দ্র বা লগ্ন হইতে পাপগ্রহগণ ত্রিকোণে থাকিবে এবং অষ্টমে মঙ্গল। হোঃ সাঃ

(১৩) লগ্ন বা কারকগ্রহের তৃতীয়ে শনি ও মান্দি দেখিবে বা থাকিবে। জৈঃ

উন্মাদ :—(১) চন্দ্র মঙ্গল বৃহস্পতি ও শনি একত্র।

(২) রবি চন্দ্র বুধ বৃহস্পতি শনি একত্র। সাঃ

(৩) লগ্নে বৃহস্পতি এবং সপ্তমে মঙ্গল।

(৪) লগ্নে শনি এবং পঞ্চম সপ্তম বা নবমে মঙ্গল।

(৫) লগ্নের দ্বাদশে ক্ষীণ চন্দ্র ও শনি। বৃঃ জাঃ

(৬) শনি বা মঙ্গলবারে জন্ম হইবে ও কেন্দ্রে বুধ চন্দ্র থাকিবে কিন্তু শুভনবাংশগত হইবে না।

উন্মাদ :—(৭) লগ্নে শনি, ১২শে রবি ও ত্রিকোণে চন্দ্র বা মঙ্গল। সঃ চিঃ

(৮) গুলিক বুধযুক্ত হইবে।

(৯) বুদ্ধি :—লগ্নে শনি, দ্বাদশে রবি এবং ত্রিকোণে চন্দ্র বা মঙ্গল।

(১০) প্রকৃতি :—রবি, চন্দ্র, বুধ, গুরু, শুক্র ও শনি এক রাশিতে থাকিবে। জাঃ পাঃ

কম্পনে মৃত্যু :—ষষ্ঠে রবি থাকিবে। কঃ

কর্ণঘাত :—তৃতীয়ে, পঞ্চমে এবং নবমে পাপগ্রহগণ থাকিবে এবং শুভগ্রহের দৃষ্টি পাইবে না। কুঃ কঃ

কর্ণচ্ছেদ :—লগ্নে ধনপতি, মঙ্গল ও শনি থাকিবে। কঃ প্রঃ

কর্ণনাশ (১) :—দ্বিতীয়ে বা দ্বাদশে শুক্র অথবা মঙ্গল। কুঃ কঃ

(২) :—পঞ্চমে ও সপ্তমে পাপগ্রহগণ শুভদৃষ্টি বিবৰ্জ্জিত হইয়া থাকিবে।

(৩) শনি সপ্তমে, রবি পঞ্চমে এবং চন্দ্র নবমে কিন্তু শুভগ্রহযুক্ত বা দৃষ্ট হইবে না। চঃ চিঃ

(৪) আত্মকারকের নবাংশরাশিতে পাপগ্রহ দৃষ্ট হইয়া কেতু থাকিবে। জৈঃ

কর্ণ হীন :—দ্বাদশে সমস্ত গ্রহ। কুঃ কঃ

কলহ দোষে মৃত্যু :—(১) লগ্নে চন্দ্র, চতুর্থে শনি এবং দশমে মঙ্গল থাকিবে।

(২) লগ্নে রবি কন্যায় পাপ দৃষ্ট চন্দ্র। জাঃ পাঃ

কারাবরোধ (১) দুষ্ট লোক হইতে ঃ—রাহু দ্বিতীয়ে। চঃচিঃ

(২) দশমপতি দ্বাদশে, শুভ দৃষ্টি বিহীন।

জ্যোঃ কঃ লঃ

(৩) লগ্নের ৮মভাব সর্প বা নিগড় দ্রেক্কাণ গত।

(৪) ৫ম ও ৯মে পাপগ্রহগণ থাকিবে কিন্তু শুভ-গ্রহের দৃষ্টি থাকিবে না।

(৫) লগ্নের ২য়, ৫ম, ৯ম ও ১২শ স্থানে পাপ-গ্রহগণ থাকিলে, উদিত লগ্নের রাশির স্বভাবানুসারে বন্ধন হয়। (হোরাসার মতেঃ—এই যোগ মেষ, বৃষ বা ধনু লগ্নে রজ্জুকৃত বন্ধন; আর মিথুন কন্যা, তুলা বা কুম্ভলগ্নে হইলে শৃঙ্খল যুক্ত বন্ধন হয়।)

(৬) শনি বৃশ্চিক রাশিতে।

(৭) লগ্নে শনি, ৫মে রবি, ৯মে মঙ্গল এবং ১০মে ক্ষীণ চন্দ্র। বৃঃ জাঃ

(৮) হেতু বংশে কাহারও মৃত্যু ঃ—দশমে রবি ও মঙ্গল।

(৯) লগ্নে চন্দ্র, ৫মে রাহু, ১২শে বুধ শুক্র। কুঃ কঃ

(১০) লগ্নে শনি ও ১০মে শুক্র দৃষ্টি চন্দ্র।

(১১) কেন্দ্রে বা ত্রিকোণে ষষ্ঠপতি, লগ্নপতি ও শনি।

(১২) শৃঙ্খলযুক্ত ঃ—কেন্দ্র বা ত্রিকোণে ষষ্ঠপতি লগ্নপতি ও রাহু বা কেতু। সঃ চিঃ

কারাবরোধ—(১৩) রশ্মিজ :—মেষ, বৃষ বা ধনুলগ্নে জন্ম ও ঐ লগ্ন পাপাক্রান্ত হইবে।

(১৪) মৃত্যু :—ত্রিকোণে পাপ থাকিবে ও পাপগ্রহ কর্তৃক দৃষ্ট হইবে।

(১৫) ৮ম ভাব যদি সর্প, পাশ বা নিগড় দ্রেক্কাণে থাকে। জাঃ লঃ

(১৬) বা আঘাতে মৃত্যু :—৭মে রবি বুধ।

(১৭) বা বধভাগী :—চন্দ্রের ১০মে রবি শনি।

(১৮) রবি, চন্দ্র, মঙ্গল, বুধ ও শনি একরাশিতে।

(১৯) চন্দ্র, মঙ্গল, বুধ, শুক্র ও শনি একরাশিতে।

(২০) মৃত্যু :—৫ম ও ৯মে পাপ থাকিবে এবং শুভগ্রহ দেখিবে না, আর ৮মভাবের দ্রেক্কাণ-পতি ও পাপগ্রহ যদি চন্দ্রের ৮মে থাকে। সাঃ

(২১) মৃত্যু :—৫ম ও ৮ম ক্রুরগ্রহাক্রান্ত। পঃ জাঃ

(২২) মৃত্যুঃ—লগ্ন ও চন্দ্র হইতে পাপগ্রহগণ ত্রিকোণে এবং ৮মে মঙ্গল থাকিবে। হোঃ সাঃ

(২৩) চন্দ্র তৃতীয়ে থাকিবে অথবা ষষ্ঠকে দেখিবে।

(২৪) তৃতীয়স্থ শনি যদি রাহু যুক্ত বা দৃষ্ট হয়। পঃ

(২৫) লগ্ন বা আত্মকারক হইতে বিচার্য্য :—

(ক) দ্বিতীয় ও দ্বাদশে সমান সংখ্যক গ্রহ থাকিবে। পাপ হইলে নিশ্চয়ই বন্ধন হয়।

(খ) তৃতীয় ও একাদশে সমান সংখ্যক গ্রহ।

কারাবরোধ—(গ) চতুর্থ ও দশমে " " "

(ঘ) পঞ্চম ও নবমে " " "

(ঙ) ষষ্ঠ ও অষ্টমে " " "

(চ) ষষ্ঠ ও দ্বাদশে " " " পঃ

(২৬) লগ্নপতি ও ধর্ম্মপতি নীচস্থ হইয়া রিপু যুক্ত হইবে এবং ইহারা ৮ম স্থানকে দেখিবে না।

(২৭) পথে মৃত্যু :—লগ্নপতি ও ব্যয়পতি নীচস্থ হইয়া নীচগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে, আর লগ্নপতি লগ্নকে দেখিবে না। দীঃ

(২৮) বর্ষ লগ্নপতি, জন্ম লগ্নপতি ও বর্ষপতি যে যে স্থানে থাকিবে তাহাদের ১২শে সরলগামী গ্রহ ও ২য়ে বক্রী গ্রহ থাকিবে ।

(২৯) বা বিদেশে মৃত্যুঃ—বর্ষপ্রবেশ কালে রবি, মঙ্গল ও বুধ একত্র। তাঃ নীঃ

(৩০) দ্বাদশে মঙ্গল।

(৩১) মৃত্যু :—ত্রিকোণে বা অষ্টমে বন্ধ-ভুজঙ্গপাশ-দ্রেক্কাণগত দুইটি পাপগ্রহ থাকিবে এবং দুইটি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে। জাঃ ভঃ

(৩২) হেতু কাতর, অতিদীন :—৯মে বৃহস্পতি ও শুক্র ব্যতীত অন্য গ্রহগণ থাকিবে। জাঃ পাঃ

কাষ্ঠাঘাত (১) জনিত মাতৃ-মৃত্যু :—চতুর্থে শনি বা রাহু।

কাষ্ঠাঘাত—(২) হেতু মাতুলের মৃত্যু :—ষষ্ঠে শনি বা রাহু।
কুঃ কঃ

(৩) মৃত্যু :—৪র্থে রবি, দশমে মঙ্গল এবং ঐ রবি ও মঙ্গল শনি কর্ত্তৃক দৃষ্ট হইবে। বৃঃ জাঃ

(৪) অষ্টমে শনি দশমে দুর্ব্বল চন্দ্র ও চতুর্থে রবি।

(৫) চতুর্থে রবি থাকিবে, আর দশমস্থ মঙ্গল যদি শনি কর্ত্তৃক দৃষ্ট হয়। জাঃ পাঃ

(৬) চতুর্থে রবি, দশমস্থ মঙ্গল ও ক্ষীণ চন্দ্র শনি কর্ত্তৃক দৃষ্ট হইবে। হোঃ মঃ

(৭) ষষ্ঠে রবি। জ্যোঃ রঃ

(৮) ষষ্ঠে বা ১১শে শনি ও রাহু।

(৯) মস্তকে :—লগ্নে রবি মঙ্গল শনি রাহু।

(১০) দক্ষিণ হস্তে :—তৃতীয়ে শনি রাহু। শঃ হোঃ

কিঙ্কর হইতে মৃত্যু :—রাহু বা কেতু দ্বাদশে। কুঃ কঃ

কীট দংশনে মৃত্যু :—পঞ্চমে রাহু শনি।

কুক্কুরাদি দংশন (১) :—নবমে পাতগ্রহ।

(২) :—একাদশে শনি ও পাতগ্রহ। কুঃ কঃ

কুক্কুর ভীতি :—(১) ধনে পাপদৃষ্ট বা পাপযুক্ত শনি।

(২) দ্বিতীয়পতি সহ শনিযুক্ত হইলে।

(৩) শনিকে দ্বিতীয়পতি দেখিলে।

(৪) ষষ্ঠস্থ শনি তুঙ্গ বা স্বগৃহস্থ হইবে না।

(৫) ষষ্ঠপতি, শনি ও মঙ্গল একত্র। সুঃ চিঃ

কূপে পতন (১) মৃত্যু ঃ—রবি চন্দ্র মঙ্গল শনি তৃতীয়ে সপ্তমে ও দশমে থাকিবে। কুঃ কঃ

(২) ৪র্থে শনি, ৭মে চন্দ্র ও ১০মে মঙ্গল। বৃঃ জাঃ

কূপাদিতে পতন ঃ—চতুর্থপতি অস্তগত বা নীচস্থ।

কূপতটস্থ জলে পতন ঃ—৪র্থভাব বা ৪র্থভাবের ষষ্ঠ (সপত্নভে) জলরাশি হইবে, তাহাতে নীচ বা অস্তগতগ্রহ থাকিবে এবং তদীশ্বর—চতুর্থপতি—হীনবলী হইবে। সঃ চিঃ

কেটে কেটে বা কুপিয়ে কুপিয়ে মারা ঃ—লগ্নে শনি, ২য়ে ক্ষীণচন্দ্র, ৫মে রবি ও নবমে মঙ্গল। জাঃ ভঃ

ক্রোধে প্রমাদ ঃ—ষষ্ঠে রবি। জাঃ রঃ

ক্ষতাঙ্গ ঃ—(১) বুধের গৃহগত বা কর্কটস্থ বৃহস্পতিকে মঙ্গল দেখিবে। জাঃ ভঃ

(২) দন্ত ও নখদ্বারা ঃ—ষষ্ঠে রবি। জাঃ রঃ

(৩) বহুল পরিমানে ঃ—ষষ্ঠপতি ও ষষ্ঠস্থগ্রহ ষষ্ঠস্থানে থাকিয়া অরি-নীচ গৃহস্থ-বক্রী-বা অস্তগত হয়। জাঃ পাঃ

ক্ষুৎ (হাঁচি) প্রমাদ ঃ—ষষ্ঠে রবি। জাঃ রঃ

খঞ্জ ঃ—(১)* পাপদৃষ্ট শনি চন্দ্র কর্কটে। কুঃ কঃ

(২) পাপযুক্ত চন্দ্র শনি মেষ, কর্কট, বৃশ্চিক, মকর বা মীন রাশির অন্যতম রাশিগত হইয়া লগ্ন হইতে নবম ভাবে থাকে। জাঃ লঃ

খঞ্জ—(৩) কর্কটস্থ শনি ও চন্দ্র যদি শুভদৃষ্ট না হয়। রঃ

(৪) কর্কটস্থ পাপযুক্ত শনিকে যদি কোন শুভগ্রহ না দেখে। রাঃ মাঃ

(৫) সপ্তমে শনি থাকিবে। খনা

(৬) মেষ, কর্কট, বৃশ্চিক, মকর ও মীন রাশিতে শনি এবং চন্দ্র ক্রুর-গ্রহ যুক্ত হইবে। হোঃ রঃ

(৭) শুভগ্রহের দৃষ্টিহীন শুক্র-শনি একত্র অথবা বৃহস্পতি-শুক্র একত্র থাকিবে।

খণ্ডিতাঙ্গ :—শুক্রের নবাংশপতি যদি লগ্নপতি হয়। কুঃ কঃ

গরলে বিপত্তি :—তৃতীয়ে কোন গ্রহ যদি নীচস্থ-শত্রুগৃহস্থ —বা অস্তগত এবং পাপ গ্রহ দ্বারা দৃষ্ট হয়। সঃ চিঃ

গাত্রহীন :—লগ্নে চন্দ্র এবং অষ্টমে শনি থাকিবে। লঃ চঃ

গাড়ী হইতে পতন (১) ঘোড়ার বা হস্তীর :—২য়ে চন্দ্র, ৪র্থে মঙ্গল এবং ১০মে রবি থাকিবে। জাঃ পাঃ

(২) ৪র্থে মঙ্গল এবং ১০মে রবি থাকিবে। বৃঃ জাঃ

(৩) হেতু মৃত্যুঃ—৪র্থপতি ষষ্ঠভাবে থাকিবে। জাঃ লঃ

চক্ষুতে আঘাত :—রাহুগ্রস্থ চন্দ্র লগ্নস্থ হইবে এবং ত্রিকোণে পাপ-গ্রহগণ থাকিবে। জাঃ তঃ

চক্ষু উৎপাটন—রাজকোপে (১) ১০মপতি ও ষষ্ঠপতি লগ্নে এবং ২য়পতি শুক্রের সহিত যুক্ত হইবে।

(২) শুক্র ও ২য়পতি নীচাংশগত এবং পাপযুক্ত হয়।

(৩) ১০মপতির ও ষষ্ঠপতির স্থিত নবাংশ-পতিদ্বয়

দুঃস্থানগত হইয়া লগ্নপতি কর্তৃক যুক্ত হইবে।

চক্ষু উৎপাটন—রাজকোপে (৪) শুভগ্রহের দৃষ্টিহীন শুক্র ও ২য়পতি, ৮মে থাকিবে। সঃ চিঃ

চক্ষুনষ্ট :—(১) লগ্নে রবি ও রাহু এবং ত্রিকোণে পাপগ্রহগণ।

(২) দ্বিতীয়ে বা দ্বাদশে চন্দ্র থাকিবে। কুঃ কঃ

(৩) পাপ যুক্ত চন্দ্র শুক্রসহ ধনস্থ হইবে। জাঃ লঃ

(৪) বাম চক্ষু :—দ্বাদশে মঙ্গল থাকিবে।

(৫) দক্ষিণ চক্ষু :—দ্বাদশে শনি থাকিবে।

(৬) ১২শপতি পাপযুক্ত, অশুভযুক্ত ও পাপ সম্বন্ধী।

(৭) ৮মে রবি, ষষ্ঠে চন্দ্র, ২য়ে মঙ্গল, ১২শে শনি থাকিলে, ইহাদের মধ্যে বলবান গ্রহের ধাতুর কোপে চক্ষু নষ্ট হইবে।

(৮) বাম :—দ্বাদশে চন্দ্র বা সপ্তমে শুক্র যুক্ত চন্দ্র।

(৯) শনি মঙ্গল দৃষ্ট সিংহ-লগ্নে রবি ও চন্দ্র। সঃ চিঃ

(১০) এক রাশিতে চন্দ্র, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি।

(১১) রাজকোপে :—লগ্নে শুক্র, ৫মপতি ও ষষ্ঠপতি।

(১২) বাম :—রবি সপ্তমে বা লগ্নে থাকিয়া মঙ্গল বা রাহু যুক্ত হইবে।

(১৩) বাম :—১২শে রবি বা চন্দ্র এবং ৭ম, ৮ম, ১২শ স্থানে পাপগ্রহগণ থাকিবে।

(১৪) দক্ষিণ :—রবি লগ্নে বা ৭মে থাকিয়া শনি যুক্ত বা দৃষ্ট হইবে। অথবা কেবল রবি দ্বাদশে থাকিবে।

চক্ষুনষ্ট (১৫) ১২শগত চন্দ্র শুভদৃষ্টি বিহীন। জাঃ পাঃ

(১৬) লগ্ন সিংহ রাশি তাহাতে শুক্রের দৃষ্টি। লঃ চঃ

(১৭) লগ্নপতি ও ২য়পতি যদি দুঃস্থে পড়ে।

(১৮) শুভদৃষ্টিহীন চন্দ্র শত্রু-রাশিগত হইবে। হোঃ প্রঃ

(১৯) রবিদৃষ্ট রাহু জন্মলগ্ন-পদলগ্ন-কারকগ্রহ কিংবা শুক্র হইতে পঞ্চমারূঢ়পদ বা ত্রিকোণ গত হইলে। জৈঃ

চপেটাঘাতে মৃত্যু :—৪র্থে ও ১০মে ক্রূরগ্রহগণ। পঃ জাঃ

চোরের হাতে মৃত্যু (১) ষষ্ঠে অষ্টমপতি, লগ্নপতি, শনি ও রাহু বা কেতু থাকিবে। সঃ চিঃ

(২) ৪র্থপতি ষষ্ঠভাবে থাকিবে। জাঃ লঃ

(৩) মান্দি-নবাংশের ৭মে শনি থাকিবে। জাঃ পাঃ

(৪) বা দুর্জন হইতে :—মঙ্গল বর্ষাধিপতি হইয়া পাপ-গ্রহ কর্ত্তৃক পরাজিত ও নির্বলী হইয়া দ্বিপদ-রাশিতে থাকিবে। তাঃ নীঃ

চৌর ভীতি :—লগ্নে কেতু বহু পাপ দৃষ্ট হইয়া থাকিবে।

জঙ্ঘা ক্ষতি (১) ৯মপতি ও লগ্নপতি মকর কুম্ভ মীনে।

(২) ষষ্ঠে ক্ষীণ চন্দ্র ও মঙ্গল থাকিবে। মঃ জাঃ

জন্তু হইতে মৃত্যু বা বিপদ :—ষষ্ঠ বা অষ্টম গত চন্দ্র শত্রু যুক্ত বা দৃষ্ট হইবে, [ঐ চন্দ্রের একাদশ-রাশি দ্বারা সূচিত জন্তু হইতে বিপদাদি ঘটিবে]।

(ক্রূর)জন্তু দ্বারা পত্নীর মৃত্যু বা বিপদঃ—৭মে মঙ্গল থাকিবে।

জল-মগ্ন :—(১) ৫মে শনি এবং রাহু।

জল-মগ্ন (২) ৪মে ও লগ্নে রবি ও চন্দ্র।

(৩) শনি দ্বাদশে থাকিবে।

(৪) ভ্রাতা হইবে :—দশমে শনি ও রাহু।

(৫) স্বকুলের কেহ :—দশমে রবি ও মঙ্গল। কুঃ কঃ

(৬) ভীতি :—সপ্তমে কেতু থাকিবে। চঃ চিঃ

(৭) লগ্ন দ্ব্যাত্মক-রাশি তাহাতে রবি ও চন্দ্র। বৃঃ জাঃ

(৮) জল-রাশি লগ্ন, তথায় বৃহস্পতি ও ৩য়পতি। সঃচিঃ

(৮) ৮মপতি যদি দ্বাদশে বা ষষ্ঠে থাকে। পঃ

(৯) তৃতীয়ে বা ষষ্ঠে চন্দ্র থাকিবে বা দেখিবে।

(১০) তৃতীয়ে শনি এবং রাহু থাকিবে বা দেখিবে।

(১১) অধিক জলে :—৪র্থে হীনবলী লগ্নস্বামী, নীচস্থ-রবি বা পাপগ্রহ কর্ত্তৃক যুক্ত হইবে, আর দুর্ব্বল ৪র্থ-পতিকে জলগ্রহ দেখিবে।

(১২) নদী বা কূপের তটে পতন :—৪র্থে লগ্নপতি ও ৪র্থপতি থাকিবে এবং দশমপতির দৃষ্টি পাইবে।

(১৩) কূপ-নদীতেঃ—৪র্থপতিস্থিত-রাশিপতি যদি ৪র্থ-পতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

(১৪) ৪র্থে শনি অথবা শনি রাহু মঙ্গল থাকিবে।

(১৫) পিতা হইবে :—নবমে রবি ও চন্দ্র।

(১৬) পিতা হইবে :—মীন রাশিতে পাপদৃষ্ট রবি চন্দ্র।

(১৭) স্ত্রী হইবে :—শুক্র বা চন্দ্র নীচস্থ হইলে। সঃচিঃ

(১৮) কর্কটে শনি ও মকরে মঙ্গল। সাঃ

জল-মগ্ন (১৯) স্বজন হইবে :—কন্যারাশিস্থিত রবি ও চন্দ্র যদি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়। সাঃ

(২০) ৮মস্থ দুর্ব্বলচন্দ্রে রাহু, মঙ্গল বা শনি যুক্ত হয়।

(২১) লগ্নে রবি এবং কন্যায় চন্দ্র এবং তাহারা পাপদৃষ্ট।

(২২) দ্ব্যাত্মক রাশিতে রবি চন্দ্র থাকিবে। জাঃ পাঃ

(২৩) দ্ব্যাত্মক-রাশি লগ্ন হইবে, তথায় রবি ও চন্দ্র দুইটি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া থাকিবে।

(২৪) দশমে শনিগৃহে ক্ষীণচন্দ্র এবং মঙ্গল গৃহে রবি।

(২৫) সমুদ্রে :—শনি ও চন্দ্র ৪র্থ, ৬ষ্ঠ, ৮ম বা দ্বাদশে এবং ৮মপতি ৮মে পাপ-মধ্যগত। হোঃ সাঃ

(২৬) আত্মকারক কর্কট নবাংশে বা বিছার নবাংশে।

(২৭) লগ্ন বা আত্মকারকের ৩য়ে শনি ও মান্দি থাকিবে বা দেখিবে।

(২৮) কূপে পতন :—লগ্ন বা আত্মকারকের তৃতীয়ে শনি রাহু থাকিবে বা দেখিবে। জৈঃ

(২৯) মেষ, কর্কট, তুলা বা মকর ইহাদের একটিতে লগ্ন, অন্যটিতে চন্দ্র থাকিবে এবং লগ্নকে বৃহস্পতি শুক্র দেখিবে না, কিন্তু শনি বা মঙ্গল দেখিবে।

(৩০) বা আঘাতে মৃত্যু :—লগ্ন ও সপ্তম স্থানকে শুভ-গ্রহ আদৌ দেখিবে না।

(৩১) লগ্নে রবি ও মঙ্গল থাকিবে। খনা

(৩২) ভীতি :—লগ্নেক্রূরগ্রহও ক্রূরগ্রহ দৃষ্ট। শঃ হোঃ

জল-মগ্ন (৩৩) ভীতি :—২য়ে চন্দ্র শত্রু যুক্ত হইয়া খলগ্রহের গৃহে বা শত্রু-গ্রহের গৃহে থাকিবে। শঃ হোঃ

জিহ্বানষ্ট :—কর্কট, বৃশ্চিক, মীনস্থ বুধকে সূর্য্যের অধঃস্থ চন্দ্র দেখিবে। রঃ

ঝড়ে বিপত্তি (১) পঞ্চমে রবি রাহু কেতু থাকিবে। কুঃকঃ

(২) পার্ব্বত্য :—রবি, চন্দ্র, মঙ্গল ও শনি যদি ৮ম, পঞ্চম ও নবমে থাকে। জাঃ পাঃ

ডাকিনী ব্যাপারে স্ত্রীনাশ :—সপ্তমে কেতু থাকে। কুঃ কঃ

তাম্র সংস্রবে মাতুলের বিপদ :—ষষ্ঠে শনি বা রাহু। কুঃকঃ

দংশন (১) জলমধ্যস্থ শিং বিশিষ্ট জন্তু কর্ত্তৃক :—লগ্নে রবি চন্দ্র এবং দ্ব্যাত্মক রাশিতে অন্যান্য গ্রহগণ থাকে এবং পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়। বৃঃ জাঃ

(২) ৭মে রবি চন্দ্র ও শনি (সম্ভবতঃ শুভ যুক্ত বা দৃষ্ট নয়)। জাঃ ভঃ

(৩) ৫মে রবি ; অথবা ৭ম রাশিতে পাপগ্রহগণ।

(৪) সর্প কুক্কুরাদি কর্ত্তৃক :—১১শে শনি ও পাতগ্রহ কিংবা কেবল নবমে পাতগ্রহ।

(৫) সর্পের :—ষষ্ঠাষ্টমে চন্দ্র মঙ্গল থাকিবে। কুঃ কঃ

(৬) সর্পের—শয়নাবস্থায় :—৭মে রবি, শনি ও রাহু। জাঃ সঃ

(৭) সর্পের :—শুভগ্রহ শত্রু রাশিতে ৬, ৮, ১২শস্থ হইবে ও শত্রুযুক্ত মঙ্গল শত্রু রাশিতে বা ৮মে।

দংশন (৮) সর্পের ঃ—রবি নবম-ভাবে শত্রু-গৃহস্থ হইয়া চন্দ্র দৃষ্ট বা যুক্ত হইবে। রঃ

(৯) সর্পের ঃ—আত্মকারক বৃশ্চিক নবাংশে থাকে।

(১০) সর্পের ঃ—আত্মকারকাশ্রিত নবাংশ-রাশিতে রবি রাহু থাকিবে।

(১১) সর্পের ঃ—লগ্ন বা আত্মকারক-গ্রহের তৃতীয়ে শনি ও মান্দি থাকিবে বা দেখিবে। জৈঃ

(১২) সর্পের ঃ—২য়ে রাহু গুলিক থাকিবে বা দেখিবে।

(১৩) সর্পের ঃ—লগ্নে লগ্নপতি রাহু ও তৃতীয়পতি।

(১৪) সর্পের ঃ—লগ্নপতি, ষষ্ঠপতি রাহু বা কেতু একত্র থাকিবে। সঃ চিঃ

(১৫) সর্পের (দংশনে বিবাহের তিনদিন পরে স্ত্রীর মৃত্যু) ঃ—রাহু দ্বিতীয়ে এবং মঙ্গল সপ্তমে।

(১৬) সর্পের (বাল্যে) ঃ—৮মপতি ষষ্ঠে বা ১২শে। পঃ

(১৭) সর্পের (১৬ বর্ষে) ঃ—কর্কট-নবাংশগত শনি যদি কেতু কর্ত্তৃক দৃষ্ট হয়।

(১৮) সর্পের ঃ—মান্দি নবাংশের ৭মে শনি থাকে।

(১৯) সর্পের ঃ—৮মস্থ রাহুকে পাপ-গ্রহগণ দেখিবে।

(২০) সর্পের ঃ—লগ্নপতি, তৃতীয়পতি ও রাহু লগ্নে থাকিবে। জাঃ পাঃ

(২১) সর্পের ঃ—শুভগ্রহ শত্রু রাশিতে যদি ৬,৮, ১২শ ভাবস্থ হইয়া থাকে, এবং শত্রুগ্রহ যুক্ত মঙ্গল

যদি শত্রু রাশিতে বা ৮মে থাকে।

দংশনে (২২) সর্পের :—রবি ৯মে শত্রুগৃহে থাকিবে এবং চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইবে। হোঃ প্রঃ

(২৩) সর্পের :—মঙ্গল ৮মে থাকে, কিংবা চন্দ্র যুক্ত হইয়া শত্রু গৃহে থাকে। [কেহ বলেন—৮মস্থ শত্রু গৃহগত মঙ্গল যদি চন্দ্র যুক্ত হয়।] রাঃ মাঃ

দণ্ডাঘাত (১) লগ্নে শনি, ৪র্থে রবি, ৮মে ক্ষীণ চন্দ্র, ও ১০মে মঙ্গল থাকিবে। বৃঃ জাঃ

(২) রবি ও শনি একত্র এবং লগ্নে মঙ্গল থাকিবে।

দস্যু পীড়া—পথে :—ষষ্ঠভাবে রবি থাকিবে। চঃ চিঃ

দানব ঘটিত বিপত্তি :—মান্দি-নংবাশের সপ্তমে শনি। কুঃ কঃ

দুর্গান্তরালে শিলোচ্চয়ে বা বনান্তরালে প্রলয় :—৪র্থে মঙ্গল, ৭মে শনি ও ১০মে ক্ষীণ-চন্দ্র থাকিবে। জাঃ ভঃ

দুর্জ্জন-ভীতি :—কেতু লগ্নভাবে থাকিবে। চঃ চিঃ

দুমরণ (১) :—ষষ্ঠ-অষ্টম-দ্বাদশস্থ চন্দ্র যদি লগ্নপতি কর্ত্তৃক দৃষ্ট হয় এবং শনি কেতু বা রাহুযুক্ত হয়।

(২) শনি নীচস্থ-শত্রুগৃহস্থ বা মূঢ় হইবে এবং পাপ দৃষ্ট, পাপযুক্ত এবং ক্রুর-ষষ্ঠাংশে থাকিবে।

দেয়াল [মাটির] পতনে বিপত্তি :—লগ্নে রবি, ৫মে শনি, ৮মে মঙ্গল ও নবমে চন্দ্র থাকে। জাঃ ভঃ

দেহ বৈকল্য (১) ১২শপতি দুর্ব্বল অথবা ক্রূরাংশে-নীচাংশে বা নীচ রাশিতে থাকিবে।

দেহ বৈকল্য (২) ১২শে বহুপাপ, ১২শপতি রাহু কেতু শনিযুক্ত। সঃ চিঃ

দ্বন্দ্বযুদ্ধে বিপদ বা মৃত্যু (১) রাহু বা মঙ্গল যদি পরস্পরকে দেখে ও উভয়ে উভয়ের গ্রহাংশে থাকে। সঃ চিঃ

(২) দ্বিতীয়ভাবে দুর্ব্বল মঙ্গল। জাঃ ভঃ

ধূমে মৃত্যু :—(১) ১০মে ক্ষীণ চন্দ্র, ৯মে মঙ্গল, লগ্নে শনি ও ৫মে রবি থাকিবে। [হোঃ মঃ মতে—কেবল "৫মে রবি" স্থানে ৪র্থে রবি হইবে।] বৃঃ জাঃ

নাসাচ্ছেদ :—লগ্নে মঙ্গল ও ষষ্ঠে শুক্র থাকিবে। জ্যোঃ কঃলঃ

নৌকায় মৃত্যুঃ—লগ্নপতি ও নবমপতি পাপগ্রহ যুক্ত হইবে এবং ৮ম পতি অষ্টম স্থানকে দেখিবে। দীঃ

পতনে বিপত্তি (১) পাপগ্রহের নবাংশ গত চন্দ্র শনিগৃহে।

(২) শৈলাগ্র হইতেঃ—৪র্থে রবি দশমে মঙ্গল থাকে।

(৩) বা বজ্রাঘাত :—লগ্নে রবি, ৫মে শনি, ৮মে মঙ্গল এবং ৯মে চন্দ্র থাকিবে। সাঃ

(৪) স্ত্রীর মৃত্যু :—শুক্র পাপমধ্যগত হইবে। জাঃ রঃ

(৫) বৃক্ষ বা চতুষ্পদ-জন্তু হইতে :—ষষ্ঠে শনি বা রাহু। শঃ হোঃ

(৬) মঙ্গল যুক্ত মকর বা কুম্ভস্থ পাপমধ্যগত চন্দ্র। কুঃ কঃ

(৭) পত্নীর উচ্চ স্থান হইতে :—নিপাত-দ্রেক্কাণস্থ পাপ মধ্যগত শুক্র হইবে।

(৮) উচ্চ স্থান হইতে :—পাপমধ্যগত চন্দ্র শনিগৃহে।

পত্তনে বিপত্তি (৯) পর্ব্বতাগ্র হইতে :—লগ্নে রবি, ৫মে মঙ্গল, ৮মে শনি এবং ৯মে চন্দ্র। বৃঃ জাঃ

(১০) বৃক্ষ হইতে :—শুক্র বা শনি গৃহে রবি থাকিবে এবং ঐ স্থান ৭ম বা ৮ম ভাব হইবে, আর ঐ রবিকে মঙ্গল শুক্র ও শনি দেখিবে।

(১১) অষ্টমস্থ চন্দ্র পাপ-মধ্যগত হইবে। জাঃ ভঃ

(১২) হেতু মস্তকে ব্রণ :—লগ্নে লগ্নপতি ও শনি থাকিবে এবং উহারা পাপযুক্ত বা দৃষ্ট হইবে। সঃ চিঃ

(১৩) উচ্চস্থান হইতে :—চন্দ্র তৃতীয়ে বা চন্দ্র কর্ত্তৃক ষষ্ঠে দৃষ্টি থাকিবে।

(১৪) ৩য়ে রাহু শনি থাকিবে বা দেখিবে। পঃ

(১৫) শয্যা হইতে মৃত্যু :—লগ্নে চন্দ্র, ৮মে দুর্ব্বল রবি, দ্বাদশে বৃহস্পতি ও ৪র্থে পাপগ্রহ। জাঃ পাঃ

(১৬) যাত্রাকালে বা শস্ত্রাঘাতঃ—৪র্থ ও ১০মে পাপগ্রহ এবং ৬, ৮ বা ১২শে ক্ষীণ চন্দ্র। হোঃ সাঃ

পতিঘাতিনী ও কুলনাশিনী :—(১) ৭মপতি বুধ যদি পাপযুক্ত-নীচস্থ-শত্রুগৃহগত-মূঢ়-পাপ মধ্যগত-পাপগ্রহদৃষ্ট হইয়া ৮মে থাকে। সঃ চিঃ

(২) কুলটা [স্ত্রী কোষ্ঠী] :—৭মে তিনটি পাপগ্রহ।

(৩) যদি ৭মভাব চন্দ্র রাশিতে বা চন্দ্র-নবাংশে পড়ে এবং অতি দুর্ব্বল হয়। জাঃ পাঃ

পদচ্ছেদ (১) চৌর্য্য হেতু :—ষষ্ঠে মঙ্গল-চন্দ্র বা মঙ্গল-বুধ।

পদচ্ছেদ (২) বৃষ বা তুলায় শুক্র ও শনি থাকিবে। কুঃ কুঃ

(৩) দশমে বুধ শনি ও রাহু থাকিবে।

(৪) লগ্নে শনি, ৭মে রাহু ও কৃষ্ণপক্ষের চন্দ্র এবং দশমে শুক্র থাকিবে।

(৫) লগ্নে শনি, কন্যায় শুক্র এবং ৭মে রাহু ও ক্ষীণ-চন্দ্র থাকিবে। জাঃ পাঃ

(৬) চোর কর্ত্তৃক :—ষষ্ঠে বা অষ্টমে বুধ মঙ্গল থাকে।

(৭) একটি পা কাটিবে :—শনি শত্রু-রাশিতে শুক্র যুক্ত এবং শত্রু দৃষ্ট হইয়া থাকিবে। হোঃ প্রঃ

(৮) চৌর্য্য হেতু :—লগ্নে বা ষষ্ঠে মঙ্গল বুধ। মাঃ সাঃ

(৯) একটি পা ও একটি হাত কাটিবে :—ক্রূর-গৃহে শনি শত্রুযুক্ত বা দৃষ্ট হইয়া থাকিবে।

(১০) হস্তপদ চারিটিই কাটা যাইবে :—৮মে রবি, মঙ্গল, শনি ও রাহু থাকিবে। রাঃ মঃ

(১১) লগ্নে মঙ্গল থাকিবে, তাহাকে রবি শনি ও রাহু দেখিবে। জাঃ সঃ

পদ হানি (১) ৪র্থে শুক্র এবং এক রাশিতে মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শনি থাকিবে।

(২) শনি ও মঙ্গল রাহু মুখে থাকিবে আর ষষ্ঠে রবি থাকিবে।

(৩) দ্বাদশপতি পাপযুক্ত পাপাংশযুক্ত ও পাপগ্রহ দৃষ্টী হইবে। সঃ চিঃ

পদহানি (৪) পাপ দৃষ্ট শনি ষষ্ঠ বা দ্বাদশে। মঃ, জাঃ

পরদারার্থ মৃত্যু :—সপ্তমে চন্দ্র মঙ্গল ও শনি। পঃ জাঃ

পর্ব্বতে বা পর্ব্বত চূড়ায় মৃত্যু :—৪র্থে মঙ্গল, ৭মে শনি, ও ১০মে ক্ষীণ-চন্দ্র থাকিবে। জাঃ ভঃ

পশু হইতে বিপত্তি (১) ভ্রাতার :—দশমে শনি রাহু।

(২) মাতুলের—শৃঙ্গী হইতে :—ষষ্ঠে শনি বা রাহু।

(৩) স্ত্রীর—শৃঙ্গী হইতে :—সপ্তমে শনি বা রাহু।

(৪) অশ্ব বা শৃঙ্গী হইতে মৃত্যু :—রাহু কর্কট রাশি বা সিংহ রাশি গত হইয়া অথবা যে সে রাশিতে লগ্ন হইতে সপ্তম বা অষ্টম স্থানে বলবান হইয়া রবি ও শুক্র যুক্ত হইবে। [কেহ বলেন—কর্কট বা সিংহ রাশি ৭ম বা ৮ম ভাব হইবে এবং তথায় রবি শুক্র ও রাহু থাকিবে।] কুঃ কঃ

(৫) গরু হইতে :—লগ্নে বুধ, ১০মে রবি, ৪র্থে মঙ্গল, কেহই শুভযুক্ত নয়।

(৬) [বিশেষ অশ্বে]—ষষ্ঠপতি, শনি ও রাহু একত্র।

(৭) গোভীতি :—লগ্নে বৃহস্পতি, তৃতীয়-পতি ও রাহুস্থিত রাশি-পতি। জাঃ পাঃ

(৮) সিংহ, কর্কট; ৭ম, ৮ম স্থানে রাহুযুক্ত চন্দ্র থাকিবে। হোঃ প্রঃ

(৯) আত্মকারক বৃষ-নবাংশে থাকিবে।

(১০) শ্বাপদ :—আত্মকারক সিংহে। জৈঃ

পশু হইতে বিপত্তি (১১) শ্বাপদ মুষিক মার্জারাদি :—আত্ম-
কারকগ্রহ মেষ নবাংশে। জৈঃ

(১২) সিংহ বা হস্তী হইতেঃ—ষষ্ঠাষ্টমে রবি চন্দ্র। মাঃসাঃ

(১৩) শ্বাপদ অর্থাৎ নখ দন্তযুক্ত জন্তু :—রবি মঙ্গলযুক্ত
হইয়া সপ্তমে, শনি ৮মে এবং চন্দ্র ৪র্থে। জাঃ ভঃ

(১৪) হস্তী হইতে :—ষষ্ঠপতি, শনি, বৃহস্পতি, একত্র।

(১৫) ষষ্ঠপতি, শনি রাহু বা কেতু একত্র।

(১৬) শৃঙ্গ যুক্ত :—ষষ্ঠপতি, শনি ও রবি একত্র।

(১৭) গোভীতি :—লগ্নে বৃহস্পতি, তৃতীয়-পতি ও রাহু।

(১৮) গোভীতি :—লগ্নে বৃহস্পতি, ৩য়পতি, লগ্নপতি।

(১৯) গোভীতি :—লগ্নে বৃহস্পতি ও তৃতীয়-পতি।

(২০) অশ্ব ভীতি :—ষষ্ঠপতি, শনি ও চন্দ্র একত্র।

(২১) কষ্ট প্রাপ্তি :—রবি ষষ্ঠভাবে থাকিবে। সঃ চিঃ

(২২) বৃষ হইতে :—মঙ্গল ও রবি লগ্নকে দেখিবে কিন্তু
বৃহস্পতি ও শুক্র দেখিবে না। জাঃ সং

(২৩) মৃগভীতি [৮বর্ষে] :—অষ্টমপতি ষষ্ঠে, দ্বাদশপতি
লগ্নে, ও ষষ্টপতি চন্দ্রযুক্ত। পঃ

(২৪) অশ্ব হইতে মৃত্যু :—দশমে মঙ্গল এবং সপ্তমে
বৃহস্পতি ও রবি।

(২৫) হস্তী দ্বারা মৃত্যু :—৪র্থে রবি মঙ্গল এবং
১০মে শনি। পঃ জাঃ

(২৬) ভীতি :—বর্ষ-লগ্নের ১০মে মঙ্গল। তাঃ নীঃ

পশু হইতে বিপত্তি (২৭) সিংহ দ্বারা মৃত্যু :—ষষ্ঠ বা অষ্টমে
রবি এবং চন্দ্র থাকিবে। লঃ চঃ

(২৮) ষষ্ঠে মধ্যবলী চন্দ্র যদি মঙ্গল ও শনি যুক্ত হয়। কঃ

(২৯) ২৫বর্ষে বনে ব্যাঘ্র দ্বারা নিহত :—বৃহস্পতির ক্ষেত্রে বুধ এবং শনির ক্ষেত্রে মঙ্গল থাকিবে।

পক্ষী হইতে বিপদ :—(১) ৪র্থে ক্ষীণ-চন্দ্র, ৭মে রবি মঙ্গল এবং ৮মে শনি থাকিবে। বৃঃ জাঃ

(২) ৪র্থে চন্দ্র, ৭মে রবি মঙ্গল এবং ৮মে শনি।

(৩) এবং ১ম ও ৩য় বর্ষে অগ্নি ভয় :—ষষ্ঠ বা অষ্টমে রাহু, আর ঐ রাহুর ৮মে শনি থাকিবে। পঃ

পাপ কর্ম্মে বিপদ :—(১) ৪র্থে ও ৮মে পাপগ্রহগণ এবং শুক্র পাপ-মধ্যগত হইয়া থাকিবে।

(২) লগ্নে ও ৭মে পাপগ্রহগণ থাকিবে।

(৩) লগ্নে পাপগ্রহ ও লগ্ন পাপমধ্যগত হইবে। কুঃ কঃ

(৪) লগ্নে রাহু শনি যদি শত্রু দৃষ্ট হইয়া থাকে। হোঃপ্রঃ

পিশাচ পীড়া (১) লগ্নে শনি রাহু থাকে।

(২) ৮মে শনি ও দুর্ব্বল চন্দ্র থাকে।

(৩) বা তজ্জন্য মৃত্যু :—ক্ষীণচন্দ্র ষষ্ঠ, ৮ম, ১২শস্থ হইয়া মঙ্গল শনি বা রাহু সহ যুক্ত হইবে।

(৪) লগ্নে কেতু বহু পাপযুক্ত হইয়া থাকিবে।

(৫) ষষ্ঠে শনি রাহু বা কেতু থাকে। সঃ চিঃ

পীন জঙ্ঘা হেতু মৃত্যু :—কর্কটে রবি ও মকরে চন্দ্র। কুঃকঃ

প্রস্তরাঘাতে বিপত্তি (১) মাতার :—৪র্থে শনি বা রাহু।

(২) মাতুলের :—ষষ্ঠে শনি বা রাহু থাকিবে।

(৩) ৫মে শনি বা রাহু থাকিবে।

(৪) নবমে রবি ও শনি থাকিবে।

(৫) পুত্রের :—দশমে শনি বা রাহু থাকিবে। কুঃ কঃ

(৬) ৪র্থে বা ১০মে রবি মঙ্গল থাকিবে। বৃঃ জাঃ

(৭) ষষ্ঠে রবি থাকিবে। জাঃ রঃ

(৮) মস্তকে :—লগ্নে লগ্নপতি ও মঙ্গল যদি পাপযুক্ত বা দৃষ্ট হয়।

(৯) শুভ-দৃষ্টি বিহীন ৪র্থপতি, শনি ও রাহু যুক্ত হইবে এবং মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(১০) ৪র্থে রবি মঙ্গল থাকিবে, এবং তাহারা ১০মপতি বা ৪র্থপতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে। সঃ চিঃ

(১১) ৪র্থে মঙ্গল এবং ১০মে পাপগ্রহ থাকিবে। পঃ জাঃ

প্রস্তর পতনে বিপদ (শৈলাগ্র হত) :—৪র্থে মঙ্গল ও ১০মে রবি থাকিবে। জাঃ পাঃ

প্রহারে বিপদ (পা বা মুষ্টিদ্বারা) : —৭মে মঙ্গল। কুঃ কঃ

প্রহার ভয় :—বর্ষ লগ্নের ৮মে মঙ্গল থাকিবে। তাঃ নীঃ

প্রাচীর পতনে বিপত্তি :—লগ্নে রবি, ৫মে মঙ্গল, ৮মে শনি ও ৯মে চন্দ্র থাকিলে। বৃঃ জাঃ

বজ্রাঘাত (১) :—মিথুন, (ধনে অর্থাৎ) ধনুতে, কুম্ভে ও মীনে পাপগ্রহগণ থাকিবে। কুঃ কঃ

বজ্রাঘাত (২) লগ্নে রবি, ৫মে মঙ্গল, ৮মে শনি ও ৯মে চন্দ্র থাকিবে। বৃঃ জাঃ

(৩) রবি, চন্দ্র, মঙ্গল ও শনি ৫ম, ৮ম ও ৯মে থাকে।

(৪) লগ্নে রবি, ৫মে শনি, ৮মে চন্দ্র ও ৯মে মঙ্গল থাকিবে। জাঃ পাঃ

(৫) লগ্নে রবি, ৫মে শনি, ৮মে মঙ্গল ও ৯মে চন্দ্র। সাঃ

বধ-বন্ধনভাগী :—চন্দ্রের দশমে রবি ও শনি থাকিবে। সাঃ

বহুজন মৃত্যুকালে মৃত্যু (১) লগ্নপতি যদি ৮মপতির সহিত যুক্ত হইয়া বহু গ্রহ যুক্ত হয়। জাঃ পাঃ

(২) বহু গ্রহযুক্ত অষ্টমপতি অষ্টমে থাকিবে। হোঃ সাঃ

বাহন-জনিত বিপদ :—(১) কেতু ৮ম ভাবে পড়িবে।

(২) ৪র্থে ক্ষীণচন্দ্র এবং ৮মে যে কোন গ্রহ। সঃ চিঃ

(৩) লগ্নপতি, ৪র্থপতি ও ৮মপতি একত্র থাকে।

(৪) কেন্দ্রে বা ৮মে চন্দ্র ও মঙ্গল থাকিবে।

(৫) দশমে রবি মঙ্গল ও বুধ থাকিবে। জাঃ ভঃ

বিকলাঙ্গ (১) লগ্নের ৭ম বা ত্রিকোণে রবি শুক্র থাকিবে।

(২) ২য়ে শনি, ৭মে রবি মঙ্গল ও ১০মে চন্দ্র।

(৩) ৫ম বা ৯মস্থ মঙ্গলকে পাপগ্রহ দেখিবে। বৃঃ জাঃ

(৪) কেন্দ্রে পাপগ্রহগণ থাকবে।

(৫) কেন্দ্রে রবি ও চন্দ্র থাকে।

(৬) শ্রোণিদেশের অঙ্গহীন :—শনি দৃষ্ট লগ্নস্থ শুক্র।

(৭) শ্রোণি, হস্ত বা পদের :—৪র্থে শুক্র এবং যে

কোন স্থানে বৃহস্পতির সহিত মঙ্গল, বুধ, এবং শনি থাকিবে। জাঃ লঃ

বিকলাঙ্গ (৮) রাহু বা কেতু লগ্নে ও লগ্নপতি দুঃস্থানে।

(৯) রবি, চন্দ্র, বুধ ও শুক্র এক রাশিতে। জাঃ পাঃ

(১০) লগ্নে মঙ্গল বুধ ও শুক্র থাকিবে।

(১১) রবি, মঙ্গল, শুক্র ও শনি এক রাশিতে।

(১২) চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি ও শুক্র এক রাশিতে।

(১৩) রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, ও শনি এক রাশিতে।

(১৪) চন্দ্র, মঙ্গল, বুধ, শুক্র ও শনি একত্র থাকিবে।

(১৫) রবি, চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি ও শুক্র একত্র। সাঃ

(১৬) স্ত্রীর :—৭মে ক্ষীণচন্দ্র থাকিলে। জাঃ রঃ

(১৭) রবির ২য়ে শনি, ৭মে মঙ্গল, এবং ১০মে চন্দ্র।

(১৮) ২য়ে শনি, ৭মে বুধ ও ১০মে চন্দ্র। সঃ চিঃ

বিকৃতাঙ্গ (১) চন্দ্রের ১০মে রবি,মঙ্গল,বুধ,বৃহস্পতি। হোঃপ্রঃ

(২) হস্ত ও পদের :—শনি, মঙ্গল, বুধ, বৃহস্পতি এক রাশিতে ও ৪র্থে শুক্র থাকে।

(৩) জঙ্ঘা :—বৃহস্পতির ৫মে বা ৯মে ৪র্থপতি থাকিবে আর কেন্দ্রে পাপ থাকিবে। হোঃ রঃ

বিকৃতাঙ্গ-ক্রূর-শঠ-কঠোর-ক্রোধী :—লগ্নে রবি মঙ্গল। সাঃ

বিকর্ণতা :—নীচস্থ ৯মগত শুক্র যদি রাহু যুক্ত হয়। সঃ চিঃ

বিষপীড়া (১) প্রয়োগজনিত :—৪র্থ শনি বা রাহু।

(২) তজ্জন্য উদরে চিহ্ন :—৫মে রবি থাকিবে।

বিষপীড়া (৩) মাতুলের মৃত্যু ও নিজের দেহে চিহ্নঃ—ষষ্ঠে রবি, মঙ্গল এবং শুভ গ্রহের দৃষ্টি বিহীন হইবে।

(৪) নবমে মঙ্গল থাকিবে।

(৫) জঙ্ঘার চিহ্ন ঃ—রবি ও মঙ্গল একাদশে। কুঃ কঃ

(৬) প্রয়োগ হেতুঃ—২য়ে পাপগ্রহ থাকিবে বা দৃষ্টি করিবে; বিশেষ এই যে যদি ক্রূরাংশগত হইয়া পাপযুক্ত হয় এবং ২য়-পতিকে পাপগ্রহ দেখে।

(৭) প্রয়োগে বা ভক্ষণে ঃ—৩য়-ভাবে নীচস্থ অস্তগত গ্রহ শত্রু-রাশিতে পাপদৃষ্ট হইবে।

(৮) স্ত্রীর মৃত্যু ভক্ষণ হেতুঃ—সর্পদ্রেক্কাণগত সপ্তমপতি, রাহু অথবা কেতু যুক্ত হইবে।

(৯) ভক্ষণে ঃ—দুঃস্থানে ১০মপতি, লগ্নপতি ও শনি।

(১০) স্বামীর প্রতি প্রয়োগ ঃ—সপ্তমস্থ রাহু বা কেতু যদি ক্রূরাংশে থাকে। সঃ চিঃ

(১১) ৩য়ভাব শনি রাহু যুক্ত বা দৃষ্ট হইবে।

(১২) চন্দ্র ৩য়ে থাকিবে বা ষষ্ঠকে দেখিবে। পঃ

(১৩) ভীতি ঃ—মেষস্থ চন্দ্রকে মঙ্গল দেখিবে।

(১৪) ভীতি ঃ—বিছায় মঙ্গল বা শনি। জাঃ ভঃ

(১৫) ভক্ষণে ঃ—ভুক্তাংশপতি (সম্ভবতঃ দশম নবাংশ-পতি) যদি শনি যুক্ত হইয়া দুঃস্থানে থাকে।

(১৬) বিষ ঘটিকায় জন্ম হয় ও ৮মে পাপ থাকে। জাঃপাঃ

(১৭) ষষ্ঠাষ্টমে বুধ ও চন্দ্র থাকিবে। লঃ চঃ

বিষপীড়া (১৮) ভীতি :—তৃতীয়ে রবি বা মঙ্গল থাকিবে।

(১৯) নিজের বা মাতুলের :—ষষ্ঠে রবি বা মঙ্গল।

(২০) শস্ত্রে বা রক্ত প্রকোপে মৃত্যু :—২য়ে মঙ্গল।

(২১) বা অগ্নি-পীড়া স্ত্রীর হইবে :—৭মে রবি মঙ্গল।

(২২) অগ্নিতে, প্রসূতি দোষে, অতিসারে বা সন্নিপাতে স্ত্রীমৃত :—৭মে রবি থাকিবে।

(২৩) অগ্নি বা অস্ত্রপীড়া :—১১শে রবি মঙ্গল। শ: হো:

(২৪) ভক্ষণ হেতু :—কারকাশ্রিত নবাংশে গুলিক।

(২৫) লগ্ন বা কারক-গ্রহের তৃতীয়ে শনি ও রাহু থাকিবে বা দেখিবে। জৈ:

(২৬) অষ্টম ভাবে ষষ্ঠপতি ও বুধ থাকিবে। র:

বৃক্ষপাতে বিপদ (১) ১০মে শনি রাহু থাকিবে।

(২) মাতুলের :—ষষ্ঠে শনি বা রাহু। কু: ক:

(৩) লগ্নে রবি, ৫মে শনি, ৮মে চন্দ্র ও ৯মে মঙ্গল (হো: সা: মতে—চন্দ্র স্থানে মঙ্গল, আর মঙ্গল স্থানে চন্দ্র)। জা: পা:

বিষ্ঠা মধ্যে মৃত্যু:—(১) মেষে শনি, তুলায় মঙ্গল, এবং মকরে বা কুম্ভে চন্দ্র থাকিবে।

(২) ৪র্থে মঙ্গল, ৭মে রবি, ১০মে ক্ষীণ চন্দ্র। বৃ: জা:

ব্যসনে বিপদ :— ষষ্ঠে রবি থাকিবে। জা: র:

ভগ্ন জানু বা পদ :—একাদশে রবি বা মঙ্গল। কু: ক:

ভগ্নাঙ্গ শূল দ্বারা (১) অঙ্গসহম ১২শে পড়িবে তথায় চন্দ্র

থাকিবে ও মঙ্গল কর্ত্তৃক পূর্ণ দৃষ্ট হইবে।

ভগ্নাঙ্গ শূল দ্বারা (২) লগ্নে চন্দ্র ও মঙ্গল থাকিবে।

(৩) চন্দ্রের রাশিপতি দ্বাদশে মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(৪) দ্বিস্বভাব-রাশি লগ্ন হইবে এবং ৭মে চন্দ্র ও মঙ্গল থাকিবে। মঃ জাঃ

মস্তকচ্ছেদ (১) শনি গৃহে রাহু, এবং সিংহে চন্দ্র।

(২) ৮মে রবি ও চন্দ্র থাকিবে। রাঃ মাঃ

(৩) চন্দ্র ক্ষীণ হইয়া শনি-রাহু-কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(৪) শুক্রকে বৃহস্পতি দেখিবে, মঙ্গল যুক্ত রবির সহিত শনি বা রাহু যুক্ত হইবে অথবা ক্রুর-ষষ্ঠ্যংশ-সমন্বিত হইবে। সঃ চিঃ

(৫) কর্কটে রাহু, সিংহে চন্দ্র অথবা ৮মে রাহু ও চন্দ্র।

(৬) লগ্নের ৮মে রবি-চন্দ্র থাকিবে।

(৭) রাহু-চন্দ্র একত্র ও শনি সিংহে থাকিবে। কুঃ কঃ

(৮) ৮মপতিকে শুক্র দেখিবে, ক্রুর-ষষ্ঠ্যংশ-গত রবি বা শনি যদি রাহু কর্ত্তৃক যুক্ত হয়। জাঃ পাঃ

(৯) চৌর্য্যাপরাধে বা বাহুবল জনিত অপরাধে :—কর্কটে শনি ও মকরে মঙ্গল থাকে। জ্যোঃ কঃ লঃ

মাতৃকোপে মৃত্যু :—পাপমধ্যগত লগ্নপতি কেতুযুক্ত হইবে এবং ৮মে পাপ থাকিবে। জাঃ পাঃ

অস্ত্রে পীড়ন বা কাটা যায় (১) :—লগ্নে রবি, চন্দ্র ও শনি এবং ৭মে মঙ্গল থাকিবে। কুঃ কঃ

যন্ত্রে পীড়ন বা কাটা যায় (২) ৭মে বা ১০মে মঙ্গল এবং ৪র্থে বা ৭মে বুধ। সাঃ

যুদ্ধে বিপত্তি (১) ষষ্ঠপতি, ৮মপতি বা মঙ্গলের সহিত ৩য়পতি আর শনি রাহু বা কেতু যুক্ত হইবে এবং ক্রূরাংশে থাকিবে।

(২) শনিস্থিত দ্রেক্কাণপতি যদি মঙ্গল দৃষ্ট বা যুক্ত হইয়া মঙ্গলের ক্ষেত্র বা নবাংশে থাকে।

(৩) লগ্নপতি ও ৮মপতি দুর্ব্বল হইয়া ষষ্ঠপতি ও মঙ্গলের সহিত যুক্ত হইবে। সঃ চিঃ

(৪) লগ্ন ও ৮মপতিদ্বয় দুর্ব্বল ও ষষ্ঠ বা ৮মস্থ। জাঃ লঃ

(৫) মান্দি-নবাংশের ৭মে মঙ্গল থাকিবে।

(৬) অস্ত্রাঘাত ঃ—৮মপতি ও লগ্নপতি দুর্ব্বল আর মঙ্গল ও ষষ্ঠপতি কর্ত্তৃক যুক্ত হইবে। জাঃ পাঃ

(৭) অথবা গুহ্যাময় বা কৃমি রোগ ঃ—বলবান মঙ্গল যদি ক্ষীণ চন্দ্রকে দেখে ও ৮মে শনি থাকে। জাঃ ভঃ

রজ্জু বন্ধনাদিতে বিপত্তি (১) মকর বা কুম্ভে পাপমধ্যগত এবং মঙ্গলযুক্ত চন্দ্র থাকিবে। কুঃ কঃ

(২) পাপমধ্যগত চন্দ্র যদি শনি গৃহে থাকে। জাঃ পাঃ

রাজ-পীড়া (১) ৪র্থে মঙ্গল, ৭মে চন্দ্র এবং ১০মে শনি। বৃঃ জাঃ

(২) রবি যদি ২য়পতি ও পাপ গ্রহগণ কর্ত্তৃক যুক্ত হয়।

(৩) পিতার ঃ—রবি নীচস্থ বা ষষ্ঠস্থ বা অষ্টমস্থ হইয়া পাপ দৃষ্ট হইবে। সঃ চিঃ

রাজ-পীড়া (৪) ষষ্ঠে বা অষ্টমে রবি ও চন্দ্র থাকিবে। লঃ চঃ

(৫) লগ্নপতি ৮মে এবং লগ্নে ৮মপতি। জাঃ লঃ

(৬) রবি দৃষ্ট বলবান গ্রহ তৃতীয় স্থানে থাকিবে। পঃ

(৭) মান্দি-নবাংশের ৭মে রবি বা ক্ষীণচন্দ্র।

(৮) ৪র্থে মঙ্গল, ৭মে রবি ও ১০মে শনি। জাঃ পাঃ

(৯) গুহ্যে অর্থাৎ ৭মে মঙ্গল রাহু ও শনি। লঃ চঃ

(১০) শস্ত্র-জনিত :—৪র্থে মঙ্গল, ৭মে শনি, ১০মে এবং ৮মে কোন গ্রহ থাকিবে। হোঃ সাঃ

(১১) লগ্ন বা আত্মকারক-গ্রহের তৃতীয়ে রবি থাকে। জৈঃ

(১২) ভয় :—বর্ষ-লগ্নের ৮মে মঙ্গল থাকিবে। তাঃ নীঃ

(১৩) শাসন মানে না :—৮মে মঙ্গল শনি রাহু। মাঃ সাঃ

লগুড় প্রহারে বিপদ :—ক্ষীণ চন্দ্র ৮মে, শনি লগ্নে, রবি ৪র্থে এবং মঙ্গল ১০মে থাকিবে। জাঃ লঃ

লিঙ্গচ্ছেদ (১) নিজে নিজের :—লগ্নে ষষ্ঠপতি বুধ ও রাহু।

(২) রোগ হেতু :—লগ্নে ষষ্ঠপতি, বুধ ও মঙ্গল এবং তাহাতে শুভদৃষ্টি থাকিবে না।

(৩) অপকীর্ত্তি :—শনি ভূমিকেন্দ্রে (কাহারও মতে-লগ্ন; আমার বোধ হয়-৪র্থ) থাকে এবং রবি কর্ত্তৃক যুক্ত হয় বা রবির সহিত শনি কোনও সম্বন্ধে আবদ্ধ হয়, আর চন্দ্র-শুক্র-দ্বারা দৃষ্ট হয়। জাঃ লঃ

(৪) কর্কটে রবি এবং মকরে মঙ্গল থাকিবে।

লোক হইতে বিপদ :—লগ্নপতি অষ্টমে ও অষ্টমপতি

লগ্নে থাকিবে। জাঃ লঃ

লোভে মৃত্যুঃ :—লগ্নে রবি, ৫মে মঙ্গল, ৮মে শনি ও ৯মে চন্দ্র থাকিবে। পঃ জাঃ

লৌহঘাত :—মঙ্গল বর্ষাধিপতি হইয়া পাপগ্রহ কর্ত্তৃক পরাজিত ও নির্ব্বলী হইবে। তাঃ নীঃ

শত্রু ভয় :—বর্ষলগ্ন, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, বা দ্বাদশস্থ চন্দ্রকে কেতু দেখিবে। তাঃ নীঃ

শত্রু দোষে যাত্রাকালে মৃত্যু :—৪র্থ ও১০ম ভাবে পাপগ্রহ এবং ষষ্ঠ বা ৮মে ক্ষীণ চন্দ্র থাকিবে।

শরক্ষেপে মৃত্যু :—৯মে রবি, মঙ্গল, শনি ও রাহু। জাঃ সঃ

শস্ত্রাগ্নি পরিক্ষতাঙ্গ :—চন্দ্রের ১০মে রবি-বুধ-শনি। সাঃ

শস্ত্রাঘাত (১) ক্ষীণ চন্দ্রের উপর বলবান মঙ্গলের দৃষ্টি এবং ৮মে শনি থাকিবে।

(২) মঙ্গলের গৃহগত চন্দ্র যদি পাপ মধ্যগত হয়।

(৩) বলী শনি যদি ৮মস্থ ক্ষীণ চন্দ্রকে দেখে।

(৪) লগ্নপতি ও ৮ম পতি দুর্ব্বল হইবে এবং মঙ্গলের সহিত ষষ্ঠপতি যুক্ত হইবে।

(৫) নাভির উর্দ্ধে :—লগ্নে শনি শুভ-দৃষ্টি বিহীন, আর কৃষ্ণ পক্ষের চন্দ্রে রাহু ও রবি যুক্ত হইবে।

(৬) রাত্রে নিষাদ কর্ত্তৃক :—লগ্নে চন্দ্র, ৪র্থে পাপ, ৮মে দুর্ব্বল রবি, ও ১২শে বৃহস্পতি থাকিবে।

(৭) (স্ত্রী কোষ্ঠী) :—৫মপতি ষষ্ঠে ও ষষ্ঠপতি-লগ্নে।

শস্ত্রাঘাত (৮) সিংহ নবাংশগত শনিকে রাহু দেখিবে। জাঃপাঃ

(৯) রবি ষষ্ঠভাবে থাকিবে। কঃ

(১০) ষষ্ঠে মধ্যবলী চন্দ্র যদি মঙ্গল ও শনি যুক্ত হয়। কঃ

(১১) মকর বা কুম্ভস্থ চন্দ্র পাপগ্রহের নবাংশগত হইবে।

(১২) রাজকোপেঃ—৪র্থে মঙ্গল, ৭মে রবি, ১০মে শনি।

(১৩) বলবান রবি যদি দুর্ব্বল চন্দ্রকে দেখে ও ৮মে শনি থাকে। সাঃ

(১৪) পুত্রের সহিত মাতার মৃত্যুঃ—রবি গ্রহণোপগত হইয়া ক্রূর-গ্রহের সহিত লগ্নস্থ হইবে এবং ৮মে মঙ্গল থাকিবে। সাঃ

(১৫) চন্দ্র পাপ-মধ্যগত হইয়া মেষ, সিংহ বা বৃশ্চিকে থাকিবে।

(১৬) বিষে মৃত্যুঃ—লগ্নে রাহু, ৭মে বা ৮মে শুক্র, লগ্নে পাপগ্রহ, চন্দ্র ষষ্ঠ বা ৮মস্থ, অথবা ১২শে বহু পাপগ্রহ থাকিবে।

(১৭) বিষ বা অগ্নিপীড়াঃ—পাপযুক্ত বা দৃষ্ট ৪র্থ, ৮ম বা ১২শস্থ রাহুকে ৮মপতি দেখিবে।

(১৮) বা রাজকোপে মৃত্যুঃ—৪র্থে মঙ্গল, ৭মে শনি, ৮ম ও ১০মে কোন গ্রহ থাকিবে।

(১৯) যাত্রাকালে বা পতনে মৃত্যুঃ—৪র্থ ও ১০মে পাপ-গ্রহগণ, ষষ্ঠ, ৮ম বা ১২শে ক্ষীণ চন্দ্র। হোঃ সাঃ

(২০) অগ্নি-দগ্ধ বা কাষ্ঠের আঘাত মস্তকেঃ—লগ্নে রবি,

মঙ্গল, শনি ও রাহু থাকিবে। শঃ হোঃ

শস্ত্রাঘাত (২১) মাতুলের বা নিজের :—ষষ্ঠে রবি বা মঙ্গল।

(২২) জানুমূলে বা পৃষ্ঠবংশে :—১০মে রবি বা মঙ্গল।

(২৩) বাহুতে চিহ্ন :—৩য়ে মঙ্গল যদি পাপ দৃষ্ট হয়।

(২৪) বিষপীড়া :—মঙ্গল ২য়ে থাকিবে। শঃ হোঃ

(২৫) লগ্ন বা কারকের তৃতীয়ে মঙ্গল থাকে।

(২৬) মাতার :—৪র্থে শনি বা রাহু থাকে।

(২৭) মাতুলের :—ষষ্ঠস্থ রবি ও মঙ্গলে শুভদৃষ্টি হীন।

(২৮) কটিতে চিহ্ন :—ষষ্ঠে রবি ও মঙ্গল থাকিবে।

(২৯) মঙ্গলযুক্ত চন্দ্র পাপ-মধ্যগত হইবে।

(৩০) ৯মে শনি ও রবি থাকিবে।

(৩১) পিতামাতার শরীরে; নিজের পৃষ্ঠের শিরদাঁড়ায় বা জানুমূলে—১০মে রবি ও মঙ্গল।

(৩২) শত্রু-ক্ষেত্রস্থ বৃহস্পতিকে বুধ দেখিবে।

(৩৩) পায়ে :—একাদশে রবি ও মঙ্গল থাকে। কুঃ কঃ

(৩৪) মাতা ও বালকের মৃত্যু :—লগ্নে পাপগ্রহ (টীকা-কার—পাপগ্রহ অর্থাৎ শনি) রবি ও রাহু। বৃঃজাঃ

(৩৫) লগ্নে লগ্নপতি ও শনি পাপদৃষ্ট বা পাপযুক্ত হইবে।

(৩৬) মস্তকে খড়্গাঘাত :—লগ্নে লগ্নপতি ও মঙ্গল যদি পাপযুক্ত বা দৃষ্ট হয়। "

(৩৭) লগ্নপতি ও ৮মপতি দুর্ব্বল হইয়া মঙ্গল এবং ৬ষ্ঠপতির সহিত যুক্ত হইবে। সমুং চিঃ

শস্ত্রাঘাত (৩৮) ষষ্ঠে লগ্নপতি ও ৮মপতি থাকে এবং শনির সহিত রাহু বা কেতুযুক্ত হয়। সঃ চিঃ

(৩৯) ৪র্থ পতি ষষ্ঠভাবে থাকিবে। জাঃ লঃ

(৪০) জন্তু হস্ত বা চক্ষু নাশ হেতু মৃত্যু, বা রাত্রে নিষাদ কর্ত্তৃক হত :—লগ্নে চন্দ্র, ৮মে দুর্ব্বল রবি, ১২শে ও ৪র্থে পাপগ্রহ থাকিবে। হোঃ সাঃ

(৪১) ষষ্ঠস্থ ও শত্রুগৃহস্থ বৃহস্পতিকে বুধ দেখিবে। রাঃ মাঃ

(৪২) বর্ষলগ্ন, ৬,৭,৮, ১২শস্থ চন্দ্রকে শনি দেখিবে।

(৪৩) বর্ষ-লগ্নাধিপতি ৮মে অথবা ৮ম-পতি লগ্নে থাকিয়া মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইবে এবং বুধ-শুক্র অস্তগত হইবে। তাঃ নীঃ

(৪৪) লগ্নে রবি, মঙ্গল, শনি ও রাহু। জ্যোঃ কঃ বৃঃ

শূল-বিদ্ধ (১) ৪র্থে রবি বা মঙ্গল এবং ১০মে শনি।

(২) লগ্নে মঙ্গল এবং ত্রিকোণে পাপযুক্ত ক্ষীণ চন্দ্র।

(৩) ৪র্থে রবি, ১০মে মঙ্গল এবং ঐ মঙ্গলকে ক্ষীণ চন্দ্র দেখিবে। বৃঃ জাঃ

(৪) রাজকোপে :—রবি ও মঙ্গল পরস্পরের রাশি-গত হইয়া ৮মপতি হইতে কেন্দ্রে পড়িবে।

(৫) বা গোশৃঙ্গাঘাতে মৃত্যু :—লগ্নে বুধ, ৪র্থে মঙ্গল কিন্তু শুভযুক্ত নয়, এবং ১০মে রবি থাকিবে।

(৬) শূলপাতে মৃত্যু :—পাপদৃষ্ট শুভগ্রহগণ যদি লগ্ন, চতুর্থ, অষ্টম ও দশমে থাকে।

শূল-বিদ্ধ (৭) লগ্নে রবি, ৫মে মঙ্গল ও ৯মে শনি। জাঃ পাঃ
(৮) মেষ বৃষ ও মিথুনে সকল গ্রহ থাকিবে। হোঃ প্রঃ
(৯) ৪র্থে মঙ্গল এবং দশমে রবি বা শনি এবং ক্ষীণ-চন্দ্রযুক্ত পাপগ্রহগণ ত্রিকোণে বা একাদশে থাকে।
(১০) ৪র্থে মঙ্গল বা রবি এবং দশমে শনি ও ক্ষীণ চন্দ্র, আর ত্রিকোণে ও লগ্নে পাপগ্রহগণ থাকে। সাঃ
(১১) ৪র্থে রবি বা মঙ্গল, ১০মে শনি, আর পাপগ্রহগণ যুক্ত ক্ষীণ চন্দ্র ৪র্থ বা ৯মে থাকিবে। হোঃ মঃ
(১২) হেতু মৃত্যু ঃ—২য়ে চন্দ্র ও ৪র্থে রবি। পঃ জাঃ
(১৩) মস্তকে ঃ—৪র্থে রবি বা মঙ্গল, ১০মে চন্দ্র-শনি, এবং লগ্ন ও ত্রিকোণে খলগ্রহগণ থাকে। জাঃ ভঃ

শোকে বিপত্তি ঃ—মঙ্গলযুক্ত পাপ-মধ্যগত কন্যার চন্দ্র।

সর্পাঘাত ঃ—৮ম ভাবে ষষ্ঠপতি ও মঙ্গল থাকে। র

স্ত্রীলোক হেতু (১) গৃহ মধ্যে মৃত্যু ঃ—মীন লগ্নে রবি, মেষে শুক্র, ও কন্যায় পাপ গ্রহ থাকিবে। কুঃ কঃ
(২) স্বগৃহে মৃত্যুঃ— মীন লগ্নে রবি,মেষে শুক্র ও কন্যায় শুভ যুক্ত চন্দ্র[জাঃ পাঃ--কন্যায় পাপযুক্ত চন্দ্র]বৃঃ জাঃ
(৩) মৃত্যু ঃ—মীনলগ্নে পাপযুক্ত রবি ও চন্দ্র এবং অষ্টমে পাপ গ্রহ থাকিবে। জাঃ পাঃ
(৪) ভার্য্যাকৃত মৃত্যু ঃ—মীনলগ্নে রবি, ৭মে চন্দ্র ও মেষে পাপযুক্ত শুক্র থাকিবে। জাঃ ভঃ
(৫) তদগৃহে মৃত্যু ঃ—মীন লগ্নে রবি, মেষে শুক্র, ৭মে

মঙ্গল, আর চন্দ্র ক্রূর যুক্ত হইবে। হোঃ মঃ

স্ত্রীলোক হেতু (৬) মৃত্যু ঃ—লগ্নে রবি-শনি, ২য়ে শুক্র, ৭মে চন্দ্র-মঙ্গল থাকিবে। পঃ জাঃ

সুরালয়োদ্যানে মৃত্যু ঃ—১২শে রবি-মঙ্গল, ৭মে রাহু-চন্দ্র, এবং কেন্দ্রে বৃহস্পতি থাকিবে। পঃ জাঃ

স্বীয় স্ত্রী হইতে মৃত্যু ঃ—৭মে শনি-মঙ্গল, আর ৭মপতি ষষ্ঠ অষ্টম বা দ্বাদশে পড়িবে। হোঃ রঃ

হঠাৎ মৃত্যু (১) ৮মে মঙ্গল—নবাংশগত বহু পাপ থাকিবে ও ক্রূর-ষষ্ঠ্যংশ পাইবে।

(২) শুভগ্রহগণ নীচ মূঢ় শত্রু গৃহস্থ, পরাজিত, পাপাংশস্থ ও পাপযুক্ত হইবে।

(৩) শনি রাহু ও রবি ইহারা ক্রূর ষষ্ঠ্যংশগত ও মূঢ় হইবে এবং ৮মপতি কর্ত্তৃক দৃষ্ট হইবে। সঃ চিঃ

হঠ (অর্থে—বল, বলাৎকার, লুট) কারণে পাঁচ দিনে মৃত্যু ঃ— একাদশে চন্দ্র ও কর্কটে রবি থাকিবে। জাঃ সং

হস্তচ্ছেদ (১) মেষ বা বৃশ্চিক লগ্ন হইবে, রবি সিংহে, ২য়ে দুষ্টগ্রহ দেখিবে কিন্তু শুভযুক্ত বা দৃষ্ট হইবে না।

(২) চৌর্য্য হেতু ঃ—ষষ্ঠে চন্দ্র-মঙ্গল অথবা মঙ্গল ও বুধ থাকিবে। কুঃ কঃ

(৩) শনি ৯মে বা শনি বৃহস্পতি তৃতীয়ে এবং রবি ৮মে বা ১২শে থাকিবে।

(৪) লগ্নে শনি, ৮মে রাহু ও কৃষ্ণপক্ষের চন্দ্র, এবং

১০মে শুক্র থাকিবে। সঃ চিঃ

হস্তচ্ছেদ (৫) ৯মে শনি, ৩য়, ৮ম বা ১২শে বৃহস্পতি।*

(৬) দশমে বুধ, শনি ও রাহু থাকিবে।

(৭) লগ্নে শনি, ৭মে রাহু ও ক্ষীণ চন্দ্র এবং কন্যায় শুক্র থাকিবে। জাঃ পাঃ

(৮) সিংহে শনি, মঙ্গল গৃহে পাপযুক্ত বৃহস্পতি থাকে।

(৯) চোর কর্ত্তৃকঃ—ষষ্ঠাষ্টমে মঙ্গল বুধ থাকে। হোঃ প্রঃ

(১০) চৌর্য্য হেতুঃ—লগ্নে বা ষষ্ঠে মঙ্গল বুধ। মাঃ সাঃ

(১১) লগ্ন মঙ্গলের ক্ষেত্রে, পাপযুক্ত শনি সিংহে।

(১২) এক হাত ও এক পা কাটা যাইবেঃ—ক্রূর গৃহে শত্রুযুক্ত বা দৃষ্ট শনি থাকিবে।

(১৩) দুই হাত ও দুই পা কাটা যাইবেঃ—৮মে মঙ্গল, শনি, রাহু ও রবি থাকে। রাঃ মাঃ

হস্তহীনঃ—বুধ ও মঙ্গল লগ্নে বা ষষ্ঠে থাকে। লঃ চঃ

ইতি শ্রীগণপতি সরকার বিদ্যারত্ন প্রণীত
জ্যোতিষ যোগ-তত্ত্বে দুর্য্যোগাধ্যায়।

* "ধর্ম্মে শনৌ চাহথ গুরৌ তৃতীয়ে, করচ্ছিদা স্যান্নিধনে ব্যন্দ্র্যা"।

কুযোগাধ্যায়।

অগম্যাগমন (১) গুরুদারাতে (অ) পাপযুক্ত চন্দ্র ৯মে, আর ৫মে শুক্র থাকিবে।

(আ) ৯ম-পতি ঐরূপ গ্রহ (চন্দ্র + শুক্র) যুক্ত হইয়া পাপযুক্ত হইবে।

(ই) ৯ম-পতির নবাংশপতি ঐরূপ যুক্ত হইলে।

(ঈ) ৯মপতি নীচস্থ, ৯ম-পতির নবাংশে শুক্র থাকিলে।

(উ) চন্দ্র ক্ষীণ হইবে, বা চন্দ্রের নবাংশে শুক্র থাকিবে ও পূর্ব্বোক্ত রূপ (৯ম পতি নীচস্থ ইত্যাদি) হইবে।

(২) ভগ্নীতে (ক) ক্রূরযুক্ত ৭মপতি ৪র্থে পাপদৃষ্ট বা পাপতুল্য গ্রহযুক্ত বা ক্রূরাদি ষষ্ঠ্যংশযুক্ত হইবে।

(খ) ৪র্থ স্থান পাপরাশি ও ক্রূরাদি ষষ্ঠ্যংশযুক্ত হইবে।

(গ) ৪র্থে শনি পাপযুক্ত বা পাপদৃষ্ট হয়। সঃ চিঃ

(৩) ভ্রাতৃজায়াসক্তঃ—লগ্নে লগ্নপতি ও ৭মে ৭মপতি অথবা উভয়েই লগ্নে বা ৭মে থাকিবে। হোঃ রঃ

(৪) মাতৃসমানগামীঃ—শুভ দৃষ্টি হীন ৪র্থপতি পাপযুক্ত বা পাপদৃষ্ট আর ৭মপতি অপেক্ষা লগ্নপতি দুর্ব্বল।

(৫) মাতৃগামী (ক)ঃ—চন্দ্র বা শুক্র কেন্দ্রে থাকিয়া পাপযুক্ত বা পাপদৃষ্ট বা ক্রূরাংশকগত বা অবরোহভাগগত হইবে।

অগম্যাগমন (খ) ষষ্ঠপতি মঙ্গল যুক্ত, চন্দ্র ৪র্থে থাকিয়া পাপদৃষ্ট, বা চন্দ্রের নবাংশ পতি (চন্দ্রাংশ সংযুক্ত নবাংশনাথে) যদি ৪র্থে থাকিয়া পাপদৃষ্ট হয়।

(গ) চন্দ্র পাপদৃষ্ট ও পাপযুক্ত হইবে বা রবি কেন্দ্রে থাকিবে, ৪র্থে পাপ থাকে বা পাপদৃষ্ট হয়। সঃচিঃ

(ঘ) পাপদৃষ্ট ও পাপযুক্ত রবি বা চন্দ্র কেন্দ্রে এবং ৪র্থে পাপগ্রহ থাকিবে বা দেখিবে।

(ঙ) বা গুরুপত্নীগামী (অ) ৪র্থে দুইটি ক্রুরগ্রহ থাকিবে।

(আ) চন্দ্র বা শুক্র পাপদৃষ্টহইয়াকেন্দ্রে থাকিবে। জাঃপাঃ

অগ্নিদাতা (১) আত্মকারক যুক্ত রবি রাহুকে মঙ্গল দেখিবে।

(২) মঙ্গল শুক্র দৃষ্ট আত্মকারকে রবি রাহু যুক্ত। জৈঃ

(৩) গুলিক কেতু যুক্ত হইবে। জাঃ পাঃ

অজীর্ণ রোগ (১) :—লগ্নপতি, ৮মপতি ও বৃহস্পতি একত্র।

(২) লগ্নপতি ও বৃহস্পতি একত্র ষষ্ঠে থাকিবে।

(৩) লগ্নপতি, ৪র্থপতি ও বৃহস্পতি একত্র।

(৪) লগ্নপতি, ৪র্থপতি ও ২য়পতি একত্র। সঃ চিঃ

অণ্ডবৃদ্ধি (১) বায়ুজ :—৮মে মঙ্গল ও শুক্র থাকিবে।

(২) ক্ষিতিজ :—কর্কটে মঙ্গল ও শুক্র থাকিবে।

(৩) রক্তজঃ—মেষ বা বৃশ্চিকস্থ বুধ শুক্রকে চন্দ্র ও বৃহস্পতি দেখিবে। রঃ

(৪) রাহুর সহিত যে কোন স্থানে মঙ্গল বা শনি থাকে।

(৫) নাভি বা গুল্‌ফ বৃদ্ধি রোগঃ—লগ্নে মঙ্গল। জাঃপাঃ

অশুবৃদ্ধি (৬) বৃহস্পতি বা শুক্র ষষ্ঠপতি হইয়া লগ্নে থাকিবে ও পাপ দৃষ্ট হইবে।

(৭) ক্ষিতিজ :—মঙ্গলের ক্ষেত্রে অষ্টমে শুক্র ও মঙ্গল।

(৮) শুক্র শোণিত যুক্ত :—মঙ্গলের ক্ষেত্রগত শুক্র মঙ্গলকে শনি বা বৃহস্পতি দেখিবে। জাঃ লঃ

(৯) পীনজঙ্ঘা :—কর্কটে মঙ্গল ও মকারে চন্দ্র। কুঃকঃ

অতিসার :—ক্রূর দৃষ্ট ষষ্ঠস্থ শুক্র ক্রূরাংশে থাকে। সঃ চিঃ

অন্ধ (১) :—১২শস্থ রবি চন্দ্রকে শুভগ্রহ দেখিবে না।

(২) ৪র্থ ৫মে পাপগ্রহ, আর চন্দ্র ষষ্ঠ, ৮ম বা ১২শ স্থানে থাকিয়া শুভদৃষ্টি পাইবে না। সঃ চিঃ

(৩) মঙ্গল শনি দৃষ্ট রবি চন্দ্র সিংহলগ্নে থাকিবে।

(৪) মঙ্গল স্বয়ং দ্বিতীয়পতি, ৮মে রবি চন্দ্র, ও ষষ্ঠ বা ১২শে শনি থাকিবে।

(৫) ষষ্ঠ ৮ম বা ১২শে চন্দ্র মঙ্গল ও শনি থাকে।

(৬) ২য়ে মঙ্গল, ষষ্ঠে চন্দ্র, ৮মে রবি ও ১২শে শনি।

(৭) লগ্নপতি, ২য়পতি, ৫মপতি, ৭মপতি, ও ৯মপতি ষষ্ঠ, ৮ম, ১২শে থাকিবে ও শুক্র লগ্নের সহিত সম্বন্ধ যুক্ত হইবে। জাঃ পাঃ

(৮) সূর্য্যগ্রহণ সময়ে জন্ম হইবে, লগ্নে রবি, ৫মে শনি, ও ৯মে মঙ্গল থাকিলে। বৃঃ জাঃ

(৯) কামুকতা প্রযুক্ত ধাতুক্ষয় হেতু :—৪র্থে রবি চন্দ্র বৃহস্পতি ও শুক্র থাকিবে।

অন্ধ (১০) চন্দ্র সপ্তমে, ও মঙ্গল চন্দ্রের পৃষ্ঠে উদিত হয়।

(১১) লগ্নে ক্রূরগ্রহ, লগ্নপতি অশুভ গৃহস্থ, এবং রবি ও চন্দ্র ক্রূরদ্বয় মধ্যগত হইবে। হোঃ রঃ

অনপত্য (১) ৫মপতি ও ৭মপতি উভয়ে বলবান হয় ও ষষ্ঠপতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইয়া থাকে।

(২) অল্পায়ুঃ—ষষ্ঠে, ৮ম ও ১২শে পাপ এবং লগ্নপতি দুর্ব্বল বা শুভগ্রহ দ্বারা দৃষ্ট বা যুক্ত হয় না।

(৩) ৫ম, ৭ম, ৯মপতিগণ দুঃস্থানে হীনবলী হয় এবং ৫মে শুভগ্রহের দৃষ্টি থাকে না। সঃ চিঃ

(৪) বহু স্ত্রী সত্ত্বেও ঃ—২য় ও ৫মপতি উভয়েই দুর্ব্বল হয় ও ৫মভাব পাপদৃষ্ট হইয়া থাকে।

(৫) বহু স্ত্রী সত্ত্বেও—কিন্তু স্ত্রীর জার হইতে পুত্র প্রাপ্তি ঃ—৫ম ও ৭মপতিদ্বয় বলবান হইয়া শুভ-দৃষ্ট এবং ষষ্ঠপতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

(৬) বৃহস্পতি, লগ্নপতি, ৫মপতি ও ৭মপতি সকলেই দুর্ব্বল হইবে।

(৭) ৫মে পাপ ও ৫মপতি নীচস্থ বা পাপমধ্যগত ও শুভ-দৃষ্টি-হীন।

(৮) বৃহস্পতির, লগ্নের ও চন্দ্রের ৫মে অশুভগ্রহ ও শুভদৃষ্টি বিবর্জ্জিত হইয়া থাকে।

(৯) বৃহস্পতি পাপমধ্যগত, এবং ৫মপতি দুর্ব্বল ও শুভদৃষ্টি বিহীন হয়।

অনপত্য (১০) পুত্রকারক গ্রহগণ দুঃস্থে, ৫ম-৯ম-৭ম পতিগণ ৫মে থাকিয়া পাপ দৃষ্ট হয়।

(১১) স্ত্রীর জন্মরাশি যদি তৃতীয়-স্থান না হয় অথবা ৭মপতির ত্রিকোণ-স্থান না হয়।

(১২) সাহসী :—চন্দ্রের ১০মে মঙ্গল ও শনি। জাঃ পাঃ

(১৩) ৫মপতি ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশে থাকে।

(১৪) লগ্নের নবাংশপতি যদি ২য়-৫ম-৭মপতি যুক্ত হয় এবং উভয়ে পাপাংশগত ও পাপ যুক্ত হয়।

(১৫) দ্বাদশপতির নবাংশপতি যদি ৮মে থাকে এবং ৫মপতিও ক্রূর-ষষ্ট্যংশে থাকে।

(১৬) লগ্নপতি ও ৫মপতি দুঃস্থে থাকে, ৫ম-কারকগ্রহ নীচস্থ হয়, আর ৫মে নপুংসক গ্রহ থাকে।

(১৭) বৃহস্পতি ক্রূর-ষষ্ট্যংশগত হইয়া ৫ম বা ৮মে থাকে, আর ৫মপতিও অষ্টমে থাকে। পঃ

(১৮) বলবান লগ্নপতি লগ্নে ২য়ে বা তৃতীয়ে থাকে।

(১৯) ধনুরাশিতে চন্দ্র, মঙ্গল ও শুক্র থাকে। (যে স্ত্রীর কোষ্ঠীতে এই যোগ হয় সে কাকবন্ধ্যা বা সিংহিকা—দ্বাদশ বর্ষান্তে প্রসবিনী—হয়।)

(২০) ৪র্থে পাপগ্রহগণ, ৭মে শুক্র ও ১০মে চন্দ্র। কুঃ কঃ

(২১) জন্মিলেও মরিবে :—৫মপতি অস্তগত, পাপাক্রান্ত ও দুর্ব্বল। হোঃ রঃ

(২২) উপপদের ৭মরাশির বা ৭মপতির ৫মে বুধ, শুক্র

বা শনি থাকিবে। জৈঃ

অনিষ্টকারী—পিতার :—৯ম ও ১০মপতি-দ্বয় দুঃস্থে, আর লগ্নপতি বলবান হইবে। জাঃ পাঃ

অপকীর্ত্তি :—১০মে পাপাংশগত, পাপদৃষ্ট, পাপমধ্যগত শনি ও রবি থাকিবে। সঃ চিঃ

অপবাদ যুক্ত (১) রোগী :—লগ্নপতি ও ৮মপতি উভয়ে বলবান হইয়া কেন্দ্র কোণে থাকিবে।

(২) বিগতাভিমান, স্বকর্ম্ম-তেজ-বল-কীর্ত্তি হীন :—১০মে পাপ থাকে বা দেখে ও দশমপতি দুর্ব্বল।

অপ্রসিদ্ধ :—লগ্নপতি ষষ্ঠ, ৮ম বা ১২শে পাপদৃষ্ট পাপযুক্ত বা পাপ গ্রহের গৃহগত হইবে। জাঃ পাঃ

অভিসম্পাত প্রাপ্ত : রক্ত-পীড়া-গ্রস্ত :—লগ্নে রবি, মঙ্গল, ও রাহু থাকিবে। মাঃ সাঃ

অলস (১) লগ্নপতি, রবি ও চন্দ্র একত্র থাকিয়া শনি দৃষ্ট।

(২) গৃহে :—২য়-১২শ-৪র্থপতি ইহারা ৮মে পাপযুক্ত হইয়া থাকিবে। জাঃ পাঃ

অল্পায়ু (১) ৩০ বর্ষে মৃত্যু :—লগ্নপতি ও ৮মপতি উভয়ে দুর্ব্বল হইয়া কেন্দ্রস্থ হইবে।

(২) ৩২ বর্ষে মৃত্যু :—লগ্নপতি ও চন্দ্র উভয়েই দুর্ব্বল ও পাপদৃষ্ট হইয়া আপোক্লিমস্থ হইবে।

(৩) ৩১ বর্ষে মৃত্যু :—রবি পাপ-মধ্যগত হইয়া লগ্নস্থ।

(৪) ৩ বর্ষে মৃত্যু :—বৃহস্পতি ১২শে বা কেন্দ্রে, আর

লগ্নপতি পাপযুক্ত হইয়া ৩য় ষষ্ঠ বা ৯মে থাকে।

অল্পায়ু (৫) ৬ বর্ষে মৃত্যু :—কর্কট লগ্নে চন্দ্র মঙ্গল, আর অন্য কেন্দ্রত্রয়ে ও ৮মে গ্রহ শূন্য।

(৬) ৫ বর্ষে মৃত্যু :—লগ্নপতি ৮মে ও ৮ম পতি লগ্নে।

(৭) ৪০ বর্ষে মৃত্যু :—৮ম পতি লগ্নে ও ৮মে শুভগ্রহ বর্জিত।

(৮) ৪৪ বর্ষে :—শনি-রবি-যুক্ত মকররাশি লগ্নের ৩য় বা ষষ্ঠভাব হইবে ও ৮মপতি কেন্দ্রে থাকিবে।

(৯) ৩০ বর্ষে মৃত্যু :—শুভগ্রহগণ শুভগ্রহের ক্ষেত্রে বা শুভ নবাংশগত হইবে।

(১০) ২৮ বর্ষে মৃত্যু :—লগ্নের ৮ম পতি ও চন্দ্রের ৮ম-পতি উভয়েই ১২শস্থ বা কেন্দ্রস্থ হইবে।

(১১) ৩০ বর্ষে মৃত্যু :—৪টি কেন্দ্র শুভবর্জিত, আর ৮ম স্থান গ্রহযুক্ত হইবে।

(১২) ২০ বর্ষে মৃত্যু :—শুভযুক্ত লগ্নপতি লগ্নে ও অন্য গ্রহের দৃষ্টি বিহীন ৮মপতি ৮মে থাকে।

(১৩) ২০ বর্ষে মৃত্যু :—চন্দ্র ক্ষীণ, লগ্নপতি দুর্ব্বল, ৮ম-পতি কেন্দ্রস্থ ও ৮মে পাপগ্রহ।

(১৪) ২০ বর্ষে মৃত্যু :—শুভগণ আপোক্লিমস্থ, আর শনি ও চন্দ্র ষষ্ঠে বা ৮মে থাকিবে।

(১৫) ২০বর্ষে মৃত্যু :—লগ্নে মঙ্গল, ও শনি-রবি কেন্দ্রে।

(১৬) ২০ বর্ষে মৃত্যু :—দুইটি পাপ ২য়ে, ৮মে, ১২শে

থাকিবে কিন্তু রাহু বা চন্দ্র যুক্ত হইবে না। জাঃলঃ

অল্পায়ু (১৭) ২০ বা ৩০ বর্ষেঃ-৮মেশ কেন্দ্রে,লগ্নেশ দুর্ব্বল। পঃ

অবিবাহিত (১) ৭মে বুধ ও শুক্র থাকিবে। (কিন্তু শুভগ্রহের দৃষ্টি পাইলে বেশী বয়সে বিবাহ হয়।)

(২) বিবাহ হইলেও স্ত্রীর মৃত্যু :—৭মস্থ রাহুকে পাপ-গ্রহগণ দেখিবে। কুঃ কঃ

(৩) [স্ত্রীকোষ্ঠীতে] :—লগ্ন বা চন্দ্রের ৭মে শনি ও ঐ শনিকে পাপগ্রহগণ দেখিবে। বৃঃ জাঃ

অস্থিরধন ঃ প্রিয়াদুঃখভাগী ঃ সেবক ঃ-২য়ে রবি বুধ। কুঃ কঃ

আততায়ী ঃ কাণা ঃ পিতৃ-মাতৃ-বন্ধু-ত্যক্ত ঃ—রবি, চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি ও শুক্র একত্র। জাঃ পাঃ

আত্মীয়দ্বারা নিরাকৃত ঃ বান্ধব রহিত ঃ—৪র্থে মঙ্গল বুধ। সাঃ

আত্মীয় নাশ ঃ—লগ্নে ও ১২শে পাপ আর ২য় ও ৭মে শুভ।

আনন্দহীন (ধন-পুত্র-স্ত্রী-জনিত)ঃ স্বয়ংমন্ত্রী ঃ শান্ত প্রকৃতি ঃ—রবি, চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি, শুক্র ও শনি একত্র।

আভিচারিক ব্যাধি (১) লগ্ন মঙ্গল দৃষ্ট, আর ষষ্ঠপতি লগ্ন, ৭ম বা দশমে থাকিবে।

(২) লগ্নে বা কেন্দ্রে লগ্নপতির সহিত মঙ্গল থাকিবে এবং ষষ্ঠপতিও লগ্নে থাকিবে। জাঃ পাঃ

উদরি রোগ ঃ—শনি কর্কটে ও চন্দ্র মকরে থাকে। জাঃ পাঃ

উন্মত্তের ন্যায় কার্য্য, তজ্জন্য সর্ব্বত্র নিন্দনীয় ঃ কৃত-বিস্মৃত ঃ-২য়ে মঙ্গল, আর ৪র্থ বা ১২শে শত্রু-নবাংশগত

শনি থাকিবে। হোঃ রঃ

উষ্ণ ভয়ে বিপদ :—মঙ্গলের সহিত ২য়পতি ও পাপগ্রহগণ যুক্ত হইবে। সঃ চিঃ

ঋণযোগ (১) ২য়ে পাপ, ১২শে লগ্নপতি, আর বিশেষ রূপে একাদশপতি দশমপতিকে দেখিবে বা দশম-পতির সহিত যুক্ত হইবে।

(২) ২য়পতি অস্তগত ও নীচস্থ, এবং ২য়ে ও ৮মে পাপগ্রহ থাকিবে।

(৩) ২য়পতি নীচস্থ ও ক্রুর-ষষ্ঠ্যংশগত, এবং ১১শ-পতি নীচস্থ হইয়া ক্রুর-ষষ্ঠ্যংশে থাকিবে।

(৪) ১১শপতি-স্থিত-নবাংশের অধিপতি ক্রুর-ষষ্ঠ্যংশে থাকিয়া পাপযুক্ত হইয়া দুঃস্থে থাকিবে। সঃ চিঃ

(৫) ২য়পতি অস্তগত নীচস্থ ও পাপষষ্ঠ্যংশযুক্ত। জাঃপাঃ

একচক্ষু (১) বৃহস্পতি ও শুক্র দৃষ্ট মঙ্গল বা চন্দ্র লগ্নে।

(২) ৯মপতি মেষ সিংহ বৃশ্চিক বা মকর রাশিতে থাকিবে, এবং ৭মগত মঙ্গল কর্কটস্থ রবিকে বা সিংহস্থ চন্দ্রকে দেখিবে। জাঃ লঃ

(৩) শত্রু-গৃহগত চন্দ্র তিনটি দুষ্ট গ্রহ কর্তৃক যুক্ত কিন্তু শুভ যুক্ত নয়।

(৪) দম্পতী :—চন্দ্র ষষ্ঠ ৮ম ১২শ ভাবে বা ত্রিকোণে থাকিবে [উভয় কোষ্ঠীতে ঐরূপ থাকিবে]।

(৫) দম্পতী :—চন্দ্র ৮মে ও রবি ষষ্ঠে থাকে। কুঃ কঃ

কপটী (১) ৪র্থে পাপ, ৪র্থপতি পাপদৃষ্ট বা ৪র্থ স্থান পাপ-মধ্যগত।

(২) ৪র্থে শনি রাহু ও মঙ্গল কিন্তু শুভ বর্জ্জিত, আর ৪র্থপতি কেবল পাপ যুক্ত হইবে।

(৩) পাপযুক্ত ও দৃষ্ট দশমপতি স্বয়ং পাপ হইয়া ৪র্থে।

(৪) পাপযুক্ত ৮মপতি ৪র্থে থাকিবে।

(৫) ক্ষণমাত্র ঃ—ক্ষীণ চন্দ্র রবির সহিত ৪র্থে। সঃ চিঃ

কর্ম করিয়া ও কর্মফলে বঞ্চিত ঃ—বুধ বৃহস্পতি ও শুক্রের স্থিত গৃহপতিগণ ৮মে থাকিবে। জাঃ পাঃ

কর্ম নাশ ঃ—দুঃস্থগত বুধ বৃহস্পতি ও শুক্রকে পাপগ্রহ দেখিবে। সঃ চিঃ

কর্ম নাশক (১) দশমে বুধ ও রাহু থাকিবে। জাঃ পাঃ

(২) বিহিত ঃ নীচ তুল্য ঃ—কেন্দ্রে চন্দ্র, বুধ, শুক্র আর লগ্নে রাহু থাকিবে। জাঃ পাঃ

(৩) একাদশে রবি, মঙ্গল, শনি ও রাহু থাকিবে। পঃ

কর্মাবরোধ ঃ—দশমপতি ষষ্ঠ, ৮ম বা ১২শে থাকে। জাঃ পাঃ

কর্ম বৈকল্য ঃ—১০মপতি নীচস্থ, ১০মে পাপ এবং ১০মের ১০মে (অর্থাৎ ৭মে) পাপ থাকিবে। পঃ

কর্ম হীন ঃ—নীচগ্রহ যুক্ত-শনি ১০মে,ও কর্মাংশে পাপ। পঃ

কলহ-প্রবীণ (১) ধৈর্য্যবান ঃ যুদ্ধে চতুর ঃ—৩য়পতির নবাংশ-পতির নবাংশপতি স্বগৃহাদি বর্গগত হইবে।

(২) কামরিপুর প্রাবল্যে ঃ—৩য়পতি শুক্র যুক্ত। সঃ চিঃ

কলহ-প্রিয় (১) ক্রোধী : উন্মাদ :—সপাপ চন্দ্র রাহু যুক্ত হইয়া ১২শে, আর শুভগ্রহ ৮মে থাকে।

(২) পরান্নভুক্ : দুঃখিতদেহ :—১২শে ৯মপতি ও কেন্দ্রে পাপগ্রহ কিন্তু শুভদৃষ্ট নয়। সঃ চিঃ

(৩) মানা : দুরাচারী :—রবি, বুধ, বৃহস্পতি ও শনি একত্র থাকিবে। জাঃ পাঃ

(৪) নানাদুঃখ যুক্ত :—নবমে রবি মঙ্গল থাকে। সাঃ

(৫) স্বজন সহ :—লগ্নে মঙ্গল থাকিবে। জাঃ লঃ

কলাবিদ্যা হীন : স্ত্রী পুত্রহীন : নেত্ররোগী : বাল্যে রোগী: নীচ সেবী :—শুভ-দৃষ্ট বা শুভযুক্ত না হইয়া লগ্নে রবি থাকিবে। কুঃ কঃ

কাণা (১) শুভ-দৃষ্টি-হীন রবি বা চন্দ্র দ্বাদশে। সঃ চিঃ

(২) দম্পতি :—ষষ্ঠে ও দ্বাদশে রবি ও চন্দ্র। জাঃপাঃ

(৩) ২য়ে রবি, শনি রাহু ও ২য়পতি ৭মে খলযুক্ত হইয়া থাকিবে কিন্তু ২য় স্থানকে দেখিবে না।

(৪) ১২শে রবি রাহু, এবং ১২শপতি ৭মগত হইয়া শনি বা মঙ্গল কর্ত্তৃক যুক্ত হইবে। হোঃ রঃ

(৫) চন্দ্র মঙ্গল ও শুক্র দৃষ্ট শত্রু-গৃহগত রবি অষ্টমে থাকিবে। রাঃ মাঃ

(৬) বুধ ও শুক্র কর্ত্তৃক দৃষ্ট হইয়া রবিযুক্ত মঙ্গল শত্রু গ্রহের গৃহে থাকিবে। কুঃ কঃ

কানীন :—১২শস্থ রবি চন্দ্রের বর্গে থাকিবে, বা রবি

চন্দ্রের সহিত যুক্ত হইবে।   জাঃ পাঃ

কামুক (১) লগ্নপতি ও ষষ্ঠপতি পাপগ্রহযুক্ত হয়।

(২) পাপযুক্ত শুক্র, ২য়পতি, ষষ্ঠপতি ও ৭মপতি লগ্নে থাকিবে।

(৩) ৯মে ষষ্ঠপতি, ৭মপতি ও পাপগ্রহ থাকে। জাঃ পাঃ

(৪) অত্যন্ত :—সপ্তমে শুক্র থাকিবে।   পঃ

কামপীড়িতাঙ্গ : বৃদ্ধাঙ্গনাসক্ত :—লগ্ন বা ৭মস্থ শনি যদি মঙ্গলের নবাংশে থাকে।   হোঃ রঃ

কামাগ্নিতপ্তা :—শুক্র ও শনি পরস্পরের নবাংশগত বা পরস্পর দৃষ্টিযুক্ত ও কুম্ভের ৮ম-নবাংশে লগ্ন। জাঃ পাঃ

কালা (১) ৩য়, ৫ম, ৯ম ও ১১শ স্থানে শুভগ্রহের দৃষ্টি থাকিবে না।   বৃঃ জাঃ

(২) বামকর্ণে উচ্চ শব্দ শ্রবণ :—রাত্রি জন্মস্থলে বুধ ষষ্ঠে ও শুক্র দশমে থাকিবে।

(৩) ত্রিকোণে, ৩য়ে ও ১১শে পাপগ্রহগণ থাকিবে কিন্তু শুভদৃষ্ট হইবে না।   হোঃ রঃ

কিঙ্করী-লোলুপ :—৭মে শনি থাকিবে।   কুঃ কঃ

ক্লীবাকৃতি :—শুক্রের ষষ্ঠে বা ১২শে শনি থাকিবে। জাঃ লঃ

কুটুম্ব হানি :—২য়ে পাপযুক্ত রবি থাকিবে।   কুঃ কঃ

কুনখী : বায়ুপীড়া :—৩য়ে শনি ও রাহু থাকিবে। শঃ হোঃ

কুব্জ (১) কর্কট লগ্নগত চন্দ্রকে শনি মঙ্গল দেখে। জাঃ পাঃ

(২) ষষ্ঠ-৭ম-৮মপতিগণ দুর্ব্বল হইয়া নষ্ট হইবে, ষষ্ঠে

শুভগ্রহগণ, ৭মে ক্রূর গ্রহগণ, আর ৮মে ক্রূর-গ্রহ ও রাহু থাকিবে।

কুব্জ (৩) ষষ্ঠে বা ৭মে বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি; অথবা ৭ম ৮মে শনি মঙ্গল নীচস্থ হইবে। হোঃ রঃ

(৪) পাপ-দৃষ্ট শনি কর্কটের ১ম বা ৩০ অংশে থাকে।

(৫) ভূমিকেন্দ্রে শনি এবং মেষ বা মীনে মঙ্গল ও লগ্নপতি থাকে। কুঃ কঃ

কুভোজী (১) নির্ধন: দুষ্কর্মকারী: পরস্ত্রীগামী:—৯মপতি ১২শে, ১২পতি ২য়ে, ৩য়ে বহু পাপ থাকিবে।

(২) ২য়পতি যদি শনি, মঙ্গল, গুলিক যুক্ত হয়, নীচস্থ হয়, শত্রুগৃহে থাকে, যমাংশে থাকে ও শুভদৃষ্টি বর্জিত হয়। সঃ চিঃ

কুমার্গগামিনী: কঠিন অপরাধিনী:—৭মপতি বা চন্দ্র পাপ-যুক্ত দৃষ্ট বা পাপাংশগত ও পাপমধ্যগত হয়। সঃ চিঃ

কুলটার পতি (১) রবি, চন্দ্র, মঙ্গল ও শনি একত্র থাকে।

(২) বিমাতার প্রিয়:—৯মে চন্দ্র ও শুক্র। জাঃ পাঃ

কুলধ্বংশক (১) অল্পায়ু:—লগ্নপতি নীচস্থ বা নীচাংশগত, ষষ্ঠাষ্টমে পাপগ্রহগণ, লগ্নে মান্দি শুভদৃষ্ট নয়।

(২) পুত্র-অর্থ-কলত্রহীন:—নবমপতি পাপাংশগত হইবে ও লগ্নপতি সিংহে থাকিয়া শুভদৃষ্টি পাইবে না।

(৩) পত্নীহীন:—কেন্দ্রে শুভাশুভ গ্রহগণ, আর চন্দ্র লগ্নপতি কর্তৃক দৃষ্ট হইয়া শনির অংশে থাকিবে বা

শনি যুক্ত হইবে। সঃ চিঃ

কুলধ্বংশক (৪) দারা ও পুত্র হীনঃ—হোরাপতি ও জন্মপতি উভয়ে যদি শুভযুক্ত না হয় বা অস্তগত হয়, আর ১২শে ৯মপতি থাকে।

(৫) ৫মভাব হইতে ৮মে, ষষ্ঠে ও ১২শে পাপগ্রহ।

(৬) ১০মে চন্দ্র, ৭মে শুভ, ও ৯মে পাপগ্রহ থাকিবে।

(৭) ৭মে বুধ শুক্র, ৫মে বৃহস্পতি, ৪র্থে পাপ, ৮মে পাপ—এইগুলি সব চন্দ্র হইতে গণনীয়। জাঃ পাঃ

কুলনাশিনীঃ পতিহন্ত্রী ঃ—৭মপতি বুধ পাপযুক্ত হইয়া নীচ-শত্রু-গৃহগত বা মূঢ় হইয়া ষষ্ঠ বা ৮মে থাকিয়া পাপমধ্যগত হইবে ও পাপদৃষ্ট হইবে। জাঃ পাঃ

কুষ্ঠ (১) চন্দ্র, বুধ, লগ্নপতি, রাহু বা কেতু একত্র।

(২) লগ্নপতি ব্যতীত চন্দ্র, বুধ, রাহু বা কেতু লগ্নে।

(৩) চন্দ্র ধনুর মধ্যাংশে [অর্থাৎ সিংহ নবাংশে], বা ঐ চন্দ্র যে কোন রাশিতে, মকর, কর্কট বা বৃষের নবাংশে থাকে, আর শুভ দৃষ্টিহীন হইয়া শনি মঙ্গল কর্তৃক দৃষ্ট বা যুক্ত হয়। সঃ চিঃ

(৪) লগ্নপতি ব্যতীত অন্য গ্রহগণ লগ্নে থাকে।

(৫) চন্দ্র শুভ দৃষ্ট বা যুক্ত না হইয়া কর্কট, মীন, মকর নবাংশে থাকে ও শনি বা মঙ্গল যুক্ত হয়।

(৬) লগ্নে শনি, রবি, বা মঙ্গল (থাকিলে পর পর নীল, রক্ত ও শ্বেত কুষ্ঠ হয়)। জাঃ পাঃ

কুষ্ঠ (৭) শ্বেতবর্ণের (ক) লগ্নপতি ও বুধ, বা মঙ্গল ও চন্দ্র যে কোন স্থানে রাহু বা কেতু যুক্ত হয়।

(খ) চন্দ্র মঙ্গল শনি মেষ বা বৃষে থাকিবে।

(৮) রক্তবর্ণের (ক) রবি ও মঙ্গল একত্রে থাকে।

(খ) শরীর-সুখহীন : পাপী : রুগ্ন :—মীন বা কর্কটে চন্দ্র, মঙ্গল, শুক্র ও শনি থাকিবে।

(৯) অতি ক্লেশদায়ী লুতিকাজনিত চিরকুষ্ঠ :—মীন, কর্কট ও বৃশ্চিক এই তিন রাশি পাপাক্রান্ত হইবে।

(১০) কৃষ্ণবর্ণের :—রবি শনি একত্রে থাকে। জাঃ লঃ

(১১) মঙ্গল বা বুধের অন্যতম লগ্নপতি হইয়া চন্দ্র রাহু বা শনির সহিত থাকিবে।

(১২) শ্বেতবর্ণের :—লগ্নপতি লগ্নে থাকিবে না, কিন্তু লগ্নে চন্দ্র ও রাহু থাকিবে।

(১৩) কৃষ্ণবর্ণের :—লগ্নে শনি ও চন্দ্র কিন্তু লগ্নপতি তথায় থাকিবে না।

(১৪) রক্তবর্ণের ৫৫ বর্ষে :—ষষ্ঠে চন্দ্র ও শনি থাকে।

(১৫) রক্তবর্ণের :—লগ্নে চন্দ্র ও মঙ্গল, কিন্তু লগ্নপতি তথায় থাকিবে না।

(১৬) ২১-২২ বর্ষে :—ষষ্ঠে বৃহস্পতি ও বৃহস্পতির ক্ষেত্রে চন্দ্র থাকে। পঃ

(১৭) শনি মঙ্গল দৃষ্ট বা যুক্ত মেষস্থ চন্দ্র সিংহ নবাংশে।

(১৮) কর্কট মকর বা ত্রিকোণস্থ ৪র্থপতি পাপগণ কর্তৃক

যুক্ত ও দৃষ্ট হইয়া থাকে। কুঃ কঃ

কুষ্ঠ (১৯) পাপগ্রহগণ-দৃষ্ট ৭মে শুক্র ও মঙ্গল থাকে।

(২০) চন্দ্র ধনুর ৫ম নবাংশে বা মীন, কর্কট মকর বা মেষের নবাংশে থাকিয়া শনি মঙ্গল যুক্ত বা দৃষ্ট।

(২১) বৃশ্চিক কর্কট, বৃষ ও মকর ইহাদের অন্যতম রাশি লগ্নের ত্রিকোণ হইবে, আর শনি মঙ্গল লগ্নে থাকিবে বা লগ্নকে দেখিবে। বৃঃ জাঃ

কুস্ত্রী-যুক্ত (১) ৭মপতির স্থিত নবাংশপতি পাপগ্রহ।

(২) ৭মপতি ক্রূর-ষষ্ঠ্যংশযুক্ত হইবে।

(৩) শুভদৃষ্টিহীন ৭মপতি ও সপ্তম-ভাবকারক উভয়ে নীচস্থ, ও নীচাংশে থাকে। সঃ চিঃ

কৃপণ (১) স্ত্রী-সুখ হীন ও সুতহীন : দৈন্যপর : ব্যাধিযুক্ত : ব্যসনশীল :—৭মে শনি ও মঙ্গল থাকিবে।

(২) দীন : বধবন্ধন-ভাগী : গৃহে চুরি যায় :—চন্দ্রের দশমে রবি মঙ্গল ও শনি থাকে। সাঃ

(৩) অবিশ্বাস :—১২শ গত চন্দ্র বিশেষ যদি কৃষ্ণপক্ষীয় হয়। হোঃ রঃ

কৃশদেহ (১) শুষ্কগ্রহ লগ্নে এবং লগ্নও শুষ্করাশি গত।

(২) লগ্নপতি শুষ্ক গ্রহযুক্ত হইয়া শুষ্কগ্রহের গৃহে থাকে।

(৩) অতি কষ্টযুক্ত :—লগ্নপতি (নাশগত অর্থাৎ) ১২শে ও লগ্ন শুষ্ক রাশি গত হয়।

(৪) লগ্নপতির নবাংশপতি শুষ্কগ্রহের গৃহে থাকিবে।

কৃশদেহ (৫) লগ্ন শুষ্করাশি ও তাহাতে বহু পাপ। সঃ চিঃ

(৬) অতি রুগ্ন ঃ—লগ্নপতি বা চন্দ্র-গৃহাধিপতি দুর্ব্বল হইয়া ৩য়-ষষ্ঠ-১২শে নীচস্থ, অস্তগত, বা শত্রু-গৃহগত হইবে। পঃ

(৭) এক রাশিতে একাংশে রবি চন্দ্র থাকিবে। কুঃ কঃ

কেশহীন ঃ—মেষ, বৃষ, সিংহ, বৃশ্চিক, ধনু, মকর ও কুম্ভের যে কোন রাশি লগ্ন হইবে ও ঐ লগ্নে পাপগ্রহের দৃষ্টি থাকিবে। বৃঃ জাঃ

কোপান্বিতাঃ সুখভাগিনী ঃ—জন্মলগ্নে চন্দ্র ও শুক্র। জাঃপাঃ

(অতি) ক্রূরকর্ম্মা (১) নবমভাব ক্রূরাংশগত, গুলিক কর্ত্তৃক দৃষ্ট ও তথায় শনি রাহু, আর নবমপতি ক্রূররাশ্যংশগত হইবে। সঃ চিঃ

(২) মূঢ়-পাপী-দুরাচার ঃ—চন্দ্রের ১০মে রবি, শনিও মঙ্গল থাকিবে। সাঃ

ক্রূরাজ্ঞাদাতা (১) ১০মে রবি বা মঙ্গল, ১০মপতি কেন্দ্রে।

(২) ১০মপতি ক্রূরাংশে বা কেন্দ্রে থাকিয়া শনি ও ৮মপতি কর্ত্তৃক যুক্ত হইবে।

(৩) ১০মে রাহু ও গুলিক, বা ৮মে রাহু বা কেতু, আর ৯মপতি নীচস্থ হইবে। সঃ চিঃ

ক্রূরাজ্ঞাপালক ঃ—১০মপতি শনিযুক্ত ও ৮মপতি দৃষ্ট হইয়া ক্রূরাংশে এবং কেন্দ্রে থাকিবে। জাঃ পাঃ

ক্রোধী (১) ৫ম বা ৯মগত চন্দ্র-রাশিপতি দুর্ব্বল। জাঃ লঃ

ক্রোধী (২) পাপী :—২য়পতি গুলিক যুক্ত এবং ২য়ে বহু
পাপগ্রহ থাকিবে।

(৩) জড় : কৃষ্ণবর্ণ :—তৃতীয়পতি মঙ্গলযুক্ত। সং চিঃ

ক্ষতাঙ্গী ২য় পত্নী লাভঃ—সপ্তমে চন্দ্র ও শনি থাকে। কুঃ কঃ

ক্ষয় রোগ (১) চন্দ্র ও বৃহস্পতি কর্তৃক দৃষ্ট, এবং ষষ্ঠস্থ
ক্রূরাংশযুক্ত মঙ্গলের সহিত বুধযুক্ত হইবে।

(২) শ্বাস : বিদ্রধিঃ গুল্মরোগ :—লগ্নে মঙ্গল দৃষ্ট রবি।

(৩) শ্বাস : কাস :—ষষ্ঠস্থ শনি ও গুলিককে রবি মঙ্গল
ও রাহু দেখিবে কিন্তু শুভযুক্ত বা দৃষ্ট হইবে না।

(৪) শ্বাস : প্লীহা : গুল্ম : বিদ্রধি রোগ :—চন্দ্র পাপ-
মধ্যগত হইবে ও শনি সপ্তমে থাকিবে।

(৫) শ্বাস : প্লীহা : গুহ্যও উদর রোগ :—কেন্দ্রে সমুদায়
পাপগ্রহগণ থাকিবে। সং চিঃ

(৬) ২৬ বর্ষে :—ষষ্ঠে বা কেন্দ্রে গুলিক এবং ৮মে
লগ্নপতি থাকিবে। পঃ

(৭) ষষ্ঠ, ৮ম বা দ্বাদশগত লগ্নপতি শুক্রযুক্ত। জাঃ লঃ

(৮) শ্বাস : গুল্ম :—চন্দ্র পাপমধ্যগত, রবি ৭মে। কুঃকঃ

ক্ষতে পোকা হওয়ায় মৃত্যু :—২য়ে শনি, ৪র্থে চন্দ্র, ও
১০মে মঙ্গল থাকিবে। কুঃ কঃ

ক্ষেত্রজ পুত্র (১) মঙ্গল বৃহস্পতিকে দেখিবে না এবং চন্দ্র ও
রবি স্বীয় স্বীয় বর্গে থাকিবে।

(২) বলবান বৃহস্পতির সহিত বুধযুক্ত হইবে। জাঃ পাঃ

ক্ষেত্রজ পুত্র (৩) শুভদৃষ্ট ৫মভাব বুধ বা শনির ক্ষেত্র হয়, আর মঙ্গলকে রবি দেখিবে না। কুঃ কঃ

(৪) ৫ম ভাব শনি গৃহ হইবে, তাহাকে বুধ রবি বা মঙ্গল দেখিবে। অথবা ৫মভাব বুধের বর্গ হইবে ও তাহাকে শনি দেখিবে। জাঃ ভঃ

খল ঃ বৃদ্ধা স্ত্রী প্রাপ্তি ঃ—মাত্র শনিই লগ্নকে দেখে। জাঃপাঃ

গণ্ডমালা (অনুজের) পিত্তোদ্ভব ঃ শস্ত্রচিহ্ন বাহুতে ঃ—৩য়স্থ মঙ্গল যদি ক্রূর দৃষ্ট হয়। শঃ হোঃ

গর্ভস্রাব (১) [পুং কোষ্ঠী] ঃ—সপ্তমে পাপগ্রহ। জাঃ পাঃ

(২) ৮মে মঙ্গল বা ৫মে রবি থাকিবে। হোঃ রঃ

(৩) ৫মপতি ৫মে থাকিয়া শুভদৃষ্টি না পাইয়া কেবল পাপযুক্ত বা পাপদৃষ্ট হইবে।

(৪) ও কন্যা জন্ম ঃ—শুভদৃষ্টি বিহীন ১১শে পাপ।

(৫) ৫ম-পতির ২য় গৃহে রবি থাকিবে। কুঃ কঃ

(৬) ৫ম ভাবের নবাংশে শুভদৃষ্টি থাকিবে না। জাঃ ভঃ

গর্ভাভাব [পুং কোষ্ঠীতে] (১) লগ্নের ৭মে শনি থাকিবে।

(২) সপ্তমে রবি শনি আর দশমস্থ চন্দ্রকে বৃহস্পতি দেখিবে না।

(৩) জলরাশি গত ষষ্ঠভাবে মঙ্গল ও শনি থাকিবে।

(৪) ষষ্ঠে রবি শনি ও ষষ্ঠপতি, আর বুধ দৃষ্ট চন্দ্র সপ্তমে থাকিবে। জাঃ লঃ

গলরোগ (১) তৃতীয়-পতি বুধের সহিত যুক্ত হইবে।

গলরোগ (২) তৃতীয়ে পাপগ্রহ বিশেষ গুলিক যুক্ত। সঃ চিঃ

গুল্ম (১) ষষ্ঠস্থ ক্রূরাংশগত শনিকে ক্রূরগ্রহ দেখিবে।

(২) গুলিক যুক্ত চন্দ্র যদি কর্কট, বৃশ্চিক বা কুম্ভের নবাংশে থাকে। সঃ চিঃ

(৩) ২৯ বা ৩০বর্ষে :—দ্বাদশপতি ষষ্ঠে ও ষষ্ঠপতি দ্বাদশে থাকিবে। পঃ

(৪) ও মেহ হইতে গুহ্যদেশে পীড়া :—সপ্তমে শনি থাকিবে বা দেখিবে। হোঃ রঃ

গূঢ় পাপকারী (১) শুভ গ্রহগণ নীচস্থ হইবে।

(২) নীচস্থ গুরু দশমে এবং নীচস্থ মঙ্গল ৫মে। জাঃপাঃ

গৃহদগ্ধ :—২য়-৪র্থ-১০ম-১২শ পতিগণ ষষ্ঠ, ৮ম, ১২শস্থ হইয়া পাপগ্রহ কর্ত্তৃক যুক্ত হয়। জাঃ লঃ

গৃহ-নাশ (১) পাপ-দৃষ্ট ৪র্থ-পতি ১২শে থাকিবে।

(২) ও অর্থ-নাশ :—নীচস্থ শত্রুনবাংশগত রবি-মঙ্গল ৪র্থে থাকিয়া পাপদৃষ্ট এবং ৪র্থপতি ক্রূরাংশ গত।

(৩) ২য়পতি, ৪র্থপতি ও ১২শপতি পাপযুক্ত হইবে।

(৪) ৪র্থপতির নবাংশপতি ১২শে থাকিবে। সঃ চিঃ

(৫) রবি বা মঙ্গল ৪র্থে নীচস্থ বা শত্রুগৃহগত হয়।

(৬) লগ্ন-২য়-১২শপতি যদি ৩,৬,৮,১২স্থ হইয়া পাপযুক্ত।

(৭) ভূমিনাশ :—লগ্নপতির স্থিত গৃহপতি৹ যদি ৪র্থ-পতির শত্রু হয়। [দশাকালে ফলিবে।] জাঃ পাঃ

(৮) ৪র্থপতি ও লগ্নপতি, ষষ্ঠ, ৮ম বা ১২শে থাকে। পঃ

(জীর্ণ) গৃহযুক্ত :—৪র্থপতি দ্বাদশে থাকিবে। জাঃ পাঃ

গৃহের ক্ষয়কারী :—৪র্থে রবি, শনি, রাহু এবং ষষ্ঠে চন্দ্র, মঙ্গল, বুধ ও শুক্র থাকিবে। মাঃ সাঃ

গোখাদক (ব্রাহ্মণ হইয়াও) :—রবি ক্রূর-মধ্যগত হইয়া শনি ও রাহু যুক্ত হইবে, আর ঐ রবির দশমে চন্দ্র থাকিবে ও ৪টি কেন্দ্রে খলগ্রহগণ থাকিবে। হোঃরঃ

গ্রাম পীড়ক : নাভিরোগী :—ষষ্ঠপতি তৃতীয়ে। জাঃ লঃ

ঘর্ম (প্রচুর হয়) :—চন্দ্র ২য়ে বা ৮মে থাকে। জাঃ পাঃ

ঘাতক (১) মঙ্গলের নবাংশস্থিত চন্দ্রকে মঙ্গল দেখিবে।

(২) প্রাণী-হন্তা :—রবি, মঙ্গল ও শনি ইহারা তুলার চন্দ্রকে দেখিবে। বৃঃ জাঃ

(৩) রবি, চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি ও শুক্র একত্র। জাঃ লঃ

(৪) গো ও ব্রাহ্মণ হন্তা :—চন্দ্র পাপগ্রহযুক্ত হইয়া রবি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(৫) পিতৃ-হন্তা :—নবাংশ-কুণ্ডলীতে শনি দশমে।

(৬) ভ্রাতৃ-হন্তা :—পাপযুক্ত চন্দ্র যদি রবি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হয়। কুঃ কুঃ

(৭) গো-হন্তা:—শনিযুক্ত পাপ-রাশিতে চন্দ্র থাকে। রঃ

(৮) গো-হন্তা :—পাপ গ্রহের গৃহস্থিত চন্দ্র যদি রবি, মঙ্গল ও শনি কর্ত্তৃক দৃষ্ট হয়। রাঃ মাঃ

(৯) গো-মৃগ-জাতি হন্তা :—কেন্দ্রে পাপ-গ্রহ এবং শুভ দৃষ্টি যুক্ত শুক্র অষ্টমে থাকিবে।

ঘাতক (১০) শিশু-হন্তা :—নীচস্থ রবি বা বৃহস্পতি কেন্দ্রে থাকিবে ও পাপযুক্ত হইবে।

(১১) শিশুহন্তাঃ—মঙ্গল যুক্ত নীচস্থ শুক্র নবমে।

(১২) ব্রাহ্মণ-হন্তা:—শুক্র নীচস্থ হইয়া পাপ গ্রহ যুক্ত ও পাপ গ্রহ দৃষ্ট হইয়া নবমে থাকিবে। সঃ চিঃ

(১৩) ব্রাহ্মণ-হন্তা :—পাপ রাশি গত চন্দ্র যদি রবি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হয়। হোঃ প্রঃ

(১৪) ব্রাহ্মণ-হন্তা :—পাপগ্রহের গৃহ গত চন্দ্রকে রবি, মঙ্গল ও শনি দেখিবে। সাঃ

(১৫) পিতৃ-হন্তা :—নবমে রবি মঙ্গল শনি থাকিবে।

(১৬) মাতৃহন্তা :—একত্র চন্দ্র মঙ্গল ও শনি থাকিবে।

(১৭) মাতৃ-হন্তা:—নবমে চন্দ্র মঙ্গল থাকিবে। জাঃ পাঃ

ঘৃণাহীন : শ্রদ্ধাহীন : রোগার্ত্ত : শূলরোগী : পরদাররত :— দ্বাদশে শুক্র থাকিবে। হোঃ রঃ

চক্ষু (১) বুদ্বুদাক্ষ [ক] :—লগ্ন সিংহ হইবে, তথায় শুভাশুভ দৃষ্ট রবি-চন্দ্র থাকিবে।

[খ] কর্কটরাশি লগ্ন হইবে ও তথায় রবি থাকিবে।

(২) বামটি নষ্ট :—শুভদৃষ্টি বিহীন চন্দ্র ১২শে থাকে।

(৩) দক্ষিণটি নষ্ট :—শুভদৃষ্টি-হীন রবি ১২শে। জাঃপাঃ

(৪) ক্ষুদ্র [ক] :—ক্ষীণ চন্দ্রকে শুক্র দেখিবে না।

[খ] চন্দ্রকে শনি দেখিবে।

[গ] স্বগৃহস্থ চন্দ্রকে ৭ম বা ১০মস্থ পাপগ্রহগণ দেখিবে।

চক্ষু (৫) জ্যোতি-হীন :—মঙ্গল রবির সম্মুখবর্ত্তী হইয়া অস্তাভিলাষী অবস্থায় থাকিবে। জাঃ লঃ

(৬) টেরা :—২য়পতি ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশে থাকিবে।

(৭) টেরা :—২য়পতি শুক্রযুক্ত হইয়া লগ্নপতির সহিত যে কোন একটি সম্বন্ধে আবদ্ধ হইবে। পঃ

(৮) টেরাঃ—ক্রূরগ্রহগণ প্রদীপ্ত ও পূর্ণবলী হইয়া ২য় ও ১২শ স্থানকে দেখিবে, আর ২য় ও ১২শ পতি-দ্বয় পূর্ণবলী হইয়া ক্রূরগ্রহ যুক্ত হইবে।

(৯) চিপিটাকার :—হীন ও বিনষ্ট রবি-শনি ২য় ও ১২শে থাকিবে, আর ২য় ও ১২শ পতি-দ্বয় সদীপ্তদেহ এবং পরিপূর্ণ বলশালী হইবে। হোঃ রঃ

চক্ষুরোগ (১) লগ্নপতি বহু পাপযুক্ত হইয়া শনি দৃষ্ট হইবে।

(২) শনি মঙ্গল ও গুলিকের সহিত ২য়পতি যুক্ত হয়।

(৩) শনি কর্ত্তৃক দৃষ্ট বহুপাপগ্রহ দ্বিতীয়ে থাকিবে।

(৪) ২য়পতির নবাংশপতি যদি পাপযুক্ত ও পাপ-গ্রহের ক্ষেত্রগত হয়।

(৫) উষ্ণোদ্ভব বা পিত্ত কাসের দরুণ :—রবি বা মঙ্গল ২য়পতি হইয়া গুলিক বা রবি কর্ত্তৃক দৃষ্ট হয়।

(৬) ২য়পতি সৌম্যযুক্ত হইয়া ৬, ৮, ১২শে থাকে।

(৭) 'অন্ধ :—১২শে রবি বা চন্দ্র, ত্রিকোণে শনি, আর ৭ম বা ৮মে রবি থাকিবে। সঃ চিঃ

(৮) লগ্ন সিংহ ও তথায় রবি। জাঃ পাঃ

চক্ষুরোগ (৯) বামটিতেঃ—লগ্নপতি ও ৮মপতি ষষ্ঠে থাকিবে।
(১০) দক্ষিণটিতে ঃ—শুক্র ষষ্ঠভাবে থাকিবে। পঃ
চঞ্চল বুদ্ধি ঃ দুরাচার ঃ—দশমপতি দুর্বল হইবে। জাঃ পাঃ
চণ্ডালতা (১) বৃহস্পতি নীচাংশকে বা নীচরাশিতে থাকিয়া কেতু বা রাহুযুক্ত হইয়া পাপ দৃষ্ট হইবে। সঃ চিঃ
(২) নীচাচার ঃ সুকর্ম্মহীন ঃ—লগ্নে রাহু এবং কেন্দ্রে চন্দ্র, বুধ ও শুক্র থাকে। সঃ চিঃ
(৩) নীচতুল্য ঃ—পাপগ্রহ লগ্নপতি হইয়া ষষ্ঠে পাপ-ক্ষেত্রে থাকিয়া রাহু বা কেতু দৃষ্ট হইবে। জাঃ পাঃ
চলবাহনতা (১) বা দুর্বাহন প্রাপ্তি ঃ—৯মপতি দৃষ্ট ৪র্থপতি শত্রু গৃহে নীচস্থ ও দুঃস্থ গত হইবে। জাঃ পাঃ
(২) ৪র্থ-পতি বিমূঢ় হইয়া দুঃস্থগত হইবে এবং ৯মপতি বা ১১শপতি কর্ত্তৃক দৃষ্ট হইবে। সঃ চিঃ
চিত্ত অবিশুদ্ধ ঃ—৪র্থে পাপ ও ৪র্থ-পতি পাপ যুক্ত হইবে।
চিত্ত-রোগ ঃ—লগ্নপতি, ষষ্ঠপতি ও বুধ একত্র থাকিবে।
চিত্ত কপট বাহিরে বিশুদ্ধ ঃ—৪র্থে পাপ দৃষ্ট রাহু থাকে।
চিত্তের ভিতরে কপটতা ঃ—৪র্থে বহু পাপগ্রহ থাকে। সঃচিঃ
চোর (১) পরস্ত্রীরত ঃ কুষ্ঠী ঃ পুত্রহীন ঃ প্রবাসী ঃ বন্ধু-দূষিত ঃ মূর্খ ঃ—রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শনি এক রাশিতে থাকিবে। জাঃ পাঃ
(২) ধ্বজভঙ্গ ঃ বধবন্ধনকৃতমৃত্যু ঃ-৭মে রবি ও বুধ। সাঃ
(৩) শত্রু যুক্ত ঃ—৮ম-পতি ২য়ে থাকে। জাঃ লঃ

চোর (৪) মেষস্থ চন্দ্রকে শনি দেখিবে।

(৫) বুধের অংশস্থিত চন্দ্রকে মঙ্গল দেখিবে। বৃঃ জাঃ

(৬) ষষ্ঠে বলবান মঙ্গল ও বুধ থাকিবে। জাঃ ভঃ

(৭) ৭মস্থ রবি, মঙ্গল ও বুধকে চন্দ্র ৪র্থ-দৃষ্টিতে দেখে।

(৮) শুভদৃষ্টি হীন মঙ্গল চন্দ্রের কেন্দ্রে থাকিবে।

(৯) ৭মস্থ শনিকে চন্দ্র, মঙ্গল ও বুধ দেখিবে। রঃ

(১০) ৩য়পতি নীচস্থ বা নীচগ্রহযুক্ত হইয়া লগ্নে থাকে।

(১১) শুভ দৃষ্টি যুক্ত চন্দ্র, মঙ্গল, বুধ কেন্দ্রে থাকিবে।

(১২) নীচগ্রহ দৃষ্ট হইয়া ক্রূর গ্রহগণ লগ্নে থাকে, বিশেষ যদি ৩য় বা ১১শে থাকে।

(১৩) নীচস্থ শনি ৩য়ে থাকিয়া নীচস্থ গ্রহের দৃষ্টি পায়।

(১৪) ৩য়ে মঙ্গল, শনি, রাহু নীচস্থ এবং তৃতীয়-পতিও স্বয়ং নীচস্থ হয়।

(১৫) ২য়-১২শে ক্রূর গ্রহ থাকে, বিশেষ যদি ৩য়ে ক্রূর গ্রহ থাকে এবং ঐ ঐ ভাবপতি নীচস্থ হয়।

(১৬) ৩য়পতি ১১শে আর নীচগ্রহ তাহার অনুগামী হয় (অর্থাৎ ঐ ১১শে থাকে) ও লগ্নপতি ১২শে থাকে বা সুনীচস্থ হয়।

(১৭) লগ্নপতি ক্রূর গ্রহ, লগ্ন নীচগ্রহ কর্ত্তৃক অনুগামী, আর ৩য়পতি হীন হইয়া ১২শে থাকে।

(১৮) চৌরাধিপতি :—লগ্ন ও ১১শপতি নীচস্থ হইয়া ক্রূর গ্রহযুক্ত হয় বা ১১শপতি তৃতীয়ে থাকে।

চোর (১৯) শ্রেষ্ঠ-চোরঃ—চন্দ্রের পূর্ণ দৃষ্টি প্রাপ্ত শনি, মঙ্গল, বুধ ৪র্থে বা ৭মে থাকে। হোঃ রঃ

(২০) তজ্জন্য তিরস্কার প্রাপ্তিঃ—রাহু বা কেতু দৃষ্ট ষষ্ঠপতি মঙ্গল-দৃষ্ট বা মঙ্গলের ক্ষেত্রগত। সঃ চিঃ

জন্মান্ধ (১) রবি, শুক্র, লগ্নপতি ও ২য়পতি একত্র থাকে; কিংবা ইহারা ৬, ৮, ১২শে থাকে। সঃ চিঃ

(২) রবি ও শুক্র যুক্ত লগ্নপতি, ৬, ৮, ১২শে। জাঃ লঃ

জন্মভূমি-ভ্রষ্টঃ—লগ্নপতি হইতে পাপগ্রহগণ ৬,৮,১২শে থাকে।

জলগণ্ড ঃ—লগ্নপতি, ষষ্ঠপতি ও চন্দ্র একত্র থাকে। সঃ চিঃ

জাতি-ভ্রংশ (১) শুভযুক্ত বা দৃষ্ট না হইয়া ২য় বা ১০মে পাপগ্রহগণ ও দুর্বল বৃহস্পতি থাকিবে।

(২) ১০মস্থ চন্দ্র, ৭মস্থ বুধ ও ২য়স্থ শনি ইহারা নীচ-শত্রু-ভাগ যুক্ত হইবে। সঃ চিঃ

(৩) দ্বিস্বভাব রাশি লগ্ন, লগ্নপতি ও শনি শনি-গৃহে।

(৪) ম্লেচ্ছ ঃ—লগ্ন-২য়-১২শে ক্রূর এবং লগ্নপতিও ক্রূর-গ্রহ যুক্ত হইয়া থাকিবে।

(৫) ২০বর্ষে ম্লেচ্ছ, বেশ্যা মদ্যপায়ী [ব্রাহ্মণ হইলে ও] ঃ—২য়ে শনি রাহু মঙ্গল এবং ৫মে রবি ও ৮মপতি।

(৬) ম্লেচ্ছ ঃ—দুর্বল পাপগ্রহগণ পাপ-রাশিস্থ ও কেন্দ্রে ক্রূরগ্রহগণ থাকিবে।

(৭) মহাপাপী ঃ—লগ্নে বা ৮মে শনি এবং ৪র্থে বা ৮মে মঙ্গল থাকিবে।

জাতিভ্রংশ (৮) তিন মাসে বা বর্ষে ম্লেচ্ছ :—৩য় বা ১০মে শনি, ৪র্থ বা ৮মে মঙ্গল, ত্রিকোণে বৃহস্পতি, এবং লগ্নের ৮মে রাহু ও ৭মে অন্যগ্রহগণ থাকিবে।

(৯) ব্রাহ্মণ হইলেও ম্লেচ্ছ :—২য়ে শনি ও ৮মে চন্দ্র।

(১০) ব্রাহ্মণ হইলেও ম্লেচ্ছ :—২য়ে রবির ত্রিংশাংশ-গত রাহু মঙ্গল উভয়েই থাকিবে এবং ৮মে রবি, শুক্র ও শনি থাকিবে।

(১১) বেদজ্ঞকুলেও :—লগ্নে শনি, ৪র্থে বা ১০মে মঙ্গল কিন্তু কেন্দ্রে বৃহস্পতি বা শুক্র থাকিবে না।

(১২) ১২শে লগ্নপতি ও শনি এবং লগ্নে রাহু থাকিবে।

(১৩) ক্রূরযুক্ত লগ্নপতি লগ্নে আর ২য়ে ১২শপতি নীচস্থ।

(১৪) লগ্নপতি অস্তগত আর লগ্নে সমস্ত ক্রূরগ্রহ।

(১৫) যবন, মদ্য-মাংস-বেশ্যা-সক্ত :—লগ্নে ক্রূরগ্রহ, লগ্নপতি ক্রূর যুক্ত বা দৃষ্ট হইয়া নীচস্থ বা ১২শ-গত হইয়া থাকিবে।

(১৬) লগ্ন, ৭ম ও ১২শে ক্রূরগ্রহ, আর লগ্নপতি ক্রূর-যুক্ত হইবে (বিশেষ যদি শনি যুক্ত হয়)।

(১৭) বৃহস্পতি ও শুক্র উভয়েই ক্রূরযুক্ত, চন্দ্র নীচগ্রহ-যুক্ত ও ১০ম-পতি নীচস্থ হইবে। হোঃ রঃ

জারজ (১) জন্ম-লগ্ন হইতে হোরাপতি ও ৪র্থপতি পরস্পরের ক্ষেত্রগত হইবে, অথবা হয় লগ্নপতি না হয় ৪র্থপতি রাহু বা কেতু যুক্ত হইবে। জাঃ পাঃ

জারজ (২) রবি চন্দ্র একত্রে থাকিয়া বৃহস্পতির দৃষ্টি পাইবে না [ভট্টোৎপল বলেন :—এইরূপ স্থলে লগ্নে গুরুর দৃষ্টি থাকিলেও হইবে। অন্যে বলেন—কেবল রবি চন্দ্র একত্র থাকিলেই হইবে]।

(৩) (ক) লগ্ন ও চন্দ্রকে বৃহস্পতি দেখিবে না (খ) অথবা উহাদের কাহারও সহিত যুক্ত হইবে না (গ) বা উহাদের একটিও গুরুর বর্গে থাকিবে না।

(৪) রবিবারে, ২য়া তিথিতে ও স্বাতী নক্ষত্রে; কিংবা ১২শী তিথিতে ও ধনিষ্ঠা নক্ষত্রে জন্ম হইলে।

(৫) বুধবার, ৭মী ও রেবতী নক্ষত্রে জন্মিলে।

(৬) শনি, রবি ও মঙ্গলবারের অন্যতম বারে ২য়া, ৭মী ও ১২শী তিথির মধ্যে একটি তিথিতে, এবং পুনর্বসু, বিশাখা ও পূর্বভাদ্রপদ নক্ষত্রের মধ্যে একটি নক্ষত্রে, জন্ম হইলে। জাঃ পাঃ

জারজ ভঙ্গ (১) আত্মকারক স্বয়ং পাপগ্রহ হইবে।

(২) আত্মকারকের নবাংশরাশির অষ্টমে পাপ থাকিবে। জৈঃ

(৩) চন্দ্র বৃহস্পতির ক্ষেত্রে থাকিবে, বা অন্য রাশিতে বৃহস্পতির সহিত যুক্ত হইবে বা বৃহস্পতির দ্রেক্কাণ-নবাংশ-দ্বাদশাংশাদিতে থাকিবে। গাগিঃ

(৪) চন্দ্র সৌম্য (অর্থাৎ শুভগ্রহের) রাশ্যাংশে বা বৃহস্পতির রাশ্যাংশে থাকিবে। শুক জাতকঃ

(৫) বৃহস্পতি লগ্ন বা চন্দ্রকে দেখিবে।

(৬) লগ্নের বা চন্দ্রের নবাংশ যদি বৃহস্পতির বর্গ পায়। বঃ

(৭) লগ্নপতি লগ্নে থাকিবে। পঃ

জারজ (৭) রবিবারে ৮মী ও পূর্বফাল্গুনীতে জন্মিবে।

(৮) মঙ্গলবারে ১৪শী ও উত্তরভাদ্রপদে জন্ম হইলে।

(৯) বৃহস্পতিবারে ৪র্থী ও উত্তরাষাঢ়ায় জন্ম হইলে।

(১০) দিনান্তে, তিথিপ্রান্তে, লগ্নপ্রান্তে ও বারান্তে জন্ম।

(১১) ২য়া, ৭মী, ১২শীর অন্যতম তিথি, রবি শনি মঙ্গলের অন্যতম বার ও কৃত্তিকা-মৃগশিরা-পুনর্বসু-উত্তরফাল্গুনী-চিত্রা-বিশাখা-উত্তরাষাঢ়া-ধনিষ্ঠা-পূর্বভাদ্রপদের অন্যতম নক্ষত্রে জন্ম হইবে। জাঃ

(১২) ৯মে বৃহস্পতি, ২য়স্থ চন্দ্র রবি-মণ্ডলে থাকিবে।

(১৩) ষষ্ঠে রবি চন্দ্র মঙ্গল ও ৫মে বৃহস্পতি। তাঃ মিঃ

(১৪) রবি চন্দ্র ও বৃহস্পতি তিনটিই নীচস্থ হইবে। গুণাঃ

(১৫) রবি চন্দ্র ও পাপগ্রহ একত্র থাকে। [কেহ বলেন—বৃহস্পতি দৃষ্ট রবি চন্দ্র পাপযুক্ত (মঙ্গল বা শনি যুক্ত) হইবে।] বৃঃ জাঃ

(১৬) লগ্ন ও চন্দ্র উভয়েই গুরুর নবাংশে থাকিবে না।

(১৭) চন্দ্রকে বৃহস্পতি দেখিবে না। যঃ

(১৮) রবি ও চন্দ্র একত্র বা পৃথকস্থিত হইয়া পাপযুক্ত কিন্তু বৃহস্পতি উহাদিগকে দেখিবে না। শুঃ জাঃ

(১৯) ভৃত্যাদি দ্বারা :—লগ্নে ২য়পতি, ৩য়পতি, ৫মপতি ও ষষ্ঠপতি একত্র থাকিবে।

(২০) লগ্নে চন্দ্র এবং তৃতীয়ে মঙ্গল ও শুক্র থাকিবে।

(২১) লগ্নে ক্রূর ও ৭মে সৌম্য (বুধ) ও ১০মে শনি।

জারজ (২২) নীচোৎপন্নঃ— লগ্নে রাহু মঙ্গল, ৭মে রবি চন্দ্র।

(২৩) লগ্নে রবি-চন্দ্র ও ৭মে শনি-মঙ্গল থাকে।

(২৪) লগ্ন, ৪র্থ, ৭ম ও ১০মে কোন গ্রহ থাকিবে না।

(২৫) ২য়-৬ষ্ঠ-৮ম-১২শে সমস্ত গ্রহ থাকিবে।

(২৬) ৪র্থ-১০ম ও লগ্নে পাপ যুক্ত চন্দ্র থাকিবে এবং লগ্নপতি লগ্নকে দেখিবে না।

(২৭) লগ্নপতি ও ৭মপতি একত্র থাকিবে।

(২৮) দেবরোৎপন্নঃ—লগ্নে রবি ও ৪র্থে রাহু থাকে। পঃ

(২৯) বৈশ্যোৎপন্ন ঃ—৪র্থপতি ষষ্ঠপতির সহিত ৯মে। অথবা ৪র্থপতি ৯মপতির সহিত ৪র্থে থাকে।

(৩০) ৪র্থস্থান পাপমধ্যগত, ৪র্থপতি বা ৪র্থকারকগ্রহ অশুভ দৃষ্ট, ৪র্থপতি লগ্নপতি অপেক্ষা দুর্ব্বল।

(৩১) ৯মে পাপ, ৪র্থে পাপ, লগ্নপতি দুর্ব্বল ও পাপযুক্ত আর ৪র্থ ভাব পরাংশগত অর্থাৎ শত্রু নবাংশগত।

(৩২) লগ্নেশ, ৯মপতি, ৪র্থপতি ও ষষ্ঠপতি একত্র। অথবা ৪র্থপতি যদি স্বীয় নবাংশপতির সহিত যুক্ত হইয়া পাপ দৃষ্ট হয়। সঃ চিঃ

(৩৩) স্ত্রীর পুত্রযোগ ও পতির অপুত্রকযোগ স্থলে ঃ— ৫মভাব সৌম্য অর্থাৎ বুধ কর্ত্তৃক বা ৫ম ভাবের ষষ্ঠপতি কর্ত্তৃক দৃষ্ট হয়। [৫মভাব হইতে শুভ ষষ্ঠপতি ৫ম ভাবকে দেখিবে।] জাঃ পাঃ

(৩৪) আত্মকারকের নবাংশ-রাশি কেবল পাপগ্রহ কর্ত্তৃক

যুক্ত দৃষ্ট হইবে ও পাপ ক্ষেত্র হইবে।

জারজ (৩৫) আত্মকারকের নবাংশ-রাশি আত্মকারক ভিন্ন পাপগ্রহের সম্বন্ধ পাইবে।

(৩৬) আত্মকারকের নবাংশ-রাশিতে শনি বা রাহুর দৃষ্টি বা যোগাদি কোনরূপ সম্বন্ধ হইলে [এই দোষ লোক প্রসিদ্ধ; তদিতর পাপগ্রহ থাকিলে এই দোষ গুপ্ত থাকে] জৈঃ

জারজ অপবাদঃ—পাপগ্রহের দৃষ্টি যোগ সত্ত্বেও যদি কারকাংশ শুভবর্গস্থ হয়। জৈঃ

জারজ-পুত্রলাভ (১) [স্বামীর অনপত্য যোগ ও পত্নীর পুত্র যোগ থাকিলে]ঃ—বলবান ৭ম ও ৫মপতি দ্বয়কে শুভগ্রহ দেখিবে, আর ষষ্ঠপতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে। জাঃ পাঃ

(২) ২য়স্থ ৭মপতি পাপযুক্ত ও মঙ্গল দৃষ্ট হয়। সঃ চিঃ

জীবিকা উপায়ে সহায় হীনঃ—২য়পতি স্বয়ং পাপ কিন্তু তুঙ্গী তাহাতে পাপ যুক্ত এবং পাপ দৃষ্ট, আর লগ্নপতি দুর্ব্বল ও পাপযুক্ত। সঃ চিঃ

জীবিকা (১) হেয় বৃত্তিতে :—চন্দ্রের ২য় বা ৫মে লগ্নপতি, আর ৮মে পাপগ্রহগণ বা ১০মে চন্দ্র থাকে। সঃ চিঃ

(২) নীচ উপায়েঃ—শনি-দৃষ্ট রবি ও চন্দ্র ৭মভাবগত।

(৩) কন্যার অর্থেঃ অতি ভীরুঃ দুর্ব্বল :—রবি, চন্দ্র, শুক্র ও শনি একত্র থাকে। জাঃ পাঃ

জ্ঞাতি-পীড়া (১) ষষ্ঠগত লগ্নপতিকে ষষ্ঠপতি দেখিবে, বা উভয়ে লগ্নে থাকিবে।

(২) শনি-রাহু-মঙ্গল-দৃষ্ট বৃহস্পতি, শুক্র ও ষষ্ঠপতি লগ্নে থাকিবে। সঃ চিঃ

জ্ঞাতিক্ষয় :—শুভ-যোগ-দৃষ্টি বর্জ্জিত ষষ্ঠপতি পাপযুক্ত ক্রূরাংশগত-নীচস্থ ও মূঢ় হইবে। সঃ চিঃ

জ্বর :—লগ্নপতি, ষষ্ঠপতি ও রবি এক রাশিগত। সঃ চিঃ

টাক রোগ :—ধনু বা বৃষ লগ্ন হইবে ও তাহাতে পাপগ্রহ থাকিবে বা দৃষ্টি করিবে। জাঃ লঃ

তালুরোগ :—বুধ, ২য়পতি এবং রাহু বা কেতু ষষ্ঠে থাকিবে অথবা বুধ, ২য়পতি আর রাহুস্থিত গৃহপতি এক রাশিতে থাকিবে। সঃ চিঃ

তৈলজ চিহ্ন মুখে—২য়ে রবি থাকিবে। কুঃ কঃ

তোতলা (শুদ্ধ বাক্) :—৭মপতির ২য়ে কেতু থাকে। জৈঃ

দণ্ডপ্রাপ্ত (মহাপরাধ হেতু) : মিথ্যাবাদী :—দশমে শনি ও মঙ্গল থাকিবে। সাঃ

দত্তক গ্রহণ (১) ৫মপতি লগ্নে ও লগ্নপতি ৫মে থাকিবে।

(২) ও পরে পুত্রের জন্ম :—দুইটি শুভ-গ্রহের দৃষ্টিযুক্ত লগ্নপতি ও ৫মপতি দুঃস্থে থাকিবে।

(৩) শনি ও গুলিকযুক্ত বা দৃষ্ট ৫ম স্থান বুধ বা শনির গৃহ হইবে। [কেহ বলেন—কেবল শনি বা কেবল গুলিক হইলেও হয়।]

দত্তকগ্রহণ (৪) চন্দ্র পাপরাশিতে, ৫মপতি ৯মে ও লগ্নপতি ত্রিকোণে থাকিবে।

(৫) পূর্ণবলী কোন গ্রহ ৫মে কিন্তু ৫মপতি দেখিবে না।

(৬) যুগ্ম রাশি লগ্ন হইবে এবং ৫মপতি ৪র্থে বা শনির নবাংশে থাকিবে।

(৭) রবি-বুধ-যুক্ত ৫মপতি যুগ্মাংশে বা শনি-নবাংশে।

(৮) কিন্তু পরে পুত্র হইবে :—৫মপতি শনি-নবাংশে, আর শুক্র বৃহস্পতি স্বীয় স্বীয় নবাংশে থাকিবে।

(৯) তাহা হইতে বংশরক্ষা :—শুক্লপক্ষ-বলে বলী গ্রহগণ শনি-নবাংশে ও ৫মে গুরু থাকে। জাঃ পঃ

(১০) ৫মে মঙ্গল, বুধ-ক্ষেত্রে শনি, লগ্নপতি বুধ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে।

(১১) লগ্ন কুম্ভ হইবে ও মিথুনে বুধ থাকে বা দেখে।

(১২) লগ্নপতি বুধাংশে, মঙ্গল শুভ-দৃষ্ট, আর ৫মপতি শনিযুক্ত হইবে।

(১৩) ৫মপতি শুভযুক্ত, ৫মে বুধ বা শনি এবং ১১শে ৭মপতি থাকিবে। পঃ

(১৪) বা ক্রীতপুত্র :—চন্দ্র-দৃষ্ট শনিযুক্ত ৫ম স্থান শনির গৃহ হইবে; অথবা চন্দ্র-দৃষ্ট বুধ-যুক্ত ৫ম স্থান বুধের গৃহ হইবে। কুঃ কঃ

দন্ত পতন (১) রোগ (দশান্তর্দশায়) :—২য়পতি, রাহুর সহিত বা রাহুস্থিত গৃহপতির সহিত যুক্ত হয়।

দন্তপতন (২) ২য়পতি ষষ্ঠপতির সঙ্গে থাকিবে ; বা ২য়পতি-স্থিত গৃহপতির নবাংশপতির সহিত ষষ্ঠপতিযুক্ত হইবে। সঃ চিঃ

দন্তরোগ (১) ও কণ্ঠে রোগ :—পাপযুক্ত চন্দ্র ৪র্থে থাকিয়া তদ্‌ভবনাংশ যুক্ত হইবে। সঃ চিঃ

(২) কাষ্ঠ-পাষাণ-লৌহাঘাত প্রাপ্তি : বায়ুরোগ : উচু দাঁত :-শনি রবি রাহু বা কেতু লগ্নে থাকে। কুঃ কঃ

দন্ত-বিকৃতি (১) সপ্তমে অশুভগ্রহের দৃষ্টি থাকিবে। জাঃ পাঃ

(২) পাপগ্রহগণের দৃষ্টি লগ্ন মেষ, বৃষ বা ধনু রাশি হইবে। জাঃ লঃ

(৩) শুভদৃষ্টিহীন পাপগ্রহগণ ৭মে থাকিবে। বৃঃ জাঃ

দন্তসহ জন্ম :-বুধের নবাংশে শনি ও মঙ্গল থাকে। জাঃ পাঃ

দম্পতির সমকালে মৃত্যু [স্ত্রীকোষ্ঠী] (১) শুভাশুভগ্রহগণ যুক্ত বা দৃষ্ট ৮ম-ভাব মধ্যবলী হইবে।

(২) শুভযুক্ত ৭মপতি ও লগ্নপতি একত্র ; অথবা লগ্নে ৭মপতি ও ৭মে লগ্নপতি থাকিবে ও ইহারা শুভ-গ্রহ কর্ত্তৃক যুক্ত হইবে। জাঃ পাঃ

দরিদ্র (১) অনেক দুঃখ : শ্বাস-ক্ষয়-প্লীহা ও গুহ্যরোগ :—সকল গুলি পাপ কেন্দ্রে থাকে। সঃ চিঃ

(২) পরদেশবাসীঃ সুখ ও ধন হীন :—১২শে লগ্নপতি আর ১০মে চন্দ্র, মঙ্গল ও ক্রুরগ্রহ থাকিবে।

(৩) বৃহস্পতি স্বয়ং ৮ম বা লগ্নপতি হইয়া ৯মপতি

অপেক্ষা বলশালী হইবে, আর কেন্দ্র ভিন্ন স্থানে রবিকরতপ্ত ১১শপতি থাকিবে।

দরিদ্র (৪) ৮মে বৃহস্পতি, ষষ্ঠে বুধ, ১২শে শুক্র, ৫মে শনি, ১০মে মঙ্গল, আর ১২শপতি লগ্নপতি অপেক্ষা অতিবলী হইয়াও নীচস্থ ও রবিকরতপ্ত হইবে।

(৫) চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি ও শুক্র নীচস্থ হইয়া ৫ম, ৭ম, ৯ম, ১০ম, ও ১১শ স্থানে থাকে। [কেহ কেহ—লগ্নকেও ইহার সহিত ধরেন।] জাঃ পাঃ

(৬) কেমদ্রুমযোগ :—চন্দ্রের ২য় বা ১২শে রবি ব্যতীত অন্যগ্রহ থাকিবে না।

(৭) কেমদ্রুমান্তর্গত যোগ (ক) বৃহস্পতির দৃষ্টি রহিত চন্দ্র লগ্ন বা ৭মে থাকিবে।

(খ) রবি যুক্ত চন্দ্র পাপাংশকে থাকে ও নীচ দৃষ্ট হয়।

(গ) রাত্রি জন্মস্থলে পাপদৃষ্ট পাপযুক্ত ক্ষীণচন্দ্র ৮মে।

(ঘ) রাহু বা কেতু পীড়িত চন্দ্রে পাপদৃষ্টি থাকিবে।

(ঙ) লগ্ন বা চন্দ্র হইতে ৪টি কেন্দ্রেই পাপ থাকিবে।

(চ) পরাজিত চন্দ্র রাহ্বাদিপীড়িত ও শুভদৃষ্ট হইবে।

(ছ) শত্রুবর্গগত তুলাস্থ চন্দ্রকে নীচস্থ শত্রুগ্রহ দেখিবে।

(জ) নীচ-অরি-বর্গস্থিত চন্দ্র কেন্দ্র কোণে থাকিবে ও চন্দ্রের—৬, ৮, ১২শে বৃহস্পতি থাকিবে।

(ঝ) বৃহস্পতির দৃষ্টি বিহীন চন্দ্র চরগৃহে বা চর-নবাংশে থাকিয়া পাপাংশগত ও শত্রু-দৃষ্ট হইবে।

দরিদ্র (এ) শুক্র ও শনি পরস্পরকে দেখিবে ও উভয়ে নীচ-শত্রু-পাপগ্রহের বর্গগত হইবে।

(ট) রাত্রি জন্মস্থলে পাপযুক্ত, পাপগৃহগত বা পাপাংশ-কস্থ দুর্বল চন্দ্রকে দশমপতি দেখিবে।

(ঠ) নীচনবাংশগত পাপযুক্ত চন্দ্রকে ৯ম পতি দেখিবে।

(ড) রাত্রি জন্মস্থলে নীচস্থ চন্দ্র অত্যন্ত দুর্বল হইবে।

(৮) দীন :—চন্দ্রের দশমে রবি ও শনি থাকিবে।

(৯) পতি-পুত্র-যুক্ত [স্ত্রীকোষ্ঠী] :—কর্কট বা ধনুলগ্নে জন্ম ও ৪র্থে বহু পাপ থাকিবে।

(১০) শোকাকুল [স্ত্রীকোষ্ঠী] :—৮ম ভাবের ৯মে ও ৮মে পাপগ্রহগণ থাকিবে। জাঃ পাঃ

(১১) আজন্ম : ভিক্ষান্নলাভ :—২য় ও ১১শ-পতিদ্বয় পাপযুক্ত হইয়া দুঃস্থে থাকিবে।

(১২) শুভদৃষ্টিহীন কিন্তু শনি দৃষ্ট বা যুক্ত লগ্নপতি পাপ দৃষ্ট হইয়া ষষ্ঠ, ৮ম বা ১২শ পতির সহ যুক্ত। পঃ

(১৩) ২য়ে ক্রুরগ্রহাদি থাকিবে।

(১৪) বান্ধব-সুত-সুখহীন : মহাজড় :—৪র্থে রবি চন্দ্র।

(১৫) ত্বক্ দোষ :—২য়ে রবি ও মঙ্গল থাকিবে। সাঃ

(১৬) চোর :—শনি যুক্ত ২য়স্থ রবি শত্রু যুক্ত হইবে।

(১৭) লগ্নে রাহু, ষষ্ঠে চন্দ্রের দৃষ্টি, ৩য়ে শুভহীন রবি, মঙ্গল, শনি অথবা কেন্দ্রস্থ শুভগ্রহগণ অস্তমিত।

(১৮) বৃহস্পতি বা শুক্র নীচস্থ হইবে (সম্ভবতঃ সুনীচস্থ)।

দরিদ্র (১৯) চন্দ্র ও লগ্নের উপর কোন গ্রহের দৃষ্টি থাকিবে না। অথবা যে দিন পাত, উল্কা, কেতু দেখা যায় সেই দিন জন্ম হইবে।

(২০) কেন্দ্র-কোণে শুভগ্রহ থাকিবে না, ষষ্ঠে ৪টি গ্রহ (তন্মধ্যে একটি গ্রহ) নীচস্থ বা অস্তগত হইয়া থাকিবে ; আর কোনও গ্রহ তুঙ্গী থাকিবে না।

(২১) মকরস্থ চন্দ্রকে রবি দেখিবে। বৃঃ জাঃ

(২২) আত্মকুলের ভয়দাতা :—২য়ে ও ৪টি কেন্দ্রে পাপগ্রহ থাকিবে। জাঃ ভঃ

(২৩) লগ্নের ১০মে, রবির ১১শে ও চন্দ্রের ৮মে কোন গ্রহ থাকিবে না।

(২৪) ক্রূরযুক্ত বা বিশেষ দুর্বল লগ্নপতি ১২শে, আর শুভগ্রহগণ অস্তগত হইয়া থাকিবে।

(২৫) কেন্দ্রে পাপগ্রহগণ আর ষষ্ঠ, ৩য় ও ১১শে দুর্বল শুভগ্রহগণ থাকিবে।

(২৬) ৮মে লগ্নপতি (বিশেষ যদি) অস্তগত হয়, ষষ্ঠে ১০মপতি ও ১২শে ২য়পতি থাকে।

(২৭) ২য়পতি ৮মে, ও ক্রূরদৃষ্ট দুর্বল লগ্নপতি ষষ্ঠে।

(২৮) লগ্নপতি হীনবীর্য্য, ২য়পতি অস্তগত ও ৪টি কেন্দ্রে সবল ক্রূরগ্রহগণ থাকিবে।

(২৯) ২য়ে ক্রূরদৃষ্ট ক্রূরগ্রহ, আর ২য়পতি রবি যুক্ত।

(৩০) দ্রব্য বর্জ্জিত :—২য়ে শুভগ্রহ, আর ক্রূরযুক্ত ২য়-

পতি অস্তগত হইয়া থাকে।

দরিদ্র (৩১) ২য়পতি ৬,৮ বা ১২শে, আর ক্রূরগ্রহ দ্বিতীয়ে।

(৩২) শুভবর্জ্জিত ৪টি কেন্দ্রে পাপগ্রহ থাকিবে, কিন্তু ১০মে মঙ্গল থাকিবে না।

(৩৩) ষষ্ঠে লগ্নপতি ও ২য়পতি, ১০মপতি পাপগ্রহগণ যুক্ত, আর ২য়ভাবে ক্রূর থাকিবে ও দেখিবে।

(৩৪) ২য়ভাব ক্রূরযুক্ত ও দৃষ্ট এবং ৩য়ে ২য়পতি।

(৩৫) রবি শুক্র শনি একত্র [কিন্তু বুধ ও বৃহস্পতি দৃষ্ট হইয়া মেষ বা সিংহে থাকিবে না]। জ্যোঃ কঃ দ্রুঃ

দরিদ্র মূর্ত্তি ঃ নীচ ঃ বন্ধু পরিভূতঃ—৪র্থে রবি ও শনি। সাঃ

দানগ্রাহী ঃ—৯মস্থ লগ্নপতি বলবান ১০মপতিকে দেখিবে।

দানপ্রাপ্তি (১) ৯মস্থ ৫,৯,১০মপতি ত্রয়কে লগ্নপতি দেখিবে।

(২) ১০মপতি দৃষ্ট ৯মপতি কেন্দ্রে ত্রিকোণে বা উচ্চ নবাংশে থাকিবে। সঃ চিঃ

দাস ঃ খল ঃ লুব্ধ ঃ নিদ্রালসঃ—লগ্নে শনি চন্দ্র থাকিবে। সাঃ

দীনতাঃ মিত্রও পুত্রহীনঃ স্ত্রীপরিভূতঃ—৪র্থে রবি—চন্দ্র। সাঃ

দীর্ঘরোগ ঃ—রবি-রাহু-দৃষ্ট শনি-মঙ্গল ষষ্ঠে, আর লগ্নপতি হীন-বলী হইবে। সঃ চিঃ

দুঃখ-প্রাপ্তি (১) উত্তরার্দ্ধেঃ—৪র্থে ও ৫মে পাপগ্রহ থাকিবে।

(২) অর্থ সত্ত্বেও ঃ—৪র্থে পাপ, বৃহস্পতি দুর্বল, ৪র্থ-পতি দুর্বল ও পাপযুক্ত হইবে।

(৩) পুত্র-অর্থ-বন্ধুযুক্ত হইয়াও ঃ—৪র্থে নীচগ্রহ ও

পাপযুক্ত ৪র্থপতি ক্রূরাংশে থাকিবে।

দুঃখ-প্রাপ্তি (৪) যানান্তেঃ—লগ্নপতি দৃষ্ট ১০ম, ১১শ ও লগ্নে উচ্চস্থ শুভগ্রহ থাকিবে।

(৫) সর্ব্বদা :—শুভদৃষ্টিহীন অবরোহভাগযুক্ত ৪র্থপতি ক্রূরাংশে থাকিয়া রবি-মঙ্গল যুক্ত হইবে।

(৬) পিতার [ক] :—নবমভাব-কারক ও নবমপতি ক্রূর নীচাংশস্থ বা শনি মান্দি, রাহু যুক্ত হইবে।

[খ] নবমপতি শুভগ্রহ হইয়া নীচ-শত্রু যুক্ত হয় বা ক্রূরষষ্ট্যংশে থাকে।

[গ] পিতৃস্থানেশ্বর (৯মপতি) যাহার নবাংশে থাকে সেই গ্রহের নবাংশপতি ক্রূর-নীচ-শত্রু গৃহে থাকিবে।

[ঘ] নবমভাবকারক বা ৯মপতি পাপযুক্ত, পাপদৃষ্ট, পাপান্তর গত হইবে।

(৭) পুত্র হইতে পিতার [অ] :—পিতার ৮মপতির স্থিত নক্ষত্রের তৃতীয় নক্ষত্রে জন্ম হইবে।

[আ] পিতার জন্মরাশির ১২শপতি যে নক্ষত্রে থাকে তাহা হইতে তৃতীয় নক্ষত্রে জন্ম হইলে। সঃ চিঃ

(৮) ভয়-রোগ-ক্ষুধাযুক্ত : শ্রেষ্ঠবংশোৎপন্ন :—রবি, মঙ্গল, বুধ, শুক্র ও শনি একত্র থাকে।

(৯) আজন্ম :—লগ্নে বহু পাপ থাকিবে।

(১০) প্রথমে :—লগ্নে শুভ, ২য়ে ও কেন্দ্রে পাপ, আর লগ্নপতি উত্তমাংশগত হইবে।

দুঃখ প্রাপ্তি (১১) লগ্নে তিনটি পাপগ্রহ থাকিবে।

(১২) ২য়-৪র্থ-৯ম ও ১১শপতিগণ দুর্ব্বল হইবে।

(১৩) যানান্তে :—নবম, দশম ও লগ্নস্থ তুঙ্গীগ্রহগণকে লগ্নপতি দেখিবে।

(১৪) রোগার্ত্ত : বহুশত্রু :—নবমে রবি ও বুধ থাকে।

(১৫) পিতার :—৫মপতি নিজে শুভগ্রহ হইয়া নীচ-মূঢ়-অরি রাশিতে বা ক্রূরাংশে থাকে। জাঃপাঃ

(১৬) পিতৃ-মাতৃ-দুঃখতপ্ত : মান-সুত-ধনহীন : পরিভূত : —লগ্নে রবি ও চন্দ্র থাকে।

(১৭) শেষ বয়সে বন্ধুহীন :—দশমে চন্দ্র ও বুধ থাকে।

(১৮) নানাপ্রকারেঃপুত্র বন্ধুহীনঃ—৪র্থে মঙ্গল-শুক্র। সাঃ

(১৯) চতুর্থে মঙ্গল, পঞ্চমে রবি-বুধ ও রাহু, অষ্টমে শনি।

(২০) বাল্যে :—৮মপতি একাদশে থাকিবে। জাঃ লঃ

(২১) কেন্দ্রে শুভগ্রহগণ এবং ২য়ে পাপগ্রহগণ। কুঃ কঃ

দুরাচারবান্ : কৃশ : মানী : দেহসুখহীনঃ—মঙ্গল, বৃহস্পতি ও শনি একত্র থাকে। জাঃ পাঃ

দুর্গন্ধদেহ :—দশমে মঙ্গল ও বুধ থাকিবে। জাঃ পাঃ

দুর্দ্দশাগ্রস্ত :—লগ্নে শনি, ৭মে ক্ষীণচন্দ্র ও শুক্র। সঃ চিঃ

দুর্ভাগ্যবতী [স্ত্রীকোষ্ঠী] (১) ৭মভাবের নবাংশস্থ মঙ্গলকে শনি দেখিবে।

(২) বন্ধ্যা :—৭মে শনি ও বুধ থাকে। জাঃ পাঃ

দুর্মুখ (১) ২য়ে পাপ, ২য়পতি পাপযুক্ত বা নীচস্থ হইয়া

পাপদৃষ্ট হইবে। সঃ চিঃ

দুর্মুখ (২) পাপদৃষ্ট পাপগ্রহ ২য়ে থাকে। জাঃ পাঃ

দুষ্কর্ম্মকারী (১) বৃহস্পতি নীচস্থ হইয়া নীচ-দৃষ্ট হইবে।

(২) পরদারগামী :— শুভদৃষ্টিহীন কেন্দ্রস্থ রবি চন্দ্র ও শনি ক্রূরাদি ষষ্ট্যংশ-নীচভাগ যুক্ত হয়। জাঃ পাঃ

(৩) দূষক : সর্ব্বদাভোজী :—চন্দ্র মঙ্গল ও বুধ এক রাশিতে একত্র থাকিবে। জাঃ পাঃ

(৪) পৃষ্ঠা ৫৮ কুভোজী (১) দ্রষ্টব্য।

দুষ্কৃতি লাভ : স্বজন দূষক :—১০ম ও ১১শে পাপগ্রহ। পঃ

দূত :—লগ্নে মঙ্গল ও বুধ থাকিবে। সাঃ

দ্যূত ক্রীড়ায় সাহসী :—১০মে দুর্বল পাপবৎচন্দ্র। জাঃ পাঃ

দ্যূতক্রীড়াসক্ত : শূর : চোর : রাজা বা অন্য লোক হইতে মৃত্যু :—লগ্নপতি ৮মে ও ৮মপতি লগ্নে। জাঃ লঃ

দেশ দেশান্তর পর্য্যটক : পিতামাতা মৃত :—৪র্থ, ১০ম ও ১২শে পাপ গ্রহ থাকে। মাঃ সাঃ

দেহ কষ্ট (১) ক্রূররাশিতে রবি, মঙ্গল, বৃহস্পতি ও রাহু থাকে এবং ৭মে শুক্র থাকিবে।

(২) আমঘাত :—লগ্নে ক্রূরগ্রহ এবং লগ্নপতি স্বয়ং ক্রূরগ্রহ হইবে। জাঃ পাঃ

দেহসুখহানি :—দুঃস্থানপতি যদি নীচ-শত্রুভাগগত হইয়া লগ্নে থাকে। জাঃ পাঃ

দ্বেষ্য (১) পিশুন : প্রবাসী :—নবমস্থ বৃহস্পতিকে শনি ও

মঙ্গল দেখিবে। সাঃ

দ্বেষ্য (২) ৯মে রবি, চন্দ্র ও মঙ্গল থাকিবে। শঃ হোঃ

দেব দর্শনে রোগ :—চতুর্থ দশম বা লগ্নে বৃহস্পতি এবং কেন্দ্রে শনি ও গুলিক থাকিবে। জাঃ পাঃ

ধন—ও স্ত্রী—ত্যক্ত (১) মলিনাচার : অবিনীত : দুঃখিতঃ নীচ :—লগ্নে রবি ও শুক্র থাকিবে।

(২) মৃগয়ারত : মহামূর্খ : মন্দালস : দুর্ভগ :—৭মে রবি ও শনি থাকিবে। সাঃ

ধননষ্ট (১) কুস্ত্রীযুক্ত : পিতৃদূষক :—চন্দ্র শনিযুক্ত হয়। জাঃ পাঃ

(২) স্ত্রী বৈর হেতু : ব্যসনী : শঠ : অশুভমূর্ত্তি : পিতৃ-ধনলুব্ধ : শূর :—৪র্থে বৃহস্পতি ও শনি থাকে। সাঃ

ধন-নাশ (১) ২য়ে নীচস্থ, শত্রু গৃহস্থ ও মূঢ় গ্রহ থাকিবে [এবং ২য়ভাবে যে যে ভাবপতির দৃষ্টি থাকিবে, সেই ভাব জনিত ব্যাপারে ধন নাশ হইবে]।

(২) রাজা হইতেঃ—লগ্নপতি হীনবল ও পাপযুক্ত, ১২শে রবিযুক্ত ২য়পতি, বা নীচস্থ ২য়পতি পাপ দৃষ্ট।

(৩) রাজদণ্ডে [অ] :—২য়ে ১২শপতি, ১২শে ১১শ-পতি, আর ২য়পতি দুঃস্থগত বা নীচস্থ হইবে।

[আ] পাপ ও রাজকারক গ্রহ যুক্ত ২য়পতি ১২শে নীচস্থ।

(৪) রাজ কোপে [ক] :—২য়পতি ১২শে ও ১২শ-পতি ২য়ে থাকিয়া লগ্নপতির দৃষ্টি পাইবে এবং ৮মগত লগ্নপতি পাপযুক্ত হইবে।

ধন-নাশ [খ] লগ্নপতি যুক্ত ১০মপতি যমকণ্টকাংশ বা দংষ্ট্রা-করালাংশ গত হইবে।

(৫) রাজা-চোর-অগ্নি হইতে [অ]:—মঙ্গল ও চৌরাদি ভাবাধিপতি (ত্রিকোণ) দৃষ্ট ২য় ও ১১শ পতিদ্বয় ক্রূরাংশগত-দুর্বল-পাপযুক্ত হইবে।

[আ] ২য়পতির নবাংশপতির নবাংশপতি পাপযুক্ত হইয়া দুঃস্থে থাকিবে।

(৬) অপবাদ হেতুঃ—১০মপতি ক্রূরাদি ষষ্ট্যংশগত ও পাপযুক্ত হইয়া ৮মে (১২শে) এবং ২য়পতি ও ১১শ-পতি কর্তৃক যুক্ত হইবে।

(৭) ও রাজাজ্ঞায় পিতৃমৃত্যু :—পাপদৃষ্ট রবি নীচস্থ বা ষষ্ঠাষ্টমে থাকিবে।

(৮) ১১শে পাপ বা ১১শ স্থান পাপরাশি অথবা ১১শ-পতি পাপ-সম্বন্ধী। সঃ চিঃ

(৯) ২য়ে রবি-মঙ্গল-শনি থাকিবে বা দেখিবে [বিশেষ যদি তাহাতে ক্ষীণচন্দ্রের দৃষ্টি থাকে। কুঃ কঃ মতে—তুঙ্গীগ্রহ যুক্ত হইলেও ঐফল]।

(১০) ২য়স্থ শুক্রে চন্দ্রের দৃষ্টি থাকিবে। সাঃ

(১১) সঞ্চিত :—১২শপতি পাপযুক্ত হইবে! জাঃ লঃ

(১২) পাপদৃষ্টি-যুক্ত কোন গ্রহ শত্রু-নীচগৃহে অস্তগত হইয়া ২য় স্থানে থাকিলে [ঐ গ্রহ দশান্তর্দশায় বা গোচরে বলান্বিত হইলে ঐফল দিবে]। জাঃ পাঃ

ধন-নাশ (১৩) ২য়ে চন্দ্র ও মঙ্গল [শনির দৃষ্টিতে ফলাধিক্য]।

(১৪) ২য়স্থ বুধকে চন্দ্র বা ক্ষীণচন্দ্রকে বুধ দেখিবে।

(১৫) পূর্ব্ব প্রাপ্ত :—২য়স্থ শুক্রকে বুধ দেখিবে।

(১৬) বাম কণ্ঠে চিহ্ন :—৮মে বহু পাপ থাকিবে।

(১৭) কামিনীগণ দ্বারা কুমার্গে :—চন্দ্র জল রাশিতে এবং রবি-মঙ্গল অগ্নি রাশিতে, আর শুক্র পর-ক্ষেত্রে থাকিবে। [উক্ত যোগে বুধ ১২শে থাকিলে বেশ্যা দ্বারা ধন নাশ হইয়া থাকে।] কুঃ কঃ

(১৮) পূর্বার্জিত; কিন্তু নব উপার্জিত ধন বৃদ্ধি :—ক্ষীণচন্দ্র ২য়ে বুধ দৃষ্ট হইয়া থাকিবে।

(১৯) ১২শস্থ শনি যদি মঙ্গল দৃষ্ট বা যুক্ত হয়। জাঃ ভঃ

(২০) ২য়পতি ষষ্ঠ বা ১২শে; বা ১২শপতি ২য়ে; বা ১১শপতি ষষ্ঠ, ৮ম, ১২শে থাকিবে।

(২১) বৃহস্পতি ১২শে, ২য়পতি দুর্বল, এবং লগ্নে শুভ-গ্রহের দৃষ্টির অভাব থাকিবে।

(২২) বধূকলহকৃৎ: রাজপ্রিয় :—৯মে রবি, চন্দ্র ও শুক্র।

(২৩) ১২শে দুর্ব্বল গ্রহ ও ১২শপতি বলবান্ হইবে।

(২৪) কৃষিনাশ :—১২শস্থ বলবান্ ক্রূরগ্রহ ষষ্ঠাষ্টমপতি।

(২৫) রাজা হইতে :—রবি বা দুর্বল চন্দ্র ১২শে থাকিবে।

(২৬) নানাপ্রকারে:—বুধ দৃষ্ট মঙ্গল দ্বাদশে। • জাঃ পাঃ

(২৭) রাজদণ্ডে :—ষষ্ঠ-৮ম-১২শে ২য় ও ১১শ পতি দ্বয়, ১১শে মঙ্গল ও ২য়ে রাহু থাকিবে। পঃ

ধননাশ (২৮) পিতার ঃ—রবি ধনুতে, শনি কুম্ভে, চন্দ্র মেষে ও শুক্র মকরে থাকিবে।

(২৯) ১২শে বুধ ও শুক্র থাকিবে বা দেখিবে। মাঃ সাঃ

(৩০) চোর-শত্রু-রাজা হইতে ঃ—২য়স্থ মঙ্গল ২য়পতি।

(৩১) ম্লেচ্ছ-নিষাদ-শত্রু দ্বারা ঃ—১২শে শনি, ৫মে রাহু বা কেতু থাকিবে। শঃ হোঃ

(৩২) ভোজন-পীড়া—যদি খাদ্য পায় তো বস্ত্র পায় না ঃ— শুভগৃহে পাপ ও পাপ গৃহে শুভ থাকে। পঃ

ধননাশক ঃ—২য়ে চন্দ্র ও মঙ্গল থাকিবে। পঃ

ধন-ব্যয় (১) পাপকার্য্যে [ক]ঃ—১২শে পাপগ্রহ, পাপদৃষ্ট ১২শপতি স্বয়ং পাপগ্রহ হইবে।

[খ] ১২শে শনি মান্দি ও রাহু ১২শপতির সহিত থাকে বা ক্রূরাংশ যুক্ত হয়।

[গ] ১২শপতি পাপদৃষ্ট বা পরষষ্ট্যংশগত হইয়া কেন্দ্র ত্রিকোণে থাকিবে।

[ঘ] পাপ ১০মপতিদৃষ্ট ১২শপতি নীচ-শত্রুগৃহে থাকিবে।

(২) ধর্ম্মকর্ম্মে [অ] ঃ—ব্যয়পতির নবাংশপতি শুভগ্রহ হইয়া শুভাংশপ্রাপ্ত ও শুভমধ্যগত হয়।

[আ] পারাবতাদি বর্গস্থ বৃহস্পতি-শুক্র বা চন্দ্র-বুধ ১২শে থাকিয়া শুভদৃষ্ট হইবে।

[ই] শুভ ১০মপতিদৃষ্ট বা যুক্ত ১২পতি স্বোচ্চ-মিত্র-স্ববর্গস্থ হইবে।

ধন-ব্যয় (৩) শত্রু দ্বারা :—গুলিক যুক্ত ১২শপতি দুর্বল বা শত্রুনাথ যুক্ত বা দৃষ্ট হইবে।

(৪) স্ত্রী হেতু :—দুর্বল ৭মপতি যুক্ত বা দৃষ্ট ১২শ-পতি ক্রূরাংশ গত হইবে।

(৫) ভ্রাতৃ হেতু :—দুর্বল মঙ্গল যুক্ত বা দৃষ্ট ১২শপতি ক্রূরাংশস্থ থাকিবে।

(৬) পুত্রহেতু :—দুর্বল ৫মপতি যুক্ত বা দৃষ্ট ১২শ-পতি ক্রূরাংশস্থ হইবে।

(৭) পিতৃহেতু :—১২শপতি যদি ১০মপতি বা ১০ম কারক গ্রহের সহিত যুক্ত হয় বা দৃষ্টি সম্বন্ধ পায়।

(৮) মাতৃ হেতু :—১২শপতির সহিত মাতৃপতির (৪র্থপতির) যোগ বা দৃষ্টি সম্বন্ধ থাকে। সঃ চিঃ

(৯) ধর্ম্মকর্ম্মে (ক) :—১১শে বৃহস্পতি, ২য়ে শুক্র, ২য়-পতি শুভ যুক্ত এবং ১২শে শুভগ্রহ থাকে।

[খ] লগ্নপতি ১২শে, ১২শ পতি লগ্নে মঙ্গল যুক্ত।

(১০) শত্রু হেতু—৩১ বর্ষে :—১১শপতি ষষ্ঠে ও ষষ্ঠপতি ১১শে থাকিবে। পঃ

(১১) ম্লেচ্ছ-নিষাদ-গণিকাজন-গান বাজনা দ্বারা :—স্ত্রীগ্রহযুক্ত শনি বা রাহু ২য়ে থাকিবে। শঃ হোঃ

ধন হরণ (১) রাজা কর্ত্তৃক (ক) ১২শে ক্ষীণচন্দ্র বা রবি, অথবা রবি-চন্দ্র থাকিবে ও মঙ্গল দৃষ্ট হইবে। কুঃ কঃ

(খ) ক্ষীণ বৃহস্পতি ও রবি ১২শে থাকিবে। হোঃ রঃ

ধন-হরণ (২) পুত্র কর্ত্তৃক :—ষষ্ঠপতি ২য়ে থাকে। জাঃ লঃ

ধনহীন (১) জ্ঞানহীন :—১২শে ৯মপতি ও কেন্দ্রে পাপগ্রহ।

(২) বংশক্ষয় :—লগ্নে চন্দ্র বৃহস্পতি, ৭মে শনি বা মঙ্গল এবং ৫,৮, বা ১২শে পাপ থাকিবে। সঃ চিঃ

(৩) নির্ব্বন্ধু : দ্বেষী : দুরাচারবান্ :—রবি, বুধ ও শনি একত্র একরাশিতে থাকিবে।

(৪) চঞ্চল চক্ষু : ভ্রমণ শীল : কুলটাপতি :—রবি, চন্দ্র, মঙ্গল ও শনি একত্র থাকিবে।

(৫) কৃতঘ্ন :—রবি, চন্দ্র, বুধ ও শনি একত্র।

(৬) ভ্রান্ত : সুহৃদ্‌বন্ধুযুক্ত :—রবি, মঙ্গল, বৃহস্পতি ও শনি একত্র এক রাশিতে থাকে।

(৭) রোগী :—মঙ্গল, বুধ বৃহস্পতি ও শনি একত্র।

(৮) দীর্ঘাকৃতি : পুত্রহীন : বহুরোগ :—রবি, চন্দ্র, বুধ, ও শনি একত্র থাকে।

(৯) যশ ও ধর্ম্মহীন :—৯মস্থ পাপগ্রহগণ পাপ-শত্রু-নীচ রাশিস্থ ও রবির কর্ন্নাংশ গত হয়। জাঃ পাঃ

(১০) স্ত্রী-পরিভূত : দ্বেষ্য : শৈল-বনে ভ্রমণকারী :—৭মে রবি ও শুক্র থাকে। সাঃ

(১১) রবি, মঙ্গল, শনি ২য়ে থাকিবে বা দেখিবে [আর তাহাতে ক্ষীণচন্দ্রের যোগে ফলাধিক্য]। জাঃ ভঃ

(১২) ২য়ে রবি, মঙ্গল, শনি, রাহু আর ক্ষীণচন্দ্র কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

ধন-হীন (১৩) ৮মে ক্রূরগ্রহের বাহুল্য থাকিবে। শঃ হোঃ

(১৪) ব্যাধি দুঃখিত : কামে নিত্য উদ্বিগ্ন : প্রজ্ঞাহীন :—
চন্দ্রের ১০মে শনি থাকিবে। হোঃ রঃ

(১৫) ১২শ ও ষষ্ঠে পাপগণ এবং ৩য় ৯মে শুভগণ। বৃঃ মঃ

ধর্ম্মদূষক : ব্যঙ্গ : কোপন : মিত্রবন্ধুদ্বেষী : বহুকামাঢ্য :—
দ্বাদশে মঙ্গল থাকিবে। হোঃ রঃ

ধর্ম্মহীন :—পাপযুক্ত ৯মপতি ক্রূরষষ্ট্যংশগত হইবে। জাঃপাঃ

ধৈর্য্যনাশ :—৩য়পতি পাপযুক্ত ও দৃষ্ট অথবা দুঃস্থে। জাঃ পাঃ

নপুংসক (১) একটি কন্যা জন্মের পর :—স্ত্রীগ্রহ স্ত্রীরাশিতে,
৫মপতি স্ত্রীভাবে ষণ্ডাংশে থাকিবে। সঃ চিঃ

(২) লগ্নপতির সম্বন্ধযুক্ত বুধ, ষষ্ঠপতি ও রাহু একত্র।

(৩) পত্নীঃ—ষষ্ঠে ৭মপতি ও শুক্র থাকিবে। জাঃ পাঃ

(৪) দশমে শুক্র ও শনি থাকিবে।

(৫) রবি বিষম রাশিতে, চন্দ্র সম রাশিতে কিংবা রবি সমে ও চন্দ্র বিষমে থাকিয়া পরস্পরকে দেখিবে।

(৬) সম বিষম রাশি ভেদে শনি বুধ পরস্পরকে দেখিবে।

(৭) সমে রবি, বিষমে মঙ্গল পরস্পরকে দেখিবে।

(৮) বিষম রাশিগত লগ্ন ও চন্দ্রকে সম রাশিগত মঙ্গল দেখিবে।

(৯) চন্দ্র এবং বুধ বিষম ও সমরাশিগত হইয়া মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(১০) লগ্ন, চন্দ্র ও শুক্র তিনটিই পুংরাশি বা পুংনবাংশ-

গত হইবে। জাঃ লঃ

নপুংসক (১১) ১০ম বা অষ্টমে শুক্র ও শনি ; অথবা জল-রাশি-গত শনি ষষ্ঠ বা ১২শে থাকিবে। বঃ

(১২) ৭মপতি খলযুক্ত-নীচস্থ-অস্তগত হইবে, ৭ম, ষষ্ঠ বা ৮ম স্থানে বিকলগ্রহ থাকিবে।

(১৩) ক্রূর বা দুর্বল শুভগ্রহ ৭মে, আর ৭মপতি নষ্ট হইবে বা শত্রু নবাংশে থাকিবে।

(১৪) দুর্বল লগ্নপতি নীচস্থ ও নীচগ্রহ কর্তৃক দৃষ্ট হইয়া অস্তগত হইবে, ও ৭মপতি ষষ্ঠে থাকিবে।

(১৫) ৭মপতি বিনষ্ট বা ষষ্ঠাষ্টমস্থ বা বিনষ্ট ক্ষেত্রে গত।

(১৬) ১, ২, ৩, ৪টি পাপগ্রহ আর শুভগণ ৭মে এবং ৭মপতি বিনষ্ট হইবে। হোঃ রাঃ

নপুংসকদেহ : দীনবচন : রাজপ্রিয় :—দশমে বুধ ও বৃহস্পতি থাকিবে। জাঃ পাঃ

নির্ধন (১) ২য়পতির নবাংশপতি পাপযুক্ত হইয়া দুঃস্থানে থাকে অথবা ক্রূরাংশগত হয়।

(২) ২য়েক্রূরগ্রহ, ২য়পতি ও ১১শপতি পাপযুক্ত হইবে।

(৩) ১২শপতির নবাংশপতি যদি ২য়পতি দ্বারা যুক্ত বা দৃষ্ট হয়, নীচস্থ-অস্তগত-হীনবল পাপযুক্ত ও কেন্দ্রগত হয়।

(৪) ২য়পতির স্থিত রাশিপতির নবাংশপতি যদি কাল-দণ্ডাদি অংশ যুক্ত হয়। সঃ চিঃ

নির্ধন (৫) পাপদৃষ্ট মেষস্থ রবি তুলা নবাংশে থাকিবে।

(৬) জড়তনু : পরান্নভোজী :—কেন্দ্রে রবি চন্দ্র ও শনি।

(৭) বন্ধুহীন : অসাধু : পিতৃহন্তাঃ—৯মে রবি, মঙ্গল ও শনি থাকিবে। জাঃ পাঃ

(৮) ২য় ও ১১শপতি ষষ্ঠে আর ২য় ও ১১শে পাপগ্রহ।

(৯) পিতাঃ—৯মের ২য় বা ৪থে মঙ্গল, ৯মপতি নীচস্থ।

(১০) লগ্নপতি ১২শে, এবং ১২পতি লগ্নে, আর মারকেশ-কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে।

(১১) মারকেশ দৃষ্ট লগ্নেশ ষষ্ঠে ও ষষ্ঠপতি লগ্নে।

(১২) লগ্নে চন্দ্র ও কেতু বা লগ্নেশ ৮মে, আর মারকেশ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

(১৩) রাজ বংশে জন্মিলেও :—পাপ ও মারকেশ যুক্ত লগ্নপতি ষষ্ঠ, ৮ম বা ১২শে থাকিবে।

(১৪) ৪র্থপতি ষষ্ঠে, ৯মপতি ১০মে, কিন্তু ইহারা মারকেশ কর্ত্তৃক দৃষ্ট হয়।

(১৫) ৯ম বা ১০মপতি ব্যতীত পাপগ্রহ লগ্নস্থ হইয়া মারকেশ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে।

(১৬) দুঃখাক্রান্ত : চঞ্চল :—যে ভাবেশ ৬,৮,১২শে, আর ৬, ৮, ১২শপতি যে ভাবে থাকিয়া পাপগ্রহগণ বা শনি কর্ত্তৃক দৃষ্ট হয়।

(১৭) চন্দ্রাক্রান্ত নবাংশপতি মারকেশ কর্ত্তৃক যুক্ত হইবে বা ৮মে থাকিবে।

নির্ধন (১৮) লগ্নের নবাংশপতি ৬,৮,১২শে থাকিয়া মারকেশ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে।

(১৯) ২য়ে শনি দৃষ্ট রবি থাকিবে।

(২০) ২য়ে বুধ দৃষ্ট বৃহস্পতি থাকিবে। পঃ

(২১) রাত্র্যন্ধ :—তুলা লগ্নে রবি থাকিবে।

(২২) ভাগ্যহীন :—নীচস্থ বা শত্রু রাশিস্থ ৯মপতি পাপ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইয়া ৮মে বা ১২শে। হোঃ রঃ

নিষ্ঠুর : মদালস :—লগ্নে শনি ও বৃহস্পতি থাকে। শঃ

নীচকর্ম্মা (১) পাপ-দৃষ্ট বৃহস্পতিতে রাহু বা কেতুযুক্ত। জাঃপাঃ

(২) স্বীয় দ্রেক্কাণে না থাকিয়া বুধ লগ্নে থাকিবে ও কেন্দ্রগত চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইবে। জাঃ ভঃ

নীচকর্ম্মাশ্রিত (১) পাপী : হীনাঙ্গ : ভোগলালস : ক্রূর বিষয়ে রুচি :—দ্বাদশে শনি থাকিবে।

(২) অসদ্ব্যয়ী : পাপবুদ্ধি : কপটী : কুল-দূষক :—দ্বাদশে রাহু থাকিবে। হোঃ রঃ

নীচত্ব প্রাপ্তি (রাজপুত্র হইলেও) :—রবি উচ্চস্থ হইয়া নীচনবাংশে থাকে [আর যদি ঐরূপ রবি লগ্নে থাকিয়া পাপ দৃষ্ট হয়, তাহা হইলে ঐ ফলের কখনও অন্যথা হয় না]। সঃ চিঃ

নীচান্নভোজী :—৭মে বা ৮মে রবি, মঙ্গল, শনি, রাহু। রাঃ মাঃ

নৃপপীড়ন সন্তপ্ত : পরবাদে পীড়িত : নৃশংস :—দ্বাদশে বুধ থাকিবে। হোঃ রঃ

পঙ্গু (১) শনি-চন্দ্র-মঙ্গল-দৃষ্ট লগ্ন মীন-রাশি হইবে। জাঃ পাঃ

(২) মীন লগ্নে চন্দ্র থাকে, আর মেষ সিংহ ও ধনুর শেষার্দ্ধে পাপগ্রহ থাকে।

(৩) শুভ-দৃষ্টি-হীন বৃষের চন্দ্রকে রবি, মঙ্গল ও শনি দেখিবে। হোরা শঙ্কু প্রকাশঃ

পতি কাপুরুষ ঃ—শুভযুক্ত বা শুভদৃষ্টি রহিত ৭মস্থান দুর্বল হইয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়। জাঃ পাঃ

পতি ক্লীব ঃ-লগ্ন বা চন্দ্রের ৭মে বুধ বা শনি থাকে। বৃঃ জাঃ

পতি খল ঃ—৯মপতি ও বৃহস্পতি ত্রিকোণস্থ হইয়া রাহু বা কেতু কর্ত্তৃক যুক্ত হয়।

পতি গতায়ু ঃ—৯মপতি ও বৃহস্পতি ষষ্ঠ, ৮ম, বা দ্বাদশে।

পতি চোরের রাজা ঃ—৯মপতি ও বৃহস্পতি ত্রিকোণগত হইয়া ষষ্ঠপতি কর্ত্তৃক যুক্ত হয়।

পতি-ত্যক্তা (১) ৭মে দুর্বল ক্রূরগ্রহ কিন্তু শুভদৃষ্ট।

(২) রবি ৭মে থাকিয়া শত্রুগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে।

পতিদ্বেষিনী ঃ—মঙ্গল গৃহে লগ্ন ও তাহাতে শুক্র-মঙ্গল।

পতিপ্রবাসী ঃ—৭মভাব চর রাশি হইবে।

পতিবৃদ্ধ ও অতিমুর্খ ঃ—৭মস্থ শনি স্বনবাংশে বা স্বগৃহে।

পতি-পত্নীর একত্র মৃত্যু (১) ৭মপতি ও ৭মকারক উভয়ে শুভগ্রহ ও বলশালী হইয়া ৭মে থাকে কিন্তু পাপ-গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় না। জাঃ পাঃ

(২) লগ্ন ও ৭মপতি ৮মে থাকিয়া একই দ্রেক্কাণ গত।

পতি-পত্নীর একত্র মৃত্যু (৩)৭মপতি ও ৮মপতি এক রাশিতে থাকিবে, এবং অষ্টমপতি লগ্নকে দেখিবে।

(৪) ৮ম ও লগ্নপতি লগ্নে আর একই দ্রেক্কাণে থাকে।দীঃ

পতি বা পত্নী হানি :—লগ্ন হইতে ২য়-১২শ-৭ম ও ৮ম স্থানে মঙ্গল থাকে। জাঃ পাঃ

পতিহানি :—লগ্নের ৮মে নীচ-শত্রু-পাপ-বর্গ যুক্ত ক্রূরগ্রহ থাকিবে। জাঃ পাঃ

পদচ্ছেদকঃ—ষষ্ঠপতি শনি যুক্ত, মঙ্গল ও বুধ একত্র। জাঃভঃ

পরগৃহেবাস : নীচবৃত্তি :—ষষ্ঠপতি, রাহুর বা রবির সহিত যুক্ত হইয়া ১২শে থাকিবে। জাঃ লঃ

পরদাররত (১) ক্রূর : অতিভীত : ধনী :—রবি, চন্দ্র ও শুক্র একত্র থাকিবে।

(২) মিথ্যাবাদী : দুষ্ট :—বুধ, শুক্র ও শনি একত্র।

(৩) চোর :—রবি, মঙ্গল, বুধ ও শুক্র একত্র।

(৪) বহুজনদ্বেষী :—চন্দ্র, বুধ, শুক্র ও শনি একত্র।

(৫) বিত্তপ্রভাবকুশল : মলিন :—রবি, চন্দ্র, মঙ্গল, শুক্র ও শনি একত্র থাকিবে।

(৬) অন্যবধূবিলোল : সেনা-তুরঙ্গপতি : শোকহীন:—রবি, মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শুক্র একত্র থাকে।

(৭) পৃষ্ঠা ৬৯ চোর (১)—দ্রষ্টব্য।

(৮) সপ্তমে শুক্র থাকে বা ৭মে সপ্তমপতি রাহু কেতু 'যুক্ত হয় (কিন্তু ৭মভাব শুভগৃহ হইবে না, কিংবা

বৃহস্পতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে না)।

পরদাররত (৯) বৃহস্পতি যদি শনি বা মঙ্গল যুক্ত হয় বা তাহাদের গৃহে কিংবা নবাংশে থাকে।

(১০) পাপযুক্ত ৭মে লগ্ন-২য়-ষষ্ঠপতিগণ যুক্ত হইবে।

(১১) দশমে ২য়পতি, ৭মপতি ও ১০মপতি থাকিবে।

(১২) বহুস্ত্রীরত :—৭মে বুধ বৃহস্পতি বা চন্দ্র শুক্র।

(১৩) পৃষ্ঠা ৮৬ দুষ্কর্ম্মকারী (২)—দ্রষ্টব্য।

(১৪) ধনী : পণ্ডিত :—রবি, বৃহস্পতি ও শুক্র একত্র।

(১৫) চন্দ্রের ১০মে রবি ও মঙ্গল থাকে।

(১৬) পাপী :—৯মে রবি বুধ ও শনি থাকিবে। জাঃ পাঃ

(১৭) মানী : কিতব : ব্যসনাতুর :—মঙ্গল, বৃহস্পতি, শুক্র ও শনি একত্র থাকিবে। মাঃ সাঃ

(১৮) মঙ্গল বা বুধ সপ্তমে থাকিবে।

(১৯) লগ্নে পাপযুক্ত ২য়-ষষ্ঠ-৭মপতিগণ শুক্র যুক্ত হইয়া থাকিবে কিন্তু শুভদৃষ্ট হইবে না।

(২০) লগ্নপতি ও ষষ্ঠপতি উভয়ে পাপযুক্ত হইবে।

(২১) লগ্নপতি, ষষ্ঠপতি, ২য়পতি ইহারা পাপযুক্ত হইবে অথবা শনি ৭মে এবং ৭মপতি পাপযুক্ত হইবে।

(২২) ২য়ে রাহু বা কেতু এবং ৭মপতি পাপদৃষ্ট।

(২৩) ২য়পতি, ৭মপতি বা ১০মপতির মধ্যে একটি ৪র্থে থাকিবে।

(২৪) পাপযুক্ত ক্ষীণচন্দ্র ৭মে থাকিবে।

পরদাররত (২৫) লগ্নে পাপযুক্ত ৭মপতি থাকিবে।

(২৬) দুষ্কর্ম্মযুক্ত : কুভোজী :—৯মপতি ১২শে, ১২শ-পতি ২য়ে, আর পাপগণ ৩য়ে থাকে। সঃ চিঃ

(২৭) পৃষ্ঠা ৬৭ ঘৃণাহীন—দ্রষ্টব্য।

পরধনলুব্ধ : মিথ্যাবাদী :—৭মে চন্দ্র ও মঙ্গল থাকিবে। সাঃ

পরধর্ম্মেশ্রদ্ধা : বন্ধুহীন : পরকার্য্যকারী :—রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, ও শুক্র একত্র থাকিবে। জাঃ পাঃ

পরান্নভোজী (১) ভোজ্য দ্রব্যের নিন্দক :—২য়পতি ক্রূর-ষষ্ট্যংশ যুক্ত ও নীচস্থগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে। সঃচিঃ

(২) ২য়পতি নীচস্থ, শত্রু যুক্ত, ও নীচস্থগ্রহ দৃষ্ট।

(৩) অতিভীরু : অতিপাপী : উগ্রবৃত্তি :—রবি, চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শনি এক রাশিতে থাকে। জাঃপাঃ

পরানুগ (পরের অনুগত ভৃত্য বা মোসাহেব) :—লগ্নের নবাংশপতি রবি, চন্দ্র বা বৃহস্পাতি হইবে, এবং ঐ গ্রহ শত্রুভাগগত হইয়া স্বীয় নীচগৃহপতির নবাংশ-পতির সহিত যুক্ত হইবে। জাঃ পাঃ

পরাভব (১) যুদ্ধে :—৬য়পতি উচ্চস্থ হইয়া ১২শে ; আর ৩য়ভাব-কারকগ্রহ দুর্ব্বল বা ক্রূর ষষ্ট্যংশ যুক্ত।

(২) ৮মপতি পাপযুক্ত—পাপদৃষ্ট—পাপমধ্যগত—পাপ-গৃহগত বা রন্ধ্রগত (৮মস্থ) হয়। সঃ চিঃ

(৩) মন্দ কর্ম্মের নেতা :—রবি, মঙ্গল, শুক্র ও শনি একত্র একরাশিগত হয়। জাঃ পাঃ

পরিবার ক্ষয়ংকর ঃ—লগ্নে ও ১২শে পাপগ্রহ, ২য়ে শুভগ্রহ, ও ৫মে পাপগ্রহ থাকে। হোঃ রঃ

পাণ্ডুরোগ ঃ ভ্রান্তি ঃ—ষষ্ঠে চন্দ্র ও মঙ্গল থাকিবে। সঃ চিঃ

পানান্ন-বন্ধু-রহিত ঃ স্বজন-তিরস্কৃত ঃ মিত্রত্যক্ত ঃ মূঢ় ঃ পাপী ঃ—৪র্থে বুধ ও শনি থাকে। সাঃ

পানান্ন-সৌখ্য-রহিত ঃ স্বজন ও মিত্রত্যক্ত ঃ পাপী ঃ—৪র্থে শনি ও মঙ্গল থাকে। সাঃ

পাপকর্ম্মা ঃ—চন্দ্র বা লগ্নের দশমে এবং দশম-ভাবের নবাংশে পাপগ্রহ থাকিবে। জাঃ পাঃ

পাপ-পরায়ণা ঃ—৭মপতি বা রবি যদি পাপরাশ্যংশ গত, পাপযুক্ত ও পাপদৃষ্ট হয়। সঃ চিঃ

* পাপ-যোগ (১) লগ্নে বৃহস্পতি, ৭মে শনি, অন্য পাঁচটি গ্রহ শত্রু-নীচ গৃহে থাকিবে।

(২) পাপদৃষ্ট পাপগ্রহ পাপগৃহে দ্বাদশে থাকিবে।

(৩) মহাপাতকী ব্রাহ্মণ হইলেও [অ] ঃ—২য়ে রাহু মঙ্গল বৃহস্পতি, ৭মে শুক্র ও ৮মে রবি-চন্দ্র থাকে।

[আ] ঃ—লগ্নে রবি, ২য়ে শনি ও ১২শে রাহু থাকিবে।

(৪) লগ্ন, নবম ও লগ্নপতি পাপযুক্ত হইবে।

(৫) লগ্ন বা লগ্নপতি ক্রূরযুক্ত, আর ১০পতি নীচস্থ।

(৬) বিবিধ পাপকারী ঃ—লগ্নপতি নীচস্থ, লগ্নে শনি-

---

* পরস্ত্রীহরণ, পরনিন্দা, অন্যকে দুঃখ দেওয়া, চুরি করা, গর্ব্বকরা, মনস্তাপ পাওয়া—ইহাই পাপ যোগের ফল।

মঙ্গল, এবং ১০মে খলগ্রহ থাকে।

পাপযোগ (৭) মেষ লগ্নে রবি শনি ও কর্কটে খলগ্রহ।

(৮) চারিটি কেন্দ্রে শুভ গ্রহ থাকিবে না, কিন্তু পাপগ্রহ থাকিবে এবং লগ্নপতি নীচস্থ হইবে। হোঃ রঃ

পাপাচার ঃ কুৎসিত-বৃত্তি ঃ নিন্দিত-জননী-পুত্রঃ মলিন-বুদ্ধিঃ—লগ্নে রবি ও শনি থাকিবে। সাঃ

(মহা) পাপী (১) সিংহে রবি ও শনি থাকিবে। কুঃ কঃ

(২) শত্রু-গৃহস্থ শনিতে রাহু যুক্ত হইলে। রাঃ মাঃ

পালাজ্বর—চার দিন অন্তর ঃ—৮মে রাহু বা কেতু ; বা ৮মে ৮মপতি ; বা ৮মভাব ক্রূরষষ্ট্যংশে থাকে। সঃ চিঃ

পিতার মৃত্যুর পর জন্ম (১) রবি ৬,৮,১২শে থাকিয়া সিংহ বা মীনরাশির দ্বাদশাংশ গত হইবে। জাঃ পাঃ

(২) রবি ষষ্ঠ-অষ্টম-বা দ্বাদশে, ৮মপতি ৯মে, দ্বাদশ-পতি লগ্নে এবং ষষ্ঠপতি পঞ্চমে থাকিবে। পঃ

(৩) এবং স্বয়ং মৃত ঃ—২য়ে রাহু, রবি, বুধ, শুক্র ও শনি থাকিবে। মাঃ সাঃ

পিতা কষ্টে জীবিত ঃ—৭মে রবি, ১০মে মঙ্গল ও ১২শে রাহু থাকিবে। মাঃ সাঃ

পিতৃদ্বেষী (১) লগ্নপতি-রাহু-মঙ্গল কর্তৃক দৃষ্ট ৫মপতি দুঃস্থে থাকিবে। সঃ চিঃ

(২) সপ্তমে রবি ও বুধ থাকিবে। সাঃ

পিতৃ মাতৃ হীন (১) ক্ষতাঙ্গ ঃ—৯মে রবি, চন্দ্র ও মঙ্গল।

পিতৃ-মাতৃহীন (২) লগ্নপতি বলবান এবং ৪র্থপতি ও পিতৃ পতি (অর্থাৎ ৯মপতি) দুঃস্থান-গত হয়। জাঃপাঃ

পিতৃ-মৃত্যু (১) পৃষ্ঠা ৮৮ ধননাশ (৭)—দ্রষ্টব্য।

(২) বিবাহকালে :—লগ্নে বৃহস্পতি, ও ২য়ে রবি, মঙ্গল, বুধ ও শনি থাকিবে।

(৩) শঙ্কা :—৪র্থে ও ১০মে পাপ থাকে। মাঃ সাঃ

(৪) দেশান্তরে :—মঙ্গলের দৃষ্টি যুক্ত ১০মে শনি, রবি ও রাহু থাকিবে। শঃ হোঃ

(৫) ১ম বর্ষে :—৮মে রবি, ৮মপতি ও ৯মপতি।

(৬) ২, ১২ বর্ষে :—লগ্নপতি ৮মে, ৮মপতি রবি যুক্ত।

(৭) ৩, ১৬ বর্ষেঃ—১২শপতি ৯মে, ৯মপতি নীচাংশে।

(৮) ৪, ৪০ বর্ষে :—৯মপতি ১২শে ও ১২শপতি ৯মে।

(৯) ৬, ২৫ বর্ষে :—৯মের ৭মে অর্থাৎ ৩য়ে রবি, ও ৩য়ের ৭মে অর্থাৎ ৯মে রাহু থাকিবে।

(১০) ৭, ১৯ বর্ষেঃ—রবি রাহু একত্র, চন্দ্রের ৯মেশনি।

(১১) ১৬, ১৮ বর্ষে :—৪র্থে রাহু ও ৫মে রবি থাকিবে।

(১২) ২১, ২৬, ৩০ বর্ষে :—৭ম বা ৮মে শনি; ও শনির ৭মে রবি থাকিবে।

(১৩) ২৬, ৩৩ বর্ষে :—৯মপতি নীচস্থ ও ঐ নীচ-গৃহপতি ৯মে থাকিবে।

(১৪) ৩৫, ৪১ বর্ষে :—চন্দ্র রব্যংশে ও লগ্নপতি ৮মে।

(১৫) ৫০ বর্ষে :—পিতৃস্থানপতির সহিত রবি, মঙ্গল ও

শনি যুক্ত ; বা রবি চন্দ্র ও মঙ্গল যুক্ত হয়। পঃ
পিতৃ মৃত্যু (১৬) বিশ বর্ষে :—শক্র ক্ষেত্রগত রাহু-বৃহস্পতি লগ্ন ও ৪র্থে থাকিয়া শুভদ্বারা দৃষ্ট হয় না। কুঃকঃ
পুংশ্চলী (১) [স্ত্রী কোষ্ঠী] [অ] শনি মধ্যবলী, চন্দ্র বুধ শুক্র দুর্ব্বল, বাকী গ্রহগণ বলবান হইবে।

[আ] শুক্র ও মঙ্গল পরস্পরের গৃহে বা নবাংশে থাকে।

[ই] পতির আজ্ঞায় :-৭মে চন্দ্র, শুক্র ও মঙ্গল থাকে।

[ঈ] মাতার সহিত :—শনি মঙ্গলের গৃহ লগ্ন হইবে, এবং তথায় পাপদৃষ্ট চন্দ্র-শুক্র থাকিবে।

[উ] পতির সহিত :—চন্দ্র সপ্তমে থাকিবে।

[ঊ] পতির আজ্ঞায় :—চন্দ্র ৭মস্থ হইয়া শনি বা মঙ্গলের নবাংশে থাকিবে।

(২) স্ত্রী :—৭মে পাপ ও অপ্রকাশ গ্রহ।

(৩) স্ত্রী:—৭মে ক্ষীণ চন্দ্র ও অপ্রকাশ গ্রহ। জাঃ পাঃ

(৪) জননী [ক] রাহু, শনি বা রবি যুক্ত ৪র্থপতি স্বয়ং পাপ গ্রহ হইবে।

[খ] ৪র্থপতির নবাংশপতি ঐরূপ হইবে।

(৫) দুষ্ট বা পতি কর্কশা স্ত্রী :—৭মপতি দুর্ব্বল এবং মঙ্গল ক্রূরাদি ষষ্ট্যংশগত-নীচস্থ-শক্ররাশিস্থ বা অস্তগত হয়।

(৬) স্ত্রী :—৭মে রাহু বা কেতু থাকে। সঃ চিঃ

(৭) জরাত্তি দুষ্টা স্ত্রী :—শনি ও ৭মপতি পাপযুক্ত

হইয়া নীচাংশগত, নীচস্থ ও শত্রু-গৃহস্থ হইয়া পাপদৃষ্ট ও পাপ গ্রহের নবাংশ গত হয়।

পুংশ্চলী (৮) কঠিন ও চোর স্ত্রীঃ—৫মে শুক্র, ৭মপতি পাপযুক্ত নীচ গ্রহযুক্ত, নীচস্থ-মূঢ় হইবে বা ক্রূরাদি ষষ্ট্যংশযুক্ত হইবে। সঃ চিঃ

(৯) স্ত্রী [ক]ঃ—৭মে শনি মঙ্গল থাকে ; বা ৭মপতি শনি-মঙ্গল কর্ত্তৃক যুক্ত হয়। পঃ

[খ] স্বয়ং পুংশ্চল ঃ—শনি বা মঙ্গলের বর্গস্থ শুক্র ৭মে থাকিবে ও শনি বা মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইবে। সাঃ

পুত্র কষ্ট বা কন্যা যোগ ঃ—১১শে রবি, মঙ্গল ও শুক্র। কুঃকঃ

পুত্র জন্ম (১) মস্তক পদ ও হস্ত হীন ঃ—৫ম-ভাব ও ৯ম-ভাবের দ্রেক্কাণে পাপ থাকিবে।

(২) মস্তক হীন ঃ—লগ্নের দ্রেক্কাণে মঙ্গল যদি রবি, চন্দ্র ও শনি দৃষ্ট হয়।

(৩) হস্তহীন ঃ—রবি, চন্দ্র ও শনি দৃষ্ট মঙ্গল ৫ম-ভাবের দ্রেক্কাণে থাকিবে। জাঃ পাঃ

পুত্র বিযুক্ত ঃ পাপরত ঃ পিশুণ স্বভাব ঃ ব্রণার্চিতাঙ্গ ঃ—শনি অষ্টমে ও মঙ্গল ১২শে থাকে। হোঃ রঃ

পুত্রহানি (১) ৫মভাব ও ৫মপতি পাপমধ্যগত এবং ৫মভাব-কারকগ্রহ স্বয়ং পাপযুক্ত।

(২) ৯ম-৫ম-৭মপতির নবাংশপতি যদি পাপ-নবাংশে থাকে ও পাপযুক্ত হয়।

পুত্রহানি (৩) ৫মপতি ক্রূরাংশগত-নীচস্থ-অস্তগত-পাপদৃষ্ট হয় বা ১২শে থাকে।

(৪) ৫মপতি দুঃস্থে-ক্রূরাংশে বা ক্রূরগ্রহ কর্ত্তৃক দৃষ্ট।

(৫) লগ্নগত চন্দ্র পূর্ব্বফল্গুনী নক্ষত্রের ২য়পাদে থাকে।

(৬) ৭মে রবি, লগ্নে চন্দ্র ও পাপ থাকে।

(৭) স্ত্রী ও ভাগ্যহীন ঃ অতি দুঃখী ঃ—বৃহস্পতি নীচ-শত্রু নবাংশে ও শনি বৃহস্পতির নবাংশে থাকে।

(৮) ৯ম বা ১০মস্থ শনিতে পাপদৃষ্টি থাকে। সঃ চিঃ

(৯) স্ত্রী ও ভাগ্যহীন ঃ—শুক্র ও বৃহস্পতি নীচাংশ বা শত্রু নবাংশগত হইবে এবং শনিও শত্রু-নবাংশে।

(১০) কন্যালগ্নে রবি ও ৫মে মঙ্গল থাকে।

(১১) শনি বা মঙ্গল দৃষ্ট ৫মভাব চন্দ্র বা শুক্রের বর্গগত

(১২) বা স্ত্রী-হানী ঃ—৭মপতি পঞ্চমে থাকে।

(১৩) রাহু ৫মে ও ৫মপতি দুঃস্থে থাকে।

(১৪) লগ্নপতি ষষ্ঠ বা অষ্টমে, ৫মপতি পাপযুক্ত বা শত্রু বা নীচগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়।

(১৫) পূর্ব্বজন্মের [অ] দেবতার শাপে ঃ—৫মস্থ বৃহস্পতি পাপদৃষ্ট হইয়া থাকিবে।

[আ] বিপ্র-শাপে ঃ—৫মস্থ বৃহস্পতি যদি ষষ্ঠপতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

[ই] মাতার নিকট দোষ করা হেতু ঃ—৪র্থে পাপ, ৫মপতি শনি যুক্ত, এবং ৮ম ও ১২শে পাপ।

পুত্রহানি [ঈ] রিপুদোষে :—শুভদৃষ্টিহীন ও ষষ্ঠপতি কর্ত্তৃক দৃষ্ট ৫মপতির সহিত মঙ্গল যুক্ত হইবে।

[উ] পিতার নিকটে দোষী থাকায় :—৯মে পাপ, ৫মপতি শনি যুক্ত ও ত্রিকোণে গুলিক থাকিবে।

[ঊ] সর্প সম্বন্ধীয় দোষে :—দুর্ব্বল ৫মভাব বা ৫মপতি যদি রাহু বা কেতু কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

(১৬) দুর্দেব পীড়ায় কন্যা পর্য্যন্ত হানি :—মঙ্গল, বৃহস্পতি, ৫মপতি ও ৭মপতি একত্র। জাঃ পাঃ

(১৭) পত্নী ও শ্রীহীন :—রবি তুলার ১০অংশে। জাঃপাঃ

(১৮) ৫মস্থ বৃহস্পতির ৫মে ক্রূরগ্রহ থাকে। জাঃ লঃ

(১৯) এবং স্ত্রীহানি :—৭ম, ১২শ ও লগ্নে পাপ এবং ৫মে ক্ষীণ-চন্দ্র থাকিবে।

(২০) প্রথমটি, কিন্তু দ্বিতীয় পুত্র জীবিত :—৫মপতির প্রথম ক্ষেত্রে রবি—সম্ভবতঃ লগ্ন হইতে গণনীয়।

(২১) ৫ম-স্থান মঙ্গলের শত্রুগৃহ, আর তথায় শত্রু দৃষ্ট মঙ্গল থাকে।

(২২) প্রথমটি :—৪র্থ, ৫ম, ও ৯মে সমস্ত গ্রহ থাকে।

(২৩) ৫মে চন্দ্র, ত্রিকোণে বৃহস্পতি, ১০মে মঙ্গল থাকে এবং ৫ভাবে ৫মপতির দৃষ্টি থাকিবে না।

(২৪) প্রথমটি :—৫মস্থ মঙ্গলকে বৃহস্পতি বা শুক্র দেখে।

(২৫) কদাচিৎ বৃদ্ধ বয়সে একটি জীবিতঃ—১১শে পাপ।

(২৬) একাদশে চন্দ্র ও শনি থাকে। কুঃ কঃ

পুত্রহানি (২৭) ৫মভাব পাপক্ষেত্র ও পাপযুক্ত এবং শুভ যোগ বা দৃষ্টি বর্জ্জিত হইবে। কুঃ কঃ

(২৮) স্ত্রী-হানি:—চন্দ্র শুক্র একত্র ও তাহাদের ৭মে শনি ও মঙ্গল থাকে।

(২৯) কন্যা লগ্নে রবি এবং মীনে মঙ্গল থাকে। বৃঃ জাঃ

(৩০) ৪র্থে পাপ বাহুল্য, ৭মে শুক্র ও ১০মে চন্দ্র থাকে।

(৩১) স্ত্রী-হানি:—সপ্তম বা দ্বাদশস্থ চন্দ্র পাপগ্রহের গৃহে থাকিবে। জাঃ ভঃ

(৩২) বা পুত্রের বনবাস:—লগ্নে পাপ এবং ৭মে রবি ও শনি থাকিবে। মাঃ সাঃ

(৩৩) মাতুলের:—ষষ্ঠে রাহু ও শনি থাকে। শঃ হোঃ

(৩৪) ৫মপতি রাহু বা মঙ্গল যুক্ত হইবে, অথবা রাহু ও মঙ্গলের মধ্যগত হইবে।

(৩৫) প্রথমটি:—পঞ্চমস্থ রবি স্বগৃহে থাকে।

(৩৬) ৫মস্থ মঙ্গল নীচস্থ, শত্রু দৃষ্ট বা শত্রু ক্ষেত্রগত।

(৩৭) স্ত্রী-হানি:—লগ্ন, ৭ম, ১২শে পাপ এবং ৫মে (শঃ হোঃ মতে—খল গৃহে) ক্ষীণ চন্দ্র থাকে। হোঃ রঃ

(৩৮) ৩২বর্ষে:—৫মে রাহু, ৫মপতি পাপযুক্ত এবং বৃহস্পতি নীচস্থ হয়।

(৩৯) ৩৩, ৩৪, ৩৬বর্ষে:—বৃহস্পতির ৫মে ও লগ্নের ৫মে পাপগ্রহ থাকিবে।

(৪০) ৫৬বর্ষে:—লগ্নে গুলিক ও লগ্নপতি নীচস্থ। পঃ

পুত্রহানি (৪১) ৬টির মধ্যে ৩টি মৃত :—২য়পতি ৫মে ও
৫মপতি ৪র্থে থাকে। প:

(৪২) এবং স্ত্রীহানি :—৭মে শনি ও ক্রূরগ্রহ, ৪র্থে
পাপগ্রহ,ও ১২শে শুভগ্রহ থাকিবে। ভৃগু:

(৪৩) সুখ-ধন-বন্ধুহীন :—৪র্থে চন্দ্র ও মঙ্গল থাকে। সা:

পুত্রাভাব (১) জন্মিলেও মরিবে :—৫মপতি হইতে ৫ম, ষষ্ঠ
ও ১২শে পাপগ্রহ থাকিবে।

(২) ৩য়পতি লগ্ন, ২য়, ৩য় বা ৫মে থাকিবে।

(৩) শুক্র ১০মে, ৫মপতি বলবান, ৪র্থপতি ১১শে বা
পাপ গৃহে এবং ৯ম ও ৩য়ে পাপ। [কেহ বলেন—
শুক্র স্বয়ং ৫মপতি হইয়া ১০মে ইত্যাদি।]

(৪) চন্দ্রের ৫মে পাপগৃহে বুধ থাকিবে। জা: ভ:

(৫) ৩০ বর্ষ পর্য্যন্ত :—পাপ বা বৃহস্পতি ৪র্থে, এবং
চন্দ্র ৫ম বা ৮মে থাকিবে। জা: ল:

পুনর্ভবার স্বামী (১) চন্দ্র ও শনি যদি লগ্নের ৭মে থাকে বা
চন্দ্রের সপ্তমে শনি থাকে। জা: ভ:

(২) সপ্তমে চন্দ্র ও শনি থাকিবে। সা:

পুনর্ভূ—স্বামীত্যাগ করিয়া :—লগ্নের বা রাশির ৭মে
শুভাশুভগ্রহ থাকে। বৃ: জা:

পৌনর্ভব (১) চন্দ্র শনির বর্গে, এবং ৫মস্থ শনিকে রবি ও
শুক্র দেখিবে। সা:

(২) ৫মভাব শনির বর্গগত হইবে আর রবি ও শুক্রকে

চন্দ্র দেখিবে। কুঃ কঃ

পৌনর্ভব (৩) শনি ও চন্দ্র এক রাশিতে থাকে। বৃঃ জাঃ

প্রবাসী (১) ১২শপতি নীচস্থ বা দুর্বল হইবে এবং লগ্ন-পতির শত্রু হইবে।

(২) চিরকালের জন্য :—ঐরূপ ১২শপতিকে শুক্র দেখিবে।

(৩) গ্রামে বাস :—ঐরূপ ১২শপতি যদি রবির করাংশগত হয়।

(৪) ধনপূর্ণ গ্রামে বাস :—ঐরূপ ১২শপতি বলবান।

(৫) ও পুত্র দুষ্ট :—মঙ্গল, শুক্র ও শনি একত্র। জাঃপাঃ

(৬) চন্দ্রের ১০মে মঙ্গল ও শুক্র থাকিবে।

(৫) বিবিধ চেষ্টক :—চন্দ্রের ১০মে রবি, বৃহস্পতি, শুক্র ও শনি থাকিবে। সাঃ

প্রমেহ : রক্তদোষ : স্ত্রীলোকের পা, জঙ্ঘা বা গুহ্যদেশে রক্ত-দোষ :—ষষ্ঠে অনেকগুলি পাপগ্রহ থাকে। কুঃকঃ

প্রাপ্ত কার্য্য নাশ :—দুর্বল শুক্র ও বুধ দশমপতির সহিত যুক্ত হইবে। জাঃ পাঃ

প্রেষ্য (১) রাত্রিতে পরকার্য্যকারী :—চর লগ্নে শনি, ২য়ে বৃহস্পতি, ৩য়ে মঙ্গল, ৭মে চন্দ্র ও ১০মে রবি।

(২) লগ্ন স্থির-রাশি, লগ্নে বা ২য়ে বৃহস্পতি, ৭মে চন্দ্র, ৮মে মঙ্গল ও ৯মে শুক্র থাকে।

(৩) [রাত্রি জন্মস্থলে] :—চর-লগ্নপতি সন্ধিগত ও

কেন্দ্রে পাপগ্রহ থাকে ।

প্রেষ্য (৪) [দিবা জন্মস্থলে] :—স্থির-লগ্নপতি সন্ধিগত, আর শনি, শুক্র, বৃহস্পতি ও চন্দ্র কেন্দ্র কোণে থাকে ।

(৫) পরকর্ম্মজীবী :—বৃহস্পতি ঐরাবতাংশগত হইয়া সন্ধিগত, চন্দ্র উত্তমবর্গগত হইয়া কেন্দ্র ভিন্ন স্থানে, আর লগ্নে শুক্র কিন্তু কৃষ্ণপক্ষের রাত্রে জন্ম হইবে ।

(৬) মঙ্গল, বৃহস্পতি ও রবি যদি ষষ্ঠ, ৪র্থ ও ১০ম গত হইয়া সন্ধিগত হয় ।

(৭) শুভ রাশিতে পাপাংশে চন্দ্র থাকে, আর বৃহস্পতি লগ্নপতির সহিত যুক্ত হয় ।

(৮) ৪র্থে চন্দ্র এবং মকর রাশি গত বৃহস্পতি ষষ্ঠ, ৮ম বা ১২শে থাকিবে । জাঃ পাঃ

(৯) সন্ন্যাসাভাস :—কেতুযুক্ত আত্মকারকাংশ রাশিতে কেবল শনির দৃষ্টি থাকিবে ।

(১০) রাজার :—কারকাশ্রিত নবাংশ রাশিতে রবি ও শুক্রের দৃষ্টি থাকিবে । জৈঃ

প্লীহা রোগ (১) চন্দ্র ষষ্ঠপতি হইয়া কেবল পাপ দ্বারা দৃষ্ট ।

(২) ৭মস্থ লগ্নপতিকে খলগ্রহগণ দেখিবে ।

(৩) দগ্ধ-বিনষ্ট শনিকে রবি দেখিবে ।

(৪) শনি লগ্নে এবং লগ্নপতি উগ্ররূপে পীড়িত হয় । রঃ

বংশক্ষয় (১) পৃঃ ৯২ পংক্তি ৩-৪ ধনহীন (২)—দ্রষ্টব্য ।

(২) চন্দ্র ১০মে, শুক্র ৭মে, পাপ ৪র্থে, লগ্নেশ বুধযুক্ত ।

বংশক্ষয় (৩) ৪র্থে সমুদায় পাপগ্রহ থাকিবে। কিংবা পাপ-
গ্রহগণ লগ্ন-৫ম-৮ম ও ১২শ ভাবে থাকিবে।

(৪) লগ্ন-৮ম ও ১২শে পাপ, ৫মে চন্দ্র, ৭মে বুধ ও
শুক্র, ৪র্থে পাপ ও ৫মে বৃহস্পতি থাকিবে।

(৫) চন্দ্রের ৮মে ২টির বেশী পাপ, লগ্নে পাপ, ৪র্থে চন্দ্র,
ও ৫মে লগ্নপতি থাকিবে।

(৬) লগ্নে ক্ষীণচন্দ্র, ৫মপতি দুর্ব্বল, এবং শনিগৃহে মূঢ়
বৃহস্পতি থাকিবে। সঃ চিঃ

(৭) লগ্নপতি ৫মে, লগ্নটি পাপরাশি, চন্দ্র ৪র্থে এবং
৫মপতি দুর্ব্বল হইবে। হোঃ রঃ

(৮) রবি, শনি ও রাহু একত্র। জ্যোঃ কঃ দ্রুঃ

(৯) ও বংশচ্ছেত্তা ঃ—৪র্থে বহু পাপ, ৭মে শুক্র, ও
১০মে চন্দ্র থাকিবে।

(১০) পাপগ্রহগণ শত্রু-বর্গগত হইয়া লগ্ন, ৭ম, ৯ম ও
১২শ রাশিগত হইবে। জাঃ পাঃ

বংশচ্ছেত্তা (১) ৪র্থে পাপ, ৭মে শুক্র, ও ৯ম বা ১০মে চন্দ্র।

(২) লগ্নে চন্দ্র-বৃহস্পতি, ৪র্থে পাপ, ও ৭মে মঙ্গল-বুধ।

(৩) ৪র্থে পাপ, ৫মে বৃহস্পতি, ও ৭মে বুধ-শুক্র।

(৪) লগ্ন, ৫ম, ৮ম,ও ১২শে শুভগ্রহগণ থাকে। হোঃরঃ

বঞ্চক (১) ভণ্ড ঃ—পাপযুক্ত দুর্ব্বল লগ্নপতি ২য়ে। জাঃ পাঃ

(২) মায়ানিপুণঃ ক্রূর ঃ—চন্দ্রের ১০মে রবি, বুধ, বৃহ-
স্পতি ও শনি থাকে। সাঃ

বন্ধ্যা (১) লগ্ন শনি বা মঙ্গলের গৃহ, তথায় চন্দ্র ও শুক্র, আর ৫মে খলগ্রহ থাকে।

(২) সপ্তমে বুধ ও শনি থাকিবে। জাঃ পাঃ

(৩) কাকবন্ধ্যা [ক]ঃ—৫মপতি-অস্তগত-পাপাক্রান্ত-দুর্ব্বল-নীচস্থ ও ষষ্ঠগত হইবে।

[খ] প্রথমপুত্র মৃত ঃ—ষষ্ঠে ৫মপতি এবং মঙ্গলের গৃহে লগ্নপতি থাকে।

[গ] ৫মে কেতু-বুধ এবং নীচস্থ ৫মপতি ৬,৮, বা ১২শে।

[ঘ] নীচস্থ ৫মপতি ৫মভাবকে দেখিবে না এবং ৫মে শনি ও বুধ থাকিবে। পঃ

(৪) অষ্টমে চন্দ্র ও বুধ থাকে। হোঃ রঃ

বন্ধ্যা দম্পতি (১) বৃহস্পতি সন্ধিগত ও শনি ৭মে। কুঃ কঃ

(২) শক্র দৃষ্ট দুই বা তিনটি পাপগ্রহ ৫মে থাকে। হোঃরঃ

বন্ধ্যার পতি (১) বা স্ত্রীহানি ঃ—লগ্ন, ৭ম ও ১২শে পাপ ও ৫মে দুর্ব্বল চন্দ্র [শঃ হোঃ—চন্দ্র স্থানে খলগ্রহ]।

(২) শুক্র, রবি সপ্তমে ও লগ্নে থাকে। জাঃ পাঃ

(৩) গণ্ডান্তে জন্ম, লগ্নে শনি ও ৭মে শুক্র থাকে। সাঃ

(৪) লগ্নে শনি ও ৭মে শুক্র; ইহারা শুভযুক্ত বা শুভদৃষ্ট নয়। কুঃ কঃ

(৫) লগ্নে শনি, ৫মে শুভগ্রহ নাই, ও ৭মস্থ শুক্র ভ—অর্থাৎ নক্ষত্র বা রাশি—সন্ধিগত হইবে। হোঃ রঃ

বন্ধ্যা স্ত্রী (১) বৃষ, কন্যা, মকরের অন্যতম লগ্ন হয়, তথায়

শনি থাকে ও ৭ম ভাবের শেষ নবাংশে চক্র-সন্ধি-
স্থলে শুক্র,আর ৫মে শুভগ্রহ থাকিবে না। বৃঃ জাঃ

বন্ধ্যা স্ত্রী (২) ৭মে রবি বা কেতু ও অপ্রকাশগ্রহ। জাঃ পাঃ

বহু-পতি যোগ :—লগ্ন বিষমরাশি, পুরুষগ্রহ বলবান, চন্দ্র,
বুধ ও শুক্র সকলেই বলবান, এবং শনি সাধারণ
বলযুক্ত হইলে। জাঃ পাঃ

বহুপুরুষ বাধ্য থাকে (স্ত্রীকোষ্ঠী) :—লগ্ন বিষমরাশি, শনি
মধ্যবলী, চন্দ্র, বুধ ও শুক্র তিনটিই দুর্ব্বল, আর
অবশিষ্ট গ্রহগণ বলবান হইবে। জাঃ পাঃ

বাতভয়ে প্রমাদ ঃ-শনি, পাপগ্রহগণ ও ২য়পতি একত্র। সঃচিঃ

বাতরোগ (১) ৫৯ বর্ষে ঃ-লগ্নে লগ্নপতি, শনি ও শত্রুগ্রহ। পঃ
(২) সর্প পীড়া ঃ—পৃষ্ঠা ২, অগ্নিদগ্ধ (১৭)—দ্রষ্টব্য।

বামন (১) মকরের শেষাংশে লগ্ন, উহাকে রবি, চন্দ্র ও
শনি দেখে।
(২) ৩য়-৪র্থভাবে স্বগৃহে মঙ্গল, এবং লগ্নে বুধ বা শনি।
(৩) ৩য়-৪র্থ ভাবে স্বগৃহে মঙ্গল, এবং বুধ ও লগ্নপতির
সহিত শনিযুক্ত হইবে। জাঃ পাঃ
(৪) লগ্নপতি মেষে, এবং ৪র্থগত শনি কর্ত্তৃক দৃষ্ট
চন্দ্র পৃষ্ঠোদয় রাশিতে থাকে। জাঃ লঃ

বায়ুশূল :—৪র্থ ও ৭মে ক্রূরগ্রহ থাকে। পঃ জাঃ

বারাঙ্গনার পতি : বিশালচক্ষু : বহুবিত্ত পুত্র :—রবি, চন্দ্র,
বৃহস্পতি ও শনি একত্র থাকে। জাঃ পাঃ

বাহন-নাশ (১) শুভ-দৃষ্টি হীন পাপগ্রহ ৪র্থে থাকে।

(২) ৪র্থে ১২শ ও ৮মস্থ পাপগ্রহের দৃষ্টি থাকে। জাঃলঃ

বিদ্যাহীন (১) পাপরত ঃ পরান্নভুক্ ঃ—কেন্দ্রে পাপগ্রহ ও ১২শে ৯মপতি থাকে।

(২) ২য়পতি, বুধ, ও বৃহস্পতি ৮মে থাকে।

(৩) পাপদৃষ্ট ও যুক্ত ৪র্থপতি পাপ রাশিতে বা দুঃস্থে।

(৪) বুদ্ধি-বিবেক-হীন ঃ—৪র্থপতি, বুধ ও বৃহস্পতি ৩,৬,৮, বা ১২শে কিংবা নীচ রাশিতে থাকে।

(৫) বিনয়-গুণ-রাজমানহীনঃ—৫মপতি দুর্ব্বল ক্রূরাংশ-গত ও পাপাক্রান্ত হইবে। জাঃ পাঃ

(৬) ধন-বাহন-হীন ঃ ক্ষীণ-ভাগ্য ঃ হ্রস্বায়ু ঃ পাপী ঃ মলিন শরীর ঃ—লগ্নে বুধ ও শনি থাকে।

(৭) ধন-জনহীন ঃ কাপুরুষ ঃ সৌখ্যবর্জ্জিত ঃ বিকল ঃ-চন্দ্রের ১০মে মঙ্গল, বৃহস্পতি ও শনি থাকে। সাঃ

(৮) ৫মপতি বা বুধ যদি বৃহস্পতির সহিত যুক্ত হইয়া ষষ্ঠ, অষ্টম, বা দ্বাদশে থাকে। জাঃ লঃ

(গাঢ়) বিপদ মাতার ঃ—১০মপতি বলবান্; চন্দ্র, লগ্নপতি এবং ৪র্থপতি ইহারা দুর্ব্বল হইবে। সঃ চিঃ

বিফলারম্ভ ঃ নিত্যোদ্বিগ্ন ঃ বেতনগ্রাহী ঃ—১০মে রবি ও মঙ্গল থাকিবে। সাঃ

বিরহে কাতর (প্রিয় রমণীর) ঃ—রবি, চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি ও শনি একত্র থাকিবে। জাঃ পাঃ

বিবাদ নিরত : বধূদূষক : কোপী :—৯মে রবি,মঙ্গল,শুক্র।
বিবাদ প্রিয় (১) ক্রূদ্ধ : সুভগ :—৯মে রবি, মঙ্গল ও বুধ।
(২) পাপী :—৯মে চন্দ্র, বুধ ও শনি থাকে। জাঃ পাঃ
বিবাদশীল : মিথ্যাবাদী :-চন্দ্র-শনি-দৃষ্ট, বৃহস্পতি ৯মে। সাঃ
বিষ-কন্যা :—লগ্নে শনি, ৫মে রবি ও ৯মে মঙ্গল। জাঃ লঃ
বিষ প্রদাতা (১) রাহুর সহিত গুলিক থাকে। জাঃ পাঃ
(২) আত্মকারকাশ্রিত নবাংশে গুলিক থাকিবে। জৈঃ
(স্বীয় ও পৈত্রিক) বিষয়ে বঞ্চিত :—মেষে চন্দ্র, ধনুতে রবি, মকরে শুক্র ও কুম্ভে শনি থাকে। কুঃ কঃ
বিসর্প ও শূল রোগ (১) :—ষষ্ঠে রবি,চন্দ্র ও মঙ্গল। জাঃপাঃ
(২) রবি, চন্দ্র ও মঙ্গল যে কোন রাশিতে। সঃ চিঃ
বীর্য্যনাশ :—মঙ্গলযুক্ত তৃতীয়পতি পাপ গৃহে থাকে।
বৃক্ষালয়ে-বনে-জন্ম :—৫মে রবি ও ৭মে মঙ্গল। মাঃ সাঃ
বেশ্যা-প্রিয়া :—৭মপতি বুধাংশে থাকিবে। হোঃ রঃ
বেশ্যাসক্ত : স্ত্রী হেতু ধন নষ্ট :—লগ্নে শুক্র ও মঙ্গল। সাঃ
বোবা (১) চন্দ্র বৃষে, আর অশুভ-গ্রহগণ ভ-সন্ধিগত হইবে।
(২) ২য়পতি ও বৃহস্পতি ষষ্ঠ, ৮ম, ১২শে থাকে।
(৩) পিতামাতা প্রভৃতি :—পিতৃ-মাতৃ-ভ্রাতৃ-পুত্রপ্রভৃতি স্থানের অধিপতি যদি ২য়পতিযুক্ত হইয়া ষষ্ঠ, অষ্টম, বা দ্বাদশে থাকে। জাঃ পাঃ
(৪) ৪র্থে চরগ্রহ, ষষ্ঠে ৪র্থপতি ও ১২শে মঙ্গল। পঃ
(৫) কর্কট, বৃশ্চিক ও মীনে পাপগ্রহগণ, আর মীন বা

বৃষে পাপদৃষ্ট চন্দ্র থাকিবে। বৃঃ

বৈধব্য (১) ৭মে বহু পাপ গ্রহ থাকিবে।

(২) ৭মে পাপগৃহে শনি থাকিবে।

(৩) পাপগৃহস্থ-পাপদৃষ্ট খলগ্রহই ৮মপতির নবাংশপতি।

(৪) এবং কামাসক্তা :—৭মে ২টি পাপগ্রহ।

(৫) লগ্নের বা চন্দ্রের ৭মে ক্রূরগ্রহগণ। জাঃ পাঃ

(৬) লগ্ন, ৪র্থ,৭ম,৮ম বা ১২শে মঙ্গল থাকিবে। জাঃভঃ

ব্রাহ্মণ প্রহারক :—পাপযুক্ত ও দৃষ্ট নীচস্থ শুক্র ৯মে। সঃচিঃ

ভগন্দরে মৃত্যুঃ—২য়ে চন্দ্র ও ষষ্ঠে বা ১০মে মঙ্গল। হোঃরঃ

ভগিনী—তিনটি—নাশ :—৩য়ে শুভদৃষ্ট রাহু, ৯মে চন্দ্র, ও মঙ্গলের ৩য়ে শনি থাকে। শঃ হোঃ

ভাগ্য নাশ (১) বিবাহের পর হইতে :—৭মভাবকারক, ৭মপতি, ২য়পতি ও লগ্নপতি পাপযুক্ত হইয়া নীচ-মূঢ়-শত্রু-ভাগে থাকে ও দুঃস্থ হয়।

(২) ৯মপতি ৮মে নীচস্থ-শত্রু-দৃষ্ট, ক্রূরাংশগত এবং নীচ রাশিতে থাকিবে।

(৩) ৯মে বহুপাপ এবং লগ্নপতি বা ৯মপতি দুর্বল।

(৪) শুক্র ও বৃহস্পতি দ্বারা দৃষ্ট ৯মপতি ক্রূর রাশ্যংশে থাকে, এবং লগ্নপতি ৯ম-স্থানকে দেখিবে।

(৫) পৃষ্ঠা ১০৬, পংক্তি ৭, পুত্রহানি (৭)—দ্রষ্টব্য।

(৬) প্রাপ্ত ধন চুরিঃ—শনি কেন্দ্রস্থ হইয়া লগ্নগত চন্দ্র, রবি বা বৃহস্পতিকে দেখিবে। সঃ চিঃ

ভাগ্যনাশ (৭) পৃষ্ঠা ১০৬, পংক্তি ১০, পুত্রহানি (৯)—দ্রষ্টব্য।

(৮) ভবিষ্যতে :-দুর্বল ক্রূরনাথ (৬-৮-১২শপতি) ক্রূর-যুক্ত হইয়া শত্রুগৃহস্থ বা নীচস্থ হইয়া ষষ্ঠে থাকে।

(৯) পাপগ্রহগণ নীচস্থ, শত্রু-গৃহস্থ বা অস্তগত না হইয়া কেন্দ্রে থাকে, আর শুভগ্রহগণ নীচস্থ, শত্রু-রাশি গত হইয়া ১২শে পড়িবে। কুঃ কঃ

(১০) পৃষ্ঠা ৯৬, পংক্তি ৭, নির্ধন (২২)—দ্রষ্টব্য।

ভাগ্যব্যয় :—৮ম পতি ও ৯ম পতি একত্র থাকে। পঃ

ভিক্ষাজীবী (১) মেষস্থ চন্দ্রকে শনি দেখিবে।

(২) মঙ্গল লগ্নপতি হইয়া কেন্দ্রে থাকিবে বা শনি লগ্নে থাকিয়া শুভ কর্ত্তৃক দৃষ্ট হইবে না।

(৩) সকল গ্রহ নীচ-শত্রু ভাগে থাকে ও ১০মে কেহ থাকে না।

(৪) মিথ্যাপবাদযুক্ত : পরদেশবাসী : দুঃখিত-দেহ-ধারী :—লগ্নপতি ১২শে, ক্রূর যুক্ত চন্দ্র ও মঙ্গল ১০মে থাকে।

(৫) গৃহচ্যুত : স্ত্রীপুত্রহীন : গুণহীন বা জড় :—লগ্নে চন্দ্র, কেন্দ্রে শনি, ও ১২শে বৃহস্পতি থাকে। সঃচিঃ

(৬) মলিন ছেঁড়া বস্ত্র ধারী :—রবি, মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শনি একত্র থাকে। জাঃ পাঃ

(৭) লগ্নপতি নীচস্থ ও ৯মে শনি-চন্দ্র থাকে। পঃ

(৮) ৮মে মঙ্গল, কোণে রবি, ও ১০মে চন্দ্র। কুঃ কঃ

ভিক্ষাজীবী (৯) দুঃখিত ঃ—অষ্টমে মঙ্গল, এবং নীচস্থ রবি
পঞ্চমে বা নবমে থাকিবে। মাঃ সাঃ

ভিক্ষুক (১) কন্যাস্থ শুক্র কন্যার নবাংশে থাকিবে।
(২) শুভদৃষ্টিহীন মেষস্থ চন্দ্র-মঙ্গলকে রবি দেখিবে।
(৩) নীচস্থ ও অস্তগত অবস্থায় বৃহস্পতি, মঙ্গল, শনি, ও বুধ ১১,৬,১২,৮, ও ৫মে থাকে।
(৪) পাপদৃষ্ট শনি ৯মে, আর রবি যুক্ত নীচাংশগত বুধ লগ্নে থাকে। জাঃ পাঃ
(৫) লগ্নে শুক্র, ৩য়ে নীচস্থ চন্দ্র, ৫মে বৃহস্পতি ও ১১শে মঙ্গল থাকিবে।
(৬) লগ্ন-চররাশি, শনি চরনবাংশগত, এবং নীচস্থ বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হয়।
(৭) রাত্রি জন্মস্থলে ঃ—লগ্ন চররাশিতে, দুর্ব্বল শুভ-গ্রহগণ কেন্দ্রকোণে এবং পাপগণ কেন্দ্রভিন্ন স্থানে।
(৮) ভিক্ষাশন ঃ পরপোষিত ঃ—লগ্ন স্থিররাশি, সমস্ত পাপগ্রহ কেন্দ্র কোণে, আর শুভগণ কেন্দ্র ভিন্ন স্থানে থাকে। জাঃ পাঃ

ভূত-প্রেত-পিশাচ-দর্শনে রোগ ঃ—সপ্তমে শনি, চর-লগ্নে শুভগ্রহ, এবং চন্দ্র পাপদৃষ্ট হইবে। জাঃ পাঃ

ভূমি-নাশ (১) আজ্ঞা-ক্ষয়-হেতু ঃ—পাপযুক্ত ১০ম-পতি ৪র্থ-ভাবে ক্রূরাংশ-মৃত্যু-যমাদি অংশে থাকে।
(২) পাপযুক্ত ১০মপতি ক্রূর-মৃত্যু-যম অংশে থাকে।

ভূমি-নাশ (৩) ১০মপতি, রাজ্যকারকগ্রহ, ৪র্থপতি ইহারা ক্রূরাংশগত বা অবরোহ অংশগত হইয়া ১২শে।

(৪) রাজাজ্ঞায়ঃ—৪র্থপতি-যুক্ত রবি নীচস্থ, আর ২য়-পতির নবাংশপতির নবাংশপতি পাপযুক্ত।

(৫) ৪র্থপতি নীচস্থ-মূঢ়-পাপমধ্যগত-পাপদৃষ্ট-পাপ বা শত্রুগ্রহের গৃহগত হইবে।

(৬) মঙ্গল পাপমধ্যগত-পাপযুক্ত-পাপদৃষ্ট বা পাপ-ক্ষেত্রগত বা ক্রূরাংশগত হয়।

(৭) ৪র্থে পাপ ও ৪র্থপতি ক্রূর-ষষ্ট্যংশগত বা ৪র্থ-পতি নীচস্থ--দুঃস্থ--শত্রুগৃহগত--অতিভীষণাংশগত হইবে।

(৮) নীচগৃহ বা শত্রু গৃহগত ২য়স্থ ৪র্থপতি যদি পাপ-যুক্ত হয়। সঃ চিঃ

(৯) ৪র্থপতি নীচ-শত্রুভাগে-কালাগ্নি-শূলান্তক-ষষ্ট্যংশে থাকিয়া পাপযুক্ত ও পাপদৃষ্ট হইবে। জাঃ পাঃ

ভূমি বিক্রয়ঃ—উচ্চস্থ ৪র্থপতি পাপযুক্ত হইবে। সঃ চিঃ

ভৃত্য (১) শুক্র নীচস্থ হয় বা শনি নবাংশে বা ১২শে থাকে, আর শনি দৃষ্ট ৭মে রবি-চন্দ্র থাকে। সঃ চিঃ

(২) শুভ-দৃষ্টি হীন পাপগ্রহ ১০মে থাকে।

(৩) মাতার সহিতঃ—শনি-দৃষ্ট শুক্র নীচস্থ,শনি-নবাংশগত বা ১২শস্থ; এবং ৭মে রবি ও চন্দ্র থাকে।

(৪) চক্ষুরোগ; ভ্রমণশীলঃ—মঙ্গল, বুধ ও শনি একত্র।

ভৃত্য (৫) চোর অতি মূর্খঃ মলিন বেশ ঃ—চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি, শুক্র ও শনি একত্র থাকিবে।

(৬) বিরোধী ঃ—৯মে রবি, চন্দ্র ও শনি থাকে। জাঃপাঃ

(৭) শোকার্ত্ত ঃ লোকদ্বেষ্য ঃ দরিদ্র ঃ—৪র্থে রবি ও শুক্র।

(৮) প্রবাসী ঃ—১০মে রবি ও শনি থাকে।

(৯) [প্রভুত্ব সম্পন্ন] ঃ মূর্খ ঃ মিথ্যুক ঃ পরোপকারী ঃ অসাধু ঃ অতি মলিন ঃ—৭মে বুধ ও শনি। সাঃ

(১০) ৪টি গৃহে সমুদয় গ্রহ থাকিবে। জোঃ কঃ দ্রুঃ

(১১) শুভ-দৃষ্টি হীন রবি মঙ্গল ও শনি ১০মে। বৃঃ জাঃ

(১২) রাজার ঃ—২য়পতি ও ৩য়পতি এক রাশিতে। পঃ

ভৃত্য ও পশু সমুদায় নষ্ট ঃ—দ্বাদশ-গৃহ দ্বিপদ বা চতুষ্পদ রাশি, তাহাতে দ্বিপদ বা চতুষ্পদ গ্রহ। জাঃ পাঃ

ভ্রাতার অভাব (১) মঙ্গল যুক্ত ৩য়পতি ৩, ৬, ৮, ১২শে। পঃ

(২) ধনু লগ্ন হইবে ও রবি সিংহে থাকিবে। কুঃ কঃ

(৩) ৩য় ও ৪র্থপতি যদি শনি, রাহু, বা মঙ্গল ব্যতীত অন্য গ্রহ যুক্ত হইয়া ৪র্থে থাকে। জাঃ পাঃ

ভ্রাতৃ নাশ (১) পাপদৃষ্ট মঙ্গল ও ৩য়পতি ১২শে থাকে।

(২) কনিষ্ঠ ঃ—পাপদৃষ্ট মঙ্গল ও ৩য়পতি ১২শে থাকিয়া পাপযুক্ত হইয়া পাপগৃহে থাকিবে।

(৩) কনিষ্ঠ ঃ—৩য়পতি ও ভ্রাতৃকারক নীচস্থ নীচাংশগত, পাপযুক্ত বা ক্রূরষষ্ট্যংশগত হইবে।

(৪) ৩য়ে পাপগ্রহ থাকিবে বা দেখিবে, আর ৩য়পতি

পাপমধ্যগত হইবে।

ভ্রাতৃ নাশ (৫) ৩য়ভাব পাপ-মধ্যগত, পাপযুক্ত, নীচস্থ-গ্রহ যুক্ত বা শুভ দৃষ্টি বর্জ্জিত হয়।

(৬) ৩য়পতির নবাংশপতি ১২শে থাকিয়া শত্রুগৃহস্থ-নীচস্থ-মূঢ় হইবে।

(৭) শনি ও গুলিক একত্র থাকিয়া পাপদৃষ্ট হয় ও তৃতীয়পতি নীচস্থ হইবে।

(৮) ৩য়পতি বা ভ্রাতৃকারকগ্রহ পাপমধ্যগত, আর ভ্রাতৃকারকাশ্রিত রাশিপতিও পাপমধ্যগত হয়।

(৯) ৩য়ভাব পাপদৃষ্ট এবং ৩য়পতি ক্রূরষষ্ট্যংশগত হইয়া ৩য়ে থাকিবে।

(১০) ৩য়পতির নবাংশপতি নীচ-মূঢ়-শত্রুভাবে থাকে।

(১১) ৩য়পতি বা ভ্রাতৃকারকগ্রহ পাপদৃষ্ট বা যুক্ত হইয়া দুঃস্থ হয় [এমন কি উচ্চস্থ হইলেও হয়]।

(১২) বাল্যে :—৩য়ভাব বা ভ্রাতৃকারক বা ৩য়পতি যদি অতি ক্রূরগ্রহ যুক্ত হয়।

(১৩) পাপদৃষ্ট ও পাপ যুক্ত মঙ্গল ৩য়ে থাকে। সঃ চিঃ

(১৪) কনিষ্ঠ :—৩য়পতি ও মঙ্গল পাপযুক্ত হইয়া পাপ গৃহে থাকে।

(১৫) ৩য়পতি ও মঙ্গল ৮মে [পঃ মতে—পাপদৃষ্ট]।

(১৬) কনিষ্ঠ :—৩য়পতি ও তৃতীয়-কারক যদি নীচস্থ নীচাংশগত পাপ যুক্ত বা ক্রূরাদি ষষ্ট্যংশ যুক্ত হয়।

ভ্রাতৃ নাশ (১৭) জ্যেষ্ঠ :—৩য়ে পাপ দৃষ্ট রবি থাকে।

(১৮) অনুজ :—৩য়ে পাপ দৃষ্ট শনি থাকে।

(১৯) কনিষ্ঠ মাত্রেই :—৩য়ে পাপ দৃষ্ট মঙ্গল থাকে।

(২০) অনুজ :—৩য় ভাবের কেন্দ্র-কোণে পাপ থাকে।

(২১) অনুজ :—শনি যুক্ত ৩য় ও ৪র্থপতি ৪র্থে। জাঃপাঃ

(২২) কনিষ্ঠ :—মঙ্গল ও ৩য়-ভাব যদি পাপ-যুক্ত বা পাপ-ক্ষেত্র-গত হয়।

(২৩) কনিষ্ঠ থাকে না, তিনটি বড় থাকে :—ভ্রাতৃ-কারক রাহু যুক্ত ও ৩য়পতি নীচস্থ হয়। পঃ

(২৪) অনুজ :—৩য়স্থ বুধ বা শনিকে মঙ্গল দেখিবে।

(২৫) প্রতি পাপ গ্রহই শুভ দৃষ্ট, কিন্তু শুভদৃষ্টিহীন চন্দ্রে তিনটি পাপের দৃষ্টি থাকিবে। কুঃ কঃ

(২৬) অনুজগণ :—মঙ্গল ও বুধ দৃষ্ট শনি লগ্নে। জাঃ ভঃ

(২৭) ৩য়স্থ শনিকে মঙ্গল ও বুধ দেখিবে।

(২৮) চন্দ্রকে ৩টি পাপ দেখিবে।

(২৯) ২টি গর্ভেই :—৩য়ে শনি থাকে।

(৩০) ২।৩টি :—৭মে শনি, ৯মে রাহু, ও ১১শে মঙ্গল।

(৩১) ৯মে শনি ও মঙ্গল থাকে। শঃ হোঃ

ভ্রাতৃ-বিরোধ : নাশ : অর্থ-ক্ষয় :—লগ্নপতি ও ৩য়পতি উভয়েই দুর্বল ও পরস্পরের শত্রু ; এবং ৩য়স্থ গ্রহ ও ৩য়কারক উভয়েই দুর্বল হইয়া দুঃস্থে। জাঃপাঃ

ভ্রাতৃ বৃদ্ধি হীন :—৩য়পতি ও ৪র্থপতি তৃতীয়ে থাকে।

ভ্রাতৃহীন (১) লক্ষ্মীবান্ :—৩য়ে চন্দ্র ও কেতু থাকে ।

(২) ২য়ে ক্রূর মঙ্গল ও শনি এবং ৩য়ে রাহু থাকে ।

(৩) ষষ্ঠে মঙ্গল, ৭মে রাহু ও ৮মে শনি থাকে।

(৪) লগ্নে বৃহস্পতি, ২য়ে শনি, ও ৩য়ে রাহু। মাঃ সাঃ

মতিহীন (১) লগ্নে বুধ, ও কেবল পাপদৃষ্ট রবি-শনি একই নবাংশস্থ হইয়া ষষ্ঠে থাকে । জাঃ লঃ

(২) লগ্নে বুধ ও শনি থাকিবে ও তাহারা মঙ্গলের ৭ম দৃষ্টি দ্বারা দৃষ্ট হইবে ।

(৩) রবি ও চন্দ্রের মধ্যে মঙ্গল থাকে।

(৪) লগ্নে চন্দ্র, অধিকার যুক্ত শনি দশমে, তাহাকে সপ্তম দৃষ্টিতে বুধ দেখিবে ।

(৫) বুধ কর্ত্তৃক দৃষ্ট মঙ্গল ও চন্দ্র লগ্নে থাকিবে ।

(৬) চন্দ্র লগ্নপতি হইয়া মঙ্গল কর্ত্তৃক পীড়িত হইবে ।

(৭) চন্দ্র লগ্নপতি হইয়া বুধ কর্ত্তৃক যুক্ত হইবে ।

(৮) ষষ্ঠগত রবি ও শনি উভয়েই এক নবাংশগত ও পাপদৃষ্ট কিন্তু শুভ-কর্ত্তৃক দৃষ্ট হইবে না ।

(৯) ৫মভাবে শনি অথবা লগ্নকে শনি দেখিবে আর তদীশ (অর্থাৎ পূর্ব্বপক্ষে ৫মপতি ; ও পরপক্ষে লগ্নপতি) পাপ সংযুক্ত হইবে।

(১০) ৫মে শনি রাহু ও গুলিক থাকিবে, শুভ বর্জ্জিত হইবে, আর ৫মপতি পাপ কর্ত্তৃক দৃষ্ট হইবে ।

(১১) ৫মপতি নীচ-মূঢ়-শত্রু-গৃহস্থ পাপদৃষ্ট এবং ৫ম-

কারক অশুভ যুক্ত। রঃ

মদ্যপান (১) শুভ-দৃষ্টি হীন হইয়া রবি-চন্দ্র-শনি কেন্দ্রে।

(২) জড় ঃ—কেন্দ্রে রবি, চন্দ্র ও শনি থাকে। জাঃ পাঃ

(৩) নীচস্থ ও দুর্ব্বল পাপ লগ্নে এবং ১২শে শনি ও রাহু।

(৪) মাংসাশী ঃ—বুধ, বৃহস্পতি ও শুক্র ইহারা ক্রূরযুক্ত বা স্ব স্ব নীচ রাশি গত হইবে। হোঃ রঃ

(৫) লগ্নে শনি, এবং পাপযুক্ত লগ্নপতির সহিত বৃহস্পতি ও রাহু যুক্ত হইবে।

(৬) মাংসাশী ঃ—চন্দ্র বুধ, বৃহস্পতি ও শুক্র ইহারা মঙ্গলের গৃহগত হইয়া ক্রূর যুক্ত বা দৃষ্ট হয়, আর লগ্নপতি দুর্ব্বল বা অস্তগত হইয়া থাকে। হোঃ রঃ

মনঃকষ্ট বাল্যে (পরে সুখ) ঃ—৯মে চন্দ্র মঙ্গল ও বুধ। জাঃ পাঃ

মসূরিকা ঃ অগ্নিভীতি ঃ—পৃষ্ঠা ৩ অগ্নিদগ্ধ (২৯)—দ্রষ্টব্য।

মাতা কুলচ্যুতা ঃ স্বয়ং ধর্ম্মহীন ঃ—৯মে চন্দ্র ও শনি। জাঃ পাঃ

মাতা ও বালকের মৃত্যু ঃ—লগ্নে চন্দ্র শনি ও রাহু, এবং ৮মে মঙ্গল থাকে। বৃঃ জাঃ

মাতার সহিত মৃত্যু ঃ—৭ম ও ৮মে পাপ থাকিবে ও ক্রূর গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে। মাঃ সাঃ

মাতা বন্ধ্যা পিতার মৃত্যুতে ঃ—লগ্ন ও ১২শে পাপ। মাঃ সাঃ

মাতুলের মৃত্যু ঃ—লগ্নগত চন্দ্র যদি পূর্ব্বাষাঢ়া নক্ষত্রের ৩য় পাদে থাকে। সঃ চিঃ

মাতৃকষ্টদায়ী ঃ মাতৃপক্ষ ক্ষয়কারী ঃ স্বয়ং কদাচিৎ কষ্টে

বাঁচে :—লগ্নে স্বগৃহে ক্রূর গ্রহ, ৪র্থে ক্রূর গ্রহ এবং ১০মে ও ক্রূর গ্রহ থাকিবে। মাঃ সাঃ

মাতৃকষ্ট (১) দেহসুখহীন : দুষ্টকর্ম্মা : নীচবৃত্তি : বাহন ও মিত্র সুখ হীন :—পৃষ্ঠা ৬৬ ঘাতক (৫)—দ্রষ্টব্য।

(২) বাহন-কষ্ট : মিত্রবর্গের শত্রু : রাজ তুল্য :—নবাংশচক্রে রবি দশমে থাকে।

(৩) গর্বভঙ্গ : গৌরবহীন : পিতা ও ভ্রাতার দুঃখকর : —নবাংশচক্রে রাহু দশমে থাকে।

(৪) পিতৃকষ্ট : কর্ম্মলাভ বা সুখহীন : পদে বেশী রকম পীড়া :—নবাংশ চক্রে ১০মে কেতু থাকে। কুঃ কঃ

(৫) প্রথমে কন্যা প্রাপ্তি :—৫মে চন্দ্র ও শুক্র এবং একাদশে ক্রূর গ্রহগণ থাকে। মাঃ সাঃ

মাতৃ দুগ্ধ পাইবে না :—চন্দ্র যুক্ত ৩য়পতি দুঃস্থানে। সঃ চিঃ

মাতৃদ্বেষী : ক্ষীণভাগ্য : হ্রস্বায়ু :—লগ্নে মঙ্গল ও শনি। সাঃ

মাতৃরোগ :—৩য় ও ৫মে পাপ, ৪র্থপতি নীচস্থ, আর চন্দ্র পাপযুক্ত হইয়া থাকিবে।

মাতৃহানি (১) চন্দ্র বা শুক্র বা ৪র্থপতি পাপমধ্যগত পাপযুক্ত ও পাপদৃষ্ট হইবে।

(২) চন্দ্রের বা শুক্রের ৭মে পাপ থাকে।

(৩) শনি ৪র্থে (জাঃ পাঃ :—৫মে) বা চন্দ্র ৫মে।

(৪) অচিরাৎ :—পাপদৃষ্ট শনি ৪র্থে থাকে।

(৫) ৯ম বা ১০মস্থ চন্দ্রে পাপযুক্ত হইবে।

মাতৃহানি (৬) লগ্নস্থ চন্দ্র চিত্রানক্ষত্রের প্রথমপাদে থাকে।

(৭) অয়ন সংক্রান্তিকালে :—৪র্থে যদি ষষ্ঠপতি, রবি ও শনি থাকে তাহা হইলে রাত্রে মৃত্যু; কিন্তু চন্দ্র যুক্ত না হইলে দিনে মৃত্যু। সং চিঃ

(৮) দুর্ব্বল ৪র্থপতি ষষ্ঠে বা ১২শে, আর লগ্ন পাপযুক্ত বা পাপ দৃষ্ট হইবে। জাঃ পাঃ

(৯) পাপযুক্ত ক্ষীণচন্দ্র ৬, ৮, ১২শে এবং ৪র্থে পাপ-গ্রহ থাকিবে।

(১০) পাপগ্রহ দৃষ্ট শনি ৪র্থে ও ৮মপতি শত্রু বা নীচ রাশিতে থাকিবে। জাঃ পাঃ

(১১) শত্রুনাশ :—৮মে পাপগণ, ১২শে শুভগণ, আর ৭মে শনি বা চন্দ্র থাকে।

(১২) বিদেশে পিতৃ মৃত্যু :—শত্রু-গৃহস্থ ৮ম-গত চন্দ্রে পাপ গ্রহের দৃষ্টি পড়িবে, আর ষষ্ঠে মঙ্গল থাকে।

(১৩) তিন পক্ষ মধ্যে :—পাপযুক্ত চন্দ্র কেন্দ্রে থাকে।

(১৪) অতিবলী পাপ গ্রহ ৪র্থে; অথবা রবিদ্বারা যুক্ত বা দৃষ্ট চন্দ্র যদি শনি মঙ্গলের মধ্য গত হয়। কুঃ কঃ

(১৫) ক্ষুদ্র : রাজতুল্য :—৯মে চন্দ্র, মঙ্গল ও শনি।

(১৬) পিতার মৃত্যুর পরেই :—৯মে রবি ও ৪র্থে চন্দ্র অথবা রবি-চন্দ্রের স্থিত-গৃহাধিপতি যুক্ত বা দৃষ্ট স্থানে রবি সম্বন্ধ যুক্ত হইয়া গ্রহগণ থাকিবে।

(১৭) গর্ভ হওয়ার :—৫ম-পতি বলবান এবং লগ্নপতি,

চন্দ্র ও ৪র্থপতি দুর্বল হইবে। জাঃ পাঃ

মাতৃহানি (১৮)তিনমাস মধ্যেঃ ভ্রাতা বা পিতা কর্ত্তৃক পালিতঃ —রবি ও চন্দ্র একত্র ও একাংশগত হয়। পঃ

(১৯) মাতা বাতগ্রস্থা ও দুঃখিতা :—লগ্নে বৃহস্পতি, ২য়ে শনি ও ৩য়ে পাতগ্রহ [জাঃ ভঃ—৩য়ে রাহু]।

(২০) শনি তুলায়, মঙ্গল সিংহে, শুক্র কন্যায় এবং পাপ গ্রহ মিথুনে (মাঃ সাঃ মতে—মিথুনে রাহু)। কুঃ কঃ

(২১) ৩য়স্থ চন্দ্র যদি কেবল পাপগ্রহের ৩য়ে না থাকে ও শুভ দৃষ্ট না হয়। জাঃ ভঃ

(২২) শঙ্কা :—২য় ও ১২শে পাপগ্রহ থাকে। মাঃ সাঃ

(২৩) চন্দ্র যদি মঙ্গল ও শনির মধ্যগত হয়।

(২৪) সদ্য :—চন্দ্রের ৮মে পাপ, এবং চন্দ্র পাপ যুক্ত ও বলবান পাপ কর্ত্তৃক দৃষ্ট হইয়া থাকে।

(২৫) লগ্নে বৃহস্পতি, ২য়ে শনি ও ৩য়ে রাহু থাকে। [শঃ হোঃ মতে—১০মে শনি।]

(২৬) চন্দ্র পাপ যুক্ত বা পাপ মধ্যগত এবং চন্দ্রের ৭মে পাপ থাকে।

(২৭) ও নিজের জন্ম :—২য়ে রবি, বুধ, শুক্র, শনি ও রাহু থাকে।

(২৮) মহাক্রোধীঃ পাপী :—চন্দ্র নীচস্থ ও শুক্র যুক্ত।

(২৯) শঙ্কা :—১২শে ও ষষ্ঠে পাপ থাকে।

(৩০) এক বর্ষ মধ্যে :—লগ্নে মঙ্গল এবং ৩য় বা

৭মে রবি থাকে। মাঃ সাঃ

মানহীন (১) ১০মে পাপ থাকে ও পাপদৃষ্ট ১০মপতি নীচস্থ বা পাপ-নবাংশ-গত হয়। সঃ চিঃ

(২) কুবুদ্ধিঃ লোভীঃ কোপীঃ চিন্তাশীলঃ পাপীঃ খলঃ—পাপগ্রহগণ দৃষ্ট বৃহস্পতি ১২শে থাকে। কুঃ কঃ

মিথ্যাবাদী (১) পিশুন ঃ বায়ু রোগগ্রস্থ ঃ—২য়পতি ও ২য়-ভাব পাপযুক্ত হইবে। পঃ

(২) পৃষ্ঠা ৮৯, পরদাররত (২)—দ্রষ্টব্য।

মুখর (১) ক্ষীণচন্দ্র, মঙ্গল ও পাপগ্রহ একত্র থাকে।

(২) লগ্নে শুক্র ও সপ্তমে বুধ থাকে। রঃ

মুখরোগ ঃ—মঙ্গল বা বুধের ক্ষেত্রে লগ্নপতি থাকিবে ও বুধ যে কোন স্থানে থাকিয়া লগ্নপতিকে দেখিবে।

মুখে দুর্গন্ধ (১) লগ্ন মেষ রাশি ও তথায় চন্দ্র থাকে। জাঃ লঃ

(২) শুক্র শনির গৃহে বা শনির হদ্দায় বা কর্কটে থাকে।

(৩) মেষ লগ্নে বুধ যুক্ত চন্দ্র থাকিবে। রঃ

মূত্রকৃচ্ছ্র (১) জলরাশিগত চন্দ্র ষষ্ঠে এবং ষষ্ঠপতিকে জল-রাশি-গত বুধ দেখিবে।

(২) ষষ্ঠে, ৭মে বা ৮মে ক্রূরাংশগত বহু পাপ। সঃ চিঃ

মূর্চ্ছা ঃ—লগ্নে রাহু এবং ষষ্ঠে বা ৮মে চন্দ্র থাকে। কুঃ কঃ

মৃগী-রোগ (১) ষষ্ঠাষ্টমে শনি মঙ্গল থাকে।

(২) ৮মে সমস্ত পাপ, কেন্দ্রে চন্দ্র ও শুক্র থাকে। সঃচিঃ

(৩) মঙ্গল দৃষ্ট শনি-চন্দ্র এক রাশিতে থাকে। বৃঃ জাঃ

মৃতপুত্র প্রসব (১) ৮মে বৃহস্পতি ও শুক্র থাকে। হোঃ রঃ
(২) দশমে চন্দ্র ও মঙ্গল থাকে।
(৩) লগ্নে বা ৭মে শনি থাকে। মঃ জাঃ

ম্লেচ্ছ (১) যৌবন কালে হয়ঃ—২য়ে বৃহস্পতি, ৭মে মঙ্গল, শুক্র ও রাহু থাকে, এবং ৮মে রবি ও চন্দ্র থাকে।
(২) ৪র্থ ও ৯মে পাপ এবং ১০মে রাহু থাকে। মাঃ সাঃ

যক্ষ্মা (১) পীনস ঃ নীচ ঃ অন্যকর্ম্মনিরত ঃ নিন্দনীয় ঃ—রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, শুক্র ও শনি একত্র। জাঃ পাঃ
(২) রবি ও চন্দ্র ষষ্ঠ বা অষ্টমে থাকে। কুঃ কঃ

যজ্ঞধ্বংসক ঃ—১০মপতি যে বুধ তাহার ১০মে রাহু। জাঃ পাঃ

যমজের পিতা ঃ—বৃশ্চিকস্থ চন্দ্রকে বুধ দেখিবে। বৃঃ জাঃ

যান হইবে না ঃ—বৃহস্পতি বা ৪র্থপতি পাপযুক্ত অস্তগত ও রিপু-গৃহস্থ হইয়া ৬,৮,১২শে থাকিবে। জাঃ পাঃ

রক্ত দোষ (১) ৫মে রবি রাহু বা কেতু যুক্ত হয়।
(২) মঙ্গল যুক্ত পাপমধ্যগত চন্দ্র কন্যায় থাকে। কুঃ কঃ

রক্তপিত্ত ঃ বাত ঃ—ক্রূরদৃষ্ট ও ক্রূরাংশস্থ চন্দ্র ষষ্ঠে। সঃ চিঃ

রক্তাগ্নি পিত্তদোষে অভিভূত ঃ তীক্ষ্ণ স্বভাব ঃ রাজা ঃ—লগ্নে চন্দ্র ও মঙ্গল থাকে। সাঃ

রজোহীনা ঃ—বলবান ৮মপতি অষ্টমে থাকে। হোঃ রঃ

রাজপীড়া ঃ—৯মে রবি শুক্র ও শনি থাকে। জাঃ পাঃ

রাজযোগ-ভঙ্গ (১) তুলার ১০ অংশে রবি। বা শুক্র নীচস্থ। অথবা জন্মকালে উল্কাপাত হেতু গ্রহ

অপ্রকাশ হইয়া থাকে। সঃ চিঃ

রাজযোগ ভঙ্গ (২) দুর্বল চন্দ্র চররাশির শেষাংশে, বা স্থির রাশির আদ্যংশে, বা দ্বিস্বভাব রাশির মধ্যাংশে থাকে, এবং লগ্নে কেহ থাকিবে না।

(৩) ষষ্ঠ, ৮ম ও ১২শস্থ শুভগ্রহগণ দৃষ্ট কেন্দ্রগত পাপগ্রহগণ নীচস্থ শত্রু রাশিতে থাকে এবং গ্রহগণ নীচ-শত্রু-ক্রূরাংশে থাকে। জাঃ পাঃ

রাত্র্যন্ধ (১) চন্দ্র ও শুক্র একত্র থাকে এবং লগ্নে ২য়পতি থাকে কিন্তু উচ্চস্থ বা শুভযুক্ত হইবে না।

(২) নির্ধন ঃ—তুলা লগ্নে রবি থাকে।

(৩) লগ্নে ২য়পতি, চন্দ্র ও শুক্র থাকে কিন্তু উচ্চস্থ বা শুভযুক্ত হইবে না।

রূপদ্বয় যোগ ঃ—দগ্ধগ্রহ রবির সপ্তাংশে থাকে। রঃ

* রেকা যোগ (১) ৮মপতি দৃষ্ট লগ্নপতি দুর্ব্বল, ও বৃহস্পতি রবিকরাচ্ছন্ন হইবে।

(২) ৪র্থপতি সংযুক্ত অংশপতি যদি রবিকরাচ্ছন্ন হয়, আর ১২শপতি কর্ত্তৃক দৃষ্ট হয়।

(৩) ষষ্ঠপতি দ্বারা দৃষ্ট ৪র্থপতি, ৮মপতি ও ১০মপতি ৪র্থে এবং লগ্নপতি নীচস্থ হইবে।

---

* ফল ঃ—বিদ্যাহীন, নির্ধন, দরিদ্র, কামুক, ক্রোধী, দুঃখিত মনা, অরুচিকর, সৌভাগ্যহীন, পটু, ভিক্ষাশী, মলিন, বিবাদশীল, মাৎসর্য্যযুক্ত, দেবব্রাহ্মণ দূষক, দার আত্মজকর্ত্তৃক নিন্দিত।

রেকাযোগ (৪) ৬,৮, ১২শে শুভ, আর কেন্দ্রে ত্রিকোণে পাপ, ও ১১শপতি দুর্ব্বল হইবে।

(৫) হোরেশ খলযুক্ত, শুক্র বৃহস্পতি অস্তগত, এবং পাপযুক্ত ৪র্থপতি অস্তগত হইবে।

(৬) ৯মপতি রবিকরাচ্ছন্ন, লগ্নপতি ও ২য়পতি নীচস্থ।

(৭) তিনটি গ্রহ নীচস্থ বা রবিকরাচ্ছন্ন, আর লগ্নপতি দুষ্ট-স্থান-গত বা দুর্ব্বল হইবে।

(৮) পাপগ্রহগণ নীচস্থ-শত্রুগৃহস্থ-পাপদৃষ্ট হইয়া লগ্ন, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৭ম, ৯ম, ১০ম ও ১১শ ভাবে থাকে। [১,২, বা ৩টি পাপ গ্রহ উক্ত অবস্থাপন্ন হইয়া ঐ ভাবের মধ্যে যে কোন ভাবে থাকিবে।] জাঃ পাঃ

লাভে বিঘ্ন ঃ নিরর্থঃ—১১শে পাপ, ১২শে পাপ থাকিবে ও দেখিবে, এবং ১১শের সপ্তমে পাপগ্রহের গৃহ হইবে ও তাহাতে শুভদৃষ্টি থাকিবে না। পঃ

লিঙ্গ রোগ ঃ—ষষ্ঠে লগ্নপতি ও মঙ্গল থাকে। জাঃ পাঃ

শত্রুতা (১) মাতা ও পুত্রে (ক) ঃ—পাপ দৃষ্ট ও পাপযুক্ত ৪র্থপতি যদি লগ্নপতির শত্রু হয়।

(খ) লগ্নপতির বা লগ্নভাবের ১২শে ৪র্থপতি থাকিবে।

(২) পিতার সহিত ঃ—পিতার ষষ্ঠাষ্টম রাশিতে জন্ম।

(৩) শ্বশুর কুলের সহিত ঃ—লগ্নপতি ও ৭মপতি পরস্পর শত্রু হইবে। সঃ চিঃ

(৪) সকলের সহিত ঃ বুদ্ধিহীন ঃ কৃপণ ঃ দ্রব্যনাশী ঃ—

লগ্নপতি ১২শে ও ১২শপতি লগ্নে থাকে। জাঃ লঃ

শত্রুতা (৫) পুত্রের সহিত :—৫মপতি ষষ্ঠে, ষষ্ঠপতি বৃহস্পতি যুক্ত এবং লগ্নপতি লগ্ন বা ১১শে থাকিবে। জাঃ পাঃ

শত্রু-পীড়া (১) পাপদৃষ্ট ষষ্ঠপতি কেন্দ্রে, অথবা ষষ্ঠে বহু পাপ।

(২) লগ্নপতি ষষ্ঠে, এবং লগ্নে ষষ্ঠপতি, শনি, রাহু ও গুলিক থাকিবে।

(৩) দুর্ব্বল ষষ্ঠপতি পাপদৃষ্ট বা পাপ-মধ্যগত। সঃ চিঃ

(পৈত্রিক) শত্রুযুক্ত :—দুর্ব্বল রবি লগ্নপতির শত্রু হইবে এবং শত্রু-গৃহগত হইয়া ষষ্ঠে থাকিবে। জাঃ পাঃ

শত্রু বাহুল্য (১) চন্দ্রের ১০মে মঙ্গল ও বুধ থাকে।

(২) দুঃখী :—৯মে রবি ও বুধ থাকে। সাঃ

শরীরে দুর্গন্ধ (১) শুক্র শনির ক্ষেত্রে থাকে।

(২) শুক্র ও বুধ বুধের ক্ষেত্রে কেন্দ্র গত হইবে।

(৩) শুক্র ও শনি উভয়েই স্ব স্ব ত্রিংশাংশে থাকে।

(৪) যে কোন গ্রহ ষষ্ঠপতি হইয়া মিথুন, কন্যা বা মকরে থাকিবে। জাঃ লঃ

শূদ্র প্রায় :—শনিযুক্ত পাপগ্রহ লগ্নপতি হইয়া পাপক্ষেত্রে ষষ্ঠে থাকিবে। জাঃ পাঃ

শূল রোগ (১) পৃষ্ঠা ১১৬, বিসর্প (১) (২)—দ্রষ্টব্য।

(২) তিনটি পাপগ্রহ এক রাশিতে থাকে (রাঃ মাঃ মতে—ঐ তিনটি প্রধান হইবে)।

(৩) পাপদৃষ্ট রবি ৩টি পাপযুক্ত, গুরু যুক্ত নয়। কুঃ কঃ

শোকতপ্ত :—চন্দ্রের ১০মে শনি থাকে। জাঃ পাঃ

শোক রোগ ভয়প্রদ :—রবির পশ্চাদ্‌গামী শুক্র (অর্থাৎ যখন শুক্র সন্ধ্যাতারা রূপে দৃষ্ট হয় না) তৃতীয় বা ষষ্ঠে থাকিবে। জাঃ পাঃ

শ্রীহীন (১) মেষস্থ চন্দ্রে মঙ্গলের দৃষ্টি থাকে। সঃ চিঃ

(২) ষষ্ঠ ও দ্বাদশে সমস্ত শুভ, আর তৃতীয় ও নবমে সমস্ত পাপ থাকে। বৃদ্ধ যবনঃ

স্নভাজড় (১) রবি ও পাপযুক্ত নীচস্থ ২য়পতি ১০মে থাকে।

(২) পাপগ্রহগণ দৃষ্ট ২য়ে গুলিক ও রবি থাকে। সঃ চিঃ

সর্ব্বনাশ :—২য়পতি বৈশেষিকাংশে, উচ্চে বা মূল-ত্রিকোণে থাকে, এবং ১১শপতি ক্রূরষষ্ট্যংশগত হয়। সঃ চিঃ

সম্ভোগ-শক্তি হীনতা (১) শুক্রের সহিত বক্রীগ্রহ থাকে।

(২) মঙ্গলের ৪র্থে বা ১০মে শনিযুক্ত চন্দ্র থাকে।

(৩) স্বগৃহস্থ লগ্নপতি ৭মস্থ শুক্রকে দেখিবে। জাঃ লঃ

সুখ হানি (১) প্রথম অবস্থায় পুত্রের :—ত্রিকোণে সমুদায় পাপ, ৫মে বুধ ও লগ্ন বা ৪র্থে পাপ থাকে। সঃ চিঃ

(২) পারিবারিক :—পাপদৃষ্ট রাহু বা পাপগ্রহ ৪র্থে।

(৩) ৪র্থগত বা ৪র্থদর্শীগ্রহ বা ৪র্থকারক নীচস্থ বা শত্রুগৃহ গত হয়। জাঃ পাঃ

(৪) সর্ব্বপ্রকারে (ক) বন্ধুজন বিত্তহীন : ক্ষুভিত :— চতুর্থে রবি ও মঙ্গল থাকে। সাঃ

(খ) ৭মপতি শত্রুগত, রবিসহ লগ্নপতি ৫মে খলযুক্ত।

সুখ হানি (গ) লগ্নপতি, ৭মপতি ও সবল পাপগণ ষষ্ঠে, আর বৃহস্পতি ও শুক্র অস্তগত হইবে। সোঃ জাঃ

(৫) মাতা দাহযুক্তা-দুঃখিতা-বাত ও আঘাত হেতু দুর্ব-লাঙ্গী :—পাপযুক্ত ৪র্থভাব মেষ, মিথুন বা কর্কট রাশি হইবে। কুঃ কুঃ

সুখী (অল্পকাল) :—শুভ যুক্ত ৯মপতি ৮ম বা ১২শে। জাঃপাঃ

সূপকার : কুম্ভকার : ক্ষৌরকর্ম্মপটু :—বৃহস্পতি ও শনি একত্র একরাশিতে থাকে। বৃঃ জাঃ

স্ত্রী কুবংশজা :—৭মপতি পাপযুক্ত ও পাপ বর্গগত। জাঃপাঃ

স্ত্রী-দাসী : দুষ্টা বা যৌবনে ভর্তৃহীনা :—পুংকোষ্ঠীতে ৭ম-ভাব বা স্ত্রীকোষ্ঠীতে লগ্নভাব মঙ্গলের নবাংশ বা মঙ্গলের গৃহ অথবা নীচ-মূঢ় গ্রহাংশগত। জাঃ পাঃ

(প্রথমা) স্ত্রীদুর্ভাগা (১) কুৎসিতা : কামুকী :—সপ্তমে রবি ও রাহু থাকে। কুঃ কঃ

(২) সপ্তমে রবি [জাঃ পাঃ মতে—শনি] থাকে। হোঃরঃ

স্ত্রী নীচবংশজা :—ক্রূর ৭মভাবে লগ্নপতি থাকে। জাঃ পাঃ

স্ত্রী রুগ্না :—৭মপতি স্বগৃহ ব্যতীত ষষ্ঠ, ৮ম বা দ্বাদশে। পঃ

স্ত্রী বিরহে দুঃখিত : স্ত্রীহেতু পরাভব : বিদেশগমনেরত :—সপ্তমে রবি ও মঙ্গল থাকে। সাঃ

স্ত্রীসুখ হীন (১) চন্দ্র স্বয়ং ১২শপতি হইয়া শত্রুগৃহে, নীচাংশে, বা ষষ্ঠে অষ্টমে থাকে।

(২) চন্দ্র ৭মে, ৭মপতি ১২শে ও ৭মকারক দুর্ব্বল। পঃ

স্ত্রীহানি (১) গর্ভদোষ ঃ—৫মপতি ৭মে, ৭মপতি পাপযুক্ত ও শুক্র দুর্ব্বল হইবে।

(২) ৭মপতি, শনি মঙ্গল রাহুযুক্ত বা ক্রূরষষ্ট্যংশগত।

(৩) ৭মভাব ও ৭মপতি পাপমধ্যগত হইবে। সঃ চিঃ

(৪) পাপযুক্ত ২য়পতি, ৭মপতি ও শুক্র ৬,৮, ১২শে।

(৫) কন্যা লগ্নে রবি ও মীনে শনি থাকে।

(৬) মঙ্গল-শুক্র ৭মে, অথবা ৫মে মঙ্গল ও ৯মে শুক্র।

(৭) পৃষ্ঠা ১১৩, বন্ধ্যার পতি (১)—দ্রষ্টব্য।

(৮) ৭মে মঙ্গল, বা নীচস্থ বৃহস্পতি, বা মীনস্থ শনি।

(৯) দুর্ব্বল দুঃস্থানপতি, ৭মপতি, ও ২য়পতি একত্র।

(১০) ক্ষততনু ঃ—৯মে চন্দ্র, মঙ্গল ও শুক্র থাকে। জাঃপাঃ

(১১) ৭মে পাপ বা পাপদৃষ্ট ৭মপতি রিপুনীচগৃহস্থ বা মূঢ়।

(১২) ১৮, ৩৩ বর্ষে ঃ—৭মপতি নীচস্থ এবং শুক্র ষষ্ঠ বা অষ্টমে থাকে।

(১৩) ১৯ বর্ষে ঃ—শনি ৮মে ও ১২শপতি শনিগৃহে।

(১৪) ১২, ১৯ বর্ষে ঃ—৮মে শুক্র ও ৮মপতি শনিগৃহে।

(১৫) ১৩ বর্ষে ঃ—লগ্নপতি নীচস্থ ও ২য়পতি ৮মে।

(১৬) দুইটি পাপ দৃষ্ট রাহু সপ্তমে থাকে।

(১৭) ষষ্ঠে মঙ্গল, ৭মে রাহু ও ৮মে শনি থাকে। পঃ

(১৮) প্রথমটি ঃ দেশে দেশে ভ্রমণকারী ঃ নীচপরিভূত ঃ বিবাদকারী ঃ—সপ্তমে মঙ্গল ও বুধ থাকে।

(১৯) ৭মে চন্দ্র-শনি ; বা মঙ্গল-বৃহস্পতি থাকে।

স্ত্রী হানি (২০) পুত্রবিবর্জিত ঃ—লগ্ন, ১২শ ও ১০ম (মতান্তরে-
৭ম) স্থানে পাপ ও ৫মে ক্ষীণচন্দ্র থাকে।

(২১) অপুত্রক [ক] ৭মে বুধ ও শুক্র থাকে [মাঃ সাঃ
মতে—শুভদৃষ্ট নয়]। সাঃ

[খ] সাধুসঙ্গহীন ঃ—৭ম বা ১২শে পাপগণ ও ৫মে চন্দ্র।

(২২) লগ্ন বা চন্দ্রের ৭মে পাপগ্রহগণ থাকে। কুঃ কঃ

(২৩) লগ্নে পাপ ও মীনে রবি-শনি থাকে। মাঃ সাঃ

(২৪) ২য়স্থ বুধ যদি স্ত্রীগ্রহগণ কর্ত্তৃক যুক্ত হয়। শঃ হোঃ

(২৫) লগ্ন, ৪, ৭, ৮, বা ১২শে মঙ্গল থাকে। জাঃ ভঃ

(২৬) বা অল্পপুত্র ঃ—পাপগ্রহ ৭মপতি হইয়া ৫মে।

(২৭) যদি বিবাহ হয় ঃ—তুইটি পাপদৃষ্ট রাহু ৭মে।

(২৮) ষষ্ঠে চন্দ্র ও দশমে রবি থাকে। হোঃ রঃ

(২৯) পুনঃ পুনঃ ঃ—২য়ে বুধ, ৭মপতি ষষ্ঠে, এবং ৭ম
ও ৮মে পাপ থাকে।

(৩০) ২য় বা ৭মস্থ মঙ্গলকে শনি দেখিবে।

(৩১) স্বনীচস্থ রবি ৭মে ও ৭মপতি পাপযুক্ত হয়।

(৩২) পৃষ্ঠা ১০৯, পুত্রহানি (৪২)—দ্রষ্টব্য।

(৩৩) সপ্তমপতি ও অষ্টমপতি একত্র থাকে। পঃ

স্ত্রী হিজ্‌ড়ে ঃ—শুক্র ও ৭মপতি ষষ্ঠে থাকে। সঃ চিঃ

স্ত্রৈণ ঃ জাতি-বিরোধী ঃ—সপ্তম ও দ্বাদশে পাপ এবং পঞ্চমে
ক্ষীণচন্দ্র থাকে। পঃ

হিংসুক ঃ বিকর্ম্মা ঃ—৯মে রবি, চন্দ্র ও বুধ থাকে। জাঃ পাঃ

হীনাচার ঃ স্ত্রীহেতু মহাদুঃখ প্রাপ্তি ঃ কুচরিত্র ঃ—সপ্তমে মঙ্গল ও শুক্র থাকে। সাঃ

* হৃৎকম্প ঃ কৃষ্ণপিত্তরোগ ঃ—বৃহস্পতি পাপযুক্ত হইয়া স্বয়ং ষষ্ঠপতি হইবে ও ৪র্থে শনি থাকিবে। জাঃ লঃ

হৃৎরোগ (১) ৪র্থে পাপ, ৫মপতি পাপযুক্ত ও পাপ-মধ্যগত।

(২) ৫মপতি ১২শে ১২শপতিযুক্ত, অথবা নীচস্থ অস্ত-গত শত্রু গৃহস্থ হইবে। সঃ চিঃ

* (৩) ৪র্থে শনি ও পাপযুক্ত রবিই ষষ্ঠ-পতি। জাঃ লঃ

হৃৎশূল ঃ—চন্দ্র বৃষ বা কর্কটে পাপযুক্ত হইবে, বা বৃশ্চিক-মকরে থাকিবে; অথবা চন্দ্র-মঙ্গল পাপযুক্ত ও পাপ দৃষ্ট হইয়া উচ্চস্থ হইবে; কিংবা চন্দ্র মঙ্গল লগ্নের ৭মে থাকিবে। সঃ চিঃ

হৃদ্গত শল্য ঃ—৫মপতির নবাংশপতি যদি ক্রূর-ষষ্ট্যংশ গত ও ক্রূর দৃষ্ট হয়।

ইতি শ্রীগণপতি সরকার বিদ্যারত্ন প্রণীত
জ্যোতিষ যোগ-তত্ত্বে কুযোগাধ্যায়।

---

* তিগ্মাংশৌ বৈরিনাথে খলবিগ্রহযুতে তুর্যগে সূর্যসূনৌ,
হৃদ্রোগী বাকপতৌ ন্না ভবতি হৃদি নরঃ কৃষ্ণপিত্তী সকম্পঃ ॥

সুযোগাধ্যায়।

অজেয়ঃ মায়াবীঃ প্রচণ্ডঃ ধীরঃ—৯মে চন্দ্র বৃহস্পতি শুক্র ও শনি থাকে। সাঃ

অধিপতি—নীচ লোকেরঃ—চন্দ্রের ১০মে মঙ্গল গুরু। জাঃপাঃ

* অধিযোগ ঃ—চন্দ্রের ষষ্ঠ, সপ্তম ও অষ্টমে বুধ, বৃহস্পতি ও শুক্র যে কোন প্রকারে (অর্থাৎ এক স্থানে দুই স্থানে বা তিন স্থানে) থাকিবে। বৃঃ জাঃ

অনফা যোগ—প্রভু, নীরোগ, শীলবান্, খ্যাতকীর্ত্তি, বিষয় সুখ, সুবেশ, ও নিবৃর্ত্ত ঃ—(১) চন্দ্রের দ্বাদশে রবি ভিন্ন গ্রহ থাকিবে; বা (২) চন্দ্রের ১০মে রবি ভিন্ন গ্রহ থাকিবে; বা (৩) চন্দ্রের নবাংশের ১২শে রবি ভিন্ন গ্রহ থাকে। বৃঃ জাঃ

অমাত্য (১) ৪র্থপতি ও ৫মপতি একত্র থাকে।

(২) ৫মপতি ও ৭মপতি একত্র থাকিবে। পঃ

অন্নদাতা (১) ২য়-ভাব এবং ২য়-ভাবের নবাংশ রাশি বৃহস্পতি ও বুধ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে, অথবা উহারা বৈশেষিকাংশ বা মৃদু-অংশ যুক্ত হইবে।

(২) বলবান্ শুভ কর্ত্তৃক দৃষ্ট ২য়পতি স্বয়ং বলবান্

---

* সেনাপতি, মন্ত্রী, রাজা, সম্পন্ন সৌখ্যবিভব, হতশত্রু, দীর্ঘায়ু, বিগত রোগভয়—এই গুলি এই যোগের ফল।

হইয়া কেন্দ্রে বা উপচয়ে থাকিবে।

অন্নদাতা (৩) ২য়ে বৃহস্পতি ও শুক্র যুক্ত হইবে, ২য়পতি বৈশেষিকাংশ প্রাপ্ত হইয়া শুভ কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(৪) নিত্য :—৫মপতি ৯মে বা শুভরাশিতে শুভগ্রহ যুক্ত হয় এবং ৯মপতিও শুভযুক্ত হয়। সঃ চিঃ

(৫) শুভাংশে ৫মপতি এবং কেন্দ্রে শুভযুক্ত মঙ্গল

(৬) ২য়-ভাবে গুরু শুক্র এবং ২য়পতি সৌম্য কর্ত্তৃক যুক্ত দৃষ্ট অথবা বলবান্ শুভ কর্ত্তৃক দৃষ্ট হয়। জাঃ পাঃ

অর্থই সর্ব্বস্ব : বিদ্বান্ : খল : নিষ্ঠুর : মদালস :—লগ্নে বৃহস্পতি ও শনি থাকে। সাঃ

অশ্বলাভ :—লগ্নে চন্দ্র, ৪র্থপতি ও লগ্নপতি থাকিবে। সঃচিঃ

অশ্ব-গজ-পতি : সম্পদ্‌যুক্ত : বিক্রমী :—১০মে চন্দ্র ও মঙ্গল।

অস্ত্রকলাবেত্তা : মহাশূর : কৌশলী : দীর্ঘায়ু :—চন্দ্রের দশমে মঙ্গল ও বুধ থাকে। সাঃ

অস্ত্রাচার্য্য : মতিমান্ : বিদ্যা-ধন-বস্ত্র-মাল্যবান্ : খ্যাতঃ মন্ত্রী :—দশমে মঙ্গল ও শুক্র থাকে। সাঃ

আকর—অসংখ্য— যুক্ত :— ৭ম-ষষ্ঠ-৪র্থ-৩য়-৯ম-লগ্ন-১২-পতিগণ ৫মপতির সহিত যুক্ত হইবে। জাঃ পাঃ

আচার্য্য : বহু মিত্র : রাজা : বহুসাধনযুক্ত : কুলবংশ-বিবর্দ্ধন :—৯মে চন্দ্র বুধ ও বৃহস্পতি থাকে। সাঃ

আজ্ঞাপ্রদাতা (১) ১০মপতি স্বয়ং শুভগ্রহ শুভ কর্ত্তৃক দৃষ্ট বা শুভাংশগত হইবে। সঃ চিঃ

আজ্ঞাপ্রদাতা (২) ক্রূর বিষয়ক :—রবি ১০মে থাকে বা মঙ্গলের সহ যুক্ত হয় ও কেন্দ্রে ১০মপতি থাকে।

(৩) ক্রূর বিষয়ক :—৮মপতি ও শনিযুক্ত ১০মপতি ক্রূরাংশে বা কেন্দ্রে থাকে।

(৪) ১০মপতি কেন্দ্রে শুভযুক্তেক্ষিত বা ৫ম ষষ্ট্যংশে।

(৫) ক্রূরবিষয়ক :—১০ম বা ৮মে রাহু বা কেতু এবং ৯মপতি নীচস্থ থাকিবে। সঃ চিঃ

আভরণ-বস্ত্র-সৌখ্য :—১০মপতি বলবান্ এবং ১০মে বৃহস্পতি থাকে। পঃ

আস্পদযুক্ত : সুস্থিরারম্ভ : পরোপকাররতঃ প্রবৃদ্ধচেষ্টকঃ—চন্দ্রের ১০মে বৃহস্পতি ও শনি থাকে। সাঃ

ইঙ্গিতজ্ঞ (১) মেধাবীঃ—৫ম-কারকের স্থিতগৃহপতি কেন্দ্র কোণে থাকিয়া ৫মকারক কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(২) ৫মপতি ও ৫মকারকযুক্ত, ৫মের দ্রেক্কাণপতি শুভগ্রহ হইয়া কেন্দ্র বা কোণে থাকিয়া শুভ দৃষ্ট।

(৩) মানী :—১০মে বৃহস্পতি বা শুভগ্রহ এবং ১০মপতি শুভ-সম্বন্ধী বা শুভ-মধ্যগত হইবে। সঃ চিঃ

(৪) বুদ্ধিমান্ :—বুধ-বৃহস্পতি বলবান্ হইয়া কেন্দ্র কোণে থাকে। জাঃ পাঃ

উষ্ট্র বাহুল্য :—ষষ্ঠস্থ চররাশিতে রবি ও মঙ্গল থাকে। কুঃকঃ

উহাপোহকারী (তর্কবিতর্ককারী) :—৫মপতি গোপুরাংশে থাকিবে। সঃ চিঃ

ঋণদাতা (১) লগ্নের নবাংশপতি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইয়া মৃদু অংশগত হইবে।

(২) ২য়পতির ও ১১শপতির দ্রেক্কাণপতি দ্বয়ের নবাংশপতিদ্বয় বৈশেষিকাংশপ্রাপ্ত হইয়া কেন্দ্র কোণে থাকিবে। সঃ চিঃ

কণকমণি-রজত-মৌক্তিক-যুক্তঃ স্ত্রীজিতঃ পিতৃদ্বেষীঃ—৭মে রবি ও বৃহস্পতি থাকিবে। সাঃ

কণ্ঠস্বর-মধুরঃ—বলশালী ৩য়ভাব বুধ ও বৃহস্পতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে অথবা বৃহস্পতি ও বুধ তৃতীয় ভাবের কেন্দ্রে থাকিবে। জাঃ পাঃ

কন্যা জন্মঃ—৫মপতি চন্দ্রযুক্ত হইয়া ত্রিরাশ্যংশগত হয়। পঃ

কবি (১) কাব্যজ্ঞঃ বাগ্মীঃ—আত্মকারকাংশে বা ইহার ত্রিকোণে শুক্র থাকিবে। জৈঃ

(২) মন্ত্রীঃ রাজাঃ রাজপ্রিয়ঃ—চন্দ্র, মঙ্গল, বুধ ও বৃহস্পতি একত্র থাকিবে। জাঃ পাঃ

কর্ণাভরণ প্রাপ্তিঃ (১) কর্ণস্থানপতি (অর্থাৎ ১১শপতি) স্বয়ং শুভগ্রহ শুভদৃষ্টি যুক্ত এবং বলবান্ হইবে।

(২) তৃতীয়ে শুভগ্রহ থাকিবে বা দেখিবে, এবং ৩য়পতি শুভগ্রহযুক্ত হইবে। [৩য়ে শুক্র থাকিলে মুক্তা, বৃহস্পতি—সর্ব্বোত্তম ভূষণ, রবিতে উৎকৃষ্ট রত্ন, শনিতে নীলমণি, চন্দ্রে—নানাভূষণ, বুধে—শ্যাম (পান্না), মঙ্গলে—বিচিত্রভূষণ।] সঃ চিঃ

কর্ম্মযুক্ত :—বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত উচ্চগত ১০মপতি কেন্দ্র বা কোণে থাকিবে। পঃ

কলানিপুণ : পূজ্য : বধবন্ধনাঢ্য : রোগী :—মঙ্গল বুধ শুক্র বৃহস্পতি ও শনি একত্র থাকিবে। জাঃ পাঃ

(সং) কীর্ত্তি (১) দশমে চন্দ্র, চন্দ্রের ত্রিকোণে ১০মপতি এবং লগ্নপতি কেন্দ্রে থাকিবে।

(২) ১১শপতি ১০মে, বলী ১০মপতিকে গুরু দেখে।

(৩) খ্যাতি :—১০মপতি ৯মে, লগ্নেশ ১০মে এবং চন্দ্র ৫মে থাকিবে। পঃ

কীর্ত্তিমান্ (১) প্রতাপী : জিতরিপু :—শুক্র, বুধ ও বৃহস্পতি একত্র থাকে। জাঃ পাঃ

(২) সুখ-মান-বিভব-যুক্ত : রাজা :—দশমে রবি ও বৃহস্পতি থাকে। সাঃ

(৩) ভাগ্যবান্ :—লগ্নপতি বলবান্, সূর্য্য দেব-লোকাংশগত ও নবমপতি উচ্চস্থ হইবে।

(৪) ভাগ্যবান্ : ধনধান্যযুক্ত ও দীর্ঘায়ু :—অতিবলী শুভবর্গস্থ, উচ্চস্থ বা স্বনবাংশস্থ লগ্নপতি যদি কেন্দ্রপতির সহিত যুক্ত হয়।

(৫) লগ্নপতি ১০মে তুঙ্গী, রবি লগ্নে শুভযুক্ত বা দৃষ্ট হয়।

(৬) দুষ্কীর্ত্তিযুক্ত :—লগ্নে পাপ, লগ্নের নবাংশপতি কেন্দ্রে রাহুযুক্ত, ১০মে পাপ এবং রবি দৃষ্ট নীচস্থ-গ্রহ লগ্নে থাকে।

কীর্ত্তিমান্ (৭) বিখ্যাত :—লগ্নপতি ও নবমপতি উভয়ে আরোহবীর্য্যযুক্ত হইয়া শুভযুক্ত হইবে।

(৮) সদ্ভাগ্য ধনধান্য চিরায়ু :—তুঙ্গী, কেন্দ্র বা ত্রিকোণগত, শুভযুক্ত বা দৃষ্ট, বা স্বগৃহস্থ লগ্নপতি দশমপতির সহিত যুক্ত হইবে। সঃ চিঃ

(৯) শ্রীমান্ মহাভোগী : পুষ্টদেহ :—চররাশিগত-লগ্নপতিকে শুভগ্রহ দেখিবে। পঃ

কীর্ত্তিমান্ ভ্রাতা :—বলবান্ ৩য়পতি লগ্নে অথবা ৩য়-কারক ও ৩য়পতি বলবান্ হইয়া একত্র থাকে। জাঃপাঃ

কুটুম্ব সংরক্ষণ : বাগ্বিলাস : পুণ্যবান :—২য়পতি শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত হইয়া কেন্দ্র, সোচ্চ, সুহৃৎ বা শুভগ্রহের গৃহে থাকিবে। সঃ চিঃ

কুল মুখ্য :—আত্মকারকনবাংশ রাশিতে অন্ততঃ গ্রহদ্বয়ের যোগ বা যে কোন স্থানে দুই তুঙ্গীগ্রহ থাকে।জৈঃ

কুপাদি তটাকভূমিকারী :—১০মপতি গোপুরভাগযুক্ত, মৃদু অংশে বা শুভদৃষ্টিযুক্ত বা ৯মপতি দ্বারা দৃষ্ট।সঃচিঃ

কৃষ্যাদি-গো-বিত্তবান্ :—মঙ্গল ও ৪র্থপতি উভয়ে বলবান্ হইয়া কেন্দ্র-কোণে থাকে এবং ১০মপতিকে শুক্র ও চন্দ্র দেখিয়া থাকে। জাঃ পাঃ

কৈবল্য :—আত্মকারকের নবাংশ রাশির ১২শে কেতু (কিন্তু মীন, কর্কট রাশিতে ঐ ফল সুনিশ্চয়)। জৈঃ

ক্ষমাবান্ : ভ্রাতাজ্ঞা রাজকার্য্য প্রগুণ মতিযুক্ত : সদ্গুরু :

স্বীয় পক্ষ :-লগ্নপতি ৪র্থে ও ৪র্থপতি লগ্নে। জাঃলঃ

ক্ষমাবান্ (২) মঙ্গল দৃষ্ট রবি কর্কট বৃশ্চিক বা মীনে থাকে।

(৩) ১০মস্থ চন্দ্রকে রবি,মঙ্গল ও শনি দেখিবে। মঃজাঃ

ক্ষেত্র-প্রাপ্তি (১) স্বক্ষমতায়ঃ—বলী লগ্নপতি ৪র্থে বলিষ্ঠ ৪র্থপতি লগ্নে এবং শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

(২) স্ত্রী হইতে :—৭মকারক ৪র্থে বা ৪র্থপতি ৭মে এবং ৪র্থপতি ও ৭মপতি পরস্পরের মিত্র হইবে।

(৩) শত্রু হইতে :—বলবান্ ষষ্ঠপতি চতুর্থে বা চতুর্থপতি ষষ্ঠে এবং ষষ্ঠপতির স্থিতরাশি হইতে চতুর্থে বলবান্ গ্রহ থাকিবে। সঃ চিঃ

ক্ষেত্র-প্রাপ্তি—ভ্রাতার (১) তৃতীয়পতি যুক্ত তৃতীয়কারক চতুর্থে থাকিবে বা চতুর্থপতির সহিত থাকিবে।

(২) ও ধন প্রাপ্তি :—৪র্থপতির নবাংশপতি কেন্দ্রে বা মিত্রদৃষ্ট এবং মঙ্গল কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট। সঃ চিঃ

ক্ষেত্রবাহুল্য (১) পারাবতাংশ প্রাপ্ত, বলী ৪র্থপতি স্বগৃহে বা উপচয়গত হইয়া আরোহভাগে থাকিয়া শুভ দৃষ্ট।

(২) ৪র্থপতি ১০মে, ১০মপতি ৪র্থে ও মঙ্গল বলী হয়।

(৩) দশমপতি ও চতুর্থপতি উভয়ে বলবান্ হইবে ও পরস্পরে মিত্রতা থাকিবে।

(৪) গোপুরাংশ বা মৃদ্বংশ প্রাপ্ত ৪র্থপতি ৫মে থাকিবে।

(৫) ধন যুক্ত :—চতুর্থে শুভগ্রহ, চতুর্থপতি ও চতুর্থ-কারক শুভযুক্ত হইবে। সঃ চিঃ

ক্ষেত্র বৃদ্ধি :—চতুর্থপতি, স্বতুঙ্গগত, স্বক্ষেত্রে, বা মিত্রগৃহে থাকিবে আর শুভযুক্ত বা শুভ দৃষ্ট হইবে। পঃ

খ্যাত (১) মন্ত্রী বা সেনাপতি বা সাধু : বিদ্যাধন ভোগবান্ : —লগ্নে রবি ও বৃহস্পতি থাকে।

(২) নরপতি : অশ্বারোহী সৈন্যপতি : কুযোষিত যুক্ত : পুত্রযুক্ত :—দশমে শনি ও চন্দ্র থাকে।

(৩) পণ্ডিত : নৃপপূজ্য : অতি ধন্য : দ্বিজ-সুর-ভক্ত : —লগ্নে বুধ ও শুক্র থাকে।

(৪) নির্ব্বিবাদ : বিশিষ্টকর্ম্মা : মন্ত্রী :—দশমে শুক্র ও শনি একত্র থাকে।

(৫) সুপণ্ডিত : ধীর : নীতিপ্রিয় :—৯মে বুধ ও শুক্র।

(৬) সর্ব্বশাস্ত্রকুশল : সত্যব্রত : প্রিয়ালাপি : সুশীল : —৯মে চন্দ্র বৃহস্পতি ও শনি একত্র থাকে।

(৭) রাজা : বিদ্বান্ : ধর্ম্মশীল :—নবমে বুধ, বৃহস্পতি ও শুক্র একত্র থাকে।

(৮) রাজমান্য : সিদ্ধারম্ভ : বীর :—চন্দ্রের দশমে রবি ও বৃহস্পতি থাকে। সাঃ

গাঙ্গাজলে-পূত :—পূর্ণচন্দ্র ও বৃহস্পতি দশমে জলরাশিতে।

গঙ্গাজলসদৃশ জলে পূত (১) দশমে বৃহস্পতি এবং কেন্দ্রে উচ্চস্থ শুক্র থাকিবে। সঃ চিঃ

(২) ১০মে বা ২য়ে শুক্র এবং কেন্দ্রে উচ্চস্থ বৃহস্পতি।

(৩) শুভেশ্বর কেন্দ্রে জলরাশিতে শুভদৃষ্ট হয়। সঃ চিঃ

গঙ্গাস্নানকারী :—রাহু বা রবি দশমে থাকিবে। সঃ চিঃ

গঙ্গাস্নানের পুণ্যভাগী (১) বুধ দ্বাদশে বা দ্বাদশপতি তুঙ্গী।

(২) জলরাশিগত চন্দ্র তৃতীয়ে শুভযুক্ত হইবে। সঃ চিঃ

(৩) দশমস্থ রাহু উচ্চাংশে থাকিবে। পঃ

গণিতজ্ঞ (১) চন্দ্রযুক্ত [জাঃ পাঃ—শুভযুক্ত] মঙ্গল দ্বিতীয়ে থাকে ও বুধ তাহাকে দেখিবে বা কেন্দ্র থাকিবে।

(২) বুধ স্বয়ং দ্বিতীয়পতি হইয়া উচ্চস্থ হইবে, লগ্নে বৃহস্পতি এবং অষ্টমে শনি থাকিবে।

(৩) বৃহস্পতি কেন্দ্র বা ত্রিকোণে থাকিবে এবং শুক্র বুধ বা দ্বিতীয়পতি উচ্চস্থ হইবে। সঃ চিঃ

(৪) কারকাংশে বা তৎ ত্রিকোণে কেতু থাকিবে। জৈঃ

(৫) কামী : পূজ্য : গুণীঃ—মঙ্গল ও বৃহস্পতি একত্র।

(৬) বৃহস্পতি কেন্দ্র কোণে থাকিবে, ও শুক্র উচ্চস্থ হইবে, বা দ্বিতীয়ে বুধ থাকিবে। জাঃ পাঃ

গান সুখ :—মঙ্গল কোনও বলী গ্রহ যুক্ত হইবে। জাঃ পাঃ

গায়ক : সাহিত্যজ্ঞ : সাংখ্যযোগজ্ঞ :—আত্মকারক সংযুক্ত রাশিতে বা তৎ ত্রিকোণে চন্দ্র থাকে। জৈঃ

গীতজ্ঞ : বেদান্তজ্ঞ :—কারকাংশে বা তৎত্রিকোণে রবি। জৈঃ

গুণবান্—পিতৃতুল্য :—পিতার কর্ম্মভাবে জন্ম লগ্ন। জাঃ পাঃ

গুপ্ত্যধিকারী : হিংস্র : অগ্নিসাধ্যকার্য্যে কুশল : ধাতুদ্রব্য-ব্যাপারে কার্য্যকারী :—লগ্নে মঙ্গল ও বুধ। সাঃ

গুরু-দ্বিজাতি-ভক্ত : সত্যব্রত : সুবাক্য :—নবমে রবি

বৃহস্পতি শুক্র ও শনি থাকে। সাঃ

গুরুভক্ত (১) বৃহস্পতি ৯মে স্বীয় নবাংশে বা শুভদৃষ্ট হয়।

(২) সুখী :—নবমস্থ শুভগ্রহ বৃহস্পতির বর্গগত এবং ৯মপতিও বৃহস্পতির নবাংশে থাকে। জাঃ পাঃ

(৩) সত্যবাদী :-আত্মকারকাংশের নবমে বৃহস্পতি।জৈঃ

(৪) বৃহস্পতির স্থিতরাশিপতির নবাংশপতিকে বৃহস্পতি ও শুক্র দেখিবে।

(৫) ৯মে শুভগ্রহ থাকে ও বৃহস্পতির সহিত সম্বন্ধ পাইবে এবং ৯মপতি মৃদুভাবে থাকিবে। সঃ চিঃ

গুরুলাভ : ৩৬ বর্ষে ২০০০ নিষ্ক প্রাপ্তিঃ—একাদশপতি দ্বিতীয়ে, ২য়পতি কেন্দ্রে বৃহস্পতি যুক্ত হইবে। পঃ

গৃহ—নিজে নিজের তৈয়ারী করে :—৪র্থপতি অষ্টমে। সঃচিঃ

গৃহ নির্মাণকারী বিদেশে :—৪র্থপতি দ্বাদশে থাকে। সঃ চিঃ

গৃহ—প্রাকার যুক্ত :—তৃতীয়পতি শুভযুক্ত, চতুর্থপতি বলবান্ এবং লগ্নপতি পূর্ণবলী হইবে। জাঃ পাঃ

গৃহ—বহুপ্রকারের :—দ্বিতীয়পতি ও একাদশপতি চতুর্থে থাকিবে কিংবা চতুর্থপতি বা চতুর্থকারক বৈশেষিকাংশ প্রাপ্ত হইয়া শুভ-দৃষ্টিযুক্ত হইবে। সঃ চিঃ

গৃহ—বহুস্থানে :—চতুর্থস্থান চররাশি, চতুর্থপতি চররাশিতে এবং চতুর্থকারকও চরগ্রহ হইবে। সঃ চিঃ

গৃহ—সুদৃঢ় :—তৃতীয়পতি শুভযুক্ত এবং চতুর্থপতি বলবান্ বা গোপুরাংশগত হইবে। জাঃ পাঃ

গৃহলাভ (১) লগ্নে লগ্নপতি ও ৪র্থপতি থাকিবে। [ঐ ৪র্থপতি যদি স্বোচ্চ-স্বমিত্র বা স্বগৃহে বলবান্ হইয়া শুভদৃষ্টি পায় তাহা হইলে বিনা যত্নেই গৃহলাভ হয়।]

(২) বলী কেন্দ্রস্থ ৪র্থপতিকে শুভগ্রহ দেখে। অথবা বৈশেষিকাংশগত ৪র্থপতি পরমোচ্চভাগে থাকে।

(৩) চতুর্থপতির নবাংশপতি যে রাশিতে থাকে সেই রাশিপতির নবাংশপতি কেন্দ্রে থাকিবে।

(৪) বহু এবং বিচিত্র :—৯মপতি কেন্দ্রে, ৪র্থপতি উচ্চ-মিত্র গৃহে এবং ৪র্থে উচ্চস্থ গ্রহ থাকিবে।

(৫) প্রাকারমণ্ডিত :—৩য়ে শুভগ্রহ, ৪র্থপতি স্বস্থানবলে বলীয়ান্ এবং তৃতীয়পতি পূর্ণবলী হইবে।

(৬) সৌধমণ্ডিত :—চতুর্থপতি সিংহাসনাংশ, গোপুরাংশ বা মৃদু অংশ পাইবে।

(৭) দেবতা সম্বন্ধীয় :— চন্দ্র ও বৃহস্পতি দৃষ্ট চতুর্থপতি পারাবতাংশ বা গোপুরাংশ পাইবে।

(৮) বিচিত্র সৌধপ্রাকারমণ্ডিত :—৪র্থপতি, ১০মপতি ও শনি একত্র হইয়া কেন্দ্রে থাকিবে। সঃ চিঃ

(৯) অকস্মাৎ :—লগ্নপতি সহিত ৪র্থপতি ৪র্থে। জাঃলঃ

গৃহাধিকারী (১) প্রাসাদ :—আত্মকারকাংশের চতুর্থে চন্দ্র ও শুক্র থাকে বা দেখে বা তুঙ্গীগ্রহ থাকে।

(২) ঐষ্টক :—আত্মকারকাংশের ৪র্থে মঙ্গল-কেতু থাকে বা দেখে ; (৩) শিলাময় :—আত্মকার-

কাংশের ৪র্থে রাহু শনি থাকে বা দেখে। জৈঃ

গোধন বাহুল্য :—ষষ্ঠস্থানে বলবান্ চন্দ্র শুক্র ; বা বলবান্ বুধ বৃহস্পতি থাকে। কুঃ কঃ

গো-মহিষাদি লাভ :—৪র্থে শনি থাকে, রবিযুক্ত চন্দ্র ৯মে থাকে এবং মঙ্গল ১১শে থাকে। পঃ

গ্রন্থকার (১) আত্মকারকাংশে, লগ্নে, নবমে বা পঞ্চমে চন্দ্র ও বৃহস্পতি, শুক্র বা বুধ থাকিবে। জৈঃ

(২) যশস্বী :—বৃহস্পতি কেন্দ্রে, শুক্র স্ববর্গে, ৪র্থপতি ২য়ে, এবং মঙ্গল দৃষ্ট চন্দ্র ৯মে থাকিবে। জাঃ পাঃ

(শ্রেষ্ঠ) গ্রাম-নগর-পুরপতি : রাজপূজ্য : স্ত্রীহীন :— সপ্তমে চন্দ্র ও শনি থাকে। সাঃ

(বহু) গ্রামপতি : প্রাজ্ঞ : গুণনিধি :—নবমস্থ বৃহস্পতিকে রবি ও শনি দেখিবে। জাঃ পাঃ

(কিঞ্চিৎ) গ্রামপতি : সাহসী : ওজস্বী : মূর্খ : চতুরঙ্গ বলযুক্ত

(১) ৪র্থপতি ও ৯মপতি পরস্পরের কেন্দ্রে থাকিবে এবং লগ্নপতি বলবান্ হইবে।

(২) দশমপতি দ্বারা দৃষ্ট বা যুক্ত চতুর্থপতি তুঙ্গী হইবে বা নিজগৃহে থাকিবে। জাঃ পাঃ

গ্রামপতি (তিন হাজার) : চিরায়ু (১) ৩য়, ষষ্ঠ,১১শে পাপগণ, ষষ্ঠ ৮মে চন্দ্র, কেন্দ্রে বৃহস্পতি থাকিবে। সঃচিঃ

(২) পশুযুক্ত : কৃপণবুদ্ধি : স্থবচন : রূপবান্ :—লগ্নে দ্বাদশপতি থাকিবে। জাঃ লঃ

গ্রামপতি (৩) রাজবংশে রাজা : সর্ব্বগুণাকর :—মেষ, কর্কট, তুলা ও মকরে সমস্ত গ্রহগণ থাকে। জ্যোঃকঃদ্রুঃ

চামর ছত্রযুক্ত :—শুভযুক্ত ৪র্থপতি ১০মে থাকে। জাঃ পাঃ

জন-নীতি বিশারদ : মেধাবী : ধন্য : প্রচণ্ড :—নবমে চন্দ্র বুধ শুক্র ও শনি থাকিবে। সাঃ

জন-রক্ষক (১) পরোপকারী :—২য়ে ২য়পতি স্বয়ং বৃহস্পতি থাকিবে; অথবা বুধ বা শুক্র দ্বিতীয়পতি হইয়া স্বোচ্চে, মিত্র ক্ষেত্রে বা চতুর্থে থাকিবে।

(২) ৫০জনের :—২য়পতি গোপুরাংশে ও ২য়পতির নবাংশপতি শুভগ্রহ হয় বা সিংহাসনাংশে থাকে।

(৩) ২০জনের :—পারাবতাংশকগত দ্বিতীয়পতি শুভ-যুক্ত হইবে এবং দ্বিতীয়ে চন্দ্র থাকিবে।

(৪) অসংখ্য লোকের :—বৃহস্পতি সিংহাসনাংশে, শুক্র গোপুরাংশে ও বলী ২য়পতি ঐরাবতাংশে।

(৫) প্রতাপের সহিত ১০০০ জনের :—স্বতুঙ্গী ২য়পতি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইবে; কিংবা বৃহস্পতি দৃষ্ট দ্বিতীয়পতি বৃহস্পতির গৃহে থাকিবে। সঃ চিঃ

(৬) পরোপকারী :—দ্বিতীয়পতির স্থিত গৃহপতি শুক্র হইবে এবং বুধ দ্বিতীয়পতি হইয়া উচ্চস্থ বা মিত্র-গৃহগত হইবে। পঃ

জনসম্পদ্‌যুক্ত : শ্রুতিনীতিকাব্যনিরত : প্রিয়ালাপী : নিভৃতাচার :—চতুর্থে রবি ও বৃহস্পতি থাকে। সাঃ

জপ-ধ্যান-সমাধিমান্ (১) ১০মপতি ৯মে, এবং বলবান্ নবমপতিকে বৃহস্পতি ও শুক্র দেখিবে। সঃ চিঃ

(২) ১০মপতি যুক্ত নবাংশপতি বলবান্ হইবে,১০মপতি ৯মভাব বা ৯মপতির সহিত সম্বন্ধ করিবে। সঃচিঃ

(৩) বলী ৯মপতি শুভগ্রহ হইয়া বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইবে [৯মপতি চরে থাকিলে জপ, স্থিরে—ধ্যান, ও দ্ব্যাত্মকে—সমাধি]। জাঃ পাঃ

জলজীবী : বণিক্ : বস্ত্রালঙ্কার ভোগী :—চন্দ্রের দশমে রবি ও বুধ থাকিবে। সাঃ

জিতশত্রু : ধার্ম্মিক : নরশ্রেষ্ঠ :—সমস্ত পাপগ্রহ বা সমস্ত শুভগ্রহ একত্র থাকিবে। কোঃ প্রঃ

জিতেন্দ্রিয় (স্ত্রীলোক পাইয়াও) : [কাহারও মতে] রাজা : দীর্ঘায়ু :—লগ্ন হইতে ত্রিকোণ, ৮ম, ১১শ, কিংবা কেন্দ্রে ৩,৪ বা ৫টি গ্রহ একত্র থাকিবে। সঃ চিঃ

জীর্ণোদ্ধার :—বুধ দশমে ১০মপতির সহিত থাকিবে। সঃচিঃ

জীর্ণোদ্ধারাদি পুণ্য কর্ম্ম (১) জলরাশিগত চন্দ্র তৃতীয়ে।

(২) কূপ পুষ্করিণীর :—জলরাশিগত চন্দ্র তৃতীয়ে এবং দশমপতি গোপুরাংশে থাকিবে। জাঃ পাঃ

জ্যোতির্বিৎ (১) জল-ধন-স্ত্রী-ভূষণাদিপ্রিয় :—চন্দ্রের দশমে রবি ও বুধ থাকিবে। জাঃ পাঃ

(২) [শ্রেষ্ঠ] :—বুধ কেন্দ্রে, দ্বিতীয়পতি বলবান্, ও উচ্চগত শুক্র দ্বিতীয়ে কিংবা শুভযুক্ত শুক্র দ্বিতীয়ে

বা তৃতীয়ে থাকিবে। সঃ চিঃ

জ্ঞাতিগণের উপকারী :—ষষ্ঠপতি গোপুরাংশে থাকিয়া রবিদৃষ্ট হইবে, আর লগ্নপতি পূর্ণবলী হইবে। সঃ চিঃ

জ্ঞাতিগণের সহিত জীবন :—লগ্নপতি শুভযুক্ত, ষষ্ঠে চন্দ্র বা শুভগ্রহ এবং কেন্দ্র কোণে বুধ থাকে। সঃ চিঃ

জ্ঞাতি বাহুল্য :—ষষ্ঠপতি বৃহস্পতি হইয়া শুভযুক্ত শুভদৃষ্ট বা মৃদুঅংশ যুক্ত হইবে। সঃ চিঃ

জ্ঞাতি হইতে উৎকর্ষতা লাভ :—লগ্নপতি পারাবতাদিভাগ-গত এবং শুভদৃষ্ট অথবা যষ্ঠপতি দুর্বল হয়। সঃচিঃ

জ্ঞানবান্ : স্ব-কুলে খ্যাত : মনস্বী : মানী : বিদ্যালঙ্কারযুক্তঃ —লগ্নে ৫মপতি ও ৫মে লগ্নপতি থাকে। জাঃ লঃ

জ্ঞানিমুখ্য : ৬৫ বর্ষ আয়ু :—কর্কট লগ্নে চন্দ্র, নীচস্থ শনি, এবং সপ্তমে রবি থাকে। সঃ চিঃ

জ্ঞানী (১) ধার্ম্মিক : পণ্ডিত : প্রাজ্ঞ : ৭০ বর্ষজীবী :— নীচস্থ শনি কেন্দ্র কোণে, বুধ কেন্দ্রে অথবা রবি বুধ যুক্ত হইবে। সঃ চিঃ

(২) শাস্ত্রজ্ঞ : দেব ও গুরু সম্মত : ধর্ম্মশীল :—রবি, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি একত্র থাকে। জাঃ পাঃ

তপস্বী (১) সুশীল : সামান্য প্রাপ্তিতেই তুষ্ট : ধর্ম্মবীর : দয়ালু : স্ত্রী ধার্মিকা :—তৃতীয় স্থানে পূর্ণচন্দ্র ও তৃতীয়পতি থাকিবে। কুঃ কঃ

(২) প্রেষ্য :—নবাংশ চক্রে আত্মকারকযুক্ত কেতুকে

শনি দেখিবে। জৈঃ

তপস্বী (৩) বীতভোগ কিন্তু শত শুভ প্রাপ্ত :—বলবান্ নবমপতি কেন্দ্র কোণে এবং লগ্নকে লগ্নপতি দেখিবে কিংবা বৃহস্পতির দ্রেক্কাণ নবাংশ বা ত্রিংশাংশে দশমপতি থাকিবে। জাঃ পাঃ

(৪) কালজ্ঞ : গুণী : দয়ালু : যশস্বী : রূপবান্ : বিদ্বান্ :—লগ্ন, নবম ও চতুরস্রে পাপ এবং পঞ্চমে শুভাশুভ থাকিবে।

(৫) গুণী : যজ্ঞ কর্ত্তা :—নবমভাব হইতে পর পর সাতটিভাবে সাতটি গ্রহ থাকিবে। জাঃ পাঃ

তর্কযুক্তিপরায়ণ :—রবি বা মঙ্গল দ্বিতীয়পতি হইয়া গুরু শুক্র দৃষ্ট হইবে বা পারাবতাংশে থাকিবে। জাঃ লঃ

(শ্রেষ্ঠ) তর্কশাস্ত্রজ্ঞ :—বৃহস্পতি, শুক্র, ২য়পতি যদি রবি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হয় বা মূল-ত্রিকোণে থাকে। সঃ চিঃ

তাপস (১) কেন্দ্রগুলিতে শুভ, দ্বিতীয়ে পাপগণ এবং পঞ্চম, লগ্ন বা চতুর্থে চন্দ্র থাকে। কুঃ কঃ

(২) খ্যাত : বাগ্মী : অতি দাতা : পরলোকবিশ্বাসী : মহাপ্রাজ্ঞ :—নবমে চন্দ্র মঙ্গল বুধ ও শুক্র। সাঃ

তাপসরূপী : বিশাল চক্ষু :—বুধ বা শনির সহিত রবি, চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি, ও শুক্র যুক্ত হইবে। জাঃ পাঃ

তীর্থচারী :—জন্মকালে অশুভগ্রহগণ নীচগত ৮ম রাশিতে থাকিয়া শুভগ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট হইবে। কুঃ কঃ

তীর্থভ্রমণকারী : ধর্ম্মবুদ্ধি :—১২শপতি ৯মে থাকে। জাঃ লঃ

ত্যাগী : যাজ্ঞিক : আত্মবান্ :—লগ্ন, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থভাবে সমস্ত গ্রহ থাকিবে। জাঃ পাঃ

ত্রিকালজ্ঞ :—স্বনবাংশ, শুভনবাংশ বা মৃদু অংশগত বৃহস্পতিকে শুক্র ও বুধ একত্রে দেখিবে। সঃ চিঃ

দণ্ডপতি : মন্ত্রী : রাজা : বহুস্ত্রীপতি : দীর্ঘায়ু :—লগ্ন, ষষ্ঠ, সপ্তম ও অষ্টমে শুভগ্রহগণ থাকিবে কিন্তু পাপ গ্রহকর্ত্তৃক দৃষ্ট হইবে না। সাঃ

দলপতি : খ্যাত : রাজপূজ্য : ধার্ম্মিক :—চন্দ্রের দশমে বুধ ও বৃহস্পতি থাকিবে। সাঃ

(মহা) দাতা (১) [ব্রাহ্মণ হইলে—পুরোহিত। অন্যজাতি হইলে দানাধ্যক্ষ] :—সিংহাসনাংশগত ৯মপতিকে লগ্নপতি ও দশমপতি দেখিবে।

(২) বৃহস্পতি যুক্ত নবমপতি পারাবতাদি ভাগে থাকিবে ও লগ্নপতিকে বৃহস্পতি দেখিবে। জাঃ পাঃ

(৩) সর্বকর্মরত : শূর : বিক্ষতগাত্র :—চন্দ্রের দশমে রবি, মঙ্গল, বুধ ও বৃহস্পতি থাকে। সাঃ

(৪) রাজমন্ত্রী :—পঞ্চমকারকের স্থিতরাশিপতিকে লগ্নপতি দেখিবে এবং বৃহস্পতি বলবান্ হইবে।

(৫) শুভদৃষ্ট নবমপতি তুঙ্গী এবং ৯মে শুভযুক্ত হয়।

(৬) অত্যধিক :—পারাবতাংশ প্রাপ্ত ৯মপতি বৃহস্পতি দৃষ্ট এবং লগ্নেশ শুক্র সংদৃষ্ট হইবে। সঃ চিঃ

দাতা (৭) অত্যধিক :—নবমপতি কেন্দ্র কোণে থাকিয়া লগ্ন বা লগ্নপতিকে দেখিবে।

(৮) অতিমাত্র :—সিংহাসনাংশগত নবমপতিকে লগ্ন-পতি ও দশমপতি দেখিবে।

(৯) অতিমাত্র :—চতুর্থে নবমপতি, কেন্দ্রে দশমপতি, আর দ্বাদশপতিকে বৃহস্পতি দেখিবে।

(১০) অতিমাত্র :—নবমপতি কর্ত্তৃক দৃষ্ট বুধ তুঙ্গী হইবে এবং কেন্দ্র একাদশপতি থাকিবে। সঃ চিঃ

(১১) রবি শুক্র দৃষ্ট চন্দ্র দশমে থাকে। মঃ জাঃ

দাস-দাসী-যুক্ত :—ষষ্ঠপতি দশমে, দশমপতি শনিযুক্ত হইবে বা কেন্দ্র কোণে থাকিবে। সঃ চিঃ

দাস বাহুল্য (১) দশমপতির নবাংশপতি শনিসম্বন্ধী ও ষষ্ঠপতির সম্বন্ধী হইবে। সঃ চিঃ

(২) দশমভাবে শুভগ্রহ দেখিবে, বা দশমপতি শনিযুক্ত হইয়া থাকিবে। সঃ চিঃ

দীর্ঘায়ু (১) প্রাজ্ঞ : শূরবল্লভ : মতিমান্ : বহুপ্রলাপী : কঠিনাঙ্গ :—লগ্নে রবি ও বুধ থাকিবে। সাঃ

(২) মাতা হইবে [ক] :—চন্দ্র বা শুক্র বলবান্ হইয়া শুভদৃষ্ট বা শুভভাগ প্রাপ্ত হইয়া ১,৪,৭, বা ১০মে থাকিবে এবং চতুর্থেও শুভ থাকিবে।

[খ] ৪র্থপতির নবাংশপতির নবাংশপতি বলশালী হইয়া লগ্ন-চন্দ্র উভয়েরই কেন্দ্রে থাকিবে। সঃ চিঃ

দীর্ঘায়ু(৩) ভাগ্যবান্ঃ—অতি বলী লগ্নপতি শুভযুক্ত ও শুভ-
দৃষ্ট হইয়া কেন্দ্রে থাকে, পাপদৃষ্ট হয় না। সঃ চিঃ

(৪) পাপগ্রহ ৮মপতি হইয়া ১১শে থাকিয়া শুভযুক্ত।

(৫) একাদশে, কেন্দ্রে, ত্রিকোণে লগ্নপতি অষ্টমপতি ও দশমপতি থাকিবে। জাঃ লঃ

(৬) ষষ্ঠপতি ষষ্ঠ বা দ্বাদশে, দ্বাদশপতি ষষ্ঠ বা দ্বাদশে বা লগ্নে বা অষ্টমে থাকিবে।

(৭) লগ্নপতি, অষ্টমপতি দশমপতি ও শনি কেন্দ্র কোণে বা একাদশে থাকিবে।

(৮) লগ্নপতি উচ্চস্থ, ১১শে চন্দ্র এবং ৮মে বৃহস্পতি।

(৯) পিতা হইবে :—নবমপতি স্মতুঙ্গী, ভাগ্যাংশে বৃহস্পতি এবং লগ্নের কেন্দ্রে শুক্র থাকিবে। পঃ

(১০) শয়ন, আসন, অম্বর, বহুক্ষেত্র, সন্মন্দির, বন্ধু-স্নেহ, মনোজ্ঞ-বাহন, যশ, স্মখ যুক্ত :—চতুর্থস্থ গ্রহ চতুর্থপতি ও চতুর্থ-ভাব দ্রষ্টাগ্রহ এই তিনটি বলবান্ হইয়া উচ্চ, স্বগৃহ, মিত্রগৃহ, কেন্দ্র, ত্রিকোণ বা একাদশে থাকিবে।

(১১) পিতা হইবে :—৫মপতি পারাবতাদিবর্গে এবং ৫ম-কারকও পারাবতাদিবর্গে, স্বোচ্চে বা মিত্রাংশকে।

(১২) ৮মপতি ৮মে ; বা ১২শপতি স্বক্ষেত্রে থাকে।

(১৩) লগ্নপতি ও অষ্টমপতি ষষ্ঠে বা দ্বাদশে থাকে।

(১৪) ১০ম-লগ্ন-৮মপতিগণ কেন্দ্রে কোণে বা ১১শে।

দীর্ঘায়ু (১৫) ১০মপতি, লগ্নপতি ও ৮মপতি সকলে বলশালী হইবে কিন্তু শনির যোগ পাইবে না।

(১৬) নরবর : ধনহীন : স্ত্রীনির্জিত :—৮ম-ভাব হইতে পর পর ৭টি গৃহে সমস্ত গ্রহ থাকিবে। জাঃ পাঃ

দুরুধুরা—যোগ [উৎপন্ন ভোগ, সুখ, ধন-বাহন-সুভৃত্য-ত্যাগযুক্ত] :—(১) চন্দ্রের ২য়, ১২শে রবি ভিন্ন গ্রহ ; (২) চন্দ্রের ৪র্থ, ১০মে রবি ভিন্নগ্রহ ; (৩) চন্দ্রের নবাংশের ২য় ও ১২শে রবি ভিন্ন গ্রহ থাকিবে। বৃঃ জাঃ

দেবতুল্য (১) ত্রিকোণে পাপ থাকিবে না, কেন্দ্রে শুভ থাকিবে না, অষ্টমে পাপ থাকিবে না।

(২) লগ্নে শনি, ২য়ে রবি, ৩য়ে চন্দ্র ও ৪র্থে মঙ্গল থাকে এবং ইহারা বৈশেষিকাংশপ্রাপ্ত হয়। সঃ চিঃ

দেবারাধনতৎপর :—৯মে চন্দ্র মঙ্গল ও বৃহস্পতি। জাঃ পাঃ

দেশ-আভরণ-যানযুক্ত :—৯ম বা ৪র্থে শুক্র, শুভরাশিতে বৃহস্পতি এবং ৯মপতি কেন্দ্র কোণে থাকিবে। পঃ

(বহু) দেশ-আভরণ-যান-বহুসেনা-যুক্ত :—৪র্থপতি শুভগ্রহের সহিত বা ৯মপতির সহিত যুক্ত হইবে। সঃ চিঃ

দেশ ও বহুবাহন যুক্ত (ক) একাদশপতি বা নবমপতি যুক্ত দশমপতি চতুর্থে থাকিবে।

(খ) সিংহাসনাংশগত দশম ও চতুর্থপতিদ্বয় লগ্নপতি কর্তৃক দৃষ্ট হইবে। সঃ চিঃ

(বহু) দেশপতি (১) গুণী : বিদ্বান্ : কীর্তিমান্ : রূপবান্ : রাজবন্দ্য : বহুদারপুত্র :—মূলত্রিকোণগত ৯মপতি কেন্দ্রে এবং স্বতুঙ্গী লগ্নপতি বলবান্ ।

(২) বাহনযুক্ত :—শুক্র বৃহস্পতি ও ৪র্থপতি ৯মে, ৯মপতি ৪র্থে বা কেন্দ্র কোণে থাকে। জাঃ পাঃ

দৈবজ্ঞ : সর্ববিদ্ : বৈয়াকরণ : বেদ বেদাঙ্গে নিপুন :—আত্ম-কারকাংশে বা তৎ ত্রিকোণে বৃহস্পতি থাকে। জৈঃ

দ্রব্য ও ভূমি লাভ :—১০মপতি ও একাদশপতি একত্র। পঃ

(বহু) দ্রব্যপতি (১) পঞ্চমস্থান শুক্রক্ষেত্র হইবে, তথায় শুক্র থাকিবে এবং একাদশে শনি থাকিবে।

(২) ৫মে বুধক্ষেত্রে বুধ এবং ১১শে চন্দ্র ও মঙ্গল।

(৩) ৫মে শনিক্ষেত্রে শনি এবং ১১শে বুধ বা মঙ্গল।

(৪) ৫মে রবিক্ষেত্রে রবি এবং ১১শে চন্দ্র বৃহস্পতি।

(৫) ৫মে গুরুগৃহে গুরু এবং ১১শে চন্দ্র ও মঙ্গল। পঃ

দ্রব্যপ্রাচুর্য্য :--২য়স্থ ২য়পতিকে বুধ পূর্ণ দৃষ্টিতে দেখে। কুঃকঃ

দ্রব্যযুক্ত :—সংগ্রহী : ব্যাধিহীন : বলবান্ : নিত্যদ্রোহা-দিসক্ত :—ষষ্ঠপতি লগ্নে ও লগ্নপতি ষষ্ঠে। জাঃ লঃ

ধনরত্নভোগী : পূজ্য : ব্যাধিত-দেহ : স্বজন-বিহীন :—নবমে বৃহস্পতি ও শনি থাকে। সাঃ

ধনলাভ (১) বহু :—লগ্নেশ্বরের নবাংশপতির স্থিত রাশি-নাথের স্থিত নবাংশপতি বলবান্ তথা বৈশেষি-কাংশ প্রাপ্ত হয় ও শুভগ্রহের দৃষ্টি বা যোগ পায়।

ধনলাভ (২) বহুল পরিমাণে :—২য়পতিযুক্ত ১১শপতি ১০ম-পতির নবাংশপতি কর্ত্তৃক দৃষ্ট হয় ও বৈশেষিকাংশকগত এবং পরমোচ্চ ভাগ যুক্ত হয়।

(৩) বহুল পরিমাণে :—কেন্দ্রগত শুভ-দৃষ্ট ২য়পতির সহিত ৯মপতি যুক্ত হইবে ও লগ্নপতির নবাংশ-পতি কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(৪) বাল্যে বহু ধনলাভ :—লগ্ন, ২য় ও ১১শ গৃহে উচ্চস্থ, সুহৃদগৃহগত, বৈশেষিকাংশপ্রাপ্ত বা তুঙ্গনবাংশপ্রাপ্ত শুভগ্রহ থাকিবে এবং দ্বিতীয়-পতির নবাংশনাথ কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(৫) নিজ বীর্য্যবলে :—সকল গ্রহাপেক্ষা বলবান্ লগ্নপতি বৃহস্পতির সহিত কেন্দ্রে থাকিবে, এবং দ্বিতীয়পতি বৈশেষিকাংশ প্রাপ্ত হইবে।

(৬) নিজ বীর্য্যবলে বহুপ্রকারে :—লগ্নপতির নবাংশ-পতির স্থিতরাশিপতি বলবান্ হইয়া দ্বিতীয়পতির মিত্র হয় এবং কেন্দ্র ত্রিকোণ বা স্বগৃহে থাকে।

(৭) নিজ বীর্য্যবলে মধ্য বয়সে :—শুভদৃষ্ট ও কালবল-প্রাপ্ত দ্বিতীয়পতি কেন্দ্র বা ত্রিকোণে লগ্নপতি ও একাদশপতির সহিত যুক্ত হইয়া থাকে।

(৮) অন্তবয়সে :—২য়পতির স্থিত রাশিতে সৌম্য (বুধ) যুক্ত লগ্নপতি বা ১১শপতি থাকিবে এবং ২য়পতির স্থিত রাশিপতি বলী হইয়া লগ্নে থাকিব। সঃ চিঃ

ধনলাভ (৯) ভ্রাতা হইতে [অ]—পুংগ্রহ ও ৩য়পতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট লগ্নপতি ও দ্বিতীয়পতি উভয়ে বলবান্ ও বৈশেষিকাংশগত হইয়া তৃতীয়ে থাকিবে।

[আ]—তৃতীয়পতি ও বৈশেষিকাংশগত দ্বিতীয়কারক ২য়ে থাকে ও লগ্নপতি-কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

[ই]—বৈশেষিকাংশপ্রাপ্ত ২য়ভাবকারক এবং ২য়পতি ২য়ে থাকিয়া লগ্নপতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে।

(১০) বহু প্রকারে :—কেন্দ্রস্থ ও শুভাংশগত লগ্নপতি ও ২য়পতি, পরস্পরকে দেখিবে এবং ইহাদিগকে লগ্নপতি ও নবমপতি দেখিবে।

(১১) স্বক্ষমতায় :—লগ্নপতিকে দ্বিতীয়পতি দেখিবে বা উভয়ে এক রাশিতে থাকিবে।

(১২) স্বক্ষমতায় :—তৃতীয়পতি ও (তৃতীয়) কারক একত্র থাকিবে বা পরস্পরে দেখিবে।

(১৩) মাতা হইতে :—বলবান্ দ্বিতীয়পতি চতুর্থপতি-কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে।

(১৪) বন্ধু বা কৃষিকার্য্য হইতে :—২য়পতি বৈশেষিকাংশ-প্রাপ্ত হইয়া ৪র্থপতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে।

(১৫) পুত্র হইতে [অ] :—(২য়গত) বলশালী ২য়পতির সহিত ৫মপতি ও ৫মকারক যুক্ত বা দৃষ্ট হইবে এবং বৈশেষিকাংশ প্রাপ্ত লগ্নপতি বলবান্ হইবে।

[আ] :—লগ্নপতি বৈশেষিকাংশ প্রাপ্ত হইবে। সঃ চিঃ

ধনলাভ (১৬) শত্রু হইতে :—ষষ্ঠপতি ও ষষ্ঠকারক কর্ত্তৃক বলবান্ দ্বিতীয়পতি যুক্ত দৃষ্ট হইবে এবং বলবান্ লগ্নপতি বৈশেষিকাংশে থাকিবে।

(১৭) স্ত্রী হইতেঃ—সপ্তমপতি ও সপ্তমভাব-কারক কর্ত্তৃক বলবান্ দ্বিতীয়পতি যুক্ত দৃষ্ট হইবে ও লগ্নপতি বৈশেষিকাংশ প্রাপ্ত হইবে।

(১৮) পিতা বা ধর্ম্ম ব্যাপারে গুরু হইতে :—৯মপতি ও নবম-কারক কর্ত্তৃক ২য়পতি যুক্ত বা দৃষ্ট হইবে।

(১৯) দান পাইয়া বা নিজের কীর্ত্তি দ্বারা :—১০মপতি ও ১০ম-কারক কর্ত্তৃক ২য়পতি যুক্ত বা দৃষ্ট হয়।

(২০) বহুল পরিমাণেঃ—একাদশপতি ও একাদশ-কারক কর্ত্তৃক দ্বিতীয়পতি যুক্ত বা দৃষ্ট হয়।

(২১) দ্বিতীয়ে বলবান্ পাপ থাকিবে।

(২২) পুনর্ব্বার :—১১শপতি ৯মপতি যুক্ত হইয়া ৯মে।

(২৩) পাপযুক্ত ১১শপতি কেন্দ্র বা ত্রিকোণ বা ১১শে।

(২৪) ২য়পতি ১১শে, ১১শপতি ২য়ে বা উভয়ে কেন্দ্রে।

(২৫) একাদশ-ভাব শুভ মধ্যগত বা একাদশপতি শুভ মধ্যগত হইয়া পারাবতাংশে থাকে।

(২৬) ১১শপতি যুক্ত রাশিপতি শুভ-দৃষ্ট ও শুভ মধ্যস্থ।

(২৭) ১১শপতির নবাংশপতি শুভ (অর্থাৎ নবমস্থ হয় বা শুভগ্রহ হয়), এবং দ্বিতীয়পতি দ্বারা দৃষ্ট হয়।

(২৮) ১১শপতির দ্রেক্কাণপতি "শুভ"—শুভগ্রহ হইবে বা

৯মে থাকিবে—ও ১০মপতি দ্বারা দৃষ্ট হইবে।

ধনলাভ (২৯) যৎকিঞ্চিৎ :—১১শপতির নবাংশপতি ক্রূর-ষষ্ঠ্যংশযুক্ত হইয়া শুক্র এবং বৃহস্পতি দ্বারা দৃষ্ট হয়।

(৩০) [১০০০০ টাকা] :—লগ্নপতির দ্রেক্কাণপতি ও বৈশেষিকাংশপ্রাপ্ত সপ্তাংশপতি একত্র থাকিবে।

(৩১) [অযুতেরও বেশী] :—১০মে শুক্র,২য়ে স্বাংশ বা বৈশেষিকাংশপ্রাপ্ত বৃহস্পতি থাকে এবং লগ্নপতিও বৈশেষিকাংশ প্রাপ্ত হয়।

(৩২) [অযুতের বেশী] :—বৈশেষিকাংশপ্রাপ্ত বৃহস্পতি লগ্নপতি যুক্ত হইয়া কেন্দ্র-কোণে বা ২য়ে থাকে।

(৩৩) লক্ষ [অ] :—ঐরাবতাংশপ্রাপ্ত সপ্তমপতি দশমপতির স্থিত দ্রেক্কাণপতির সহিত যুক্ত হইবে।

[আ] বলবান্ ৯মপতি কেন্দ্রকোণে থাকিবে বা ১১শপতি-কর্ত্তৃক যুক্ত হইবে ও বৈশেষিকাংশপ্রাপ্ত হইবে।

(৩৪) [দুই লক্ষ] :—চারিটি কেন্দ্রে শুভগ্রহ এবং ২য়-পতি সিংহাসনাংশ বা পারাবতাংশ প্রাপ্ত হইবে।

(৩৫) এবং বাহন প্রাপ্তি রাজা হইতে :—৯মপতির সহিত ৪র্থপতি, বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইয়া লগ্নে পূর্ণবলী হইয়া স্বক্ষেত্রস্থ তুঙ্গস্থ বা ত্রিকোণগত হইবে। সং:চিঃ

(৩৬) মিত্র হইতে : বন্ধু হইতে সম্মান লাভ : রাজার বিশ্বস্ত :—চতুর্থে শনি ও শুক্র থাকে।

(৩৭) জলসংযান হইতে : ভোগসম্পন্ন : জনপ্রিয় :

স্ত্রীসুখভাগী :—চতুর্থে চন্দ্র ও শুক্র থাকে। সাঃ

ধনলাভ (৩৮) ভ্রাতার :—লগ্নে ২য়পতি ও তৃতীয়পতি থাকে।

(৩৯) মাতার :—লগ্নে ৪র্থপতি ও ৩য়পতি থাকে।

(৪০) অযত্নে [বৃদ্ধাচারপ্রবীণ, পরমসুকৃতকৃৎ, সারভৃৎ, ভোগী, ধনী—জাঃ লঃ] :—লগ্নপতি দ্বিতীয়ে ও দ্বিতীয়পতি লগ্নে থাকে। জাঃ পাঃ

(৪১) পুরীর অধ্যক্ষ : নরপতি :—মঙ্গল ও গুরু একত্র।

(৪২) অভিনয় ও আয়ুধ দ্বারা :—রবি ও শুক্র একত্র।

(৪৩) ভ্রাতা হইতে : দিব্যাভরণযুক্ত :—১১শে ৩য়পতি, এবং তৃতীয়ে একাদশপতি থাকিবে। বৃঃ জাঃ

(৪৪) বাহন-লাভ :—নবমে লগ্নপতি ও লগ্নে নবমপতি এবং সপ্তমে বৃহস্পতি থাকে। পঃ

ধনবৃদ্ধি (১) দ্বিতীয়-ভাবগত শনিকে বুধ দেখিবে।

(২) দ্বিতীয়স্থ শুক্র, শ্রেষ্ঠ গ্রহগণ (রবি, চন্দ্র, বৃহস্পতি) দ্বারা সুদৃষ্ট বা যুক্ত হইবে। কুঃ কঃ

(৩) যুবতীর আশ্রয়ে : লিপি পুস্তক চিত্রবেত্তা :—শনি ও শুক্র একত্রে থাকিবে। বৃঃ জাঃ

ধন সংরক্ষক :—১২শে বৃহস্পতি চন্দ্র ও শুক্র থাকে। জাঃপাঃ

ধনার্জন (বিক্রম ও সাহসে) :—নবমে রবি, মঙ্গল, বৃহস্পতি ও শনি থাকে। জাঃ লঃ

ধনার্জনে চতুর : শীলবান্ : বাচাল : পুত্রবান্ :—পাঁচটি গৃহে সমস্ত গ্রহ থাকিবে। জাঃ পাঃ

ধনী (১) রবি ও বৃহস্পতি একত্রে থাকিবে।

(২) শূর : সৎকুলজাত : গুণী :—চন্দ্র ও মঙ্গল একত্র।

(৩) বাগ্মী : রূপগুণযুক্ত :—বুধ ও বৃহস্পতি একত্র।

(৪) বিদ্বান্ : বিশিষ্ট ধর্ম্মগুণবান্:—বুধ ও শনি একত্র।

(৫) রিপুকুলধ্বংসী : নীতিমান্ :—রবি, চন্দ্র এবং মঙ্গল একত্র থাকিবে।

(৬) পৃষ্ঠা ৯৮, পংক্তি ১১, পরদাররত (১)—দ্রষ্টব্য।

(৭) পুত্রপত্নীযুক্ত : অস্থখী :—রবি,মঙ্গল ও বুধ একত্র।

(৮) চক্ষুরোগী : ভোগী :—রবি, মঙ্গল ও শুক্র একত্র।

(৯) নির্বন্ধু : মূর্খ : রোগী :—শনি, রবি ও মঙ্গল একত্র।

(১০) পটুমতি : বিদ্বান্ : যশস্বী :—বৃহস্পতি, রবি ও বুধ একত্র থাকিবে।

(১১) স্ত্রীপুত্রযুক্ত : প্রাজ্ঞ : চক্ষুরোগী :—রবি, শুক্র ও বৃহস্পতি একত্র থাকিবে।

(১২) খ্যাত : নৃপপ্রিয় :—বৃহস্পতি, চন্দ্র ও বুধ একত্র।

(১৩) যশস্বী : ধীমান্ : রাজপ্রিয় : শোকরোগহীন :—রবি, চন্দ্র, মঙ্গল ও বৃহস্পতি একত্র থাকে।

(১৪) স্ত্রীপুত্রযুক্ত : বিদ্বান্ : মিতাহার : স্থখী : নিপুণ : কৃপালু :—রবি, চন্দ্র, মঙ্গল ও শুক্র একত্র থাকে।

(১৫) স্থপুত্রযুক্ত : গুণী : যশস্বী : বলবান্ : উদার :—রবি, চন্দ্র, বুধ ও বৃহস্পতি একত্র থাকে।

(১৬) পৃষ্ঠা ১১৪, পংক্তি ২১, বারাঙ্গনার পতি—দ্রষ্টব্য।

ধনী (১৭) রাজতুল্য : খ্যাত : অতিপূজ্য :—রবি, মঙ্গল, বৃহস্পতি ও শুক্র একত্র থাকে।

(১৮) যশস্বী : প্রধান :—রবি, বুধ, গুরু ও শুক্র একত্র।

(১৯) বধির : বিদ্বান্ : যশস্বী :—চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র একত্র থাকে।

(২০) বন্ধুপ্রিয় : ধার্ম্মিক :—চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শনি একসঙ্গে থাকে।

(২১) নিন্দিত :—মঙ্গল বুধ বৃহস্পতি ও শুক্র একত্র।

(২২) বিদ্যা-শীলযুক্ত :—বুধ, গুরু, শুক্র ও শনি একত্র।

(২৩) পৃষ্ঠা ৯৮, পংক্তি ১৬, পরদাররত (৫)—দ্রষ্টব্য।

(২৪) মন্ত্রী : যশস্বী : প্রভূত্ব : দণ্ডনাথ :—রবি, চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র একত্র থাকে।

(২৫) সাধু : সুখী : প্রবল : বিদ্বান্ :—চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শুক্র একত্র থাকিবে।

(২৬) তীর্থভ্রমী : বনগিরিতে বাস : স্ত্রী-পুত্র যুক্ত :—রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শুক্র একত্র।

(২৭) লগ্ন, ২য় ও ১১শ-ভাব স্ব স্ব পতিযুক্ত হইবে।

(২৮) ২য়পতি ও ১১শপতি ১১শে স্ব, মিত্র বা তুঙ্গ গৃহস্থ।

(২৯) ২য় ও ১১শপতি পরস্পরের মিত্র হইয়া লগ্নে থাকে।

(৩০) লগ্নপতি, ২য়পতি ও ১১শপতি লগ্নে থাকিবে।

(৩১) দ্বিতীয়ে বহু গ্রহ থাকিবে এবং ধনকারক বলবান্, তুঙ্গী, মিত্র বা স্বগৃহস্থ হইবে। জাঃ পাঃ

ধনী (৩২) দ্বিতীয়স্থ বুধকে শুভ গ্রহ দেখিবে।

(৩৩) ২য়পতি ১১শে, ১২পতি ২য়ে বা উভয়েই কেন্দ্রে।

(৩৪) কোটীশ্বর :—লগ্ন-১১শ-২য় ও ৯মপতিগণ পরমোচ্চাংশযুক্ত বা বৈশেষিকাংশগত হইবে।

(৩৫) বিদ্যা-বাহন-সম্পত্তি যুক্ত :—কেন্দ্র-কোণগত বুধ স্বগৃহে বা উচ্চ রাশিতে থাকে।

(৩৬) বহুদেশ ও যানযুক্ত : গুরু-শুক্র যুক্ত ৪র্থপতি শুভ রাশিতে ৯মে ও ৯মপতি কেন্দ্র বা কোণে থাকে।

(৩৭) বহু ক্ষেত্র যুক্ত :—চতুর্থভাব শুভরাশি, চতুর্থপতি শুভযুক্ত এবং চতুর্থকারকও শুভযুক্ত হইবে।

(৩৯) বিদ্বান্ : হস্তী-গো-অশ্ব যুক্ত :—নবম-ভাবগত বৃহস্পতিকে রবি ও চন্দ্র দেখিবে।

(৩৯) বিদ্যা-বাদ-বিনোদী :—নবম-গত বৃহস্পতিকে রবি ও বুধ দেখিবে।

(৪০) গৃহসুখ :—৯মস্থ বৃহস্পতিকে চন্দ্র ও বুধ দেখিবে।

(৪১) পুত্রহীন : শূর : কাজের লোক :—নবমস্থ বৃহস্পতিকে চন্দ্র ও শুক্র দেখিবে।

(৪২) নেত্ররোগী :—নবমে রবি ও চন্দ্র থাকে।

(৪৩) পিতৃপ্রিয়কারী :—নবমে রবি ও বৃহস্পতি থাকে।

(৪৪) পূজিত :—নবমে মঙ্গল ও বৃহস্পতি থাকে।

(৪৫) বিদ্বান্ : পটুমতি :—নবমে বুধ ও বৃহস্পতি।

(৪৬) রত্নযুক্ত : রোগী :—নবমে বৃহস্পতি ও শনি।

ধনী (৪৭) রাজপ্রিয় :—৯মে রবি, বুধ ও বৃহস্পতি থাকে।

(৪৮) সুত-বধূ যুক্ত : দেব পিতৃপ্রিয় :—নবমে রবি, মঙ্গল ও বৃহস্পতি থাকিবে।

(৪৯) পৃষ্ঠা ৯৯, পংক্তি ৮, পরদাররত (১৪)—দ্রষ্টব্য।

(৫০) আচার্য্য :—নবমে চন্দ্র, বুধ ও বৃহস্পতি থাকে।

(৫১) ভাগ্যবান্ : সৎকীর্ত্তি :—শুভদৃষ্ট ও শুভ যুক্ত নবমপতি এবং নবমভাব শুভ সম্বন্ধী হইবে।

(৫২) নবমে সকল গ্রহ স্বগৃহে বা উচ্চ গৃহে (অর্থাৎ একটি স্বগৃহে বা উচ্চগৃহে) থাকিবে।

(৫৩) সর্ব্বজ্ঞ : ধী-যশ-গুণ-যুক্ত : কুলোত্তম : বংশধর : নৃপ : নৃপপ্রিয় :—চারিটি কেন্দ্রে শুভ গ্রহ থাকে।

(৫৪) বিদ্যা ও স্ত্রী যুক্ত :—চন্দ্রের দশমে বুধ ও গুরু।

(৫৫) সৎকীর্ত্তি :—পারাবতাদিভাগগত কর্কটস্থ চন্দ্রকে বৃহস্পতি ও শুক্র দেখিবে।

(৫৬) মানী : বহুকার্য্যসক্ত :—সমস্ত গ্রহ স্থির রাশিতে।

(৫৭) আদ্যন্তে সুখ : বলবান্ :—সপ্তম হইতে সাতটি ভাবে সমস্ত গ্রহ থাকিবে।

(৫৮) উপকারী : পটুমতি : প্রখ্যাত : বিদ্বান্ :—ছয়টি গৃহে গ্রহগণ থাকিবে।

(৫৯) দীর্ঘায়ু : নিরোগ : রাজা : ভূমি-সুতযুক্ত : প্রসিদ্ধ: নিপুন (ক) লগ্ন, দ্বিতীয়, সপ্তম ও দ্বাদশে গ্রহ থাকিবে এবং দশমপতি বলবান্ হইবে। জাঃ পাঃ

ী (খ) বৃহস্পতির কেন্দ্রে শুক্র ও লগ্নপতি থাকিবে এবং নবমপতি বলবান্ হইবে।

(৬০) শাস্ত্রকর্ত্তা : নিষ্কপট : যশস্বী :—লগ্নের ষষ্ঠ, সপ্তম, অষ্টমে শুভগণ থাকে কিন্তু পাপের যোগ বা দৃষ্টি থাকে না, আর চতুর্থেও পাপ থাকে না।

(৬১) রাজা : শূর : রোগী :—তৃতীয় হইতে সাতটি ভাবে সমস্ত গ্রহ থাকিবে।

(৬২) শ্রী-বহুপুত্র-সৌখ্য ও পতি-সহ চিরায়ু:—৯মে শুভ-গ্রহগণ এবং ৭ম বা ৮মে পাপ। ["চন্দ্রাভরণহোরা" মতে—ধনু ও কর্কট লগ্নে স্বামী পুত্রাদি দুঃখ।]

(৬৩) ধান্যযুক্ত : গুণী : রাজপ্রিয় : মেধাবী :—চন্দ্রের কেন্দ্রে বৃহস্পতি ; অথবা নীচস্থ বা অস্তগত নয় এমন চন্দ্রকে শুক্র, বুধ ও বৃহস্পতি দেখিবে।

(৬৪) যাজ্ঞিক : সতত অর্থ-রুচি :—দুইটি পরপর কেন্দ্রে সমস্ত গ্রহ থাকিবে।

(৬৫) কৃষিতে : অলস-ধী : বন্ধূপকারী :—চারিটি গৃহে সমস্ত গ্রহ থাকে।

(৬৬) ভোগী : দয়ালু : স্ত্রী-পুত্র-ভূমিযুক্ত : পুণ্যকর্মা : শাস্ত্রজ্ঞানাচার সাধুক্রিয়াবান্ : ৮১ বর্ষজীবী [ক] ৫মপতি ও ষষ্ঠপতি পরস্পরের কেন্দ্রে এবং লগ্ন-পতি বলবান্। [খ] লগ্নপতি ও দশমপতি চর রাশিতে এবং নবমপতি বলবান্। জাঃ পাঃ

ধনী (৬৭) চারিটি গ্রহ স্বক্ষেত্রে থাকে।

(৬৮) সিংহ, ধনু, মীন, মেষ, কর্কট বা বৃশ্চিক রাশিতে রবি ও মঙ্গল থাকিবে।

(৬৯) দাতা : গুণজ্ঞ : নৃপপূজ্য :—বৃহস্পতির ৭মে চন্দ্র বা চন্দ্র বৃহস্পতির সহিত যুক্ত হয়। জ্যোঃ কঃ দ্রুঃ

(৭০) লগ্নও চন্দ্র হইতে সমস্ত গ্রহ উপচয়ে থাকিবে।

(৭১) মঙ্গল ও বৃহস্পতি একত্র থাকিবে।

(৭২) বিদ্বান্ :—বৃষ, মিথুন, সিংহ, কন্যা, বৃশ্চিক, ধনু, কুম্ভ, মীন ও লগ্নে সমস্ত গ্রহ থাকিবে।

(৭৩) রাজ্য ও পুত্রলাভ :—মিথুন, কর্কট, কন্যা, ধনু ও মীনে সমস্ত গ্রহ থাকিবে।

(৭৪) লগ্ন ও অপর আটটি রাশিতে গ্রহ থাকিবে ; বা পর্য্যায়ক্রমে প্রতি গৃহে একএকটি গ্রহ থাকিবে।

(৭৫) রাজা :—পরপর ছয় রাশিতে গ্রহ থাকিবে ও ছয়টিতে থাকিবে না। কোঃ প্রঃ

(৭৬) বিখ্যাত : রাজতুল্য : গৃহীতকাব্য : স্থূলতনু : বক্র নাসা :—চতুর্থে রবি ও বুধ থাকে।

(৭৭) খ্যাত : মন্ত্রী : অন্তে দুঃখী : বন্ধুহীন :—দশমে চন্দ্র ও বুধ থাকে।

(৭৮) পুত্র যুক্ত : মেধাবী :—৭মে চন্দ্র ও শুক্র থাকে।

(৭৯) বিদ্যাদাতা : মানকীর্ত্তিযুক্ত : প্রলম্ব বাহু :—দশমে চন্দ্র ও বৃহস্পতি থাকে। সাঃ

ধনী (৮০) স্ত্রী-সৌভাগ্য-বন্ধু-সুখযুক্ত : নৃপসম্মত :—চতুর্থে বুধ ও বৃহস্পতি থাকে।

(৮১) সুকলত্র : শতশত্রু : বহুজন মিত্র : সত্ব-সম্পন্ন : পিতা অপেক্ষা সৌভাগ্যশালী :-৭মে বুধ ও গুরু।

(৮২) বহু যুবতি-যুক্ত : সুখী : রাজ সম্মত :—সপ্তমে বুধ ও শুক্র থাকে।

(৮৩) নীতিজ্ঞ : ভূপতি : সফলারম্ভ :—দশমে বুধ ও শুক্র থাকে।

(৮৪) বাহনযুক্ত : নষ্টশত্রু :—দশমে বুধ ও শনি থাকে।

(৮৫) বাহনযুক্ত : নষ্টশত্রু :—৪র্থে বৃহস্পতি ও শুক্র।

(৮৬) সুস্ত্রী-রত্নযুক্ত : লব্ধ সৌখ্য কীর্ত্তি : বর বাহন ভোগবান্ : কন্যা যুক্ত :—৭মে বৃহস্পতি ও শুক্র।

(৮৭) নানাজ্ঞাবিভব ভৃত্যযুক্ত : রাজা :—দশমে বৃহস্পতি ও শুক্র থাকে।

(৮৮) সুখ-ভোগযুক্ত : শোকযুক্ত : বহু ভৃত্য : স্ত্রীভোগে বিচারহীন :—লগ্নে শুক্র ও শনি থাকে।

(৮৯) স্ত্রীরত্ন-কীর্ত্তি-বিষয় লাভ :—৪র্থে শুক্র ও শনি।

(৯০) পিতাও ধনী : দীর্ঘায়ু : আর্য্যমতি : শূর :—নবমে রবি ও বৃহস্পতি থাকিবে।

(৯১) নবমে চন্দ্র ও বৃহস্পতি থাকে।

(৯২) পূজ্য : ব্যাধিতদেহ : ক্লিষ্ট : ব্রণী :—নবমে মঙ্গল ও বৃহস্পতি থাকে।

সাঃ

ধনী (৯৩) শাস্ত্রজ্ঞ : পণ্ডিত : কলাজ্ঞ : প্রিয়বাদী :—নবমে বুধ ও বৃহস্পতি থাকে।

(৯৪) বাহন সুখী :—নবমে রবি, চন্দ্র ও বৃহস্পতি।

(৯৫) নৃপপ্রিয় :—নবমে রবি, বুধ ও বৃহস্পতি থাকে।

(৯৬) রাজা : গুণী : সমৃদ্ধিমান্ : উত্তম বীর্য্য :—নবমে রবি, বৃহস্পতি ও শনি থাকে।

(৯৭) বিদ্বান্ : জিতেন্দ্রিয় : প্রাজ্ঞ : গুরু-দেব ভক্ত:—নবমে চন্দ্র, মঙ্গল ও বৃহস্পতি থাকে।

(৯৮) বিদ্বান্ : সুভগ : নৃপসম্মত :—নবমে রবি, চন্দ্র, মঙ্গল ও বুধ থাকে।

(৯৯) ধার্মিক : সমৃদ্ধ : প্রিয়বাদী :—নবমে রবি, চন্দ্র, বুধ ও শুক্র থাকে।

(১০০) স্বর্ণ ঐশ্বর্য্য যুক্ত :—৯মে রবি বুধ গুরু ও শুক্র।

(১০১) সত্যব্রত : লোক-বিখ্যাত :—নবমে রবি, বুধ, শুক্র ও শনি থাকিবে।

(১০২) পরিচ্ছদ সমৃদ্ধ : বাল্যে মাতৃবিযুক্ত :—নবমে চন্দ্র, মঙ্গল, বুধ ও বৃহস্পতি থাকে।

(১০৩) ধর্ম্মসক্ত : কলাবিদ্যায় প্রসিদ্ধ : প্রধান : বিখ্যাত : প্রাজ্ঞ :—নবমে চন্দ্র বুধ বৃহস্পতি ও শুক্র থাকে।

(১০৪) বিদ্যা ও সমৃদ্ধিযুক্ত : বিখ্যাত : লোকপ্রিয় : নৃপবশকারী : প্রধান : অতিশূর :—নবমে চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি ও শুক্র থাকে। সাঃ

ধনী (১০৫) ভক্তিযুক্ত :—৯মে মঙ্গল বুধ শুক্র ও শনি থাকে।

(১০৬) বিদ্যাও স্ত্রী সুখ : মন্ত্রী বা বিষয়পতি :—চন্দ্রের দশমে বুধ ও শুক্র থাকে।

(১০৭) বিদ্বান্ : বহুকুটুম্ব পরিবার : ধার্ম্মিক :—চন্দ্রের দশমে মঙ্গল, বুধ ও বৃহস্পতি থাকে।

(১০৮) শূর : দেব দ্বিজ-পূজক :—চন্দ্রের দশমে মঙ্গল, বৃহস্পতি ও শুক্র থাকে।

(১০৯) মন্ত্রী : বহু কর্ম্মকারী : অধার্ম্মিক :—চন্দ্রের দশমে মঙ্গল, শুক্র ও শনি থাকে।

(১১০) লিপিলেখ্যকাব্যনিরত : ভ্রমণশীল : বহুভৃত্যের নেতা :—চন্দ্রের দশমে বুধ, বৃহস্পতি ও শনি।

(১১১) বাহন-বারণ যুক্ত :—চন্দ্রের দশমে রবি মঙ্গল বুধ ও শনি থাকে।

(১১২) ধীর : কুটুম্বযুক্ত :—চন্দ্রের দশমে মঙ্গল, বৃহস্পতি, শুক্র ও শনি থাকে।

(১১৩) বুধ দৃষ্ট শনি দ্বিতীয়ে থাকে। সাঃ

(১১৪) তিন লক্ষপতি :—১১শপতি, লগ্নপতি ও দ্বিতীয়পতি বৈশেষিকাংশে বা মৃদু অংশে থাকিবে।

(১১৫) [তিন লক্ষেরও অধিক] :—দ্বিতীয়পতি ও লাভপতি উভয়ে বলবান্ হইয়া বৃদ্ধিকেন্দ্রে থাকে।

(১১৬) [দুই সহস্র স্বর্ণমুদ্রাস্বামী] :—দশমপতি যে গ্রহের নবাংশে আছে সেই গ্রহ যে গ্রহের সপ্তাংশে থাকে

সে বলবান্ হইয়া গুরু ও শুক্র দ্বারা দৃষ্ট হইবে।

ধনী (১১৭) [তিন সহস্র স্বর্ণমুদ্রাস্বামী]:—পূর্ব্বোক্ত রূপে প্রাপ্ত সপ্তাংশপতি সৌম্য ষষ্ট্যংশযুক্ত ও বলী হইয়া ২য় বা ১১শে থাকিবে এবং যে ভাবে থাকিবে সেই ভাবপতিও শুভ ষষ্ট্যংশে থাকিবে।

(১১৮) ২য়পতি, বৃহস্পতি, চন্দ্র, রবি ও বলবান্ ১১শ-পতি বৈশেষিকাংশগত হইবে।

(১১৯) [আট হাজার স্বর্ণমুদ্রাস্বামী] :—২য়পতির দ্রেক্কাণ-পতির নবাংশপতি সর্ব্বোত্তম বল যুক্ত হইবে।

(১২০) নামে :—লগ্নপতি দ্বিতীয়ে, একাদশপতি দশমে এবং দ্বিতীয়পতির নবাংশপতি শুভগ্রহ হইবে।

(১২১) সহস্র স্বর্ণ-মুদ্রা যুক্ত [ক] লগ্নপতির তথা ২য়পতির নবাংশপতি শুভগ্রহ হইবে অথবা ঐ নবাংশপতি-দ্বয় শুভ হউক বা না হউক বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইবে। [খ] লগ্নেশ ২য়ে ও লাভেশ ১০মে থাকিবে কিন্তু ১১শপতি বা বৃহস্পতি লগ্নপতিকে দেখিবে। [গ] ১০পতি-দৃষ্ট লগ্নপতির নবাংশপতি গোপুরাংশে।

(১২২) লগ্নপতি, ২য়পতি ও ১১শপতিগণের নবাংশ ক্রূর সংজ্ঞক হয় কিন্তু ইহারা কেন্দ্র কোণে থাকে।

(১২৩) [কোটীশ্বর] :—লগ্নের নবাংশপতি ও নবমপতি উভয়ে পরমোচ্চাংশ সংযুক্ত হইবে এবং একাদশ-পতি বৈশেষিকাংশ প্রাপ্ত হইবে। সঃ চিঃ

ধনী(১২৪) বৈশেষিকাংশ প্রাপ্ত ২য়পতি লগ্নে বা ৮মে থাকিবে অথবা ক্রূর-ষষ্ট্যংশ যুক্ত হইয়া কেন্দ্রে থাকিবে।

(১২৫) [সদ্য] :—২য়পতি ও ১০মপতি একত্র এবং ১০ম-পতির নবাংশপতির সহিত ১১শপতি যুক্ত হইবে।

(১২৬) বহুভাগ্যযুক্তঃ—কেন্দ্র-কোণ-গত ৯মপতি শুভদৃষ্ট, শুভযুক্ত, বলাঢ্য, পারাবতাংশ বা শুভাংশগত হয়।

(১২৭) ভূমিপতি : ৬০বর্ষজীবী :—লগ্নগত শুক্রকে বুধ, গুরু ও চন্দ্র দেখে এবং পঞ্চমে গুরু থাকে।

(১২৮) রাজা : কীর্ত্তিমান্ : ৬৬বর্ষ জীবী :—হোরাপতি ও জন্মাধিপতি ৮মে, এবং ৮মপতি কেন্দ্রে থাকে।

(১২৯) সুখী : ৬৬বর্ষ আয়ু : —লগ্নে বৃহস্পতি বুধ ও রবি, মীনে শনি, এবং ১২শে চন্দ্র থাকে।

(১৩০) যৎকিঞ্চিৎ :—২য়পতি কেন্দ্রকোণে থাকিয়া ক্রূর-ষষ্ট্যংশযুক্ত বা নীচস্থ বা রবিকরাংশগত হইবে।

(১৩১) বহু দেশ-আভরণ-যান যুক্ত :—৯মে ৪র্থপতি, ৪র্থে শুক্র ও বৃহস্পতি বা কোণচতুষ্টয়ে নবমপতি।

(১৩২) ভাগ্য-বাহনযুক্ত :—৯মপতির সহিত ৪র্থপতি যুক্ত হইয়া নিজ গৃহকে দেখিবে বা বৈশেষিকাংশে থাকিবে বা বলাঢ্য হইবে।

(১৩৩) রাজ্য-সুখ-আভরণ-যানযুক্ত :—বলবান্ ৪র্থপতি ১১শে অথবা মঙ্গল যুক্ত হইয়া ৪র্থে থাকিবে; অথবা ৪র্থপতি মঙ্গলের রাশিতে থাকিবে। সঃ চিঃ

ধনী (১৩৪) শত্রু-অশ্বের অধিপতি :—শুভযুক্ত ৪র্থপতি ৪র্থে।

(১৩৫) অসংখ্য ধন :—১০ম, ৬ষ্ঠ, ৩য়, ৪র্থ, ৯ম, লগ্ন ১২শ-পতিগণ ৫মপতির সহিত থাকিবে। সঃ চিঃ

(১৩৬) রবি-ক্ষেত্রে রবি লগ্নে থাকিয়া মঙ্গল ও বৃহস্পতি-কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

(১৩৭) চন্দ্র যুক্ত কর্কট লগ্ন হইবে, তাহাতে বৃহস্পতি ও মঙ্গল যুক্ত হইবে বা দেখিবে।

(১৩৮) মঙ্গল যুক্ত মঙ্গলের ক্ষেত্র লগ্ন হইবে তাহাতে চন্দ্র শুক্র ও শনি থাকিবে বা দেখিবে।

(১৩৯) বুধ যুক্ত বুধ-ক্ষেত্রে শনি ও শুক্র থাকে বা দেখে।

(১৪০) বৃহস্পতি যুক্ত বৃহস্পতি ক্ষেত্রে বুধ ও মঙ্গল থাকিবে বা দেখিবে।

(১৪১) শুক্র যুক্ত শুক্র-ক্ষেত্রে বুধ ও শনি থাকে বা দেখে।

(১৪২) ৬০০০পতি :-গুরু ১১শে, চন্দ্র ২য়ে এবং শুক্র ৯মে।

(১৪৩) বৃহস্পতি ধনপতি হইয়া দ্বিতীয়ে থাকিবে, এমন কি মঙ্গলের সহিত থাকিলেও হইবে।

(১৪৪) ২য়পতি কেন্দ্রে, ১১শপতি ত্রিকোণে এবং বৃহস্পতি-শুক্র কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে।

(১৪৫) সম্যক্ জ্ঞানবান্ :—মীন রাশিতে বৃহস্পতি ও শুক্র, লগ্নপতি বলবান্, এবং চন্দ্র উচ্চরাশিগত।

(১৪৬) মান-প্রতাপ :—বৃহস্পতিযুক্ত দশমপতি তুঙ্গ-রাশিগত এবং ১০মে নবমপতি থাকে। পঃ

ধনী (১৪৭) বাহনযুক্ত :—চন্দ্র ও শুক্রের মধ্যে পরস্পরের দৃষ্টি থাকে ; অথবা পরস্পর ৩য়-১১শস্থ। জৈঃ

(১৪৮) সুখী :—চন্দ্র স্বনবাংশ বা অধি-মিত্র নবাংশে থাকিয়া দিবাজন্মস্থলে বৃহস্পতি কর্ত্তৃক এবং রাত্রিজন্মস্থলে শুক্র কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(১৪৯) বিক্রান্ত : কুলমুখ্য : অস্থির মতি :—চন্দ্র ও বৃহস্পতি একত্র থাকিবে।

(১৫০) লগ্ন বা চন্দ্র হইতে উপচয়ে বুধ, বৃহস্পতি ও শুক্র থাকিবে [তিনটি থাকিলে অধিক ; দুইটিতে মধ্যম ; ও একটি থাকিলে অল্পধন হয়]।

(১৫১) বিনয়-জ্ঞান-বুদ্ধি-নৈপুণ্যযুক্ত :—রবি হইতে কেন্দ্র, পণফর বা আপোক্লিমে চন্দ্র থাকিলে (যথাক্রমে অধম, সম ও উত্তমরূপ ধনবান্ হয়)।

(১৫২) স্ত্রীযুক্ত : সদ্বিদ্বান্ : বহুগুণী :—বৃহস্পতি ও শুক্র একত্র থাকিবে। বৃঃ জাঃ

ধর্মকর্মনিরত : সংপূজিত : সজ্জন :—দশম হইতে সাত রাশিতে সমস্ত গ্রহ থাকিবে। জাঃ পাঃ

ধর্ম্মকার্য্যকারী (১) ৯মপতি গুরু, শুক্র বা বুধের নবাংশে, থাকিয়া শুভ-দৃষ্ট এবং শুভ-মধ্যগত হইবে। জাঃ পাঃ

(২) দম্ভের সহিত :—শুভযুক্ত নবমভাব পাপ নবাংশ বা ক্রূরষষ্ট্যংশযুক্ত হইবে।

(৩) পবিত্রতার সহিত :—নবমপতি, নবমকারক ও

নবমভাব ইহাদের নবাংশ শুভ হইয়া শুভ-দৃষ্ট ও শুভ যুক্ত হইবে। সঃ চিঃ

ধর্ম্মাধ্যক্ষ :—বৃহস্পতি বা শুক্র তুঙ্গ-মিত্র নবাংশে থাকিবে, এবং শুভ নবমপতি বলবান্ হইবে। সঃ চিঃ

ধর্ম্মে দৃঢ় বুদ্ধি :—নবমপতি সৌম্যযুক্ত, শুভাংশ বা বৈশেষিকাংশ প্রাপ্ত অথবা নবমপতির স্থিতরাশিপতি ক্রূরাদিষষ্ট্যংশ বর্জ্জিত হইবে। সঃ চিঃ

ধাতু ও ভাণ্ড (অর্থাৎ সামুদ্রিকাদি) কুশল :—রবি ও শনি একত্র থাকে। বৃঃ জাঃ

ধার্ম্মিক : নৃপবৎসল : পিতা-পুণ্যবান্ :—রবি সুতুঙ্গী এবং নবমপতি একাদশে থাকে। পঃ

ধীর : সর্বশাস্ত্রজ্ঞ—৩য়পতি ও বৃহস্পতি একত্র। জাঃ পাঃ

ধীর-প্রকৃতি (১) তৃতীয়পতি তুঙ্গস্থ হইয়া বলবান্, কেন্দ্র-কোণগত হইয়া শুভদৃষ্ট, মূল-ত্রিকোণ স্বগৃহ-মিত্রে-গৃহগত হইয়া বৈশেষিকাংশ পাইবে।

(২) শুভযুক্ত তৃতীয়পতি শুভগ্রহের নবাংশে থাকে।

(৩) সর্বার্থশাস্ত্রার্থ-বিশারদ :—৩য়পতি ও গুরু একত্র।

(৪) মনে মনে :—তৃতীয়পতি ও চন্দ্র একত্র থাকে।

(৫) তৃতীয়পতি ও রবি একত্র থাকে। সঃ চিঃ

ন্যায়ক(১)বিখ্যাত কীর্ত্তি : রাজভোগযুক্ত : ধার্ম্মিক : সত্ত্বগুণ-প্রধান : ধীর : সুখী : কথায় উপকারী :—পঞ্চম, ষষ্ঠ, সপ্তমে শুভগ্রহগণ এবং লগ্ন-তৃতীয়-একাদশে

পাপগ্রহগণ থাকে কিন্তু প্রত্যেক গ্রহই স্বগৃহে, তুঙ্গগৃহে বা মিত্রবর্গে থাকিবে ।

নায়ক (২) পুত্রের ঃ দাতা ঃ তেজস্বী ঃ বিদ্বান্ ঃ ভাগ্যবান্ ঃ অন্য নারীসক্ত ঃ—শুভগ্রহগণ কেন্দ্রে এবং ষষ্ঠ-অষ্টমভাব দুটিতে গ্রহশূন্য কিংবা শুভগ্রহ যুক্ত ।

(৩) লগ্নপতি ও ১২শপতি পরস্পরের কেন্দ্রে । জাঃ পাঃ

নিখিল নিগম বিদ্যাপারগ ঃ সত্যবাদী ঃ সর্বসুখযুক্ত ঃ চারু-বাক্য ঃ জিতরিপু ঃ সর্ব্বোজীবোপকারী ঃ পুণ্য-কর্ম্মা ঃ অশীল (১) দ্বিতীয় ভাবের দ্বিতীয়, দ্বাদশ ও অষ্টমে শুভগ্রহ থাকিবে ।

(২) ৭মভাবের ৪,৯,৮মে বৃহস্পতি, চন্দ্র ও বুধ থাকে ।

(৩) লগ্নের ৪,১০, ১১শে রবি, শুক্র ও মঙ্গল । জাঃ পাঃ

নিগমশাস্ত্রেপারদর্শী ঃ—শুভযুক্ত লগ্নপতি তুঙ্গী হইয়া লগ্ন বা ২য়ে, ২য়পতি পারাবতাংশে ও শুক্র ১২শে । সঃচিঃ

নিধিমান্ (১) বলবান্ লগ্নপতি দ্বিতীয়ে থাকে ।

(২) লগ্নপতি ২য়ে, ২য়পতি ১১শে বা ১১শপতি লগ্নে ।

(৩) ২য় ও ৪র্থপতি ৯মে শুভযুক্ত ও শুভরাশিতে । অথবা ২য় ও ১১শপতি ৪র্থে এবং ৪র্থপতি শুভ-রাশিতে শুভযুক্ত । বা ১১শপতি ৪র্থে শুভযুক্ত ।

(৪) পিতৃভক্তি যুক্ত ঃ ধীরোগ্ররূপগুণবান্ ঃ নরচক্রবর্ত্তী ঃ—২য় হইতে (পরপর) সাতঘরে সমস্ত গ্রহ ।

(৫) কৃপণ ঃ শরীর-স্থিরসুখী ঃ—সাতটি গ্রহ পণফর বা

আপোক্লিমে থাকিবে। জাঃ পাঃ

(বহু) নিধীশ্বর ঃ—লগ্নপতি দ্বিতীয়ে ও দ্বিতীয়পতি একাদশে বা একাদশপতি লগ্নে থাকিবে। সঃ চিঃ

নিপুণ ঃ ধীকীর্ত্তিসৌখ্যান্বিত ঃ—রবি ও বুধ একত্র। বৃঃ জাঃ

নিষ্কপট (১) ক্ষণমাত্র কপটতা ঃ—৪র্থে রবি ও চন্দ্র থাকে।

(২) চতুর্থে স্বোচ্চ-মিত্র-গৃহগত শুভগ্রহ থাকিবে বা চতুর্থ-ভাব শুভগ্রহের ক্ষেত্র হইবে।

(৩) লগ্নপতি চতুর্থে থাকিবে বা শুভ কর্ত্তৃক যুক্ত দৃষ্ট হইয়া পারাবতাদিভাগগত হইবে। সঃ চিঃ

নীতিজ্ঞ (১) বুদ্ধিমান্ ঃ—শুভদৃষ্টি যুক্ত বা শুভগ্রহের গৃহগত পঞ্চমপতি স্বয়ং শুভগ্রহ হইবে। সঃ চিঃ

(২) নৃপসম্মত ঃ প্রিয়ালাপী ঃ স্ত্রীকলহে সর্বধননষ্ট ঃ—নবমে রবি, চন্দ্র ও শুক্র থাকে। সাঃ

নৈয়ায়িক ঃ—আত্মকারক বা তৎ ত্রিকোণে মঙ্গল থাকে। জৈঃ

পণবাদি রবযুক্ত ঃ—শনি এবং শুভগ্রহ যুক্ত দশমপতি কেন্দ্রে, আর লগ্নপতি বৃদ্ধি গৃহে যাইবে। সঃ চিঃ

পণ্ডিত (১) ছয় শাস্ত্রে ঃ—কেন্দ্রে বৃহস্পতি, সিংহাসনাংশে শুক্র, ও গোপুরাংশ প্রাপ্ত বুধ দ্বিতীয়-ভাবের নবাংশনাথ হইবে। সঃ চিঃ

(২) প্রাজ্ঞ ঃ গীত রতিপ্রিয় ঃ—৯মে বুধ শুক্র। জাঃ পাঃ

(৩) ৪র্থপতি এবং শুক্র কেন্দ্রে এবং বুধ উচ্চস্থ হয়। পঃ

(৪) বহু-বিষয়-পতি ঃ মেধাবী ঃ বীর ঃ প্রাজ্ঞ ঃ—

নবমে রবি, বৃহস্পতি ও শুক্র থাকিবে। সাঃ

পতি—দীর্ঘায়ু ও ধনী :—৯মপতি ও গুরু কেন্দ্র বা কোণে।

পতি—বিদ্বান্ :—বুধ ও চতুর্থপতির সহিত নবমপতি ও বৃহস্পতি যুক্ত হইয়া থাকিবে। জাঃ পাঃ

পতিব্রতা :—বৈশেষিকাংশগত বলবান্ ৪র্থপতিকে শুভগ্রহ বৃহস্পতি, চন্দ্র, বুধ, শুক্র ও রবি দেখিবে। সঃ চিঃ

পরতত্ত্ববাদে চতুরা :—মঙ্গলের গৃহ লগ্ন হইবে ও তথায় চন্দ্র ও বুধ থাকিবে। জাঃ পাঃ

পরমপদ প্রাপ্তি (১) ধনু-লগ্নে বৃহস্পতি কিন্তু মেষনবাংশগত, আর শুক্র ৭মে এবং চন্দ্র কন্যায় থাকে। জাঃ পাঃ

(২) তৃতীয় বা একাদশে গোপুরাংশ-প্রাপ্ত শুক্র থাকে এবং বৃষ-লগ্ন বর্গোত্তমগত হইবে।

(৩) লগ্নে শুক্র, সপ্তমে বৃহস্পতি, কন্যায় চন্দ্র, আর মেষাংশগত ধনুরাশি লগ্ন হইবে। সঃ চিঃ

(নিত্য) পরিহাসকারী :—রবি-স্থিত-নবাংশপতি দ্বিতীয়ে বলশালী হইবে ও বৈশেষিকাংশ পাইবে। সঃচিঃ

পশ্বাদি অখিল বিত্তলাভ :—শুক্র বা চন্দ্রের বর্গগত ৪র্থপতির সহিত শুক্র বা চন্দ্র যুক্ত হইবে বা দেখিবে এবং নীচ শত্রু-পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে না। জাঃ পাঃ

পিতা—ধনী ও কীর্ত্তিমান্ :—দশমপতি হইতে নবমপতি দশমে এবং দশমপতি নবমে থাকে। পঃ

পিতার বশ (১) লগ্নপতি অপেক্ষা পিতৃ-ভাবেশ সম্পূর্ণবল যুক্ত

অথবা পিতৃকারক শুভ-গ্রহগণ দ্বারা দৃষ্ট হয়।

পিতার বশ (২) পিতার তৃতীয় ভাবে জন্ম হয়। জাঃ পাঃ

(৩) পিতার ৯ম, ১১শ বা ২য়ভাবে জন্ম হইবে। সঃ চিঃ

পিতৃআজ্ঞা পালনকারী :—৫মপতি লগ্নকে দেখিবে বা লগ্নে থাকিবে অথবা লগ্নপতি ৫মে থাকিবে। সঃ চিঃ

পিতৃকার্য্য সমাপনকারী :—পিতার অষ্টম-ভাব জন্ম লগ্ন হইবে বা পিতার লগ্নপতি লগ্নে থাকিবে। সঃ চিঃ

পিতৃতুল্য গুণবান্ :—পিতার ১০ম-ভাবে জন্ম লগ্ন। সঃ চিঃ

পিতৃ ধনাশ্রিত :—পিতার লগ্নে জন্ম-লগ্ন হইবে। সঃ চিঃ

পিতৃভক্ত :—ত্রিকোণে রবি, এবং বৃহস্পতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট নবমপতি সপ্তমে থাকে। পঃ

পিতৃ ভাগ্য যুক্ত :—নবমপতি বলবান্, নবমে শুক্র, এবং কেন্দ্রে বৃহস্পতি বলশালী হইয়া থাকিবে। পঃ

পিতৃশুশ্রূষক :—লগ্নপতি ও পঞ্চমপতি পরস্পরকে দেখিবে, পরস্পরের গৃহে বা অংশে থাকিবে। সঃ চিঃ

পিতৃ শ্রেষ্ঠ :—পিতার ষষ্ঠ বা ৮মপতি লগ্নে থাকে। জাঃ পাঃ

পিতৃসেবী : স্ত্রীলোলুপ : শ্যালকের ভৃত্য :—লগ্নপতি সপ্তমে ও সপ্তমপতি লগ্নে থাকে। জাঃ লঃ

পিতৃসৌখ্য (১) নবমপতি শুভ-গ্রহ ও পিতৃকারক বা পিতৃভাব শুভ যুক্ত হইবে।

(২) নবমপতি বা পিতৃকারক পারাবতাংশ বা তুঙ্গ-মিত্র নবাংশে থাকিবে।

পিতৃসৌখ্য (৩) ৯মপতি শুভ-মধ্যস্থ ও গুরু-শুক্র কর্তৃক যুক্ত দৃষ্ট অথবা উহাদের একজন কর্তৃক যুক্ত হইবে।

(৪)পিতৃকারক গোপুরাংশে থাকিয়া ৯মপতি কর্তৃক দৃষ্ট হয় ও পাপ-কর্তৃক যুক্ত দৃষ্ট হয় না। সঃ চিঃ

(৫) পঞ্চমপতি শুভগ্রহ, পঞ্চমকারক শুভ যুক্ত বা পঞ্চম-ভাব শুভ যুক্ত হইবে। জাঃ পাঃ

পুণ্যকর্ম্মা : বিবিধ স্থখভোগী : নিরোগী : শত বর্ষ জীবিত :— কেন্দ্র ত্রিকোণে পাপ থাকিবে না, লগ্নপতি ও বৃহস্পতি চতুর্থ ও অষ্টমে থাকিবে। পঃ

পুণ্যবান্ : শতের উপর আয়ু :—মিথুনের পূর্ব্বার্দ্ধে মঙ্গল, লগ্নের পরার্দ্ধে বৃহস্পতি, কেন্দ্রে শুক্র ও বুধ। সঃ চিঃ

পুণ্যশ্লোক : তীর্থচারী : কামাসক্ত : কলাজ্ঞ : কালকর্ত্তা : জিতাত্মা : বেদশাস্ত্রাধিকারী : রাজশ্রীধারী :— লগ্ন চর-রাশি, শুক্র-বৃহস্পতি কেন্দ্রগত এবং উচ্চস্থ শনিও কেন্দ্রে থাকে। জাঃ পাঃ

পুত্র জন্ম (১) বহু :—শত্রু দৃষ্ট শনি শত্রুগৃহে পঞ্চমে থাকিবে।

(২) দীপ্তিমান্ :—৫মস্থ বলী শনি স্ববর্গস্থ ও উচ্চস্থ।

(৩) অল্প :—২য়ে ক্রূরযুক্ত ক্রূরগ্রহ বলবান্ হইয়া স্বক্ষেত্রকে দেখে না।

(৪) অল্প :—বলবান্ লগ্নপতি লগ্নে, ২য়ে বা ৩য়ে থাকে।

(৫) একটি : একটি স্ত্রী :—লগ্নের ষষ্ঠে ও দ্বাদশে রবি এবং চন্দ্র, কিন্তু অন্য গ্রহের যোগ থাকিবে না।

পুত্র জন্ম (৬) পরপর দুই পুত্র :—লগ্নপতি লগ্নে থাকিয়া সূর্য্যগ অর্থাৎ অস্তমিত হইবে। কু: ক:

(৭) কষ্টে :—নবমপতি লগ্নে, পঞ্চমপতি নীচস্থ এবং পঞ্চমে কেতু ও বুধ থাকিবে।

(৮) বহু :—পঞ্চমে শুক্র, বৃহস্পতি ও বুধ বলবান্ হইয়া রবি দ্বারা যুক্ত বা দৃষ্ট হইয়া থাকিবে।

(৯) ৩২-৩৩ বর্ষে :-গুরু ৫মে ও ৫মপতি শুক্র যুক্ত।

(১০) ৩০-৩৬ বর্ষে :—পুত্রকারকযুক্ত ৫মপতি কেন্দ্রে।

(১১) ৩৪ বর্ষে :—লগ্নের নবমে বৃহস্পতি, এবং বৃহস্পতির নবমে শুক্র এবং লগ্নপতি শুক্রযুক্ত হয়।

(১২) দশটি :—৪র্থে ও ষষ্ঠে পাপ, ৫মপতি তুঙ্গী হইয়া লগ্নপতি কর্ত্তৃক যুক্ত এবং ৫মকারক শুভযুক্ত হয়।

(১৩) নয়টি :—বৃহস্পতি পরমোচ্চগত, দ্বিতীয়পতি রাহুযুক্ত এবং নবমপতি নবমে থাকিবে।

(১৪) আটটি :—পঞ্চম বা নবমে বৃহস্পতি, পঞ্চমপতি বলবান্, এবং দ্বিতীয়পতি দশমে থাকিবে।

(১৫) সাতটি : দুই গর্ভে দুইটি যমজ :—পঞ্চমের পঞ্চমে শনি এবং পঞ্চমে পঞ্চমপতি থাকিবে।

(১৬) ছয়টি কিন্তু তন্মধ্যে তিনটি হানি :—দ্বিতীয়পতি পঞ্চমে, পঞ্চমপতি পঞ্চমে থাকে।

(১৭) একটি :—লগ্নের পঞ্চমে বৃহস্পতি, বৃহস্পতির পঞ্চমে শনি, এবং শনির ৫মে রাহু থাকিবে। প:

পুত্র জন্ম (১৮) অন্য স্ত্রীতে : এবং স্ত্রী তিনটি :—পঞ্চমে পাপ, বৃহস্পতির পঞ্চমে শনি থাকে।

(১৯) বহু :—পঞ্চমে রাহু-রবি-বুধ, পঞ্চম কারক শুভযুক্ত বা শুভ-দৃষ্ট হইবে।

(২০) বহু :—পঞ্চমপতি শুভরাশিতে এবং শুভ-দৃষ্ট, আর পঞ্চমকারক কেন্দ্রে থাকে।

(২১) বহু :—লগ্নেশ পঞ্চমে, পুত্রেশ লগ্নে এবং কেন্দ্র-ত্রিকোণে বৃহস্পতি থাকে।

(২২) বহু :—রাহু পঞ্চমে কিন্তু শনির নবাংশে থাকিবে না এবং শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(২৩) বহু :—পঞ্চমপতি তুঙ্গী, লগ্নপতি শুভযুক্ত এবং পঞ্চম-কারক শুভযুক্ত হইবে।

(২৪) বহু :—শুভদৃষ্ট বা যুক্ত ৫মপতি বা গুরু ৫মে।

(২৫) বহু :—বৃহস্পতি পূর্ণবলী, লগ্নপতি পঞ্চমে এবং পঞ্চমপতি পূর্ণবলী হইবে।

(২৬) পঞ্চমে বৃহস্পতি পূর্ণবলা এবং লগ্নেশ বলবান্।

(২৭) বৃহস্পতি বর্গোত্তমাংশে, লগ্নপতির নবাংশপতি শুভগ্রহ হইয়া পঞ্চমপতি কর্ত্তৃক যুক্ত দৃষ্ট হয়।

(২৮) পূর্ণবলা ২য়পতি ৫মে এবং গুরু বৈশেষিকাংশে।

(২৯) পঞ্চমপতির নবাংশপতি শুভযুক্ত বা শুভদৃষ্ট।

(৩০) শুভ গ্রহযুক্ত লগ্নপতি ও পঞ্চমপতি কেন্দ্রে এবং দ্বিতীয়পতি বলবান্ হয়।

পুত্র জন্ম (৩১) লগ্নপতি ৭মে,৭মপতি লগ্নে এবং ২য়পতি লগ্নে।

(৩২) বিলম্বে :—মঙ্গল লগ্নপতি হইয়া উচ্চস্থ, শনি অষ্টমে এবং রবিকে শুভগ্রহ দেখিবে।

(৩৩) বিলম্বে :—শনি লগ্নে, বৃহস্পতি অষ্টমে, মঙ্গল দ্বাদশে শুভদৃষ্ট বা তুঙ্গগত হইবে।

(৩৪) বিলম্বে :—শনি,বৃহস্পতি ও বুধ পঞ্চমে এবং শুভ-পঞ্চমপতি লগ্নে শুভ রাশিতে থাকিবে।

(৩৫) বিলম্বে :—রাহু, রবি, শুক্র ও বৃহস্পতি পঞ্চমে, শুভ রাশিতে ও শুভ দৃষ্টিপ্রাপ্ত, আর পঞ্চমপতি শুভ রাশিতে থাকিবে।

(৩৬) বিলম্বে :—লগ্নে বুধ, দ্বিতীয়ে পাপ এবং তৃতীয়ে পাপ এবং পঞ্চমপতি শুভ রাশিতে। পঃ

(৩৭) বহু :—উপপদের সপ্তম-রাশিপতি হইতে পঞ্চম বা নবম স্থানে রবি, রাহু ও বৃহস্পতি থাকিবে।

(৩৮) একটি :—উক্তরূপ ৫ম বা ৯মে চন্দ্র থাকে। জৈঃ

(৩৯) ৫মভাব শুক্র বা চন্দ্রের বর্গ হইবে এবং চন্দ্র-শুক্র ঐভাবে থাকিবে বা দেখিবে কিন্তু পাপ যুক্ত নয়।

(৪০) একটি :—৫মপতির নবাংশপতি স্বনবাংশে থাকে।

(৪১) অল্পবয়সে :—শুভযুক্ত পঞ্চমপতি শুভ রাশিতে ৎকেন্দ্র-কোণে থাকিবে।

(৪২) ৫মভাব, বা ৫মপতি বা বৃহস্পতি শুভযুক্ত ও শুভদৃষ্ট।

(৪৩) পঞ্চমে লগ্নপতি, পঞ্চমপতি বলবান্ এবং বৃহস্পতি

পূর্ণবলী হইয়া থাকিবে।

পুত্র জন্ম (৪৪) বৃহস্পতি ও পঞ্চমপতি উভয়ে বৈশেষিকাংশ-গত এবং নবমপতি কর্ত্তৃক দৃষ্ট হয়।

(৪৫) ৫মে বৃহস্পতি পূর্ণবলী এবং লগ্নপতি কর্ত্তৃক দৃষ্ট।

(৪৬) বিলম্বে :—লগ্নে মঙ্গল, অষ্টমে বা চতুর্থে রবি এবং শুভ কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(৪৭) কিঞ্চিৎ বিলম্বে :—লগ্ন-৫ম-নবমপতি শুভগ্রহযুক্ত হইবে (সম্ভবতঃ ইহারা ষষ্ঠ-৮-১২শে থাকিলে)।

(৪৮) বিলম্বে :—শনি লগ্নে, বৃহস্পতি অষ্টমে, মঙ্গল দ্বাদশে এবং পঞ্চমভাব দুর্বল হইবে। জাঃপাঃ

(৪৯) বহু (স্ত্রীকোষ্ঠী :—৪র্থে ক্রূরগ্রহগণ থাকে। জাঃপাঃ

(৫০) ৫মভাব বা ৫মপতি যদি শুভ যুক্ত বা শুভ দৃষ্ট হয়।

(৫১) পঞ্চমভাব বা পঞ্চমপতি, বা বৃহস্পতি শুভ গ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে।

(৫২) লগ্নপতি পঞ্চমভাবে, পঞ্চমপতি বলবান্ এবং বৃহস্পতি পূর্ণবলী হইবে।

(৫৩) বৃহস্পতি পঞ্চমপতি হইয়া পূর্ণবলী হইবে বা লগ্নপতি দ্বারা দৃষ্ট হইবে।

(৫৪) বৃহস্পতি ও পঞ্চমপতি উভয়ে বৈশেষিকাংশ প্রাপ্ত হইবে বা শুভ দৃষ্ট হইবে।

(৫৫) পূর্ণবলী ২য়পতি ৫মে থাকিয়া বৃহস্পতি-দৃষ্ট হয়।

(৫৬) লগ্নপতি ও ৫মপতি উভয়ে একত্র থাকিবে বা

পরস্পর দৃষ্ট হইবে বা পরস্পরের গৃহে থাকিবে।

পুত্রজন্ম (৫৭) শুভ গ্রহ যুক্ত লগ্নপতি ও ৫মপতি কেন্দ্রে এবং দ্বিতীয়পতি বলবান্ হইবে।

(৫৮) পঞ্চমপতির নবাংশপতি শুভ যুক্ত বা দৃষ্ট হয়।

(৬০) লগ্নপতি ৭মে, ৯মপতি ৭মে এবং ২য়পতি লগ্নে।

(৬১) সপ্তমপতির সহযুক্ত গ্রহের নবাংশ-ভবনাধিপতিকে ৯মপতি, ২য়পতি ও লগ্নপতি দেখিবে।

(৬২) বলী ৫মপতি মৃদু বা গোপুরাদি অংশে থাকে।

(৬৩) ৫মপতির নবাংশনাথ লগ্নে, লগ্নপতির নবাংশেশ্বর ৫মে এবং বৃহস্পতির নবাংশাধিপ কেন্দ্রে থাকে।

(৬৪) পঞ্চমপতি ও নবমপতি উভয়ে পারাবতাংশাদি যুক্ত হইবে এবং লগ্নপতিকে শুভ গ্রহ দেখিবে।

(৬৫) কালান্তরে :—লগ্নে মঙ্গল, অষ্টমে শনি বা পঞ্চমে রবি কিন্তু শুভ দৃষ্টি থাকিবে।

(৬৬) লগ্নে শনি,৮মে বৃহস্পতি এবং ১২শে মঙ্গল থাকে।

(৬৭) প্রথমেই সুপুত্র :—পঞ্চমপতি গোপুরাংশে বা শুভাংশে থাকিয়া শুভ দৃষ্ট হইবে এবং স্বয়ং পুংগ্রহ হইয়া পুংগ্রহ কর্ত্তৃক যুক্ত হইবে। সঃ চিঃ

(৬৮) বাহুল্য : যশস্বী : শীলযুক্ত : ব্যাধিত দেহ : —নবমে শুক্র ও শনি থাকে। সাঃ

পুত্র জীবিত প্রথমটি :—স্ব্যাত্মক-রাশিতে চন্দ্র, মঙ্গল ও শুক্র থাকে। কুঃ কঃ

পুত্র পৌত্রযুক্ত কিন্তু পিতৃ-দুঃখদায়ী :—পিতার অষ্টমপতির স্থিত নক্ষত্রের তৃতীয় নক্ষত্রে জন্ম হয়। সঃ চিঃ

পুত্র ভাগ্যপ্রাপ্তি :—উচ্চস্থ পঞ্চমপতি লগ্নের ২য়, ৩য়, বা ত্রিকোণে থাকিয়া বৃহস্পতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট। পঃ

পুত্র মুখ দর্শন :—তাতেশ (৯মপতি) ও তাতকারক গ্রহ কেন্দ্র ত্রিকোণে থাকে। জাঃ পাঃ

পুস্তক-লিপি লেখ্যকার : বিদ্যাচার্য্য : খ্যাত :—চন্দ্রের দশমে বুধ ও শনি থাকিবে। সাঃ

পৌত্রপ্রাপ্তি :—৫মের ৭ম (অর্থাৎ ১১শ) শুভগ্রহের গৃহ হইয়া শুভ অংশগত হইবে বা একাদশপতি শুভ-যুক্ত দৃষ্ট হইয়া কেন্দ্র কোণে থাকিবে। জাঃ পাঃ

প্রধানত্ব (১) নৃপালয়ে :—অমাত্য-কারকের সহিত রাজ্যেশ বা অমাত্যেশ যুক্ত দৃষ্ট হইবে।

(২) কুলে :—পাপদৃষ্টি বিহীন একাদশ-ভাব বা দশম-ভাব একাদশপতি কর্ত্তৃক দৃষ্ট হইবে। পঃ

প্রব্রজ্যা যোগ (১) ১০মপতির সহিত চারিটিগ্রহ কেন্দ্রকোণে থাকিবে। অথবা চারিটিগ্রহ (একত্র হইয়া) কেন্দ্র গত হইবে [জাঃ লঃ মতে একটি গ্রহ ১০মে।]

(২) শনির দ্রেক্কাণগত চন্দ্রকে শনি দেখিবে; অথবা শনি বা মঙ্গলের নবাংশগত চন্দ্রকে শনি দেখিবে।

(৩) অন্য গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইয়া লগ্নপতি শনিকে বা বলহীন শনি লগ্নপতিকে দেখিবে। সঃ চিঃ

প্রব্রজ্যা (৪) এক রাশিতে বলবান্ ৪টি বা বেশী গ্রহ থাকে।

(৫) চন্দ্রস্থিত রাশিপতি শনিকে দেখিবে কিন্তু অন্যগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে না কিংবা শনি ঐ রাশিপতিকে দেখিবে কিন্তু এস্থলে রাশিপতি দুর্বল হইবে।

(৬) [স্ত্রীকোষ্ঠী]ঃ—লগ্নের সপ্তমে পাপগ্রহ এবং কোন একগ্রহ নবমে থাকিবে। বৃঃ জাঃ

(৭) রাজপূজ্যঃ মৃত্যুলোকে প্রসিদ্ধঃ—আত্মকারকাশ্রিত নবাংশরাশির ১০মে বুধ থাকিবে বা দেখিবে। জৈঃ

(৮) ৪টি বা ৫টি বলী গ্রহ একত্র কেন্দ্র-কোণে থাকে।

(৯) স্বোচ্চাদিবর্গস্থিত তিনটি বলবান্ গ্রহ দশমে এবং দশমপতি অতিবলী হইবে।

(১০) কিন্তু দুরাচার ঃ—(৯) সংখ্যক যোগের দশমপতি দুর্বল হইয়া সপ্তমে থাকিবে।

(১১) কিন্তু কামুক ঃ—(৯) সংখ্যক যোগের তিনটি গ্রহের মধ্যে দ্বিতীয়পতি ও সপ্তমপতি থাকিবে।

(১২) একরাশিগত বহুগ্রহ লগ্নপতিকে দেখিবে।

(১৩) শনি বা লগ্নপতি যদি চন্দ্রের রাশি-পতিকে দেখে।

(১৪) শনিদ্রেক্কাণগত ও শনিদৃষ্ট চন্দ্র মঙ্গলের গৃহে।

(১৫) রাজযোগ সত্ত্বেও (ক) ৯মস্থ চন্দ্রকে বা শনিকে কোন গ্রহ দেখিবে না। (খ) বৃহস্পতি, চন্দ্র ও লগ্নকে শনি দেখিবে এবং ৯মে বৃহস্পতি থাকিবে।

(১৬) [ক] শুক্র, রবি, মঙ্গল ও শনি; [খ] অথবা

বৃহস্পতি, মঙ্গল, রবি ও শনি ; [গ] অথবা মঙ্গল, চন্দ্র বৃহস্পতি ও শনি ইহারা বলবান্ হইয়া একত্রে সমরাশিতে থাকিবে।

প্রব্রজ্যা (১৭) বনপর্বতাশ্রয়ী :—(।) শুক্র মঙ্গল শনি বৃহস্পতি ও রবি ; (॥) মঙ্গল চন্দ্র বৃহস্পতি বুধ ও শনি ; (।।।) বা শুক্র, বুধ, শনি, চন্দ্র ও মঙ্গল একত্র থাকে।

(১৮) চন্দ্র, বুধ, মঙ্গল ও রবি যদি বৃহস্পতি বা শুক্রের সহিত একরাশিতে থাকে।

(১৯) [।] শুক্র, চন্দ্র, বৃহস্পতি, শনি, রবি ও মঙ্গল ; [॥] শুক্র, শনি, বৃহস্পতি, রবি, চন্দ্র ও বুধ একত্র।

(২০) মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি ও রবি ; বা শুক্র শনি বৃহস্পতি, বুধ,চন্দ্রও মঙ্গল একত্র থাকে।

(২১) ফলমূলাহারী :—(১) রবি চন্দ্র বৃহস্পতি ও শনি ; (২) বা শনি, চন্দ্র, রবি ও শুক্র ; (৩) বা রবি, বুধ, মঙ্গল ও বৃহস্পতি একত্র থাকে।

(২২) ভস্ম-বল্কলধারী :—মঙ্গল রবি বুধ ও শুক্র ; বা মঙ্গল চন্দ্র বৃহস্পতি ও বুধ একত্র থাকে।

(২৩) চন্দ্র বুধ মঙ্গল ও শনি ; অথবা বুধ মঙ্গল বৃহস্পতি ও শনি একত্র থাকে।

(২৪) বল্কলধারী ও ফলাহারী :—(১) চন্দ্র, রবি, শুক্র ও বুধ ; (২) মঙ্গল, বুধ, শুক্র ও শনি ; বা (৩) শনি, চন্দ্র, বৃহস্পতি ও শুক্র একত্র থাকে।

প্রব্রজ্যা (২৫) গিরি বনবাসী :—(১) রবি, চন্দ্র, মঙ্গল ও শুক্র ; (২) বা চন্দ্র, মঙ্গল, বুধ ও রবি ; (৩) বা গুরু, শুক্র, রবি ও শনি ; (৪) বা শুক্র, শনি, চন্দ্র ও গুরু ; (৫) বা মঙ্গল, বুধ, শুক্র বা চন্দ্র একত্র থাকে।

(২৬) দুঃখিত ও দীন :—(১) শুক্র চন্দ্র মঙ্গল বৃহস্পতি ও শনি ; বা (২) চন্দ্র বুধ মঙ্গল বৃহস্পতি ও শুক্র ; বা (৩) রবি মঙ্গল শনি বুধ ও বৃহস্পতি একত্র।

(২৭) বল্কলধারী :—মঙ্গল শনি বৃহস্পতি শুক্র ও বুধ ; অথবা শনি রবি বুধ চন্দ্র ও মঙ্গল একত্র থাকে।

(২৮) শনির দ্রেক্কাণগত চন্দ্রকে শনি দেখিবে অথবা শনি বা মঙ্গলের অংশগত চন্দ্রকে শনি দেখিবে।

(২৯) কোন গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইয়া লগ্নপতি শনিকে দেখিবে বা শনি দুর্ব্বল লগ্নপতিকে দেখিবে। জাঃপাঃ

প্রসিদ্ধকর্ম্মে জীবিকা :—নবাংশচক্রে আত্মকারক ও শনি এক রাশিতে একত্র থাকে। জৈঃ

প্রাকার-মণ্ডপ-গোপুরনির্মাতা :—বুধ, বৃহস্পতি বা মঙ্গল যুক্ত হইয়া থাকিবে। সঃ চিঃ

বণিক্ (১) ব্যবহারবিদ্ : শিল্পী :—নবাংশচক্রে আত্মকারক ও বুধ একত্র থাকে। জৈঃ

(২) প্রবাসী :—চন্দ্রের দশমে মঙ্গল ও শুক্র থাকে।

(৩) ভিষক : সুগন্ধ-নীলচূর্ণাদি-চিত্রকর :—চন্দ্রের দশমে শুক্র, ও শনি থাকে। জাঃ পাঃ

বন্ধু-পূজ্য (১) বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট কোন গ্রহ স্বোচ্চ বা স্বমিত্র গৃহস্থ হইয়া চতুর্থে থাকে।

(২) চতুর্থভাবে শুভগ্রহ থাকিবে ও দেখিবে অথবা চতুর্থকারকগ্রহ বলবান্ হইবে। সঃ চিঃ

(৩) চতুর্থপতি, সৌম (বুধ) আর শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে এবং বুধ লগ্নে থাকিবে। পঃ

বন্ধুবর্গের নিকট মানী :—তিনটি গ্রহ স্বক্ষেত্রে। জ্যোঃ কঃদ্রুঃ

বন্ধুশ্রেষ্ঠঃ—চতুর্থে বৃহস্পতি থাকে এবং চতুর্থপতি শুভযুক্ত ও বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইবে। সঃ চিঃ

বন্ধুপকারী (১) :—পাপ-দৃষ্টি-যোগ-বর্জ্জিত চতুর্থপতি বৈশেষিকাংশপ্রাপ্ত হইয়া কেন্দ্রে বা কোণে থাকিবে।

(২) ৪র্থে বুধ, বৃহস্পতি ও শুক্র থাকে বা মৃদুষষ্ট্যংশাদিপ্রাপ্ত উক্ত গ্রহগণ নিজের নিজের গৃহকে দেখে।

(৩) ৪র্থপতি ২য়ে, ১১শে বা ত্রিকোণে থাকিয়া শুভদৃষ্ট হইবে বা শুভগ্রহের নবাংশে থাকিবে। সঃ চিঃ

বন্ধুপভোগী :—কেন্দ্রস্থ চতুর্থপতি শুভদৃষ্ট হইয়া গোপুরাংশ বা মৃদুষষ্ট্যংশাদিযুক্ত হইবে। সঃ চিঃ

বস্ত্রের ক্রিয়াদিতে কুশল :—চন্দ্র ও শুক্র একত্র। বৃঃ জাঃ

বহু-দেশ-ভাগ্য : ভোগী : অতি দাতা : মহীপ :—চতুর্থ হইতে সাত ঘরে সমস্ত গ্রহ থাকে। জাঃ পাঃ

বাগ্মী (১) ভূগণপতি :—বুধ ও শুক্র একত্র থাকে। বৃঃ জাঃ

(২) ঔষধ ও শিল্প কুশল :—মঙ্গল ও বুধ একত্র।

বাগ্মী (৩) বিফল :—রবি, চন্দ্র, বুধ ও শুক্র একত্র।

(৪) শ্রীযুক্ত : ইন্দ্রজালচতুর : ভয়শূন্য : শত্রুযুক্ত :— বৃহস্পতি, চন্দ্র, শুক্র, রবি ও শনি একত্র থাকে।

(৫) শুভযুক্ত শুভগ্রহ ২য়পতি হইয়া কেন্দ্র কোণে থাকে।

(৬) পটুতর :—২য়পতির নবাংশপতি শুভগ্রহ হইয়া উচ্চস্থ বা পারাবতাংশগত বা শুভদৃষ্ট হয়। জাঃপাঃ

(৭) শাস্ত্রকলাপবান্ :—নবমে চন্দ্র ও বুধ থাকে।

(৮) বিদ্বান্ :—নবমে বুধ, বৃহস্পতি ও শনি থাকে।

(৯) রাজপূজ্য : পণ্ডিত : সর্ব্বজ্ঞ : বেদশাস্ত্রাধিকারী : ৭১ বর্ষ জীবী : রাজা : [ক] তুঙ্গী লগ্নপতি কেন্দ্রে থাকিয়া বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হয়।

[খ] দুইটি শুভগ্রহ লগ্ন, ৭ম, ৯ম বা ১০মে। জাঃ পাঃ

(১০) শুভযুক্ত বলবান্ ২য়পতি বর্গোত্তমাংশে থাকিবে। অথবা পারাবতাংশগত দ্বিতীয়পতি বৃহস্পতি যুক্ত হইবে। কিংবা ঐরাবতাংশগত ২য়পতি বুধ বা শুক্রের সহিত উচ্চ রাশিতে, স্বীয় বা মিত্রগৃহে থাকিবে।

(১১) যুক্তিযুক্ত :—শুভ এবং পুংগ্রহ যুক্ত দ্বিতীয়পতি কেন্দ্র কোণে বা তুঙ্গগৃহে থাকিয়া শুভদৃষ্ট হয়।

(১২) দ্বিতীয়পতির নবাংশপতি শুভগ্রহ হইয়া উচ্চরাশিতে শুভযুক্ত হইবে বা গোপুরাংশে থাকিবে। সঃ চিঃ

(১৩) সুভগ : কর্ষণানুরত :—চন্দ্রের দশমে রবি, বুধ, শুক্র ও শনি থাকে। সাঃ

বাগ্মী (১৪) রবি ও শুক্র দৃষ্ট চন্দ্র দশমে থাকে।

(১৫) শনি দ্বিতীয়ে ও রবি শনির গৃহে থাকে। মঃ জাঃ

বাদ্যঘোষাদিযুক্ত ঃ—পরমোচ্চাংশযুক্ত শুক্র দশমে নিজের গৃহে থাকিবে। সঃ চিঃ

বান্ধব-৩টি ঃ—৩য়ে রাহু ও ৯মে সৌম্যযুক্ত বৃহস্পতি। কুঃ কঃ

বাহন প্রাপ্তি (অভিমত) ঃ—বৃহস্পতি-দৃষ্ট চতুর্থপতি একাদশে থাকিবে বা চতুর্থ স্থানকে দেখিবে। জাঃ লঃ

বাহন যুক্ত (১) নরের, ১২শ বৎসরে ঃ [ক] লগ্নপতি সৌম্যগ্রহ এবং চতুর্থপতি নীচ রাশিতে; চতুর্থকারক দ্বাদশে এবং চতুর্থপতি একাদশে থাকিবে।

[খ] একাদশপতি চতুর্থে, চতুর্থপতি একাদশে থাকে।

(২) ৪২বর্ষে ঃ—১০মপতি যুক্ত ৪র্থপতি তুঙ্গাংশে থাকে।

(৩) ৩২ বর্ষে ঃ—চতুর্থে রবি, চতুর্থপতি উচ্চস্থ ও শুক্র যুক্ত হয়। পঃ

(৪) সুখ ঃ—নবমে রবি চন্দ্র ও বৃহস্পতি থাকে। জাঃ পাঃ

(৫) চতুর্থভাব ও চতুর্থপতি উভয়েই বলশালী হইয়া শুভগ্রহ কর্তৃক দৃষ্ট হইবে।

(৬) ৪র্থে ৪র্থপতি শুভনবাংশগত, বুধ যুক্ত ও শুভদৃষ্ট।

(৭) অশ্বের [ক] লগ্নে চন্দ্র ও চতুর্থ-পতি থাকিবে।

[খ] শুভযুক্ত চন্দ্র শুভরাশিতে ২য় বা ৪র্থ-ভাবে থাকে।

(৮) অশ্বলাভ ঃ—লগ্নে চন্দ্র, লগ্নপতি ও চতুর্থপতি।

(৯) হস্তীর ঃ—লগ্নে চতুর্থপতি ও শুক্র থাকে। জাঃ পাঃ

বাহনযুক্ত (১০) আন্দোলিকা :—শুক্র ও পূর্ণচন্দ্র কেন্দ্র-কোণ-গত হইয়া বলবান্ অবস্থায় থাকিবে।

(১১) আন্দোলিকা বা অশ্ব লাভ :—শুক্র, চন্দ্র, চতুর্থ পতি ও লগ্নপতি একত্র থাকে।

(১২) চতুরস্র যান :—বৃহস্পতি, চতুর্থপতি, চন্দ্র ও শুক্র কেন্দ্র-ত্রিকোণে থাকে।

(১৩) চতুর্থপতি ও বৃহস্পতি একত্র থাকে।

(১৪) ৪র্থপতি কেন্দ্রে আর ঐ কেন্দ্রপতি লগ্নে থাকিবে।

(১৫) ও ভূষণযুক্ত :—১০মপতি ১১শে ও ১১শপতি ১০মে।

(১৬) নরের : রাজপ্রতাপান্বিত :—শুভযুক্ত বৃহস্পতি বা চতুর্থপতি নবমে শুভ রাশিতে থাকিবে অথবা ইহারা স্বগৃহে অতি বলী হইবে।

(১৭) বহু :—বৃহস্পতি বা শুক্র ৪র্থপতি হইবে আর বলবান্ হইয়া নবমে থাকিবে, এবং নবমপতি কেন্দ্র কোণে থাকিবে। জাঃ পাঃ

(১৮) সেনা ও রত্নযুক্ত :—নবমস্থ বৃহস্পতিকে মঙ্গল ও রবি দেখিবে। জাঃ পাঃ

(১৯) চতুর্থপতি বলবান্, চতুর্থভাব শুভযুক্ত-দৃষ্ট হয়।

(২০) তিন প্রকার :—লগ্নের বা ৪র্থপতির সহিত চন্দ্র বৃহস্পতি ও শুক্র থাকিবে কিন্তু নীচ-শত্রু-মূঢ় প্রভৃতি দোষযুক্তগ্রহ থাকিবে না। সঃ চিঃ

(২১) বহু :—৪র্থপতি কেন্দ্রে, ঐ কেন্দ্রপতি লগ্নে থাকে।

বাহনযুক্ত (২২) লগ্নপতি, ৪র্থপতি ও ৯মপতি পরপর কেন্দ্রে থাকিবে বা লগ্নপতি বলবান্ হইবে।

(২৩) বহু :—১০মপতি লগ্নে ও লগ্নপতি ১০মে থাকে।

(২৪) ২য়পতি লগ্নে, ১০মপতি ২য়ে ও উচ্চগ্রহ ৪র্থে।

(২৫) ৪র্থপতি গোপুরাংশযুক্ত বা বলবান্ হইয়া ১১শ-৯ম-১০ম পতি কর্ত্তৃক দৃষ্ট হইবে।

(২৬) বহু :—পরমোচ্চাংশকযুক্ত নবমপতি কেন্দ্রে থাকিবে এবং দুইটি গ্রহ তুঙ্গী হইবে।

(২৭) দ্বিতীয়পতি যুক্ত দ্বাদশপতি উচ্চরাশিগত এবং নবমপতি কর্ত্তৃক দৃষ্ট হয়।

(২৮) লগ্ননাথ বা নবমপতি-দৃষ্ট তুঙ্গীগ্রহ দশমে থাকে।

(২৯) তিনটি :—৪র্থপতি তুঙ্গী, ঐ তুঙ্গগৃহপতি কেন্দ্র কোণে, ৪র্থে তুঙ্গী ও ১২শ স্থান শুদ্ধ অর্থাৎ গ্রহ রহিত হইবে।

(৩০) শঙ্খ বাদিত্রের শব্দযুক্ত :—চতুর্থে নবমপতি ও দশমপতি কেন্দ্র কোণে থাকে। সঃ চিঃ

বাহনসুখ-ভোগবান্ : বিদ্বান্ : বিষয়নাথ : নৃপসৎকৃত : শুভশীল : শুভমূর্ত্তি :—লগ্নে বুধ ও বৃহস্পতি। সাঃ

বাহু-যোদ্ধা : মূলাদি-স্নেহ-কূট-ব্যবসায়ী :—মঙ্গল ও বুধ একত্র থাকে। বৃঃ জাঃ

বিখ্যাত (১) রাজা :—বলবান্ দশমপতি কেন্দ্র কোণে বা দ্বিতীয়ে থাকে। জ্যোঃ কঃ দ্রুঃ

বিখ্যাত : সৎকবি : নৃপ বা নৃপসম :-৭মে চন্দ্র ও বুধ। সাঃ

বিখ্যাত কীর্ত্তি : অতি সুখী : গুণী :—চারিটি কেন্দ্রে শুভাশুভ গ্রহগণ থাকিবে। জাঃ পাঃ

বিখ্যাত-তিনলোকে : গজাশ্বনাথ : মহীপাল :—দশমে রবি ও বুধ কিন্তু নীচ রাশিতে থাকিবে না। সাঃ

বিখ্যাত তেজস্বিনী : নানাশাস্ত্রকলা-রসজ্ঞ-চতুরা :—লগ্ন কর্কট ও তথায় চন্দ্র কিন্তু শুক্র বুধ বৃহস্পতি ও চন্দ্র সকলেই বলবান্ হইবে। জাঃ পাঃ

বিখ্যাত নাম্নী : বুদ্ধি প্রসিদ্ধা : স্বাধ্বী : ব্রহ্মবাদিনী :— লগ্ন যুগ্ম রাশি, এবং মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শুক্র ইহারা বলী হইবে। জাঃ পাঃ

বিজ্ঞানজ্ঞ : মল্ল : পরদেশ-নিরত : দাতা :—চন্দ্রের দশমে বুধ, শুক্র ও শনি থাকে। সাঃ

বিদ্যাচার্য্য (১) খ্যাত : পুস্তকলিপি লেখ্যকার :—চন্দ্রের দশমে বুধ ও শনি থাকে। সাঃ

(২) ব্রাহ্মণপতি : রাজভৃত্য :—চন্দ্রের দশমে বৃহস্পতি ও শুক্র থাকে। সাঃ

বিদ্যাজীবী : ভোগী :—নবাংশচক্রে আত্মকারকের সহিত পূর্ণচন্দ্র বা শুক্র থাকে। জৈঃ

বিদ্যাধিক (১) ৯মস্থ বৃহস্পতিকে শুক্র ও বুধ দেখে। জাঃপাঃ

(২) ক্রতু সমস্ত গুণ প্রসিদ্ধ :—৫ম, ৭ম, ৯ম, ১০ম ও লগ্নে শুভগ্রহ যুক্ত হইবে এবং শুভগ্রহ দেখিবে ও ঐ

গৃহপতিগণ বলবান্ হইবে। জাঃ পাঃ

বিদ্যাগুধন : সুভগ : নিত্যভোগী :—চন্দ্রের দশমে রবি বৃহস্পতি ও শুক্র থাকে। সাঃ

বিদ্যা যশস্বী (১) ৪র্থপতি বা বুধ লগ্নে অথবা লগ্নপতি ৪র্থে কিন্তু ইহারা বলবান্ হইবে ও পাপদৃষ্টি পাইবে।

(২) সুখী :—রবি, বুধ ও শুক্র একত্র থাকে।

(৩) নৃপসম :—চন্দ্র, রবি ও বুধ একত্র। জাঃ পাঃ

বিদ্যাবহুল : শূর : বিশালাঙ্গ :—চন্দ্রের দশমে মঙ্গল, বুধ, শুক্র ও শনি থাকে। সাঃ

বিদ্যা বিনয় চতুর :—শুভযুক্ত বা দৃষ্ট চতুর্থপতি চতুর্থে এবং বুধ বলবান্ হইবে। জাঃ পাঃ

বিদ্যাবিনোদ-রতি-শীল-তপোবলাঢ্য : স্বধর্মনিরত : স্ত্রী-পুত্র-বন্ধু-সুখ-রূপ-গুণানুরক্ত : রাজপ্রিয় : গুরু-মহীসুর-দেব ভক্ত (১) ১০মপতি ৫মে, বুধ কেন্দ্রে, অতি-বলী রবি নিজগৃহে, চন্দ্রের কোণে বৃহস্পতি এবং বুধের কোণে মঙ্গল থাকিবে।

(২) বুধের একাদশে বৃহস্পতি থাকিবে এবং অন্যান্য-পূর্ব্ববৎ। জাঃ পাঃ

বিদ্যা বিষয়াদি যুক্তিনিপুণ : রাজাধিরাজপ্রিয় :—চতুর্থপতি বৃহস্পতি ও বুধ ইহারা সোচ্চ-স্বক্ষগত ত্রিকোণ বা কেন্দ্রগত হইবে। জাঃ পাঃ

বিদ্বান (১) ধার্ম্মিক : দয়াবান্ : সত্যবাদী :—চন্দ্রের দশমে

বৃহস্পতি, শুক্র ও শনি থাকে। সাঃ

বিদ্বান্ (২) ধার্ম্মিক : বন্ধুপ্রিয় : রূপবান্ :—চন্দ্রের দশমে রবি, বুধ ও বৃহস্পতি থাকে। সাঃ

(৩) ২য়পতি, বুধ ও গুরু কেন্দ্র-ত্রিকোণ বা স্বক্ষেত্রে।

(৪) ধার্ম্মিক : খ্যাতিমান্ :-৯মে বুধ গুরু ও শুক্র থাকে।

(৫) গুণনিধি : নৃপপ্রিয় :—রবি, চন্দ্র ও বৃহস্পতি একত্র। জাঃ পাঃ

(৬) কেবল পঞ্চমপতি, অথবা বুধ বৃহস্পতির সহিত কেন্দ্র কোণে থাকিবে। জাঃ লঃ

(৭) যশোযুক্ত : দীর্ঘায়ু:—চতুর্থে শুক্র, লগ্নে চন্দ্র-বৃহস্পতি, দশমে পাপহীন শনি থাকে। সঃ চিঃ

বিপ্রজনপতি : পণ্ডিত : নৃপপ্রিয় :—চন্দ্রের দশমে বৃহস্পতি ও শুক্র থাকে। জাঃ পাঃ

(মহা) বিভবশালী : মন্ত্রী : রাজসম : সুখ-বন্ধুযুক্ত : বহু-শাস্ত্রাক্ষত বুদ্ধি :-চতুর্থে চন্দ্র ও বৃহস্পতি থাকে। সাঃ

বিভব-মানাজ্ঞাযুক্ত : খ্যাত : মন্ত্রী : ক্ষমাবান্ :—দশমে চন্দ্র ও শুক্র থাকে। সাঃ

বিত্তবযুক্ত :—নবমে বৃহস্পতি, শুক্র ও শনি থাকে। সাঃ

বিলাসী : গুণী : রাজা :--৯মপতি ৯মে বা কেন্দ্র। জ্যোঃ কঃ দ্রুঃ

বিবাহ (১) বাল্যে :—৭মপতি লগ্নপতির সন্নিহত হইলে।

(২) লগ্ন হইতে ও সপ্তম-ভাব হইতে শুভগ্রহ সমীপ রাশিতে থাকিবে।

বিবাহ (৩) লগ্ন, দ্বিতীয় ও সপ্তমভাব শুভযুক্ত শুভবর্গগত হয় এবং তদীশ্বর (৭মপতি) শুভদৃষ্ট হইবে।

(৪) সপ্তমপতি পারাবতাংশাদিগত, ২য়পতি বলবান্ এবং লগ্নপতি মৃত্যুষষ্ট্যংশগত হইবে। সঃ চিঃ

(৫) ৫, ৯বর্ষে :—সপ্তমপতি শুভ রাশিতে এবং শুক্র স্বোচ্চ-স্বক্ষ´গত হইবে।

(৬) ৭, ১১বর্ষে :—৭মে রবি, ৭মপতি শুক্র যুক্ত হয়।

(৭) ১০, ১৬বর্ষে :—২য়ে শুক্র, ১১শে ৭মপতি থাকে।

(৮) ১১বর্ষে :—লগ্নকেন্দ্রে শুক্র, শনি-রাশিতে লগ্নপতি।

(৯) ১২, ১৯বর্ষে :—লগ্নের কেন্দ্রে শুক্র এবং (তস্মাৎ অর্থাৎ) লগ্নের বা শুক্রের ৭মে শনি থাকে।

(১০) ১৩বর্ষে :—১১শে ২য়পতি এবং ২য়ে ১১শপতি।

(১১) ১৫বর্ষে :—একাদশে ২য়পতি দশমে লগ্নপতি।

(১২) ১৮বর্ষে :—চন্দ্রের সপ্তমে শুক্র এবং শুক্রের সপ্তমে শনি থাকে।

(১৩) ২২, ২৭বর্ষে :—অষ্টমের সপ্তমে শুক্র এবং তদীশ (অর্থাৎ ঐ গৃহপতি) মঙ্গল যুক্ত হয়।

(১৪) ২৩, ২৬বর্ষে :—লগ্ননাথ সপ্তমভাবের নবাংশগত হয় এবং দ্বাদশে সপ্তমপতি থাকে।

(১৫) ২৫, ৩৩বর্ষে :—অষ্টমভাবের নবাংশে সপ্তমপতি এবং লগ্নের নবাংশে শুক্র থাকে।

(১৬) ৩১,৩৩ বর্ষে :—পঞ্চমে শুক্র, এবং ৪র্থে রাহু থাকে।

বিবাহ (১৭) ২৭,৩০বর্ষে :—৩য়ে শুক্র এবং ৯মে ৭মপতি।

(১৮) ১, ২, ৩, ১০, ৫২, ৩৩ বর্ষে :—শুক্রের ৭মে চন্দ্র, চন্দ্রের ৭মে বুধ, এবং ৮মপতি ৫মভাবে থাকে। পঃ

বীর (১) ৩য়পতি ও রবি একত্র থাকে। জাঃ পাঃ

(২) সুভগঃ আদ্যন্তেসুখ :—সমস্ত শুভগ্রহ লগ্ন ও সপ্তমে এবং সমস্তপাপ চতুর্থে ও দশমে থাকে।

(৩) বয়োন্তে সুখী :—সমস্ত পাপগ্রহ লগ্ন ও সপ্তমে এবং সমস্ত পাপ চতুর্থ ও দশমে থাকে।

(৪) সর্বগুণযুক্ত : প্রপঞ্চরসিক :—নবমে চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি ও শুক্র থাকে। জাঃ পাঃ

(৫) তৃতীয়-কারক শুভগ্রহের রাশিতে থাকিবে। সঃচিঃ

(৬) দ্যূতবুদ্ধি : চৌরাদিযুক্ত :—অষ্টমপতি লগ্নে ও লগ্নপতি অষ্টমে থাকে। জাঃ লঃ

বুদ্ধিদাতা—সকলের :—সৌম্য (অর্থাৎ বুধ) পঞ্চমে থাকিয়া বৃহস্পতি ও শুক্রের দৃষ্টি পাইবে, অথবা পঞ্চমপতি ও ঐরূপ হইবে। সঃ চিঃ

বুদ্ধিমান্ (১) তীক্ষ্ণ [ক] :—পরমোচ্চাংশযুক্ত পঞ্চমস্থান পঞ্চমপতি কর্ত্তৃক দৃষ্ট হইবে ও শুভ মধ্যস্থ হইবে।

[খ] :—পঞ্চমকারক পূর্ণবলী পঞ্চমপতি শুভদৃষ্ট বা পঞ্চমে শুভ গ্রহ থাকিবে। সঃ চিঃ

[গ] পঞ্চমপতির নবাংশপতি শুভ দৃষ্ট বা বৈশেষিকাংশগত হইবে।

বুদ্ধিমান্ [ঘ] পঞ্চমকারকের স্থিত রাশ্যংশনাথ কেন্দ্রকোণে থাকিয়া পঞ্চমপতি কর্ত্তৃক দৃষ্ট হইবে।

[ঙ] শুভ মধ্যস্থ পঞ্চমভাব শুভযুক্ত বা বৃহস্পতি কেন্দ্র-কোণে থাকিবে।

(২) পঞ্চমপতি সৌম্য অর্থাৎ বুধ হইবে, পঞ্চমে বৃহস্পতি, ও পঞ্চমভাব শুভ মধ্যস্থ হইবে।

(৩) ধারণা-পটু :—৫মকারক ও ৫মপতি উভয়ে মৃদু-ষষ্ট্যংশাদি বা গোপুরাংশ প্রাপ্ত ও শুভ-গ্রহদৃষ্ট হয়।

(৪) শীঘ্রবোধ :—পঞ্চমপতি, শুভগ্রহ ও উচ্চগ্রহ একত্রে কেন্দ্রে থাকে। সঃ চিঃ

বুদ্ধি—সাত্ত্বিক :—তৃতীয়পতি ও বুধ একত্র থাকে। সঃ চিঃ

বৃত্তি (১) জহুরী :—চন্দ্রের দশমে মঙ্গল ও শুক্র থাকে।

(২) বৈদ্য : গন্ধজীবি : নীলকর : চূর্ণকর :—চন্দ্রের দশমে শুক্র ও শনি থাকে।

(৩) স্বর্ণকার-মালাকার-শোভন শিল্পাভিরত : সর্ব্বজন-প্রিয় :—চন্দ্রের দশমে মঙ্গল, বুধ ও শুক্র থাকে।

(৪) চিত্র কর্ম্মকারী : লেখক : মালাকার :—চন্দ্রের দশমে রবি, মঙ্গল, বুধ ও শুক্র থাকে। সাঃ

(৫) কৃষি :—নবমে ও পঞ্চমে সমস্ত গ্রহ থাকিবে।

(৬) জল সংক্রান্ত : রাজা :—সাতটিগ্রহ এক ঘর অন্তর এক ঘরে থাকিবে। জাঃ পাঃ

বেদবিৎ : কর্ম্মজ্ঞাননিষ্ঠা :—নবাংশ-চক্রে আত্মকারক ও

বৃহস্পতি একত্র থাকে। জৈঃ

বেদান্তজ্ঞ (১) গীতজ্ঞ :—আত্মকারক বা তৎ ত্রিকোণে রবি থাকে। জৈঃ

(২) বুধ ও শুক্র দৃষ্ট বৃহস্পতি কেন্দ্র কোণে ও শনি পারাবতাংশে থাকে। জাঃ পাঃ

(৩) ২য়পতি বুধ উচ্চস্থ, শনি গোপুরাংশে বা বৃহস্পতি সিংহাসনাংশে থাকিবে।

(৪) কেন্দ্র বা কোণে বৃহস্পতি এবং পারাবতাংশ-প্রাপ্ত শনিকে বুধ ও বৃহস্পতি দেখিবে।

(৩) উত্তমাংশপ্রাপ্ত শুক্র লগ্ন বা কেন্দ্রে থাকে এবং চন্দ্র দেবলোকাংশ পাইবে। সঃ চিঃ

বেদান্ত-বিজ্ঞান-সুশীল বৃত্তি : ৫৩ বর্ষে মৃত্যু :—শনি ও অন্য গ্রহ লগ্নে, চন্দ্র ১২শ বা ৮মে থাকে। সঃ চিঃ

বেদার্থ-শাস্ত্র-নিখিলাগম-তত্ত্বযুক্ত : বুদ্ধি-প্রতাপ-বলবীর্য্য-সুখানুরক্ত : নির্মৎসরা : নিজবীর্য্য মহানুভাবা : কুশল : কৃতজ্ঞ :—নবমপতি দ্বিতীয়ে, দ্বিতীয়পতি নবমে, এবং লগ্নপতি কেন্দ্র কোণে থাকে। জাঃপাঃ

বৈজ্ঞানিক :—বৃহস্পতি, চন্দ্র ও লগ্নকে শনি দেখিবে এবং বৃহস্পতি নবমে,আর একটি রাজযোগ থাকে। বৃঃজাঃ

ব্যবহাররত : মন্ত্রী : শাস্ত্রকলানিপুণমতি : ধন-বাহন-সুখ-যুক্ত :—দশমে রবি ও শুক্র থাকে। সাঃ

ব্রতযুক্ত (১) মঙ্গল, রবি, চন্দ্র, শনি ও বৃহস্পতি; বা মঙ্গল

রবি, চন্দ্র, বুধ, শনি ও শুক্র ; বা রবি, চন্দ্র, মঙ্গল শনি ও শুক্র একত্র থাকে। জাঃ পাঃ

ব্রতযুক্ত (২) [।] রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শুক্র [।।] চন্দ্র, মঙ্গল, শনি, বৃহস্পতি, বুধ ও রবি [।।।] মঙ্গল, চন্দ্র, রবি, শনি, শুক্র ও বুধ একত্র থাকে। জাঃ পাঃ

ব্রহ্মনিষ্ঠ (১) নবম বা দশমপতি দেবলোকাদি ভাগে এবং সৌম্য (শুভগ্রহ) পারাবতাংশে থাকে। জাঃ পাঃ

(২) নবম বা দশমপতি দেবলোকাংশ বা পারাবতাংশ-গত হইয়া সৌম্য দৃষ্ট হইবে। সঃ চিঃ

ব্রহ্মপদ প্রাপ্তি (১) ধনুর্নবাংশপ্রাপ্ত কর্কট-লগ্ন, তাহাতে বৃহস্পতি এবং কেন্দ্রে তিন চারিটি গ্রহ থাকে।

(২) বুধ মেষে গোপুরাংশে, ও কুম্ভলগ্নে বৃহস্পতি। সঃচিঃ

ব্রহ্মবাদিনী : অনেক শাস্ত্র নিপুণা : জগৎ বিখ্যাতা :— বৃহস্পতি, শুক্র, মঙ্গল ও বুধ বলবান্ হইবে এবং লগ্ন সমরাশি হইবে। বৃঃ জাঃ

ভগিনী-একটি অগ্রজা :— তৃতীয়ে বুধ, তৃতীয়পতি চন্দ্রযুক্ত এবং তৃতীয়কারক শনিযুক্ত হইবে। পঃ

ভগিনী জন্ম :— তৃতীয়পতি যুগ্মনবাংশে ও যুগ্মগৃহে, এবং তৃতীয়কারকগ্রহ তৃতীয়ে থাকিবে। সঃ চিঃ

ভগিনী বাহুল্য :— উপপদ বা তদধিপতি হইতে তৃতীয় বা একাদশে কেতু থাকে। জৈঃ

ভগিনী-স্বামি সন্তোষযুক্তা :— ষষ্ঠে শুভগ্রহগণ থাকে। কুঃ কঃ

(বহু) ভাগিনেয় বা মাতৃপক্ষে সুখঃ—দুইটি স্ত্রীগ্রহ তৃতীয়ে, ষষ্ঠে ও নবমে থাকে। কুঃ কঃ

(মহা) ভাগ্যবান্ (১) ২য়পতি ১১শে, ১১শপতি নবমে, ১০ম-পতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট ৯মপতি ২য়ে থাকে। সঃ চিঃ

(২) ৯মপতি উচ্চ-মিত্র-অধিমিত্র-গৃহে, কেন্দ্রে বা ত্রিকোণে (বা দ্বিতীয়ে) থাকে। কুঃ কঃ

(৩) কীর্ত্তিমান্ ঃ ধনী ঃ সংস্কৃত ঃ—লগ্নে তৃতীয়ে ও পঞ্চমে যে গ্রহ থাকে তদপেক্ষা বলবান্ গ্রহ নবম-ভাবকে দেখিবে।

(৪) নবমপতি নবমে থাকিয়া শুভদৃষ্ট হয়।

(৫) জাতচক্রে কোন একটি গ্রহ ষট্ বর্গ শুদ্ধ হইবে।

(৬) মকর ভিন্ন রাশিতে বৃহস্পতি লগ্নে থাকে।

(৭) দীর্ঘজীবী ঃ—চন্দ্রযুক্ত বৃহস্পতি কেন্দ্রে থাকিয়া শুক্র কর্ত্তৃক দৃষ্ট হয়।

(৮) অশ্বিনী, কৃত্তিকা, স্বাতী, পুষ্যা ও রেবতী নক্ষত্রে শুক্র থাকিবে।

(৯) তৃতীয়, ষষ্ঠ ও একাদশে পাপগ্রহগণ থাকে। কুঃ কঃ

(১০) ৯মে বৃহস্পতি,৯মপতি কেন্দ্রে এবং লগ্নপতি বলবান্।

(১১) শুক্র স্বতুঙ্গী নবমপতিযুক্ত, তৃতীয়ে শনি। পঃ

(১২) চিরকাল ঃ—নবমপতি ও লগ্নপতি নবমে ও লগ্নে অথবা লগ্নে ও নবমে থাকে এবং বৃহস্পতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হয়।

ভাগ্যবান্ (১৩) সর্ব্বপ্রকারে [ক] ৪র্থ ও ১০মপতি বলবান্ হইয়া ১১শস্থানে থাকিবে বা ঐ ভাবকে দেখিবে।

[খ] রাজপ্রীতিকারীঃ বাহনযুক্ত ঃ—৪র্থপতি ও ৯মপতি একাদশে থাকিবে বা চতুর্থভাবকে দেখিবে।

(১৫) ৯মপতি গুরু শুভবর্গগত এবং ৯মে শুভগ্রহ। জাঃপাঃ

ভাগ্যলাভ (১) ভ্রাতার ধন হইতে ঃ—শুভগ্রহাংশগত-শুভ-যুক্ত-শুভদৃষ্ট ৯মপতি ৩য়পতির সহিত যুক্ত হইবে।

(২) পুত্র হইতে ঃ—৫মপতি ৯মে থাকিয়া ৯মপতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে অথবা ৯মকারক ৫মে থাকিবে।

(৩) জ্ঞাতি হইতে ঃ—জ্ঞাতি পতি-৪র্থপতি-৯মে, এবং ৯মপতি জ্ঞাতিভাবে জ্ঞাতিকারক কর্ত্তৃক যুক্ত হইবে।

(৪) পত্নী হইতে ঃ—সপ্তমপতি নবমে এবং নবমপতি সপ্তমে থাকিয়া সপ্তমকারক দ্বারা দৃষ্ট হইবে।

(৫) শত্রু হইতে ঃ—৯মপতির শত্রু, ও ষষ্ঠপতি যদি নবম বা ৯মপতির সঙ্গে সম্বন্ধ করে; অথবা ৯ম-পতি যদি ষষ্ঠ, অষ্টম, দ্বাদশপতির সহিত যুক্ত হয়।

(৬) পুনর্ব্বার [ক] ৯মস্থান বা ৯মপতির সহিত গুরু-শুক্রযুক্ত বা দৃষ্ট হইবে এবং লগ্নপতি ও দ্বিতীয়পতি বীরগ্রহ হইবে।

[খ] লগ্নপতি ৯মে, ৯মপতি লগ্নে বা ১১শে থাকে।

[গ] নবমপতি ও একাদশপতি একত্র থাকিবে বা পরস্পরের রাশিগত হইবে। সঃ চিঃ

ভাগ্যোদয় (১) বিবাহের পর :—শুক্র ২,৩,৬,৭,১০,১১শে থাকিবে বা লগ্নপতি শুভদৃষ্ট হইয়া ঐরূপ হইবে।

(২) একবার ভাগ্য নষ্ট হইবার পর :—৭মকারক ও তাদৃশ খেচরেন্দ্র অর্থাৎ (২য়-৭ম-লগ্নপতি) ক্রূরাদি ষষ্ট্যংশগত হইয়া শুভযুক্ত ও শুভদৃষ্ট হইবে।

(৩) বিবাহের পর দেরীতে [ক] :—ক্রূরগ্রহ যুক্ত ৭মপতি ত্রিকোণে, অথবা পাপযুক্ত সপ্তম-কারক দ্বিতীয় বা দশমে থাকিবে।

[খ] (৭মপতি) পাপযুক্ত ১০মে বা ২য়ে বা ৯মে বা পাপযুক্ত ৭মে ক্রূর-ষষ্ট্যংশগত ও ক্রূরদৃষ্ট হয়। সঃচিঃ

(৪) ৩২ বর্ষের পর :—৯মপতি ২য়ে এবং ২য়পতি ৯মে।

(৫) ২০ বর্ষ পর :—৯মে বৃহস্পতি এবং ৯মপতি কেন্দ্রে।

(৬) বিবাহের পর:—১১শে ২য়পতি, ২য়ে ১১শপতি। পঃ

(৭) স্বদেশে :—লগ্নের বা চন্দ্রের নবমপতি স্ব স্ব ভাবে থাকে বা উহাকে দেখে। কুঃ কঃ

(৮) বিদেশে :—লগ্ন বা চন্দ্র হইতে নবমপতি যদি নবমস্থানে না থাকে বা না দেখে। কুঃ কঃ

(৯) বিদেশে :—লগ্ন চররাশি এবং লগ্নপতি চররাশিতে থাকিয়া চরগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়।

(১০) স্বদেশেঃ বহুভাগ্যযুক্তঃ বহুধনযুক্তঃ—লগ্ন স্থিররাশি, লগ্নপতি স্থিরগৃহে ও স্থিরগ্রহ কর্ত্তৃক দৃষ্ট। জাঃ পাঃ

ভিষক :-আত্মকারক-নবাংশ-রাশিস্থ বুধকে চন্দ্র দেখে জৈঃ

ভূমিনাথ :—শুভগণ দৃষ্ট উচ্চস্থ গ্রহ নবমে থাকে। কুঃ কঃ

ভূমিযুক্ত :—লগ্নে চন্দ্র বা বুধ যদি রাহু বা কেতু, মঙ্গল ও শনির সহিত যুক্ত হয়। কুঃ কঃ

ভোগিনী :—মঙ্গল বুধযুক্ত আর লগ্নই মঙ্গলের গৃহ। জাঃপাঃ

ভোগী (১) চিরকাল :—৪র্থে ৯মপতি বলবান্ শুক্রযুক্ত।

(২) আপোক্লিম বা পণফর হইতে ৭টি ভাবে ৭টি গ্রহ।

(৩) শাস্ত্রজ্ঞ :—নবমে মঙ্গল ও বুধ থাকে।

(৪) চারিটি কেন্দ্রে শুভ গ্রহ থাকিবে। জাঃ পাঃ

ভোজয়িতা :—তৃতীয়ে তৃতীয়পতি, চতুর্থে পঞ্চমপতি শুভ উচ্চ গ্রহ দ্বারা যুক্ত হইবে। সঃ চিঃ

ভ্রাতা-১২টি :—তৃতীয়পতি কেন্দ্রে, তৃতীয়-কারক ত্রিকোণে বৃহস্পতির সহিত যুক্ত হইয়া উচ্চস্থ হইবে। পঃ

ভ্রাতা-৭টি :—মঙ্গল দ্বাদশপতি বা বৃহস্পতির সহিত যুক্ত হইবে এবং তৃতীয়ে চন্দ্র থাকিবে। পঃ

ভ্রাতা (১) বহুধন সুখযুক্ত (স্ত্রীকোষ্ঠী) :—তৃতীয়পতি পুং-গ্রহ এবং পুং-গ্রহের ক্ষেত্রগত পুরুষ-গ্রহ কর্তৃক যুক্ত বা দৃষ্ট হইয়া দ্বিতীয় বা কেন্দ্র কোণে থাকিবে।

(২) নৃপাল : তেজ-গুণ-রূপবিশিষ্ট :—তৃতীয়পতি ও একাদশপতি লগ্নের পঞ্চমে থাকে। জাঃ পাঃ

ভ্রাতার সহিত মিল থাকা :—লগ্নপতি ৩য়পতির মিত্র। সঃ চিঃ

ভ্রাতৃ জন্ম (১) বৃহস্পতি, রবি, মঙ্গল দৃষ্ট ৩য়কারক ও ৩য়পতি অযুগ্ম রাশির নবাংশগত এবং ৩য়ভাব অযুগ্ম গৃহ।

ভ্রাতৃজন্ম (২) তৃতীয়ে শুভ ও শুভদৃষ্ট এবং ৩য়পতি বলবান্

(৩) তৃতীয়পতি বা তৃতীয়-কারক শুভ কর্তৃক যুক্ত ব দৃষ্ট হইবে এবং তৃতীয়ভাবও বলশালী হইবে।

(৪) তৃতীয়পতি বা তৃতীয়-কারক কেন্দ্র কোণে ব স্বোচ্চ-মিত্র-স্ববর্গে থাকিবে।

(৫) তৃতীয়পতি বা তৃতীয়কারক শুভ কর্তৃক যুক্ত ব শুভ গ্রহের অংশে থাকে।

(৬) তৃতীয়পতি শুভগ্রহ হইয়া গোপুরাংশে এবং তৃতীয় কারক-গ্রহ সিংহাসনাংশে থাকিবে।

(৭) বাহুল্য :—শুভ তৃতীয়পতি শুভনবাংশ ও পারা- বতাংশ পাইয়া কেন্দ্রে থাকিবে এবং শুভ যুক্ত হইবে।

(৮) বলবান্ ৩য়পতি তুঙ্গ-স্বক্ষেত্র বা মূল-ত্রিকোণস্থ।

(৯) শুভ দৃষ্ট বা যুক্ত তৃতীয়পতি মৃদু-ষষ্ট্যংশ পাইবে।

(১০) তৃতীয়পতি বৈশেষিকাংশ বা মৃদু-ষষ্ট্যংশ পাইবে ব শুভ দৃষ্ট হইবে। সঃ চিঃ

ভ্রাতৃ বাহুল্য :—উপপদ বা তদধিপতি হইতে তৃতীয় ব একাদশে মঙ্গল, বৃহস্পতি, চন্দ্র বা বুধ থাকিবে। জৈঃ

ভ্রাতৃবৃদ্ধি :—তৃতীয়গত চন্দ্র ও শুক্রকে শনি দেখিবে। কুঃকঃ

ভ্রাতৃ-সৌখ্য :—লগ্নপতি ও তৃতীয়পতি একত্র ; বা উভয়ে বলবান্ হইয়া লগ্নে বা তৃতীয়ে থাকে। জাঃ পাঃ

অগুলাধিপতি (১) তেজস্বী : শোকহীন : বিদ্বান্ বাকস্থির :—৯মে মঙ্গল, বুধ ও বৃহস্পতি থাকে। সাঃ

মণ্ডলাধিপতি (২) অনেক যাগযুক্ত :—বৃহস্পতি, শুক্র,নবম-
পতি কেন্দ্র কোণে বা একাদশে থাকে। জাঃ পাঃ

মনুষ্য-মধ্যে প্রধান : স্বভাবত ধীর :—লগ্নে বৃহস্পতি, রবি
ও মঙ্গল থাকে। কুঃ কঃ

মনুষ্য-মধ্যে মনুষ্য : মন্ত্রী : নৃপ : জ্ঞানী : সর্ব্বসম্পন্নিধান :
পুণ্যশীল : সকলজনমত : সুনয়ন :—লগ্নপতি লগ্নে,
বা বুধ গুরু শুক্র কর্ত্তৃক যুক্ত হইয়া কেন্দ্রে বা তুঙ্গ-
স্বীয়-স্বমিত্র-শুভ-গৃহগত হইয়া শুভ-দৃষ্ট হইবে। জাঃলঃ

মনুষ্য-মধ্যে বরিষ্ঠ : সদ্‌বিচারক : সদাচার : দানী : দয়ালু :
—কন্যা বা তুলায় বৃহস্পতি, মেষ বা বৃশ্চিকে শুক্র বুধ
অবস্থিত হইয়া শুভ-দৃষ্ট হইবে। কুঃ কঃ

মন্ত্র বলে যুগান্তজীবী :—কেন্দ্রে বৃহস্পতি, ১১শে শনি, ২য়ে
রবি, সপ্তমে কেতু এবং নবমে মঙ্গল থাকিবে। সঃ চিঃ

মন্ত্র সিদ্ধ (১) হইয়া যুগান্তজীবী বা জন্মমাত্র মৃত্যু :—সমস্ত
গ্রহ এক রাশিতে থাকিয়া ত্রিকোণ বা চারি কেন্দ্রেথাকে।
(২) বা রসায়নাদিতে ইন্দ্র পদ প্রাপ্তি :—বৃষ লগ্নে শুক্র,
কেন্দ্রে বৃহস্পতি, ৩য়, ৬ষ্ঠ, ১০ম, ১১শে অন্য গ্রহ।
(৩) বা প্রসাধন হেতু ব্রহ্মপদ প্রাপ্তি ও সুখী :—
তুলায় শনি, মকরে বৃহস্পতি, এবং কর্কট বা বৃষ
লগ্নে চন্দ্র থাকিবে। সঃ চিঃ

মন্ত্রী (১) পৃষ্ঠা ১৫৫, পংক্তি ১৮, (৪) সংখ্যা—দ্রষ্টব্য।
(২) আগামি সূচক (ভবিষ্যৎ জানা) :—৫মপতি যুক্ত

গোপুরাংশ প্রাপ্ত ৫মকারক কেন্দ্র কোণে। সঃ চিঃ

মন্ত্রী (৩) রাজতুল্য : সর্ব্বত্র পূজ্য : বিকলনেত্র :—চন্দ্র, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি একত্র থাকে। জাঃ পাঃ

(৪) বা সেনাপতি :—রবি, মঙ্গল ও বৃহস্পতি একত্র।

(৫) বা রাজা :—চন্দ্রের ষষ্ঠ, সপ্তম ও অষ্টমে শুভগ্রহ।

(৬) স্ত্রী-পুত্র-ধনের আনন্দ হীন : শান্ত :—রবি, চন্দ্র, মঙ্গল, বৃহস্পতি, শুক্র ও শনি একত্র। জাঃ পাঃ

(৭) গুণী : ধর্ম্মক্ষেত্রে কীর্ত্তিমান্ : নিত্যোৎ সাহী :—লগ্নে মঙ্গল ও বৃহস্পতি থাকে।

(৮) রাজা : মানাজ্ঞা খ্যাতিযুক্ত : শ্রৌতার্থপর : বিনীত :—দশমে বুধ ও বৃহস্পতি থাকে।

(৯) রাজা : বন্ধু-পুত্র-যুক্ত : কল্যাণ-সম্পন্ন :—চতুর্থে বুধ ও শুক্র থাকে।

(১০) সুখী : প্রীতিধন :—৪র্থে শনি ও গুরু থাকে। সাঃ

(১১) বা রাজা :-৫মপতি ও ১০মপতি একত্র থাকে। পঃ

মন্দির প্রাপ্তি :—৪র্থপতি পারাবতাংশে বা বৃহস্পতি ও চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইয়া গোপুরাংশাদিতে থাকিবে। জাঃপাঃ

মল্ল (১) পশুপতি :—শুক্র ও শনি একত্র থাকে। জাঃ পাঃ

(২) গোপ : দক্ষ : দ্যূতকৃৎ : পরস্ত্রীরত :—মঙ্গল ও শুক্র একত্র থাকে। বৃঃ জাঃ

মহিষ বাহুল্য :—রাহু বা শনি বলবান্ হইয়া ষষ্ঠে চর-রাশিতে থাকে। কুঃ কঃ

মাণ্ডলিক ঃ রাজপ্রিয় ঃ—৯মে মঙ্গল, বুধ ও বৃহস্পতি। জাঃপাঃ
মাতা-দীর্ঘায়ু ঃ—চতুর্থে শুভগ্রহ, চতুর্থপতি উচ্চস্থ এবং
চতুর্থ-কারক বলবান্ হয়। পঃ
মাতৃস্নেহ প্রাপ্ত (১) লগ্নপতি ও চতুর্থপতি পরস্পরের মিত্র
হইয়া শুভ কর্ত্তৃক যুক্ত দৃষ্ট হইবে।
(২) লগ্ন, ৪র্থ, ৭ম ও ১০মস্থ চতুর্থপতি শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত
দৃষ্ট হইবে এবং লগ্নপতি কর্ত্তৃকও দৃষ্ট হইবে। সঃ চিঃ
মানী (১) দৃঢ়ব্রত ঃ—দশমস্থান বা দশমপতি শুভগ্রহের
সম্বন্ধী বা স্বোচ্চ বা স্বগৃহ-গত হইবে। সঃ চিঃ
(২) পৃষ্ঠা ১৪১, পংক্তি ১৬, ইঙ্গিতজ্ঞ (৩) সংখ্যা—দ্রষ্টব্য।
মিত্রতা (১) পিতাপুত্রে ঃ—লগ্নপতি ও পঞ্চমপতি পরস্পর
পরস্পরের মিত্র হইবে। সঃ চিঃ
(২) শত্রুর সহিত [ক] শুভগ্রহ-দৃষ্ট ষষ্ঠপতি শুভযুক্ত ও
শুভক্ষেত্র গত হইবে। সঃ চিঃ
[খ] শুভদৃষ্ট-যুক্ত ৬ষ্ঠপতি লগ্নপতি অপেক্ষা দুর্বল। সঃচিঃ
মীমাংসাশাস্ত্রজ্ঞ ঃ—আত্মকারক বা তৎ ত্রিকোণে বুধ। জৈঃ
মুক্তিলাভ ঃ—মীনরাশিস্থ দশমভাবে বুধ ও মঙ্গলযুক্ত
[বা কেবল (সৌম্য) বুধ, বা মঙ্গল যুক্ত—সঃচিঃ]। জাঃপাঃ
মুনিতুল্য (১) কর্কটাদি রাশিতে বৃহস্পতি চন্দ্রাদি শুভগ্রহগণ
পরমোচ্চ-গত না হইয়া থাকিবে।
(২) রবি-বুধ স্থির-রাশিতে, চন্দ্র বৃষে, শুক্র মিথুনে,
বৃহস্পতি কর্কটে বা লগ্নে এবং তুলায় শনি থাকে।

মুনিতুল্য (৩) দেবলোকাংশে চন্দ্র, পারাবতাংশে মঙ্গল, এবং লগ্নগতরবি সিংহাসনাংশে থাকিবে।

(৪) মেষ লগ্নে রবি, দশমে উচ্চস্থ বৃহস্পতি, তৃতীয়-ষষ্ঠ-একাদশে পাপগ্রহ থাকে। সঃ চিঃ

মৃদঙ্গ-ভেরী-শংখাদিকাহলাদিরবযুক্ত :—একটি রাজযোগযুক্ত হইয়া দশমপতি চতুর্থে থাকিবে।

মেধাবী : লোকপ্রিয় : শান্তমনা :—চন্দ্রের দশমে বুধ, বৃহস্পতি, শুক্র, এবং শনি থাকে। সাঃ

মোক্ষলাভ (১) বৃহস্পতি ষষ্ঠ, অষ্টম বা কেন্দ্রে থাকিয়া উচ্চস্থ হয়, অথবা মীনলগ্নস্থ বৃহস্পতি শুভ নবাংশে থাকিবে এবং অন্যগ্রহগণ দুর্বল হইবে। বৃঃ জাঃ

(২) তুঙ্গী বৃহস্পতি ষষ্ঠ, অষ্টম বা কেন্দ্রে, লগ্ন মীন রাশি হইবে ও অন্যান্য গ্রহগণ দুর্বল হইবে। কোঃ প্রঃ

যজ্ঞকারী (১) ১০মপতি, বৃহস্পতি ও বুধ বলবান্ হইবে।

(২) বুধ দশমে, দশমপতি নবমে, পাপ-বিবর্জিত-শুভদৃষ্ট ও শুভরাশি গত হইবে। সঃ চিঃ

(৩) দশমপতি উচ্চস্থ, তুঙ্গী বুধ কর্ত্তৃক দৃষ্ট, বা শুভদৃষ্ট ও বুধ যুক্ত হইয়া নিজরাশিতে থাকে। সঃ চিঃ

(৪) বুধ ১০মপতি হইয়া উচ্চস্থ বা ৯মগত হইবে এবং কেতু বা রাহু পাপ কর্ত্তৃক যুক্ত হইবে না। সঃ চিঃ

(৫) সৎকর্ম্মোপার্জ্জিত অর্থে :—লগ্নপতি ও দশমপতি একত্র বা একই গ্রহ ঐ দুই স্থানের অধিপতি।

যজ্ঞকারী (৬) বাজপেয়ী :—দশমে অনেক শুভগ্রহ থাকে।
(৭) অন্য সৎকর্ম্মকারী :—রাহু বা কেতুযুক্ত বুধ তুঙ্গী বা নবমে থাকে, এবং দশমপতি ও নবমে থাকে।
(৮) যশস্বী :—চন্দ্রের ১০মে বলবান্ শুভগ্রহ তুঙ্গাদি বর্গগত এবং বৃহস্পতি কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট। জাঃ পাঃ

যন্ত্র ও অশ্মকার :—রবি ও চন্দ্র একত্র থাকিবে। বৃঃ জাঃ

যমজ :—চন্দ্র-দৃষ্ট রাহু এবং লগ্নাংশে রবি শনি থাকে। পঃ

যশ—চতুঃসমুদ্রান্ত :—শুভগৃহগত কেন্দ্র ত্রিকোণস্থ বলবান্ লগ্নপতি শুভযুক্ত বা শুভদৃষ্ট হইবে। জাঃ পাঃ

(অতি) যশস্বী (১) সেনা সুখ শ্রীযুক্ত :—৯মস্থ বৃহস্পতিকে চন্দ্র ও মঙ্গল দেখিবে।
(২) পিতা :—লগ্নপতি পঞ্চমপতির সহিত পঞ্চমে বা নবমে অথবা নবমপতির সহিত লগ্নে থাকিবে।
(৩) ভোগী :—চন্দ্রের বা লগ্নের দশমে শুভগ্রহ থাকে।
(৪) কল্যাণরূপ :—উচ্চগ্রহের নবাংশপতি কেন্দ্র কোণে থাকিয়া তুঙ্গী বা স্বগৃহস্থ হইয়া বলী হইবে এবং লগ্নস্বামীও বলবান্ হইবে। জাঃ পাঃ

যান (১) নরের :—লগ্নে চতুর্থপতি ও শুক্র থাকিবে।
(২) চতুরঙ্গের :—লগ্নে বৃহস্পতি থাকিবে।
(৩) অসংখ্য :—৯মপতি হইতে ১১শে লগ্নপতি, ৯মে ৪র্থপতি, অথবা ৪র্থ-১১শে লগ্নপতি থাকিবে।
(৪) সুখলাভ :—চতুর্থে শুভ, চতুর্থপতি কেন্দ্র কোণোচ্চ-

গত, নবমপতি পরমোচ্চাংশগত হয়।

যান (৫) বহু :—দশমপতি চতুর্থে, চতুর্থপতি একাদশে এবং লগ্নকে শুভগ্রহ দেখিবে। সঃ চিঃ

যুগান্তজীবী (১) বহু শাস্ত্রকারী : বাল্য হইতেই যোগী :— সকল গ্রহই বৃহস্পতির নবাংশগত হইয়া কেন্দ্র নবম বা দ্বিতীয়ে থাকিবে।

(২) শ্রীযুক্ত :—শনির নবাংশগত রবি মঙ্গল ও বৃহস্পতি নবম বা দশমে বলবান্ হইয়া থাকে এবং লগ্নগত-চন্দ্র রাশির সমাপ্তিতে (শেষ অংশে) থাকিবে।

(৩) মুনীশ্বর : শাস্ত্রকারী :—মঙ্গলের অংশগত চন্দ্র নবমগত নবমপতিকে দেখিবে। সঃ চিঃ

যুদ্ধকুশল : পিশুন :—রবি-চন্দ্র-মঙ্গল-বুধ-গুরু একত্র। জাঃপাঃ

যুদ্ধজয়ী (১) জননীদ্বেষী : অল্পায়ু : ক্ষীণভাগ্য :—লগ্নে শনি ও মঙ্গল থাকে। সাঃ

(২) লগ্নপতি ও ৮মপতি বলবান্ হইয়া ৮মগত। জাঃ লঃ

(৩) তৃতীয়-কারক দুর্বল বা ক্রূরষষ্ট্যংশ যুক্ত হইবে এবং শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে। জাঃ পাঃ

যুদ্ধ-বিশারদ (১) চিত্তে উৎসাহবান্ :—শুভদৃষ্টিপ্রাপ্ত তৃতীয়-পতি সিংহাসনাংশ, পারাবতাংশ, গোপুরাংশ বা মৃদু-ষষ্ট্যংশ যুক্ত হইবে।

(২) যুদ্ধাভিলাষী :—সৌম্যযুক্ত তুঙ্গী ৩য়পতি বৈশেষিকাংশগত হইয়া পূর্ণবলী বা মৃদু-ষষ্ট্যংশ গত। সঃচিঃ

যুদ্ধে প্রচণ্ড : রিপুপক্ষপরিক্ষীণ : সুধীর :—নবমে মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শনি থাকে। সাঃ

(মহা) যুদ্ধে বীর :—লগ্নে রবি ও মঙ্গল থাকে। সাঃ

রক্ষক—অসংখ্য লোকের :—সিংহাসনাংশে গুরু, গোপুরাংশে শুক্র এবং বলী ২য়পতি ঐরাবতাংশে। জাঃ পাঃ

রঙ্গচর : গীতপ্রিয় : নৃত্যবিৎ :—বুধ ও গুরু একত্র। বৃঃজাঃ

রজতপাত্রযুক্ত :—কেন্দ্রগত দ্বিতীয়পতির সহিত শুক্র ও চন্দ্র যুক্ত হইবে। সঃ চিঃ

রঞ্জনে নিপুণ (নরপতি ও পণ্ডিতগণকে) :—মঙ্গল ও বুধ শুভক্ষেত্রে বা শনি গৃহে রবি কর্তৃক দৃষ্ট হইবে। জাঃ লঃ

রত্ন-স্বর্ণ-বন্ধু-তনয়-সুখ-প্রতাপযুক্ত :—৪র্থে চন্দ্র ও বুধ। সাঃ

রত্নবান্ :—একাদশে দশমপতি, লগ্নে একাদশপতি এবং দশমে শুক্র থাকে। পঃ

রত্নাভরণাদি সুখ :—৪র্থপতি, ৪র্থস্থগ্রহ, ৯মপতি ও ৯মস্থগ্রহের মধ্যে তিনটি গ্রহ স্থান বলে বলী হইবে। জাঃ পাঃ

(বহু) রমণী প্রাপ্তি :—শুক্র ৭মে, বুধকে শুক্র দেখে। কুঃ কঃ

রসায়ন বিদ্যাবিৎ (১) কুন্তধারী : বহ্নিজীবী :—নবাংশ-চক্রে আত্মকারক ও রবি একত্র থাকে। জৈঃ

(২) শুক্র-দৃষ্ট চন্দ্র আত্মকারকের নবাংশ রাশিতে। জৈঃ

রাজকার্যকারী :—নবাংশচক্রে আত্মকারক ও রবি। জৈঃ

রাজতুল্য (১) নবমে শনি ও শুক্র থাকে।

(২) কৃষিক্রিয়া বিত্তপর:—৯মেশনি বুধ ও শুক্র থাকে।

রাজতুল্য (৩) নবমে রবি, বুধ ও শুক্র থাকে।

(৪) ক্ষুদ্র : মাতৃহর :—৯মে চন্দ্র, মঙ্গল ও শনি। জাঃপাঃ

(৫) রাজকুলে জন্মিলে রাজাঃ—৯মে চন্দ্র, গুরু ও শুক্র।

(৬) সর্বজনপূজ্য :—চন্দ্রের ১০মে রবি-মঙ্গল-বুধ। সাঃ

(৭) লগ্ন ভিন্ন অন্য কেন্দ্রে পূর্ণচন্দ্র থাকে। কুঃ কঃ

(৮) রাজ্যাস্পদ-সুখপ্রদ :—মেষ, সিংহ, তুলা ও ধনুতে গ্রহগণ থাকিবে। জ্যোঃ কঃ দ্রুঃ

(৯) ছয়টি গ্রহ স্বগৃহে থাকিবে। জ্যোঃ কঃ দ্রুঃ

রাজপুরোহিত : পণ্ডিত : অতিসুভগ :—শুক্র, চন্দ্র ও শনি একত্র এক রাশিতে থাকে। জাঃ পাঃ

রাজপূজ্য (১) ৯মে রবি, চন্দ্র, বুধ ও বৃহস্পতি থাকে। সাঃ

(২) বৃহস্পতি কর্ত্তৃক সংদৃষ্ট হইয়া ৪র্থপতি লগ্নে থাকে।

(৩) ৯মপতি লগ্নে থাকিয়া বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হয়।

(৪) দীর্ঘায়ু : ধর্ম্মশীল :—নবমপতি একাদশে থাকে।

(৫) অল্পশক্তি : সদ্বন্ধু : কুলজন সুখদ : মাতৃপক্ষযুক্ত :—লগ্নপতি ৩য়ে, ৩য়পতি লগ্নে থাকে। জাঃ লঃ

রাজপ্রিয় (১) স্ত্রী-ধন-বৃদ্ধি :—চন্দ্রের ১০মে রবি ও শুক্র।

(২) সিদ্ধকার্য্য :—চন্দ্রের দশমে রবি ও গুরু। জাঃ পাঃ

(৩) সায়বান্ :—নবমে রবি, বুধ ও শুক্র থাকে। সাঃ

রাজপ্রীতি :—পঞ্চমে বৃহস্পতি, বুধ ও শুক্র থাকিবে বা দেখিবে এবং পঞ্চমপতি বলবান্ হইবে। জাঃ পাঃ

রাজমানী : কামকলাপটু : শতাব্দায়ু :—নবাংশচক্রে শুক্র

ও আত্মকারক একত্র থাকে। জৈঃ

রাজমান্য : বিদেশী : ধর্ম্মাসক্ত :—লগ্নপতি নবমে ও নবমপতি লগ্নে থাকে। জাঃ লঃ

রাজযোগ (১) সর্বজনাবনীশ :—২য়পতি তৃতীয়ে তুঙ্গ গৃহে শুভগ্রহের ক্ষেত্রে থাকিবে এবং পুংগ্রহ (র,ম,বৃ) ও শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে। সঃ চিঃ

(২) ২য়পতি উচ্চস্থ-ত্রিকোণে বা ১১শে, লগ্নপতি বলবান্, আর ২য়পতির স্থিতগৃহ-পতি কেন্দ্রে থাকিবে।

(৩) ৬০বর্ষ জীবী :—লগ্নে শুক্র, কেন্দ্রে বুধ ও শনি, এবং ৩য়-১১শে পরমোচ্চরাশিগত গ্রহ থাকিবে।

(৪) ৬৬বর্ষ জীবী :—দশমে রবি-চন্দ্র, লগ্নে শনি, চতুর্থে বৃহস্পতি থাকে। সঃ চিঃ

(৫) গজাশ্বাদিযুক্ত :—পাঁচটিগ্রহ তুঙ্গী হইবে।

(৬) মন্ত্রী-কুবংশজ :—তিনটি গ্রহ তুঙ্গী হইবে।

(৭) শনি তুঙ্গী, ভিন্ন ভিন্ন কেন্দ্রে রবি, বৃহস্পতি ও মঙ্গল থাকে, এবং মেষ লগ্নে বুধ থাকে।

(৮) চন্দ্র ৪র্থে, বৃহস্পতি ৭মে ও ১০মে শুক্র থাকে।

(৯) ৪র্থ-৭মস্থ গুরু কর্কটে, ১০মে শুক্র, বা শনি-মঙ্গল।
[বা গুরু কর্কটে, ৪-৭-১০মে শুক্র-শনি-মঙ্গল।]

(১০) রবি সিংহে ও চন্দ্র কর্কটে থাকিয়া বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হয়।

(১১) দুইটি গ্রহ ষট্ বর্গ শুদ্ধ হইবে। কুঃ কঃ

রাজযোগ (১২) অধিরাজঃ—তিনটি গ্রহ ষট্‌বর্গ শুদ্ধ হইবে।

(১৩) সার্বভৌমঃ—চারিটি গ্রহ ষট্‌বর্গ শুদ্ধ হইবে।

(১৪) লগ্নে পাপগ্রহ এবং গুরু দৃষ্ট শুক্র-কর্কটে। কুঃ কঃ

(১৫) বা রাজতুল্য পিতা : বাহনযুক্ত :—বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট নবম-পতি কেন্দ্রে থাকিবে। পঃ

(১৬) কেন্দ্রপতি ও কোণপতি পরস্পর সম্বন্ধযুক্ত হইবে।

(১৭) বা রাজবন্দিতঃ—কেন্দ্রপতি ও ৯মপতি একত্র।পঃ

(১৮) বাহনব্যূহের স্বামীঃ—গুরু-শুক্র ৪র্থপতি যুক্ত হইয়া কেন্দ্রে, অযানে (১১শে) বা ত্রিকোণে; অথবা গুরু-শুক্র-যুক্ত ৯মপতি স্বরাশিতে বা ৪র্থে থাকে।

(১৯) যশস্বীঃ—লগ্ন হইতে ছয়টি বিষম গৃহে গ্রহ থাকে।

(২০) দাতা : মহীমণ্ডলনাথ-বন্দ্য : ভোগী : মহাবংশজ : রাজ মুখ্য : মহাকীর্ত্তিযুতঃ প্রতাপীঃ—কেন্দ্রে স্থির-লগ্নে শুক্র, ত্রিকোণে পাপ চন্দ্র, ১০মে শনি থাকে।

(২১) মধ্যান্ত-সৌখ্য : ক্ষিতিপাল-বন্দ্য : যুদ্ধ-প্রিয় : বারণ-বাজি-যুক্ত : স্বকর্মধর্মাভিরত : দয়ালুঃ—লগ্নপতির স্থিত-রাশিপতি এবং চতুর্থপতি বা চতুর্থ-পতির নবাংশপতি তুঙ্গী বা কেন্দ্র কোণে থাকে।

(২২) কামী : সুগুণাভিরাম : রাজমুখ্য সেবী : সেনাশ্ব-হস্তী-শঙ্খভেরী-বাদ্যান্বিত : রোগভয় শত্রুহীনঃ—বৃহস্পতি ২য় বা ৫মভাবে এবং বুধ-শুক্র কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট বা তাঁহাদের ক্ষেত্রে থাকিবে। জাঃ পাঃ

রাজযোগ (২৩) যজ্ঞ কর্ত্তা : কীর্ত্তিমান্ :—পঞ্চম হইতে সাতঘরে সমস্ত গ্রহ থাকে।

(২৪) ইন্দ্র তুল্য :—৯মপতিযুক্ত তুঙ্গী ৭মপতি ১০মে।

(২৫) বহু গজাশ্ব যুক্ত :—লগ্ন হইতে সাতঘরে সমস্ত গ্রহ।

(২৬) বহু স্ত্রী বল্লভ :—৭ম হইতে সাতঘরে সমস্ত গ্রহ।

(২৭) বরাঙ্গনার পতি : মণিপতি : সর্ব্বক্রিয়া দক্ষ :—একাদশ হইতে সাতঘরে সমস্ত গ্রহ থাকে।

(২৮) বহুদ্রব্যবান্ :—৯মগত গুরুকে সমস্ত গ্রহ দেখে।

(২৯) ৯মস্থ চন্দ্রকে শনি-বুধ-মঙ্গল দেখিবে। অথবা শুভ-দৃষ্ট কোন তুঙ্গীগ্রহ নবমে থাকিবে। জাঃ পাঃ

(৩০) রাজচিহ্নযুক্ত : দীর্ঘায়ু : সুখী-তেজস্বী : চতুরন্তযানঃ বিপুলশ্রী :—৪র্থপতি, ৪র্থগতগ্রহ, ৯মপতি ও ৯ম-গতগ্রহ প্রত্যেকে লগ্নসম্বন্ধী হইয়া বলবান্ হইবে ও অন্যোন্যাশ্রিত দৃষ্ট হইয়া থাকিবে। জাঃ পাঃ

(৩১) নবমে চন্দ্র, বৃহস্পতি ও শুক্র থাকে। জাঃ পাঃ

(৩২) গুণবান্ :—কন্যা, বৃশ্চিক, বৃষ ও মীনে গ্রহগণ।

(৩৩) শনি ও বৃহস্পতি পরস্পরে পূর্ণ দৃষ্টিতে দেখিবে।

(৩৪) সাতটি গ্রহ নিজ নিজ গৃহে থাকে।

(৩৫) ১০০ বর্ষজীবি :—সকলগ্রহকে বৃহস্পতি দেখিবে।

(৩৬) রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, শুক্র ও শনি ইহারা বৃহস্পতিকে দেখিবে। জ্যোঃ কঃ দ্রুঃ

(৩৭) বহুপুত্র-মিত্র-ভার্য্যাযুক্ত : সুশরীর : পৃথুপীনবক্ষঃ

—লগ্নে চন্দ্র ও বৃহস্পতি থাকে।

রাজযোগ (৩৮) বিপুলকীর্ত্তি : বহুজন পরিবার : কর্ম্ম-নিপুণ :—দশমে মঙ্গল ও বৃহস্পতি থাকে।

(৩৯) রাজতুল্য :—লগ্নে বৃহস্পতি ও শুক্র থাকে।

(৪০) রাজপ্রিয় : অল্পাপত্য : গোকুল বহুবাহনার্থ :—দশমে বৃহস্পতি ও শনি থাকে।

(৪১) নানাবিধ সৌখ্যযুক্ত : দীর্ঘায়ু : সুবাক্য :—নবমে বৃহস্পতি ও শুক্র থাকে। সাঃ

রাজর্ষি :—লগ্নের নবমে শনি কিন্তু অন্যগ্রহ কর্ত্তৃক দৃষ্ট নয় এবং একটি রাজযোগ থাকিবে। বৃঃ জাঃ

রাজ্যপ্রদ :—মেষ, বৃষ, তুলা ও মীনে গ্রহগণ। জ্যোঃ কঃ দ্রুঃ

রাজ্য প্রাপ্তি :—চতুর্থপতি একাদশে বা চতুর্থে এবং মঙ্গল একাদশে অথবা স্বগৃহে থাকে। জাঃ পাঃ

রাজাকে বশ করিবার গুণযুক্তঃ—৯মপতি ও ৪র্থপতি লগ্ন-সম্বন্ধী হইয়া বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইবে। জাঃ পাঃ

(বংশের মধ্যে) রাজস্বরূপঃ—৯মে রবি ও মঙ্গল যদি সুচন্দ্র (অর্থাৎ বলবান্ চন্দ্র) কর্ত্তৃক যুক্ত হয়। কুঃ কঃ

রাজ্ঞী : গুণবতী :—৭মে তিনটি শুভগ্রহ থাকে। জাঃ পাঃ

(চিন্তিত স্বল্প) রৌপ্যাদিযুক্ত :-৪র্থে রাহু শনি থাকে। কুঃ কঃ

লক্ষ্মীমান্ (১) দীর্ঘায়ু :—কেন্দ্রস্থ লগ্নপতি শুভদৃষ্ট কিন্তু অশুভ দৃষ্ট নয়। সঃ চিঃ

(২) চন্দ্র ও মঙ্গল যে কোন স্থানে থাকিবে। কুঃ কঃ

(প্রচুর) লাভ (১) লগ্নপতি ও দ্বিতীয়পতি একত্র থাকে। পঃ

(২) নৃপালয়ে ঃ—পাপদৃষ্টি রহিত একাদশে একাদশপতি এবং আত্মকারক শুভযুক্ত হয়। পঃ

লোকমান্য ঃ চরিত্রহীন ঃ ধীর ঃ—চন্দ্রের দশমে রবি বৃহস্পতি ও শনি থাকে। সাঃ

শত্রুনাশ (১) নীচমূঢ়ারিগত পঞ্চমপতি দুঃস্থে,এবং লগ্নপতি বলবান্ হইবে। সঃ চিঃ

শাব্দিক ঃ—পূর্ণবলী-বৃহস্পতি দ্বিতীয়পতি হইয়া রবি ও শুক্র কর্ত্তৃক দৃষ্ট হইবে। সঃ চিঃ

শাস্ত্রজ্ঞ ঃ চপল ঃ ভীরু ঃ—৯মে মঙ্গল বুধ ও শুক্র। জাঃপাঃ

শাস্ত্রপরায়ণ ও রীতিজ্ঞ ঃ—বলবান্ বৃহস্পতি ২য়ে, ২য়পতির নবাংশপতি শুভদৃষ্ট হইয়া কেন্দ্র বা ত্রিকোণে থাকিবে।

শাস্ত্রার্থবেত্তা ঃ পুণ্যবান্ ঃ ৬০ বর্ষ জীবী ঃ—৮মপতি ও বৃহস্পতি লগ্নে পাপযুক্ত কেন্দ্র কুম্ভ রাশি হয়। সঃ চিঃ

শাস্ত্রোপজীবী ঃ—চন্দ্রের দশমে মঙ্গল ও বুধ থাকে। জাঃ পাঃ

শিল্পী (১) কেন্দ্রগত-গ্রহ-দৃষ্ট বুধ লগ্নের ৩০ অংশে। কুঃ কঃ

(২) বৃহস্পতি ও শনি একত্র থাকে। জাঃ পাঃ

শোভন ঃ-বৃহস্পতি ও শনির সহিত চন্দ্রযুক্ত হইবে। কোঃপ্রঃ

শ্রীমান্ (১) গুণবান্ ঃ সুশীল ঃ ৮০বর্ষ জীবী ঃ—লগ্নাদি ছয় ভাব বলবান্ শুভ গ্রহগণ কর্ত্তৃক যুক্ত এবং বাকি ভাবগুলিতে বলবান্ পাপ থাকে।

(২) গুণী ঃ শতায়ু ঃ—কেন্দ্রে বৃহস্পতি, লগ্নে বা

অষ্টমে রবি-মঙ্গল থাকে। সঃ চিঃ

শ্রীমান্ (৩) লগ্নপদের ১১শে গ্রহথাকে বা গ্রহেরদৃষ্টি থাকে।

(৪) সপ্তমারূঢ়পদ লগ্নপদের কেন্দ্রে বা কোণে থাকিবে।

(৫) লগ্নপদের দ্বিতীয়ে (প: মতে—সপ্তমে) চন্দ্র বৃহস্পতি শুক্র থাকিবে। জৈঃ

(৬) অতি সুখী ঃ নিজের স্ত্রীর প্রিয় ঃ—বৃহস্পতি, বুধ ও শনি একত্র থাকে।

(৭) ধীর-ধী ঃ—নবমে চন্দ্র ও বৃহস্পতি থাকে।

(৮) দীর্ঘায়ু ঃ—নবমে বৃহস্পতি ও শুক্র থাকে।

(৯) নবমে চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র থাকে।

(১০) ৯মে ৩টি,৪টি, ৫টি বা ৬টি গ্রহ থাকিবে কিন্তু উক্ত-গ্রহ মধ্যে বুধ বা বৃহস্পতির থাকা চাই। জাঃ পাঃ

শ্রেষ্ঠ মানুষ ঃ—নবমপতি ও লগ্নপতি তৃতীয়ে বা নবমে বলবান্ বা উচ্চস্থ হইবে। সঃ চিঃ

সঙ্গীত-নৃত্য-প্রিয় ঃ সকল ক্রিয়াতে কুশল ঃ—সাতটি গৃহে গ্রহ থাকিবে। জাঃ পাঃ

সৎকর্ম্ম যুক্ত ঃ—লগ্নপতি যুক্ত দশমপতি লগ্নে এবং চন্দ্র কেন্দ্র বা ত্রিকোণে থাকে। পঃ

সৎকীর্ত্তিযুক্ত (১) কর্কটে গুরু-শুক্র দৃষ্ট চন্দ্র পরাবতাংশে।

(২) চন্দ্র-রাশিপতি শুভ-যুক্ত শুভমধ্যগত বা শুভ গ্রহের নবাংশে থাকে। সঃ চিঃ

(৩) শুভগ্রহ দশমপতি হইয়া স্বোচ্চ-মিত্র স্ববর্গে বা

সৌম্য-ষষ্ট্যংশে থাকে। স: চি:

সৎকীর্ত্তিযুক্ত (৪) দশমপতি দেবলোকাংশে শুভপতি সিংহাসনাংশে এবং লগ্নপতি পূর্ণবলী হইবে।

(৫) পাপ-গ্রহগণের সম্বন্ধী দশমপতি ক্ষীণ-বলী এবং ক্রুর-ষষ্ট্যংশ যুক্ত হয়। স: চি:

সদ্দার (৩০০ লোকের) : পুণ্যবান্ :—পারাবতাংশগত-দ্বিতীয়পতি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইয়া উচ্চ-মিত্রবা স্বগৃহে বা সিংহাসনাংশে থাকে। স: চি:

সন্ন্যাস :—দশম-ভাব মীনরাশি হইয়া শনি যুক্ত হইবে। প:

সমতা—পিতাপুত্রেঃ—পঞ্চমপতি ও লগ্নপতি পরস্পর সমগ্রহ হইবে। স: চি:

সম্বৃদ্ধিমান্ (১) শক্রহন্তা : সুভগ :—চন্দ্রের দশমে রবি, মঙ্গল ও বৃহস্পতি থাকিবে। সা:

(২) যাবজ্জীবন :—নবম হইতে দ্বাদশভাব মধ্যে শনি থাকিবে; বিশেষতঃ যদি ঐ শনি লগ্নপতি হয় মা:সা:

সর্ব্বগুণ প্রসিদ্ধা :—লগ্নে বুধ, বৃহস্পতি ও শুক্র। জা: পা:

সর্ব্বসম্পদ্ লাভ (১) চতুর্থপতি ও নবমপতি লগ্নে আর উহারা স্বগৃহকে দেখিবে। জা: ল:

(২) চন্দ্রের সহিত বৃহস্পতি ও শুক্র যুক্ত হইবে।

(৩) চন্দ্র ও বৃহস্পতি একত্র বা সম সপ্তমে। জ্যো: ক: দ্রু:

সর্ব্বসুখ যুক্ত :—৯মপতি ও ১০মপতি একত্র বা পরস্পরের গৃহে থাকিবে। [(১) ইহারা পারিজাতে থাকিলে—

লোক শিক্ষক রাজা। (২) উত্তমে—গজবাজিরথযুক্ত উত্তম রাজা। (৩) গোপুরে—রাজগণ পূজিত রাজা। (৪) সিংহাসনে—সর্ব্বপৃথিবীপালক চক্রবর্ত্তী।] পঃ
সহস্র রক্ষ : ভুবনপ্রতাপী :—তুঙ্গী বৃহস্পতিই ২য়পতি, বা বৃহস্পতি-দৃষ্ট ২য়পতি পরমোচ্চযুক্ত ও স্বস্থানে থাকে।পঃ
সাংখ্যযোগজ্ঞ : সাহিত্যজ্ঞ :—পৃষ্ঠা ১৪৭ পংক্তি ১৬—দ্রষ্টব্য।
সাধ্বী (১) শুক্র, বৃহস্পতির গৃহে থাকিবে।

(২) মঙ্গলের-দৃষ্টি-হীন বৃহস্পতি ও শুক্র লগ্নে। মঃ জাঃ
সামন্ত :—শুভগ্রহ ও ৯মপতি যুক্ত ৪র্থপতি স্বস্থানে। জাঃ লঃ
সিংহাসন প্রদ (১) শুভগ্রহ লগ্ন-কেন্দ্রে, তুঙ্গীগ্রহ লগ্নে ও দ্বিতীয়পতি কেন্দ্রে থাকে।

(২) নবমকে শুভ দেখিবে, কেন্দ্রে শুভগ্রহ ও দ্বিতীয়পতি থাকিবে এবং তুঙ্গীগ্রহ দ্বিতীয়ে থাকিবে।

(৩) লগ্নপতি, চতুর্থপতি ও নবমপতি দশমে, দশমপতি লগ্নে থাকে বা লগ্নকে দেখে।

(৪) ৪র্থপতি ও ১০মগতগ্রহ ইহারা বলী হইয়া ৯মপতি কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত বা পরস্পরের গৃহ-গত হইবে।

(৫) দশমপতি লগ্নপতি ও চতুর্থপতি দশমে থাকে, এবং দশমপতি লগ্ন-সম্বন্ধী হইয়া থাকিবে। জাঃ পাঃ

(গজ স্বামীর) সিংহাসন প্রাপ্তি (১) লগ্নপতি দ্বিতীয়পতি ও চতুর্থপতি স্বস্থানে ও নবমপতি লগ্নে থাকে। জাঃ লঃ
সিংহাসন প্রাপ্তি (১) নীচ-মূঢ় দোষহীন লগ্ন-৯ম-৪র্থ-

পতিগণ দশমে এবং দশমপতি লগ্নে থাকিবে।

সিংহাসন প্রাপ্তি (২) বলবান্ সৌমগ্রহ লগ্নে, নবমে শুভগ্রহ, উচ্চস্থ দ্বিতীয়পতি কেন্দ্রে থাকিবে।

(৩) নবমে শুভগ্রহের দৃষ্টি থাকিবে, ২য়পতির সহিত শুভগ্রহগণ কেন্দ্রে, অথবা ২য়ে তুঙ্গীগ্রহ থাকিবে।

(৪) কেন্দ্রে শুভগ্রহগণ ও ৩য়-৪র্থ-১১শে পাপগণ। সঃচিঃ

সিদ্ধকার্য্য : নৃপপ্রিয় :—চন্দ্রের ১০মে রবি ও বৃহস্পতি।

সুকর্ম্মকারী :—নবমে চন্দ্র, বৃহস্পতি ও শনি থাকে।

সুখ দ্রব্যান্বিতা :—লগ্নে চন্দ্র, বুধ ও শুক্র থাকে। জাঃ পাঃ

সুখভাগিনী : কোপান্বিতা :—লগ্নে চন্দ্র ও শুক্র। জাঃপাঃ

সুখ-ভোজন :—চন্দ্র ও শুক্র ব্যতীত তৃতীয়ে শুভগ্রহ ও তৃতীয়ভাব শুভ রাশির নবাংশে থাকিবে। জাঃ পা

সুখ-ভোজন দাতা (১) উচ্চস্থ শুভগ্রহ দ্বিতীয়ে শুভগ্রহ দৃষ্ট বা দ্বিতীয়পতি বৈশেষিকাংশে থাকে। জাঃ পাঃ

(২) উচ্চস্থ দ্বিতীয়গত বুধকে মিত্র শুভগ্রহ দেখিবে বা দ্বিতীয়পতি বৈশেষিকাংশ পাইবে। সঃচিঃ

সুখ ভোজী (১) দ্বিতীয়ে শুভ, দ্বিতীয়পতি শুভযুক্ত ও দৃষ্ট।

(২) উত্তম পাত্রে :—৩য়ভাবে বলবান্ শুক্র বা চন্দ্র শুভদৃষ্ট ও যুক্ত হইয়া স্বোচ্চ-সুমিত্র বর্গে থাকিবে।

(৩) ২য়ে কোন গ্রহ উচ্চস্থ বা মুলত্রিকোণস্থ এবং ২য়পতি বলশালী আর শুভদৃষ্ট দ্বিতীয়কারক বৈশেষিকে।

(৪) দ্বিতীয়পতি বলবান্ ও বৈশেষিকাংশ সংযুক্ত

অথবা বৃহস্পতি ও শুক্র কর্তৃক দৃষ্ট হইবে। সঃ চিঃ

সুখী (১) দশমে একাদশপতি, লগ্নে দশমপতি, অথবা উভয়ই কেন্দ্রে থাকে। পঃ

(২) বাল্যের পর :—অষ্টম-পতি একাদশে। জাঃ লঃ

(৩) ঈর্ষান্বিতা (স্ত্রীকোষ্ঠী) :—লগ্নে চন্দ্র ও শুক্র।

(৪) কলাবতী-গুণবতী (স্ত্রীকোষ্ঠী) :—লগ্নে চন্দ্র ও বুধ।

(৫) ধনবতী : গুণবতী :—লগ্নে বুধ, বৃহস্পতি ও শুক্র; অথবা চন্দ্র বুধ ও শুক্র থাকে। বৃঃ জাঃ

(৬) নবমপতি ও লগ্নপতি চতুর্থে, চতুর্থপতি লগ্নে শুভ রাশিতে থাকে। জাঃ পাঃ

(৭) বৃহস্পতি গোপুরাদিতে বা চতুর্থে, এবং দ্বিতীয়, একাদশ ও বৃদ্ধি (৪র্থ) ভাবে গ্রহ থাকিবে।

(৮) ৪র্থপতি, ৪র্থগতগ্রহ, ৯মপতি ও ৯মগত গ্রহের মধ্যে দুইটি গ্রহ বলবান্ হইয়া লগ্নে থাকিবে।

(৯) চিরকাল :—লগ্ন, ৫ম, ৯মভাবে সমস্ত গ্রহ থাকে।

(১০) বাল্যে দুঃখ :—নবমে রবি মঙ্গল ও বুধ থাকে।

(১১) মধ্যান্তে :—শুক্র দেবলোকাংশে, লগ্নপতি গোপুরাংশে ও লগ্নকে শুভগ্রহ দেখিবে।

(১২) ষোল বৎসর পরে :—লগ্নপতি শুভরাশিগত শুভগ্রহ-দৃষ্ট বা গোপুরবর্গ-গত হইবে।

(১৩) ৩০ বর্ষ পরে :—লগ্নপতির নবাংশপতি কেন্দ্র, কোণ, বা তুঙ্গগত বা একাদশে বলশালী হইবে।

সুখী (১৪) প্রথমে দুঃখ :—লগ্নে শুভ, দ্বিতীয়ে পাপ, কেন্দ্রে পাপ, ও লগ্নপতি উত্তমবর্গে থাকে। জাঃ পাঃ

(১৫) জনশ্রেষ্ঠ :—চতুর্থপতিকে বৃহস্পতি দেখিবে, বৃহস্পতি বা শুভগ্রহ শুভগ্রহের মধ্যে থাকিবে এবং চতুর্থে সৌম্যগ্রহ থাকিবে।

(১৬) শুভগ্রহ বা লগ্নপতি হইতে বলবান্ বৃহস্পতি চতুর্থে ও চতুর্থভাব শুভ-মধ্যস্থ এবং শুভযুক্ত হইবে।

(১৭) বলবান্ বৃহস্পতি, চতুর্থপতির সহিত যুক্ত হইয়া শুভ যুক্ত বা কেন্দ্রগত হইবে; অথবা চতুর্থপতি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইবে বা মৃদু-ষষ্ট্যংশে থাকিবে।

(১৮) গোপুরাদি বর্গ প্রাপ্ত চতুর্থপতি ও বৃহস্পতি দ্বিতীয় একাদশ ও বৃদ্ধিভাবে থাকিবে।

(১৯) মৃত্যু পর্য্যন্ত :—লগ্নপতি বর্গোত্তমাংশে, উচ্চাংশে, মিত্রদ্রেক্কাণে, শুভযুক্ত বা শুভ দৃষ্ট হইবে। সঃ চিঃ

(২০) আদ্য ও মধ্য বয়সে [অ] :—লগ্ন, ১১শ ও ১২শে শুভ, বলী লগ্নপতি কেন্দ্রে, ও বৃহস্পতি সিংহাসনাংশে থাকিবে। [আ] লগ্ন, ২য় ও ৩য়ে শুভদৃষ্টি থাকে, লগ্নপতিই শুভগ্রহ এবং শুক্র পারাবতাংশে।

(২১) বলবান্ লগ্নপতি পারাবতাংশে ও বৃহস্পতি কেন্দ্রে।

(২২) মধ্য ও অন্তে [অ] :—দেবলোকাংশে শুক্র, গোপুরাংশে লগ্নপতি এবং লগ্নে শুভ দৃষ্টি থাকে। [আ] লগ্নে শুভ, দ্বিতীয়ে পাপ, ও কেন্দ্রে পাপ এবং

লগ্নপতি উত্তমাংশগত হইবে।

সুখী (২৩) বাল্যে :—লগ্নে পাপ, দ্বিতীয়ে শুভ, নবমে কোন শুভ গ্রহ এবং লগ্নপতি দেবলোকাংশে থাকে।

(২৪) সুপুণ্যকর্ম্মা : শতায়ু : রোগহীন :—কেন্দ্র ত্রিকোণ ও অষ্টমে পাপ থাকিবে না, আর লগ্নপতি ও বৃহস্পতি কেন্দ্রে থাকিবে।

(২৫) ২০বর্ষ পরে :—লগ্নপতি বা লগ্নপতির নবাংশপতি ও একাদশপতি দ্বিতীয়ে থাকে।

(২৬) ১৬বর্ষ পরে :—লগ্নপতি শুভরাশিগত, শুভদৃষ্ট বা গোপুরবর্গস্থ হয়।

(২৭) অষ্টম শুভগ্রহ যুক্ত ও শুভগ্রহ দৃষ্ট হয়। সঃ চিঃ

(২৮) পাঁচটি গ্রহ স্বক্ষেত্রে থাকে। জ্যোঃ কঃ দ্রুঃ

(২৯) ধার্ম্মিক :—মিথুন কর্কট কন্যা ও মকরে সমস্ত গ্রহ। কোঃ প্রঃ

সুনফাযোগ—স্বোপার্জ্জিতধনে ধনী, রাজা, রাজতুল্য, ধনী, বুদ্ধিমান, যশস্বী :—(১) সূর্য্য ভিন্ন কোন গ্রহ চন্দ্রের দ্বিতীয়ে থাকে। (২) চন্দ্রের চতুর্থে রবি ভিন্ন গ্রহ। (৩) চন্দ্র যে নবাংশে থাকে তাহার দ্বিতীয় স্থানে রবি ভিন্ন গ্রহ থাকিবে। বৃঃ জাঃ

সুভগা : সুন্দরী : কলাবতী :—লগ্নে বুধ ও শুক্র থাকে।

সুবর্ণ মুদ্রা প্রাপ্তি (১) ৫০০টি—২৪বর্ষে :—কেন্দ্রত্রিকোণে শুভযুক্ত একাদশপতি থাকে। পঃ

স্বর্ণ মুদ্রা প্রাপ্তি (২) ১০০০টি—৩৫বর্ষে :—লগ্নে একাদশ-
পতি, ও একাদশে লগ্নপতি থাকিবে। পঃ

(৩) ২০০০টি-৫৬বর্ষে :—পৃঃ ১৪৮, পংক্তি ১০—দ্রষ্টব্য।

সেনাপতি (১) তৃতীয়পতি ও চতুর্থপতি একত্র থাকে। পঃ

(২) আত্মকারক, আরূঢ়লগ্ন, লগ্ন বা সপ্তম হইতে
তৃতীয় ও ষষ্ঠে পাপগ্রহগণ থাকিবে।

(৩) তীব্রবুদ্ধিঃ—অমাত্যকারকের সহিত আত্মকারক
যুক্ত হইবে। [স্বক্ষেত্রে থাকিলে মধ্যে বা বার্দ্ধক্যে
ক্রমশঃ ভাগ্যবৃদ্ধি এবং রাজ-বেশ হয়] পঃ

(৪) মিত্র হইতে লব্ধধন : আশ্রয়জীবী : ধন্য :—
চন্দ্রের দশমে মঙ্গল ও বৃহস্পতি থাকে।

(৫) শূর : ধীর : শঠ : অতিক্রূর : রাজপ্রিয় :—
দশমে মঙ্গল ও বুধ থাকে। সাঃ

(৬) আত্মকারক, লগ্নাধিপতি বা সপ্তমপতি হইতে
তৃতীয়ে বা ষষ্ঠে পাপ থাকিবে। জৈঃ

(৭) মন্ত্রী :—রবি, মঙ্গল ও বৃহস্পতি একত্র থাকে।

(৮) মন্ত্রী : নীচকর্ম্মা : ভোগী :—রবি, মঙ্গল, বুধ ও
শনি একত্র থাকে।

(৯) শোকহীন : অন্তবধূলোলুপ :—রবি, মঙ্গল, বুধ,
বৃহস্পতি ও শুক্র একত্র থাকে। জাঃ পাঃ

(১০) শ্রীমান :—নবমপতি ও চতুর্থপতি শুভগ্রহ যুক্ত
হইয়া বলবান্ হইবে। জাঃ পাঃ

সৌভাগ্য-কীর্তিমান : প্রিয়ম্বদ : অর্থনিপুণ :—চন্দ্র ও বুধ একত্র থাকে। বৃঃ জাঃ

সৌভাগ্য পরিচ্ছদ সম্বন্ধ : যশস্বী : ধার্ম্মিক : ক্রোধশূন্য :—চন্দ্রের দশমে রবি, বুধ ও শুক্র থাকে। সাঃ

স্বর্গপ্রাপ্তি (১) শুভগ্রহ তুঙ্গী হইয়া দ্বাদশে বা শুভগ্রহ দৃষ্ট হইয়া দেবলোকাংশে থাকিবে।

(২) শুভগ্রহ-দৃষ্ট বৃহস্পতি ১০মে বা ১২শে থাকে। সঃচিঃ

স্বর্ণপাত্র যুক্ত (১) বুধ ও বৃহস্পতি কেন্দ্রে থাকিবে।

(২) ২য়পতি কেন্দ্র কোণে, বা বৈশেষিকাংশ পাইবে।

(৩) [অ] ২য়পতি মৃদু-ষষ্ট্যংশে বা তুঙ্গ-নবাংশে থাকে।

[আ] চন্দ্র, বৃহস্পতি, শুক্র বা বুধ ইহাদের কেহ স্বতুঙ্গী হয় বা স্বীয় নবাংশে থাকে, ঐ নবাংশ ২য়পতি পাইবে। সঃ চিঃ

স্বদেশেবাস (১) লগ্নপতির দ্বাদশে তুঙ্গী অথচ মিত্র-গ্রহ থাকিবে অথবা ঐ দ্বাদশকে দেখিবে অথবা লগ্ন-পতির সহিত মিত্রগ্রহ থাকিবে।

(২) লগ্নপতি হইতে দ্বাদশপতি লগ্নপতির শত্রু হইবে ও লগ্নপতির দ্বিতীয়ে থাকিবে। জাঃ পাঃ

স্ত্রী (১) বাহুল্য (ক) সপ্তমপতি উচ্চ-বক্র আদি বহুগুণ দ্বারা যুক্ত হইবে বা লগ্নগত হইবে। (খ) লগ্নপতির ১০মে বলবান্ বুধ, এবং ৭মপতির ৩য়ে চন্দ্র থাকে। (গ) কেন্দ্র ত্রিকোণে ৭মপতি থাকিয়া মিত্র-স্বীয়-উচ্চ

বর্গগত হইবে বা ১০মপতি কর্ত্তৃক যুক্ত হইবে। (ঘ) ১১শপতি ৭মপতি একত্র বা বলবান্ হইয়া পরস্পর দৃষ্ট হইবে বা উভয়েই ত্রিকোণে থাকিবে। (ঙ) ৯মপতি ৭মে, ৭মপতি ৪র্থে; অথবা ভাবেশ (৭মপতি) ও একাদশ পতি কেন্দ্রে থাকিবে।

স্ত্রী (২) দুইটি [অ] লগ্নপতি ৮মে, ৭মে পাপ এবং ২য়পতিও পাপযুক্ত। [আ] শুভ যুক্ত ৭মপতি শত্রু-নীচ রাশিতে এবং ৭মে পাপগ্রহ থাকে। [ই] সপ্তমকারক পাপ-যুক্ত বা নীচরাশি নীচ নবাংশে থাকিয়া পাপ দৃষ্ট হয়। [ঈ] ৭ম বা ২য় পাপ যুক্ত বা দৃষ্ট হইবে এবং তদীশ (অর্থাৎ ৭ম বা ২য়পতি) দুর্ব্বল হয়। [উ] ৭মে ৮মে পাপ, ১২শে মঙ্গল, কিন্তু ৭মপতি কর্ত্তৃক দৃষ্ট হইবে না। [ঊ] লগ্নেশ বা ৭মেশ নীচ-অস্ত-শত্রু রাশিতে হইবে বা ক্রূর-ষষ্ট্যংশ যুক্ত হইবে। [ঋ] ৭মপতির নবাংশপতি নীচ-মূঢ়-অরিনবাংশে পাপ-মধ্যগত ও পাপ-দৃষ্ট হইবে।

(৩) ৩টি [।] ২য়ে বা ৭মে বহু পাপ, তদীশ অর্থাৎ ২য়পতিকে বা ৭মপতিকে পাপ দেখিবে।

[।।] লগ্ন দ্বিতীয় বা সপ্তমে পাপ থাকিবে এবং সপ্তমপতি নীচস্থ, মূঢ় হইবে। সঃ-চিঃ

(৪) তিন শতটি :—সপ্তম-কারকের নবাংশপতির স্থিত গৃহপতির নবাংশপতি কেন্দ্রগত হইয়া মৃদু-ষষ্ট্যংশে

গোপুরবর্গে থাকিবে।

স্ত্রী (৫) ১০টি :—সপ্তমপতি গোপুরাংশে, দশমপতি ও দ্বিতীয়পতি সপ্তমে থাকে।

(৬) সতী ও উত্তমা [ক] ৭মপতি শুভযুক্ত দৃষ্ট এবং শুভমধ্যস্থ। (খ) সপ্তমপতি শুভরাশির নবাংশে, সপ্তমকারকও ঐরূপ এবং দশমপতি বলবান্।

(৭) উচ্চস্থ, মিত্র গৃহস্থ, স্ববর্গস্থ বা গোপুরবর্গস্থ শুক্র মৃদু-ষষ্ট্যংশে থাকিবে।

(৮) ব্রতপরায়ণা :—৭মপতি বা ৭মকারক বা ৭মভাব বলবান্ হইয়া বৃহস্পতি কর্ত্তৃক যুক্ত দৃষ্ট হইবে।

(৯) পতিব্রতা [অ] সপ্তমপতি কেন্দ্রে শুভদৃষ্ট, শুভনবাংশে বা শুভ রাশিতে থাকে। [আ] ধর্ম্মশীলাঃ—রবি বা শুক্র সপ্তমপতি হইয়া সৌম্য (শুভ) দৃষ্ট হইবে অথবা সপ্তমে বৃহস্পতি থাকিবে।

(১০) পতিভক্তিযুক্তা :—রবি সপ্তমপতি হইয়া বলযুক্ত হওতঃ শুভযুক্ত শুভ রাশির নবাংশে থাকিয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইবে বা লগ্নপতির মিত্র হইবে।

(১১) পূণ্যবতী-সুশীলা-সুচরিত্রা :—চন্দ্র সৌম্য-নবাংশে সৌম্য-গৃহে অথবা মিত্র-উচ্চগৃহে মৃদু-ষষ্ট্যংশযুক্ত হইবে এবং শুক্র সপ্তমপতি হইবে। সঃ চিঃ

(১২) পতির গুণ প্রাপ্ত এবং পতির নির্দ্দিষ্ট পথগামিনী কিন্তু ক্রুরস্বভাবা :—মিত্রোচ্চবর্গগত ৭মপতি শুভ

যুক্ত ও দৃষ্ট হইয়া পারাবতে থাকিয়া বলবান্ হয়।

স্ত্রী (১৩) সুপুত্র-সৌখ্যান্বিত-ধর্ম্মশীলা ব্রতোপবাসাদি-বিশুদ্ধ-দেহা :—সৌম্য (বুধ) গ্রহ ৭মপতি হইয়া বলবান্ হয় এবং মিত্রবর্গে উচ্চবর্গে বা গোপুরবর্গে থাকে।

(১৪) বাচালিকা-পুত্রবতী-গুণবতী :—বলবান্ শুক্র ৭মপতি হইয়া শুভযুক্ত শুভগ্রহের নবাংশ প্রাপ্ত মিত্রোচ্চবর্গগত স্বগৃহস্থ ও মৃদু-ষষ্ট্যংশগত হইবে।

(১৫) দ্বিজ দেব ভক্তা : পতি—ব্রহ্মবাদী ও পরোপকারী :—সপ্তমপতি শনি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট যুক্ত হয়। কিন্তু ঐ শনি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে—বলবতী ধর্ম্মরতা ও সুশীলা হয়।

(১৬) নিকৃষ্ট জাতীয়া :—লগ্নপতি হইতে দুর্বল ৭মপতি শত্রুগৃহ-শত্রুনবাংশ-বিমূঢ়-নীচাংশ বা নীচ যুক্তহয়।

(১৭) উৎকৃষ্ট জাতীয়া :—লগ্নপতি অপেক্ষা পূর্ণবলী সপ্তম-পতি শুভাংশ-শুভদৃষ্টি-বৈশেষিকাংশ-পরমোচ্চ-নবাংশ যুক্ত হইবে।

(১৮) (স্বামী অপেক্ষা) জাতিতে শ্রেষ্ঠ:—৭মপতি অপেক্ষা লগ্নপতি দুর্ব্বল পাপ-যুক্ত, নীচাংশগত, নাশস্থিত (অর্থাৎ ১২শ গত) বা অবরোহ ভাগ যুক্ত হয়।

(১৯) হীন জাতি :—সপ্তমপতি অপেক্ষা বলবান্ লগ্নপতি আরোহভাগগত তুঙ্গনবাংশে কেন্দ্র ত্রিকোণে বা শুভযুক্ত হয়। সং চিঃ

স্ত্রী (২০)শতটিঃ—৭মপতির নবাংশপতির নবাংশপতি সৌম্য (শুভ)যুক্ত হইয়া পারাবতাংশগত ও বলবান্ হইবে।

(২১) দুই শতটি :—২য়পতির স্থিত রাশিপতির ষষ্ট্যংশ-পতি বলশালী হইয়া মৃদুষষ্ট্যংশে গোপুরবর্গপ্রাপ্ত হইবে। সঃ চিঃ

(২২) তিনটি :—দ্বিতীয়ে বহু পাপ এবং সপ্তমপতিও ঐরূপ হইবে এবং পাপ দৃষ্ট হইবে। জাঃ পাঃ

(২৩) বাহুল্য :—সপ্তমপতি কেন্দ্র কোণে থাকিয়া স্বগৃহে তুঙ্গগৃহে বা মিত্রগৃহে থাকিবে অথবা দশমপতি দ্বারা দৃষ্ট হইবে।

(২৪) ব্রতপরায়ণা :—সপ্তমপতি কেন্দ্রে থাকিয়া শুভ গ্রহ দৃষ্ট, শুভনবাংশগত বা শুভ রাশিগত হয়।

(২৫) ২টি : বাদী : বিদেশগত :—৯মে মঙ্গল ও শুক্র।

(২৬) অনেক :—বলবান্ শুক্র সপ্তমে থাকে।

(২৭) ২টি :—৭মে বা ৮মে পাপ, ১২শে মঙ্গল থাকিবে কিন্তু তন্নাথ (৭মপতি) দ্বারা দৃষ্ট হইবে না। জাঃপাঃ

(২৮) যুবতী :—লগ্নপতি ও সপ্তমপতি একত্র থাকে।

(২৯) অনেকঃ—১০মপতিও তাহারনবাংশপতিযদিশনির সম্বন্ধযুক্ত হইয়া ষষ্ঠপতি কর্ত্তৃক যুক্ত দৃষ্ট হয়।জাঃপাঃ

(৩০) বাহুল্য :—স্বতুঙ্গী শনির স্থিত গৃহপতি শনির রাশিতে থাকিয়া শুভদৃষ্ট বা শুক্রগৃহে থাকিয়া তুঙ্গী হইবে। ...পঃ

স্ত্রী (৩১) বাহুল্য :—দ্বিস্বভাবরাশিতে শুক্র, শুক্রাধিষ্টিত-
রাশিপতি তুঙ্গী, এবং সপ্তমপতি বলবান্ হয়ঃ
(৩২) দুইটি :—পাপ ৭মপতি নীচগৃহে, পাপগৃহে বা বহু
পাপযুক্ত হইবে, ৭মে ক্লীবগ্রহ স্বীয় উদয়াংশে থাকে।
(৩৩) তিনটি :—সপ্তমে মঙ্গল শুক্র, চতুর্থে শনি বা
অষ্টমে শনি থাকে। পঃ

স্ত্রী একটি ও পুত্র একটি :—লগ্নের দ্বাদশে ও ষষ্ঠে রবি ও
চন্দ্র থাকিবে কিন্তু অন্য গ্রহের যোগ থাকিবে না।

স্ত্রীলাভ-বৃদ্ধবয়সে :—শুভগণ দৃষ্ট বুধ ও শুক্র ৭মে। কুঃ কঃ

স্ত্রীসংশ্রবে সমৃদ্ধ : রাজবল্লভ : স্বজনাশ্রিত :—চন্দ্রের দশমে
রবি ও শুক্র থাকে। সাঃ

হাস্যাসক্তঃ—লগ্নগত বুধ ৭ম দৃষ্টিতে গুরুকে দেখিবে। জাঃলঃ

হৃদয়-বিশুদ্ধ (১) শান্ত :—বলবান্ চতুর্থপতি গোপুরবর্গে বা
মৃদু-ষষ্ট্যংশাদিতে থাকিবে।
(২) লগ্নে বৃহস্পতি ও শুক্র থাকিবে। সঃ চিঃ

ইতি শ্রীগণপতি সরকার বিদ্যারত্ন প্রণীত
জ্যোতিষ যোগ-তত্ত্বে সুযোগাধ্যায়।
ইতি প্রথমতত্ত্ব ॥